অর্থাৎ, $b > a$ হলে বৃহৎ অক্ষ-y অক্ষের সমান্তরাল। বৃহৎ অক্ষের দৈর্ঘ্য $= 2 \times 4 = 8$ একক এবং ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্য $= 2 \times 2\sqrt{2} = 4\sqrt{2}$ একক

উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1-\frac{a^2}{b^2}} = \sqrt{1-\frac{8}{16}} = \frac{1}{\sqrt{2}}$

$\therefore$ নিয়ামকের সমীকরণ, $y - 1 = \pm\frac{b}{e} \Rightarrow y = 1 \pm \frac{4}{\frac{1}{\sqrt{2}}}$

$\Rightarrow y = 1 \pm 4\sqrt{2} \therefore y - 1 \pm 4\sqrt{2} = 0$ **(Ans.)**

13. **দৃশ্যকল্প-২: $6x^2 + 4y^2 - 36x - 4y + 43 = 0$ একটি সমীকরণ।** **[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]**

(গ) দৃশ্যকল্প-২ সমীকরণটির উপকেন্দ্র ও নিয়ামকের সমীকরণ বের কর।

(গ) **Sol^n:** প্রদত্ত সমীকরণ: $6x^2 + 4y^2 - 36x - 4y + 43 = 0$

$\Rightarrow 6(x^2 - 6x + 9) + 4\left(y^2 - y + \frac{1}{4}\right) = -43 + 54 + 1$

$\Rightarrow \frac{(x-3)^2}{2} + \frac{\left(y-\frac{1}{2}\right)^2}{3} = 1 \Rightarrow \frac{(x-3)^2}{(\sqrt{2})^2} + \frac{\left(y-\frac{1}{2}\right)^2}{(\sqrt{3})^2} = 1$

$\therefore a = \sqrt{2}, b = \sqrt{3}$ অর্থাৎ $b > a$ এবং কেন্দ্র $(\alpha, \beta) \equiv \left(3, \frac{1}{2}\right)$

$\therefore$ উপকেন্দ্রের সমীকরণ: $(\alpha, \beta \pm be) \equiv \left(\alpha, \beta \pm \sqrt{b^2 - a^2}\right)$

$\equiv \left(3, \frac{1}{2} \pm 1\right) \equiv \left(3, \frac{3}{2}\right), \left(3, -\frac{1}{2}\right)$ **(Ans.)**

এবং নিয়ামকরেখার সমীকরণ: $y - \frac{1}{2} = \pm\frac{b}{e}$

$\Rightarrow y - \frac{1}{2} = \pm\frac{b^2}{\sqrt{b^2-a^2}} \Rightarrow y = \frac{1}{2} \pm \frac{3}{1}$

$\Rightarrow y = \frac{1}{2} + 3 = \frac{7}{2} \therefore 2y - 7 = 0$ এবং $y = \frac{1}{2} - 3 = \frac{-5}{2}$

$\therefore 2y + 5 = 0$ **(Ans.)**

নিজে করো

14. (ক) $4x^2 + 7y^2 = 28$ কনিকের উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। **[SB'22] [Ans: $\frac{1}{\sqrt{5}}$]**

15. উদ্দীপক-২: $x^2 + 2y^2 - 12x + 28 = 0$ **[CB'22]**

(গ) উদ্দীপক-২ এ উল্লিখিত কনিকের উপকেন্দ্রের স্থানাঙ্ক ও নিয়ামক রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $(8, 0), (4, 0)$; $x - 6 = \pm 4$]

16. উদ্দীপক-১: $4x^2 + 6y^2 - 4x - 36y + 43 = 0$. **[MB'22]**

(ক) $5x^2 + 4y^2 = 1$ কনিকের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। **[Ans: $\frac{4}{5}$]**

(খ) উদ্দীপক-১ এ বর্ণিত সমীকরণকে প্রমিত আকারে প্রকাশ করে কনিকটির নিয়ামক রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x - \frac{1}{2} = \pm 3$]

17. $16x^2 + 25y^2 = 400$. **[DB'17]**

(খ) উৎকেন্দ্রিকতাসহ উদ্দীপকের কনিকটির শীর্ষদ্বয়ের স্থানাঙ্ক, ফোকাস ও উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

[Ans: $e = \frac{3}{5}$ শীর্ষবিন্দুসমূহ, $(\pm 5, 0)$ ও $(0, \pm 4)$; ফোকাসদ্বয় $(\pm 3, 0)$: $\frac{32}{5}$]

(গ) চিত্র অঙ্কনপূর্বক উদ্দীপকের কনিকটির উপকেন্দ্রিক লম্বদ্বয় ও নিয়ামকদ্বয় এর সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x = \pm 3; 3x = \pm 25$]

18. (ক) $3x^2 + 5y^2 = 1$ এর উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। **[DB'19; JB'17] [Ans: $\sqrt{\frac{2}{5}}$]**

Educationblog24.com

Type-06: বিভিন্ন শর্ত হতে উপবৃত্তের সমীকরণ এবং উপাদান নির্ণয় সংক্রান্ত

Concept

- (α, β) কেন্দ্রবিশিষ্ট উপবৃত্তের বৃহৎ অক্ষ
  (i) x-অক্ষের সমান্তরাল হলে উপবৃত্তের সমীকরণ $\frac{(x-\alpha)^2}{a^2} + \frac{(y-\beta)^2}{b^2} = 0$; [যেখানে $a > b$]
  (ii) y-অক্ষের সমান্তরাল হলে উপবৃত্তের সমীকরণ $\frac{(x-\alpha)^2}{a^2} + \frac{(y-\beta)^2}{b^2} = 0$; [যেখানে $a < b$]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-২: একটি কনিকের কেন্দ্র মূলবিন্দুতে, উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য 10 ও উৎকেন্দ্রিকতা $\frac{1}{\sqrt{3}}$। [RB'23]

(গ) স্থানাঙ্কের অক্ষদ্বয়কে দৃশ্যকল্প-২ এ বর্ণিত কনিকের অক্ষদ্বয় বিবেচনা করে এর সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দেওয়া আছে, উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য = 10

উৎকেন্দ্রিকতা = $e = \frac{1}{\sqrt{3}}$

ধরি, $a > b$ ∴ আমরা জানি, উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য = $\frac{2b^2}{a} = 10$

$\therefore b^2 = 5a$ ..... (i)

আবার, $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} \Rightarrow e^2 = 1 - \frac{b^2}{a^2}$

$\Rightarrow b^2 = a^2(1 - e^2) \Rightarrow b^2 = a^2\left(1 - \frac{1}{3}\right)$

$\therefore b^2 = \frac{2a^2}{3}$ ..... (ii)

(i) ও (ii) তুলনা করে পাই, $5a = \frac{2a^2}{3} \Rightarrow 15 = 2a \therefore a = \frac{15}{2}$

এখন, (ii) $\Rightarrow b^2 = \frac{2}{3} \times \left(\frac{15}{2}\right)^2 \therefore b^2 = \frac{75}{2}$

নির্ণেয় সমীকরণ: $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1 \Rightarrow \frac{x^2}{\left(\frac{15}{2}\right)^2} + \frac{y^2}{\frac{75}{2}} = 1$

$\Rightarrow \frac{x^2}{\frac{225}{4}} + \frac{y^2}{\frac{75}{2}} = 1 \Rightarrow \frac{4x^2}{225} + \frac{2y^2}{75} = 1$

$\Rightarrow 4x^2 + 6y^2 = 225$

∴ নির্ণেয় সমীকরণ: $4x^2 + 6y^2 = 225$ (Ans.)

02. দৃশ্যকল্প-১: [SB'23]



(খ) দৃশ্যকল্প-১ এর উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা $\frac{1}{3}$ হলে, এর সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n:



যেহেতু উপবৃত্তের অক্ষদ্বয় x-অক্ষ এবং y-অক্ষ বরাবর অবস্থিত

ধরি, উপবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ $(a > b)$

[যা L বিন্দুগামী]

$\therefore \frac{9}{4a^2} + \frac{16}{b^2} = 1$ ..... (i)

এখন, উপকেন্দ্র $S\left(\frac{\frac{3}{2}+\frac{3}{2}}{2}, \frac{4-4}{2}\right)$ বা $\left(\frac{3}{2}, 0\right)$

এখন, $ae = \frac{3}{2} \Rightarrow a \times \frac{1}{3} = \frac{3}{2}$ [$\because e = \frac{1}{3}$] $\therefore a = \frac{9}{2}$

(i) হতে পাই, $\frac{9}{4\frac{81}{4}} + \frac{16}{b^2} = 1 \Rightarrow \frac{16}{b^2} = 1 - \frac{1}{9} \Rightarrow b^2 = 18$

∴ উপবৃত্তের সমীকরণ, $\frac{4x^2}{81} + \frac{y^2}{18} = 1$ (Ans.)

03. [BB'23]



(গ) উদ্দীপকের A ও A′ কে উপকেন্দ্র ধরে উপবৃত্তের সমীকরণ নির্ণয় কর যার একটি নিয়ামকের সমীকরণ, $5x - 36 = 0$

(গ) Sol^n: $A'(-4, 0)$ ও $A(4, 0)$ ∴ কেন্দ্র, $C \equiv (0, 0)$ এবং

$2ae = 8 \Rightarrow ae = 4$ ..... (i)

এখন, কেন্দ্র $(0, 0)$ থেকে নিয়ামক রেখার দূরত্ব,

$\frac{|5 \cdot 0 - 36|}{\sqrt{25}} = \frac{36}{5} = \frac{a}{e}$ ..... (ii)

(i) × (ii) $\Rightarrow ae \times \frac{a}{e} = 4 \times \frac{36}{5} \Rightarrow a^2 = \frac{144}{5} \therefore a = \frac{12}{\sqrt{5}}$

Educationblog24.com

আবার, $ae = 4 \Rightarrow e = \frac{4}{a} = \frac{4\sqrt{5}}{12} = \frac{\sqrt{5}}{3}$

আবার, $e^2 = 1 - \frac{b^2}{a^2} \Rightarrow \frac{b^2}{a^2} = 1 - e^2 = \frac{4}{9}$

$\Rightarrow b^2 = \frac{4}{9} \times \frac{144}{5} = \frac{64}{5}$

$\therefore$ উপবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$

$\Rightarrow \frac{x^2}{\frac{144}{5}} + \frac{y^2}{\frac{64}{5}} = 1 \Rightarrow \frac{5x^2}{144} + \frac{5y^2}{64} = 1$ **(Ans.)**

04. **[JB'23, SB'17]**



(গ) উদ্দীপকে $OB' = 4$ এবং $AS = A'S$ হলে BB' কে বৃহৎ অক্ষ ও AA' কে ক্ষুদ্র অক্ষ ধরে অঙ্কিত উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের সমীকরণ বাহির কর।

(গ) **Sol^n:** যেহেতু, $OB' = 4$ একক, সেহেতু $B'(0, -4)$



আবার C, AA' এর মধ্যবিন্দু $\therefore C(0,2)$ এবং $BC = B'C$;

$B'C = 2 - (-4) = 6 \therefore B(0, 2 + 6)$ বা, $B(0,8)$।

$a = AC = A'C = 3 - 0 = 3; b = BC = 6$

BB' কে বৃহৎ অক্ষ এবং AA' কে ক্ষুদ্র অক্ষ ধরে উপবৃত্তটির সমীকরণ $\frac{x^2}{3^2} + \frac{(y-2)^2}{6^2} = 1$

$\therefore$ উৎকেন্দ্রিকতা $e = \sqrt{\frac{b^2 - a^2}{b^2}} = \sqrt{\frac{36-9}{36}} = \frac{3\sqrt{3}}{6}$

$\therefore$ উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের সমীকরণ,

$y - 2 = \pm be \Rightarrow y - 2 = \pm 6 \times \frac{3\sqrt{3}}{6}$

$\therefore y - 2 = \pm 3\sqrt{3}$. **(Ans.)**

05. উদ্দীপক-১: **[DB'22]**



(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত উপবৃত্তের উৎকেন্দ্রিকতা, উপকেন্দ্র ও নিয়ামকের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** উদ্দীপক-১ এর চিত্র হতে পাই, উপবৃত্তটির বৃহদাক্ষের দৈর্ঘ্য, $2a = \sqrt{(3+3)^2 + 0} \Rightarrow a = 3$

এবং ক্ষুদ্রাক্ষের দৈর্ঘ্য, $2b = \sqrt{(1+1)^2 + 0}$

$\therefore b = 1 \because a > b$

$\therefore$ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} = \sqrt{1 - \frac{1}{9}} = \frac{2\sqrt{2}}{3}$ **(Ans.)**

উপকেন্দ্রের সমীকরণ, $x = \pm ae \Rightarrow x = \pm 3 \times \frac{2\sqrt{2}}{3}$

$\therefore x = \pm 2\sqrt{2}$ **(Ans.)**

নিয়ামকের সমীকরণ, $x = \pm \frac{a}{e} \Rightarrow x = \pm \frac{3}{\frac{2\sqrt{2}}{3}}$

$\therefore 2\sqrt{2}x \pm 9 = 0$ **(Ans.)**

06. দৃশ্যকল্প-১: **[RB'22]**



(খ) দৃশ্যকল্প-১ এ বর্ণিত উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** মনে করি, উপবৃত্তের সমীকরণটি,

$\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1 \ldots\ldots\ldots (i)$

প্রদত্ত সরলরেখার সমীকরণ, $3y - 2x = 10$

$\Rightarrow \frac{y}{\frac{10}{3}} + \frac{x}{-5} = 1$

অর্থাৎ, উপবৃত্তটি $(-5, 0)$ এবং $(0, \frac{10}{3})$ বিন্দুগামী।

$\therefore \frac{(-5)^2}{a^2} + 0 = 1 \Rightarrow a^2 = 25 \Rightarrow a = 5$

এবং $0 + \frac{\left(\frac{10}{3}\right)^2}{b^2} = 1 \Rightarrow b^2 = \frac{100}{9} \Rightarrow b = \frac{10}{3} \therefore a > b$

$\therefore$ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} = \sqrt{1 - \frac{100}{9 \times 25}} = \frac{\sqrt{5}}{3}$

$\therefore$ উপকেন্দ্রিক লম্বের সমীকরণ, $x = \pm ae \Rightarrow x = \pm 5 \times \frac{\sqrt{5}}{3}$

$\therefore 3x \pm 5\sqrt{5} = 0$ **(Ans.)**

০৬

Educationblog24.com

07. দৃশ্যকল্প-১: $4x^2 + ay^2 = 1$ একটি কনিকের সমীকরণ। [SB'22]

(খ) দৃশ্যকল্প-১ এর কনিকটি $(0, \pm 1)$ বিন্দু দিয়ে অতিক্রম করলে কনিকটির অক্ষদ্বয়ের দৈর্ঘ্য বের কর।

(খ) Sol^n: প্রদত্ত সমীকরণ, $4x^2 + ay^2 = 1$ ..... (i)

(i) নং কনিকটি, $(0, \pm 1)$ বিন্দুগামী বলে,

$4 \times 0^2 + a \times (\pm 1)^2 = 1 \therefore a = 1$

(i) $\Rightarrow 4x^2 + y^2 = 1 \Rightarrow \frac{x^2}{\left(\frac{1}{2}\right)^2} + \frac{y^2}{(1)^2} = 1$ ..... (ii)

(ii) নং কে $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ এর সাথে তুলনা করে পাই,

$a = \frac{1}{2}, b = 1 \therefore b > a$

$\therefore$ বৃহদাক্ষের দৈর্ঘ্য $= 2b = 2 \times 1 = 2$ একক

এবং ক্ষুদ্রাক্ষের দৈর্ঘ্য $= 2a = 2 \times \frac{1}{2} = 1$ একক **(Ans.)**

08. $A(1, -3), B(0, 7), C(1, 1)$ [Din.B'22]

(গ) A ও C কোনো উপবৃত্তের শীর্ষ এবং উৎকেন্দ্রিকতা $\frac{\sqrt{3}}{2}$ হলে, উপবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দেওয়া আছে, শীর্ষবিন্দুদ্বয়, A $(1, -3)$ এবং C $(1, 1)$

যেহেতু শীর্ষের ভুজ একই সুতরাং, বৃহদাক্ষ y-অক্ষের সমান্তরাল।

$\therefore$ কেন্দ্র, C $\left(\frac{1+1}{2}, \frac{-3+1}{2}\right) = (1, -1)$

$\therefore$ উপবৃত্তের সমীকরণ, $\frac{(x-1)^2}{a^2} + \frac{(y+1)^2}{b^2} = 1$

বৃহদাক্ষের দৈর্ঘ্য, $2b = \sqrt{(1+3)^2 + 0} \Rightarrow 2b = 4 \therefore b = 2$

আবার, $e^2 = 1 - \frac{a^2}{b^2} \Rightarrow \frac{3}{4} = 1 - \frac{a^2}{4} \Rightarrow a^2 = 1$

$\therefore$ নির্ণেয় উপবৃত্তের সমীকরণ, $(x-1)^2 + \frac{(y+1)^2}{4} = 1$ **(Ans.)**

09. [Din.B'22]



(ক) M ও N বিন্দুদ্বয় কোনো উপবৃত্তের ফোকাস এবং বৃহৎ অক্ষের দৈর্ঘ্য 6 হলে উপবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(ক) Sol^n: দেওয়া আছে, উপবৃত্তের ফোকাসদ্বয়, M $(4, 2)$ ও N $(8, 2)$ কোটি একই বলে, বৃহদাক্ষ x-অক্ষের সমান্তরাল, $\therefore a > b$;

কেন্দ্র, C $(6, 2)$

প্রশ্নমতে, $2a = 6 \Rightarrow a = 3$ এবং $MN = 2ae$

$\Rightarrow 4 = 2 \times 3 \times e \therefore e = \frac{2}{3}$

আবার, $e^2 = 1 - \frac{b^2}{a^2} \Rightarrow \frac{4}{9} = 1 - \frac{b^2}{9} \therefore b^2 = 5$

$\therefore$ নির্ণেয় উপবৃত্তের সমীকরণ, $\frac{(x-6)^2}{9} + \frac{(y-2)^2}{5} = 1$ **(Ans.)**

10. দৃশ্যকল্প-২: উপবৃত্তের একটি উপকেন্দ্র ও তার নিকটস্থ নিয়ামকের দূরত্ব 14 সে.মি.। [DB'19]

(গ) দৃশ্যকল্প-২ এর উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা $\frac{3}{4}$ হলে উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

(গ) Sol^n: $\frac{a}{e} - ae = 14 \Rightarrow a\left(\frac{1}{e} - e\right) = 14$

$\Rightarrow a\left(\frac{4}{3} - \frac{3}{4}\right) = 14 \therefore a = 24$

আবার, $e^2 = 1 - \frac{b^2}{a^2} \therefore b^2 = 252$

উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= \frac{2b^2}{a} = \frac{2 \times 252}{24} = 21$ cm **(Ans.)**

11. (ক) এমন একটি উপবৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $(0, 2\sqrt{2})$ ও $(-3, 0)$ বিন্দু দিয়ে যায়। [DB'17]

(ক) Sol^n: মনে করি, উপবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ ..... (i)

$\therefore$ উপবৃত্তটি $(0, 2\sqrt{2})$ বিন্দুগামী $\therefore 0 + \frac{(2\sqrt{2})^2}{b^2} = 1$

$\Rightarrow b^2 = 8$

আবার, (i) নং উপবৃত্তটি $(-3, 0)$ বিন্দুগামী।

$\therefore \frac{9}{a^2} + 0 = 1 \Rightarrow a^2 = 9$

(i) নং সমীকরণে a^2 ও b^2 এর মান বসিয়ে পাই,

$\frac{x^2}{9} + \frac{y^2}{8} = 1 \Rightarrow \frac{8x^2 + 9y^2}{72} = 1 \Rightarrow 8x^2 + 9y^2 = 72$;

যা নির্ণেয় উপবৃত্তের সমীকরণ। **(Ans.)**

12. S এর স্থানাঙ্ক $(7, 3)$ এবং A বিন্দুর স্থানাঙ্ক $(-1, 3)$ [CB'17]

(গ) উদ্দীপকের SA রেখাংশকে বৃহদাক্ষ ধরে কনিকের সমীকরণ নির্ণয় কর যার উৎকেন্দ্রিকতা $\frac{\sqrt{3}}{2}$।

(গ) Sol^n: এখানে, বৃহদাক্ষ $= SA = 2a = \sqrt{(7+1)^2 + (3-3)^2}$

$= 8 \therefore a = 4$



দেওয়া আছে, উৎকেন্দ্রিকতা $e = \frac{\sqrt{3}}{2}$

তাহলে, $e^2 = \frac{3}{4}$ [বর্গ করে]

$\Rightarrow 1 - \frac{b^2}{a^2} = \frac{3}{4} \Rightarrow \frac{b^2}{16} = 1 - \frac{3}{4} = \frac{1}{4} \Rightarrow b^2 = 4 \therefore b = 2$

কেন্দ্রের স্থানাঙ্ক, $\left(\frac{7-1}{2}, \frac{3+3}{2}\right) = (3, 3)$;

$\therefore$ উপবৃত্তের সমীকরণ, $\frac{(x-3)^2}{4^2} + \frac{(y-3)^2}{2^2} = 1$; যা নির্ণেয় কনিকটির সমীকরণ। **(Ans.)**

Educationblog24.com

13. দৃশ্যকল্প-১: একটি উপবৃত্তের দুইটি উপকেন্দ্র S(10, 2) এবং S′(−6, 2) [নটর ডেম কলেজ, ঢাকা]

(খ) দৃশ্যকল্প-১ হতে, উপবৃত্তের সমীকরণ নির্ণয় কর, যার যেকোনো উপকেন্দ্র হতে শীর্ষদ্বয়ের দূরত্বের গুণফল 36 একক।

(খ) Sol^n: প্রদত্ত উপবৃত্তের উপকেন্দ্র দুটি হলো: S(10, 2) এবং S′(−6,2)

∴ কেন্দ্রের স্থানাঙ্ক: $\left(\frac{10-6}{2}, \frac{2+2}{2}\right) \equiv (2,2)$

উপকেন্দ্রদ্বয় এর কোটির স্থানাঙ্ক সমান।

∴ অক্ষ x-অক্ষের সমান্তরাল।

∴ উপকেন্দ্রদ্বয়ের দূরত্ব $2ae = \sqrt{(10+6)^2 + (2-2)^2} = 16$

∴ $ae = 8$

প্রশ্নমতে, $(a - ae)(a + ae) = 36 \Rightarrow a^2 - a^2e^2 = 36$

$\Rightarrow a = \sqrt{36 + (ae)^2} = \sqrt{36 + 8^2} = 10$

এবং $ae = 8 \Rightarrow a \times \sqrt{\frac{a^2-b^2}{a^2}} = 8 \Rightarrow \sqrt{a^2 - b^2} = 8$

$\Rightarrow b = \sqrt{a^2 - 8^2} = \sqrt{10^2 - 8^2} = 6$

∴ উপবৃত্তটির সমীকরণ, $\frac{(x-2)^2}{10^2} + \frac{(y-2)^2}{6^2} = 1$

$\Rightarrow \frac{(x-2)^2}{100} + \frac{(y-2)^2}{36} = 1$ **(Ans.)**

14. B(2, 3) এবং A(9, 2), A′(−1, 2) [হলি ক্রস কলেজ, ঢাকা]

(গ) শীর্ষবিন্দু A, A′ এবং উপকেন্দ্রদ্বয়ের মধ্যকার দূরত্ব 8, একক হলে, উপবৃত্তের সমীকরণ ও নিয়ামকদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: উপবৃত্তের শীর্ষবিন্দু A ও A′ হলে উপবৃত্তটির কেন্দ্রের স্থানাঙ্ক $\left(\frac{9-1}{2}, \frac{2+2}{2}\right) \equiv (4,2)$

উপকেন্দ্রদ্বয় এর মধ্যবর্তী দূরত্ব, $2ae = 8$ ..... (i)

শীর্ষদ্বয় এর মধ্যবর্তী দূরত্ব,

$2a = AA' = \sqrt{(9+1)^2 + (2-2)^2} = 10 \Rightarrow a = 5$

(i) নং সমীকরণে a এর মান বসিয়ে পাই, $10e = 8 \therefore e = \frac{4}{5}$

∴ উৎকেন্দ্রিকতা $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}}$

$\Rightarrow b = a\sqrt{1-e^2} = 5 \times \sqrt{1 - \left(\frac{4}{5}\right)^2} = 3$

∴ উপবৃত্তটির সমীকরণ: $\frac{(x-4)^2}{5^2} + \frac{(y-2)^2}{3^2} = 1$ **(Ans.)**

এবং নিয়ামক রেখার সমীকরণ: $x - 4 = \pm\frac{a}{e}$

$\Rightarrow x - 4 = \pm\frac{5}{\frac{4}{5}} \Rightarrow x - 4 = \pm\frac{25}{4} \Rightarrow 4x - 16 \pm 25 = 0$

∴ $4x - 41 = 0$ এবং $4x + 9 = 0$ **(Ans.)**

15. **(i) উপবৃত্তের একটি শীর্ষবিন্দু এবং তার নিকটতম নিয়ামকের মধ্যবর্তী দূরত্ব 7 সে.মি.।** [ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ, কুমিল্লা]

(খ) (i) নং এর $e = \frac{3}{4}$ হলে, উদ্দীপকের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) Sol^n: প্রশ্নমতে, $\frac{a}{e} - a = 7$

$\Rightarrow a\left(\frac{1}{e} - 1\right) = 7 \Rightarrow a\left(\frac{4}{3} - 1\right) = 7 \quad \left[\because e = \frac{3}{4}\right]$

$\Rightarrow a = 21$ সে.মি.

আবার, $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}}$

$\Rightarrow b = a\sqrt{1-e^2} = 21\sqrt{1 - \left(\frac{3}{4}\right)^2} = \frac{21\sqrt{7}}{4}$ সে.মি.

∴ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= \frac{2b^2}{a} = \frac{2\left(\frac{21\sqrt{7}}{4}\right)^2}{21}$

$= \frac{147}{8}$ সে.মি. **(Ans.)**

নিজে করো

16. দৃশ্যকল্প-২: [RB'22]

OA = OS = 1, AA′ = 6, AO < OB.

(গ) দৃশ্যকল্প-২ এ বর্ণিত উপবৃত্তের উপকেন্দ্র S এর স্থানাঙ্ক (0, 4) হলে এর নিয়ামক রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $y = \pm\frac{5}{\frac{4}{8}} \therefore 4y \pm 25 = 0$]

17. উদ্দীপক-২: $\frac{1}{\sqrt{2}}$ উৎকেন্দ্রিকতা বিশিষ্ট একটি কনিক যা $(4, -2\sqrt{6})$ বিন্দুগামী; যার অক্ষদ্বয় যথাক্রমে x ও y অক্ষ বরাবর অবস্থিত। [BB'22]

(গ) উদ্দীপক-২ এ উল্লিখিত কনিকটির সমীকরণ নির্ণয় কর।

[Ans: $\frac{x^2}{64} + \frac{y^2}{32} = 1$]

Educationblog24.com

Type-07: অধিবৃত্তের সমীকরণ হতে বিভিন্ন উপাদান নির্ণয়

Concept

$\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ বা $\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$ অর্থাৎ অধিবৃত্তের প্রমিত আকারের সাথে তুলনা করে উপাদান নির্ণয় করতে হবে।

Note: আয়তাকার অধিবৃত্তের (a = b) ক্ষেত্রে উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{2}$

Sl. No.	অধিবৃত্তের আকার:	$\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$	$\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$	$\frac{(x-\alpha)^2}{a^2} - \frac{(y-\beta)^2}{b^2} = 1$	$\frac{(y-\beta)^2}{b^2} - \frac{(x-\alpha)^2}{a^2} = 1$
(i)	পরামিতিক সমীকরণ:	$x = a\sec\theta$, $y = b\tan\theta$	$x = a\tan\theta$, $y = b\sec\theta$	$x = \alpha + a\sec\theta$, $y = \beta + b\tan\theta$	$x = \alpha + a\tan\theta$, $y = \beta + b\sec\theta$
(ii)	পোলার স্থানাঙ্কে সমীকরণ:	$r^2(b^2\cos^2\theta - a^2\sin^2\theta) = a^2b^2$	$r^2(a^2\sin^2\theta - b^2\cos^2\theta) = a^2b^2$	$b^2(r\cos\theta - \alpha)^2 - a^2(r\sin\theta - \beta)^2 = a^2b^2$	$a^2(r\sin\theta - \beta)^2 - b^2(r\cos\theta - \alpha)^2 = a^2b^2$
(iii)	কেন্দ্র, C:	(0, 0)	(0, 0)	(α, β)	(α, β)
(iv)	শীর্ষদ্বয়ের স্থানাঙ্ক:	$(\pm a, 0)$	$(0, \pm b)$	$(\alpha \pm a, \beta)$	$(\alpha, \beta \pm b)$
(v)	উপকেন্দ্র, S:	$(\pm ae, 0)$	$(0, \pm be)$	$(\alpha \pm ae, \beta)$	$(\alpha, \beta \pm be)$
(vi)	আড় অক্ষের দৈর্ঘ্য:	2a	2b	2a	2b
(vii)	অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য:	2b	2a	2b	2a
(viii)	উৎকেন্দ্রিকতা, e:	$\sqrt{1 + \frac{b^2}{a^2}}$	$\sqrt{1 + \frac{a^2}{b^2}}$	$\sqrt{1 + \frac{b^2}{a^2}}$	$\sqrt{1 + \frac{a^2}{b^2}}$
(ix)	উপকেন্দ্রিক লম্বের/ নাভিলম্বের দৈর্ঘ্য:	$\frac{2b^2}{a}$	$\frac{2a^2}{b}$	$\frac{2b^2}{a}$	$\frac{2a^2}{b}$
(x)	আড় অক্ষের সমীকরণ:	$y = 0$	$x = 0$	$y - \beta = 0$	$x - \alpha = 0$
(xi)	অনুবন্ধী অক্ষের সমীকরণ:	$x = 0$	$y = 0$	$x - \alpha = 0$	$y - \beta = 0$
(xii)	উপকেন্দ্রিক লম্বের/ নাভিলম্বের সমীকরণ:	$x = \pm ae$	$y = \pm be$	$x = \alpha \pm ae$	$y = \beta \pm be$
(xiii)	নিয়ামক রেখার সমীকরণ:	$x = \pm\frac{a}{e}$	$y = \pm\frac{b}{e}$	$x = \alpha \pm \frac{a}{e}$	$y = \beta \pm \frac{b}{e}$
(xiv)	উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, SS':	2ae	2be	2ae	2be
(xv)	উপকেন্দ্র ও অনুরূপ নিয়ামকের মধ্যবর্তী দূরত্ব:	$ae - \frac{a}{e}$	$be - \frac{b}{e}$	$ae - \frac{a}{e}$	$be - \frac{b}{e}$
(xvi)	নিয়ামক/দিকাক্ষদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, ZZ':	$\frac{2a}{e}$	$\frac{2b}{e}$	$\frac{2a}{e}$	$\frac{2b}{e}$
(xvii)	অসীমতটের সমীকরণ:	$y = \pm\frac{b}{a}x$	$y = \pm\frac{b}{a}x$	$y - \beta = \pm\frac{b}{a}(x - \alpha)$	$y - \beta = \pm\frac{b}{a}(x - a)$
(xviii)	শীর্ষবিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ:	$x = \pm a$	$y = \pm b$	$x = \alpha \pm a$	$y = \beta \pm b$

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $3y^2 - 5x^2 = 15$ কনিকটির উপকেন্দ্র নির্ণয় কর। [RB'23]

(ক) Sol^n: প্রদত্ত কনিকের সমীকরণ $3y^2 - 5x^2 = 15$

$\Rightarrow \frac{y^2}{5} - \frac{x^2}{3} = 1 \Rightarrow \frac{y^2}{(\sqrt{5})^2} - \frac{x^2}{(\sqrt{3})^2} = 1; a = \sqrt{3}, b = \sqrt{5}$

উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{1 + \frac{a^2}{b^2}} = \sqrt{\frac{8}{5}} = \frac{2\sqrt{2}}{\sqrt{5}}$

উপকেন্দ্র $= (0, \pm be) \equiv \left(0, \pm\sqrt{5} \times \frac{2\sqrt{2}}{\sqrt{5}}\right)$

$= (0, \pm 2\sqrt{2})$ (Ans.)

02. (ক) $x^2 - 4y^2 = 2$ কনিকের উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। [Ctg.B'23]

(ক) Sol^n: প্রদত্ত কনিক $x^2 - 4y^2 = 2 \Rightarrow \frac{x^2}{2} - \frac{y^2}{\frac{1}{2}} = 0$

$\therefore$ উৎকেন্দ্রিকতা $e = \sqrt{1 + \frac{\frac{1}{2}}{2}} = \sqrt{1 + \frac{1}{4}} = \frac{\sqrt{5}}{2}$ (Ans.)

03. দৃশ্যকল্প-২: $4x^2 - 9y^2 - 16x + 54y - 101 = 0$ [SB'23]

(গ) দৃশ্যকল্প-২ এর কনিকটির উপকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর।

(গ) Sol^n: প্রদত্ত সমীকরণ, $4x^2 - 9y^2 - 16x + 54y - 101 = 0$

$\Rightarrow 4x^2 - 16x - 9y^2 + 54y = 101$

$\Rightarrow 4(x^2 - 4x + 4) - 9(y^2 - 6y + 9) = 101 + 16 - 81$

$\Rightarrow 4(x-2)^2 - 9(y-3)^2 = 36$

$\Rightarrow \frac{(x-2)^2}{9} - \frac{(y-3)^2}{4} = 1 \Rightarrow \frac{X^2}{3^2} - \frac{Y^2}{2^2} = 1$

[$X = x - 2, Y = y - 3$ (ধরি)]; $a = 3, b = 2$

$\therefore$ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{\frac{9+4}{9}} = \frac{\sqrt{13}}{3}$

$\therefore$ উপকেন্দ্রের স্থানাঙ্ক $(\pm ae, 0)$

$\therefore X = \pm ae \Rightarrow x - 2 = \pm 3 \times \frac{\sqrt{13}}{3} \therefore x = 2 \pm \sqrt{13}$

এবং $Y = 0 \Rightarrow y - 3 = 0 \therefore y = 3$

$\therefore$ উপকেন্দ্রের স্থানাঙ্ক $(2 \pm \sqrt{13}, 3)$ (Ans.)

04. $f(x, y) = x^2 - 4y^2 - 6x - 16y - 11$ [JB'23]

(খ) $f(x, y) = 0$ কনিকের প্রকৃতি নির্ণয় করে উহার উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

(খ) Sol^n: দেওয়া আছে, $f(x, y) = 0$

$\Rightarrow x^2 - 4y^2 - 6x - 16y - 11 = 0$

$\Rightarrow (x^2 - 6x + 9) - (4y^2 + 16y + 16) - 9 + 16 - 11 = 0$

$\Rightarrow (x-3)^2 - 4(y+2)^2 = 4 \Rightarrow \frac{(x-3)^2}{4} - \frac{(y+2)^2}{1} = 1$

যা একটি অধিবৃত্তকে নির্দেশ করে।

$\therefore a^2 = 4 \Rightarrow a = 2$ এবং $b^2 = 1 \Rightarrow b = 1$

$\therefore$ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{\frac{a^2 + b^2}{a^2}} = \sqrt{\frac{4+1}{4}} = \frac{\sqrt{5}}{2}$

$\therefore$ উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= 2ae = 2 \times 2 \times \frac{\sqrt{5}}{2}$

$= 2\sqrt{5}$ একক (Ans.)

05. (ক) $9x^2 - 4y^2 = 36$ কনিকের নিয়ামকের সমীকরণ নির্ণয় কর। [JB'23]

(ক) Sol^n: দেওয়া আছে, $9x^2 - 4y^2 = 36 \Rightarrow \frac{x^2}{4} - \frac{y^2}{9} = 1$

$\therefore a^2 = 4$ এবং $b^2 = 9$

$\therefore$ উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{\frac{a^2 + b^2}{a^2}} = \frac{\sqrt{13}}{2}$

তাহলে, নিয়ামকের সমীকরণ, $x = \pm\frac{a}{e} \Rightarrow x = \pm 2 \times \frac{2}{\sqrt{13}}$

$\Rightarrow \sqrt{13}x \pm 4 = 0$ (Ans.)

06. দৃশ্যকল্প-২: $x^2 - 3y^2 - 4x - 8 = 0$ [CB'23]

(গ) দৃশ্যকল্প-২ এর কনিকটির উপকেন্দ্রিক লম্বের সমীকরণ ও দৈর্ঘ্য নির্ণয় কর।

(গ) Sol^n: দৃশ্যকল্প-২ এ দেওয়া আছে, $x^2 - 3y^2 - 4x - 8 = 0$

$\Rightarrow x^2 - 4x + 4 - 3y^2 - 12 = 0$

$\Rightarrow (x-2)^2 - 3y^2 = 12 \Rightarrow \frac{(x-2)^2}{12} - \frac{y^2}{4} = 1$

$\therefore a = 2\sqrt{3}, b = 2 \therefore e = \sqrt{1 + \frac{4}{12}} = \frac{2}{\sqrt{3}}$

$\therefore$ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= \frac{2b^2}{a} = \frac{2\times4}{2\sqrt{3}} = \frac{4}{\sqrt{3}}$ একক এবং

সমীকরণ $\Rightarrow X = \pm ae \Rightarrow (x - 2) = \pm 2\sqrt{3} \times \frac{2}{\sqrt{3}}$

$\Rightarrow x - 2 = \pm 4 \therefore x = 6$ অথবা $x = -2$ (Ans.)

07. (ক) $\frac{x^2}{4} - \frac{y^2}{9} + 1 = 0$ কনিকের উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। [MB'22]

(ক) Sol^n: প্রদত্ত সমীকরণটি $\frac{x^2}{4} - \frac{y^2}{9} = -1 \Rightarrow \frac{y^2}{9} - \frac{x^2}{4} = 1$

$a = 2, b = 3$; $e = \sqrt{1 + \frac{a^2}{b^2}} = \sqrt{1 + \frac{4}{9}} = \frac{\sqrt{13}}{3}$ (Ans.)

08. (ক) $\frac{x^2}{9} - \frac{y^2}{25} + 1 = 0$ কনিকের অক্ষদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর। [SB'19]

(ক) Sol^n: $\frac{x^2}{9} - \frac{y^2}{25} + 1 = 0 \Rightarrow \frac{y^2}{25} - \frac{x^2}{9} = 1 \therefore \frac{y^2}{5^2} - \frac{x^2}{3^2} = 1$

$\therefore$ আড় অক্ষের দৈর্ঘ্য $= 2 \times 5 = 10$ একক এবং অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য $= 2 \times 3 = 6$ একক (Ans.)

Educationblog24.com

নিজে করো

09. দৃশ্যকল্প-১: $4x^2 - 9y^2 - 16x + 54y - 101 = 0$. [MB'23]

(খ) দৃশ্যকল্প-১ এর কনিকটিকে প্রমাণ আকারে প্রকাশ করে উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য ও নিয়ামক রেখার সমীকরণ নির্ণয় কর। [Ans: $\frac{8}{3}$; $x = 2 \pm \frac{9\sqrt{13}}{13}$]

10. (ক) $3x^2 - 4y^2 = 12$ কনিকের উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। [RB'22] [Ans: $\frac{\sqrt{7}}{2}$]

11. (ক) $\frac{y^2}{2} - x^2 = 1$ অধিবৃত্তটির উপকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর। [BB'22] [Ans: $(0, \pm\sqrt{3})$]

12. উদ্দীপক-১: $9x^2 - 4y^2 + 36x - 8y - 4 = 0$ একটি কনিকের সমীকরণ। [BB'22]

(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত কনিকের উপকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর। [Ans: $(2 \pm \sqrt{13}, -1)$]

13. দৃশ্যকল্প-২: $4x^2 - 5y^2 - 16x - 10y - 9 = 0$ [DB, SB, JB, Din.B'18]

(গ) দৃশ্যকল্প-২ এ বর্ণিত সমীকরণটি প্রমিত আকার প্রকাশ করে উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য ও সমীকরণ নির্ণয় কর। [Ans: $\frac{8}{\sqrt{5}}$ একক; $x = 5, x = -1$]

14. (ক) $\frac{x^2}{4} - \frac{y^2}{9} = 1$ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা নির্ণয় কর। [Ctg.B'17] [Ans: $\frac{\sqrt{13}}{2}$]

Type-08: বিভিন্ন শর্ত থেকে অধিবৃত্তের সমীকরণ নির্ণয়

Concept

- (α, β) কেন্দ্রবিশিষ্ট অধিবৃত্তের আড় অক্ষ,

(i) x-অক্ষের সমান্তরাল হলে অধিবৃত্তের সমীকরণ, $\frac{(x-\alpha)^2}{a^2} - \frac{(y-\beta)^2}{b^2} = 1$

(ii) y-অক্ষের সমান্তরাল হলে অধিবৃত্তের সমীকরণ, $\frac{(y-\beta)^2}{b^2} - \frac{(x-\alpha)^2}{a^2} = 1$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. উদ্দীপক-২: একটি অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা $\sqrt{3}$, উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 18। [DB'23]

(গ) অধিবৃত্তের অক্ষদ্বয়কে স্থানাঙ্কের অক্ষ ধরে উদ্দীপক-২ এর অধিবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: ধরি, অধিবৃত্তের সমীকরণ: $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ ..... (i)

দেওয়া আছে, উৎকেন্দ্রিকতা $e = \sqrt{3}$ এবং উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $2ae = 18$ [ধরি, x অক্ষ বরাবর আড় অক্ষ অবস্থিত]

$\therefore a = \frac{18}{2 \times \sqrt{3}} = 3\sqrt{3} \Rightarrow a^2 = 27$ ..... (ii)

আবার, $e^2 = 1 + \frac{b^2}{a^2} \Rightarrow 1 + \frac{b^2}{27} = 3$

$\Rightarrow b^2 = 27 \times 2 = 54$ ..... (iii)

(i), (ii) ও (iii) কে সমন্বয় করে পাই, $\frac{x^2}{27} - \frac{y^2}{54} = 1$

$\Rightarrow 2x^2 - y^2 = 54$; যা নির্ণেয় অধিবৃত্তের সমীকরণ (Ans.)

02. [BB'23]



(খ) উদ্দীপকের সাহায্যে অধিবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n: উদ্দীপক অনুসারে, আড়-অক্ষ = x অক্ষ

$\therefore$ অধিবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ ..... (i)

আবার, $2a = 8 \Rightarrow a = 4$ এবং $2ae = 10$

$\Rightarrow ae = 5 \Rightarrow e = \frac{5}{a} = \frac{5}{4}$

এখন, $e^2 = 1 + \frac{b^2}{a^2}$

$\Rightarrow e^2 - 1 = \frac{b^2}{a^2} \Rightarrow \frac{25}{16} - 1 = \frac{b^2}{16} \Rightarrow b^2 = 9$

$\therefore$ (i) $\Rightarrow \frac{x^2}{16} - \frac{y^2}{9} = 1$; ইহাই অধিবৃত্তের সমীকরণ। (Ans.)

Educationblog24.com

03 দৃশ্যকল্প-২: কেন্দ্র মূলবিন্দুতে এবং y-অক্ষ বরাবর আড় অক্ষবিশিষ্ট কোনো অধিবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য 24 এবং উপকেন্দ্রদ্বয়ের দূরত্ব 16। [Ctg.B'22]

(গ) দৃশ্যকল্প-২ এর তথ্যের সাহায্যে অধিবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol": মনে করি, মূলবিন্দুতে কেন্দ্রবিশিষ্ট এবং y-অক্ষ বরাবর আড় অক্ষবিশিষ্ট অধিবৃত্তের সমীকরণটি, $\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$ ..... (i)

প্রশ্নমতে, উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য, $\frac{2a^2}{b} = 24$

$\Rightarrow a^2 = 12b$ ..... (ii)

এবং উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব,

$2be = 16 \Rightarrow be = 8$ ..... (iii)

আবার, $e = \sqrt{1 + \frac{a^2}{b^2}} \Rightarrow e^2 = \frac{b^2+a^2}{b^2}$

$\Rightarrow (be)^2 = b^2 + 12b$ [(ii) নং হতে]

$\Rightarrow 8^2 = b^2 + 12b$ [(iii) নং হতে]

$\Rightarrow b^2 + 12b - 64 = 0 \Rightarrow b^2 + 16b - 4b - 64 = 0$

$\Rightarrow b(b + 16) - 4(b + 16) = 0$

$\Rightarrow (b + 16)(b - 4) = 0$

$\therefore$ হয়, $b = -16$ [গ্রহণযোগ্য নয়]

অথবা, $b = 4 \Rightarrow b^2 = 16$

(ii) $\Rightarrow a^2 = 12 \times 4 = 48$

$\therefore$ নির্ণেয় অধিবৃত্তের সমীকরণটি, $\frac{y^2}{16} - \frac{x^2}{48} = 1$ (Ans.)

04 উদ্দীপক-১: একটি কনিকের উৎকেন্দ্রিকতা $\frac{\sqrt{13}}{3}$ এবং উহা $\left(4, \frac{\sqrt{28}}{3}\right)$ বিন্দুগামী। [CB'22]

(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত কনিকের অক্ষদ্বয়কে x- অক্ষ ও y- অক্ষ ধরে উহার অক্ষদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) Sol": উদ্দীপক-১ হতে পাই, উৎকেন্দ্রিকতা, $e = \frac{\sqrt{13}}{3} > 1$

$\therefore$ এটি অধিবৃত্ত।

মনে করি, অধিবৃত্তের সমীকরণটি, $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ ..... (i)

(i) নং $\left(4, \frac{\sqrt{28}}{3}\right)$ বিন্দুগামী হলে, $\frac{16}{a^2} - \frac{28}{9b^2} = 1$ ..... (ii)

আবার, $e^2 = 1 + \frac{b^2}{a^2} \Rightarrow \frac{13}{9} = 1 + \frac{b^2}{a^2}$

$\Rightarrow \frac{b^2}{a^2} = \frac{4}{9} \therefore b^2 = \frac{4}{9}a^2$ ..... (iii)

(ii) $\Rightarrow \frac{16}{a^2} - \frac{28}{4a^2} = 1 \Rightarrow 64 - 28 = 4a^2$

$\therefore a^2 = 9 \therefore b^2 = 4$ [(iii) হতে]

$\therefore$ নির্ণেয় অধিবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{9} - \frac{y^2}{4} = 1$

$\therefore$ আড় অক্ষের দৈর্ঘ্য $= 2a = 2 \times 3 = 6$ একক এবং

অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য $= 2b = 2 \times 2 = 4$ একক (Ans.)

05 [Din.B'22]



(গ) M ও N বিন্দুদ্বয় কোনো অধিবৃত্তের উপকেন্দ্র এবং উৎকেন্দ্রিকতা 2 হলে অধিবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol": দেওয়া আছে, অধিবৃত্তের উপকেন্দ্রদ্বয় M (4, 2) এবং N (8, 2) $\therefore$ কেন্দ্র, C $\left(\frac{4+8}{2}, \frac{2+2}{2}\right) = (6, 2)$ এবং $e = 2$

যেহেতু উপকেন্দ্রদ্বয়ের কোটি একই, আড় অক্ষ x-অক্ষের সমান্তরাল তাহলে, অধিবৃত্তের সমীকরণটি,

$\frac{(x-6)^2}{a^2} - \frac{(y-2)^2}{b^2} = 1$ ..... (i)

এখানে, $MN = 2ae \Rightarrow 2 \times a \times 2 = 4 \therefore a = 1$

আবার, $e^2 = 1 + \frac{b^2}{a^2} \Rightarrow 4 = 1 + \frac{b^2}{1} \therefore b^2 = 3$

$\therefore$ অধিবৃত্তের সমীকরণ: $(x - 6)^2 - \frac{(y-2)^2}{3} = 1$ (Ans.)

নিজে করো

06. দৃশ্যকল্প-২: [RB'22]



$AA' = 8, SS' = 10$

(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে অধিবৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [Ans: $\frac{x^2}{16} - \frac{y^2}{9} = 1$]

07. দৃশ্যকল্প-২: $\sqrt{3}$ উৎকেন্দ্রিকতাবিশিষ্ট একটি কনিকের নিয়ামক রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 4। [SB'22]

(গ) দৃশ্যকল্প-২ এর কনিকের অক্ষদ্বয় স্থানাঙ্কের অক্ষদ্বয় বরাবর হলে, কনিকের সমীকরণ নির্ণয় কর। [Ans: $\frac{x^2}{12} - \frac{y^2}{24} = 1$]

08. দৃশ্যকল্প ২: [RB'17]



(গ) দৃশ্যকল্প-২ এ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা $\sqrt{5}$ হলে অধিবৃত্তের সমীকরণ নির্ণয় কর। [Ans: $4x^2 - y^2 = 20$]

09. দৃশ্যকল্প-২: একটি অধিবৃত্তের উপকেন্দ্র দুইটি (6,1) ও (10,1) এবং উৎকেন্দ্রিকতা 3. [JB'17]

(গ) দৃশ্যকল্প-২ হতে অধিবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

[Ans: $\frac{(x-8)^2}{\frac{4}{9}} - \frac{(y-1)^2}{\frac{32}{9}} = 1$]

Educationblog24.com

Type-09: SP + S'P = বৃহৎ/আড় অক্ষের দৈর্ঘ্য সংক্রান্ত

Concept



চিত্র-(a)

চিত্র-(a) তে উপবৃত্তের উপকেন্দ্রদ্বয় S ও S' বৃহৎ অক্ষের দৈর্ঘ্য AA' এবং উপবৃত্তের উপরস্থ যেকোনো বিন্দু P(x,y) হলে,

SP + S'P = বৃহৎ অক্ষের দৈর্ঘ্য।



চিত্র-(b)

চিত্র-(b) তে অধিবৃত্তের উপকেন্দ্রদ্বয় S ও S' আড় অক্ষের দৈর্ঘ্য AA' এবং অধিবৃত্তের উপরস্থ যেকোনো বিন্দু P(x,y) হলে,

|SP − S'P| = আড় অক্ষের দৈর্ঘ্য।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 **উদ্দীপক-২:** একটি কনিকের উপকেন্দ্রদ্বয় (10, 5) ও (8, 3) এবং উৎকেন্দ্রিকতা $\sqrt{2}$ [MB'22]

(গ) উদ্দীপক-২ এ বর্ণিত কনিকটির সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** দেওয়া আছে, অধিবৃত্তের উপকেন্দ্রদ্বয়, S(8,3) এবং S'(10,5)

এখন, $SS' = 2ae \Rightarrow \sqrt{(10-8)^2+(5-3)^2} = 2a\sqrt{2}$

$\Rightarrow 2\sqrt{2} = 2\sqrt{2} \times a \Rightarrow a = 1$



আবার, $e^2 = 1 + \frac{b^2}{a^2} \Rightarrow 2 = 1 + \frac{b^2}{1} \therefore b = 1$

আমরা জানি, অধিবৃত্তের ক্ষেত্রে, $|SP - S'P| = 2b$

$\Rightarrow \sqrt{(x-8)^2+(y-3)^2} - \sqrt{(x-10)^2+(y-5)^2} = \pm 2$

$\Rightarrow (x-8)^2 - (y-3)^2 = 4 + (x-10)^2 + (y-5)^2$

$\pm 4\sqrt{(x-10)^2+(y-5)^2}$

$\Rightarrow x^2 - 16x + 64 + y^2 - 6y + 9 = 4 + x^2 - 20x$

$+100 + y^2 - 10y + 25 \pm 4\sqrt{(x-10)^2+(y-5)}$

$\Rightarrow 4x + 4y - 56 = \pm 4\sqrt{(x-10)^2+(y-5)^2}$

$\Rightarrow x + y - 14 = \pm\sqrt{(x-10)^2+(y-5)^2}$

$\Rightarrow (x+y-14)^2 = (x-10)^2 + (y-5)^2$ **(Ans.)**

Type-10: অধিবৃত্তের অসীমতট সম্পর্কিত সমস্যাবলি

Concept

- $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ বা $\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$ অধিবৃত্তের অসীমতটের সমীকরণ, $y = \pm\frac{b}{a}x$
- $\frac{(x-\alpha)^2}{a^2} - \frac{(y-\beta)^2}{b^2} = 1$ বা, $\frac{(y-\beta)^2}{b^2} - \frac{(x-\alpha)^2}{a^2} = 1$ অধিবৃত্তের অসীমতটের সমীকরণ, $y - \beta = \pm\frac{b}{a}(x-\alpha)$

  বা, $Y = \pm\frac{b}{a}X$ [যেখানে, $X = x - \alpha; Y = y - \beta$]
- অধিবৃত্তের অসীমতটদ্বয়ের মধ্যবর্তী কোণ $2\tan^{-1}\frac{b}{a}$।

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $4x^2 - 9y^2 = 36$ অধিবৃত্তের অসীমতটের সমীকরণ নির্ণয় কর। [DB'23]

(ক) Sol^n: $4x^2 - 9y^2 = 36 \Rightarrow \frac{x^2}{3^2} - \frac{y^2}{2^2} = 1$ কে $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ এর সঙ্গে তুলনা করে পাই, $a = 3, b = 2$

$\therefore$ প্রদত্ত অধিবৃত্তের অসীমতটের সমীকরণ:

$y = \pm\frac{b}{a}x \Rightarrow y = \pm\frac{2}{3}x$ (Ans.)

02. দৃশ্যকল্প-২: [RB'23]



(গ) দৃশ্যকল্প-২ এর উৎকেন্দ্রিকতা 3 হলে কনিকটির অসীমতট রেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দৃশ্যকল্প-২ এ অধিবৃত্তের কেন্দ্র $\left(\frac{-12+12}{2}, \frac{6+6}{2}\right)$ বা $(0, 6)$ হলে অধিবৃত্তের সমীকরণ $\frac{(x-0)^2}{a^2} - \frac{(y-6)^2}{b^2} = 1$ হলে,

উপকেন্দ্র $(\alpha \pm ae, \beta) = (\pm 12, 6)$; যেখানে, $\alpha = 0, \beta = 6$

$\therefore \pm ae = \pm 12 \Rightarrow ae = 12 \Rightarrow a = \frac{12}{e} = \frac{12}{3} = 4$

এবং $e = \sqrt{1 + \frac{b^2}{a^2}} \Rightarrow 3^2 = 1 + \frac{b^2}{4^2} \Rightarrow \frac{b^2}{4^2} = 8 \Rightarrow b = 8\sqrt{2}$

অসীমতট রেখার সমীকরণ: $y - 6 = \pm\frac{8\sqrt{2}}{4}(x - 0)$

$\Rightarrow y = 6 \pm 2\sqrt{2}x$ (Ans.)

03. দৃশ্যকল্প-২: [Din.B'23]



(গ) দৃশ্যকল্প-২ এ S ও S′ উপকেন্দ্র, কেন্দ্র হতে নিয়ামক রেখার দূরত্ব 3 একক হলে, অধিবৃত্তটির সমীকরণ এবং অসীমতটের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দেওয়া আছে, উপকেন্দ্রদ্বয় হলো $S'(-4,0), S(4,0)$

$\therefore$ উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{(4+4)^2 + 0^2} = 8$

$\therefore 2ae = 8$ ..... (i) [আড় অক্ষ x-অক্ষের সমান্তরাল]

আবার, কেন্দ্র হতে নিয়ামকের দূরত্ব হলো $\frac{a}{e} = 3$ ..... (ii)

(i) × (ii) $\Rightarrow 2ae \times \frac{a}{e} = 8 \times 3 \Rightarrow 2a^2 = 24$

$\Rightarrow a^2 = 12 \therefore a = \sqrt{12}$

এখন, (i) নং এ $a = \sqrt{12}$ বসিয়ে পাই,

$ae = 4 \Rightarrow \sqrt{12}e = 4 \therefore e = \frac{2}{\sqrt{3}}$

আমরা জানি, $e^2 = 1 + \frac{b^2}{a^2} \Rightarrow e^2 - 1 = \frac{b^2}{a^2}$

$\Rightarrow b^2 = a^2(e^2 - 1) \Rightarrow b = \sqrt{a^2(e^2 - 1)}$

$\Rightarrow b = \sqrt{12\left(\frac{4}{3} - 1\right)} = \sqrt{4} \therefore b = 2$

$\therefore$ অধিবৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক $(0,0)$

অতএব, অধিবৃত্তের সমীকরণ $\frac{x^2}{(\sqrt{12})^2} - \frac{y^2}{(\sqrt{4})^2} = 1$

$\therefore \frac{x^2}{12} - \frac{y^2}{4} = 1$

এবং অসীমতট রেখার সমীকরণ হলো, $\frac{x^2}{12} - \frac{y^2}{4} = 0$

$\Rightarrow \frac{x^2}{12} = \frac{y^2}{4} \Rightarrow y^2 = \frac{4}{12}x^2 \therefore y = \pm\frac{1}{\sqrt{3}}x$ (Ans.)

04. (ক) শীর্ষবিন্দু $(0, \pm 2)$ অসীমতটের সমীকরণ $y = \pm\frac{1}{2}x$ হলে, অধিবৃত্তের সমীকরণ নির্ণয় কর। [হলি ক্রস কলেজ, ঢাকা]

(ক) Sol^n: অধিবৃত্তটির শীর্ষবিন্দু $(0, \pm 2)$ অর্থাৎ আড় অক্ষ y-অক্ষ বরাবর। অসীমতটের সমীকরণ, $y = \pm\frac{1}{2}x$;

সমীকরণটিকে $y = \pm\frac{b}{a}x$ এর সাথে তুলনা করে পাই, $b = 1$ এবং $a = 2$

$\therefore$ অধিবৃত্তের সমীকরণ, $\frac{y^2}{1^2} - \frac{x^2}{2^2} = 1$

$\Rightarrow 4y^2 - x^2 = 4$ (Ans.)

05. (ক) $25x^2 - 16y^2 = 400$ অধিবৃত্তের অসীমতটদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ নির্ণয় কর। [সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর]

(ক) Sol^n: $25x^2 - 16y^2 = 400 \Rightarrow \frac{x^2}{16} - \frac{y^2}{25} = 1$ কে $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ এর সাথে তুলনা করে $a = 4, b = 5$

$\therefore$ অসীমতটদ্বয়ের সমীকরণ: $y = \pm\frac{b}{a}x = \pm\frac{5}{4}x$

আমরা জানি, অসীমতটদ্বয়ের মধ্যবর্তী কোণ $= 2\tan^{-1}\frac{b}{a}$

$= 2\tan^{-1}\frac{5}{4} = \tan^{-1}\left|\frac{2\times\frac{5}{4}}{1-\frac{25}{16}}\right| = \tan^{-1}\left|\frac{\frac{5}{2}}{\frac{9}{16}}\right|$

$= \tan^{-1}\left(\frac{5}{2} \times \frac{16}{9}\right) = \tan^{-1}\left(\frac{40}{9}\right)$ (Ans.)

Educationblog24.com

নিজে করো

06. (ক) $\frac{x^2}{5} - \frac{y^2}{3} = 1$ অধিবৃত্তটির অসীমতটের সমীকরণ নির্ণয় কর। [MB'23] [Ans: $\sqrt{5}y = \pm\sqrt{3}x$]

07. দৃশ্যকল্প-১: একটি অধিবৃত্তের উপকেন্দ্রদ্বয় (4, 2), (10, 2) এবং উৎকেন্দ্রিকতা 3। [Ctg.B'22]

(খ) দৃশ্যকল্প-১ এর অধিবৃত্তের অসীমতটের সমীকরণ নির্ণয় কর। [Ans: $y = \pm 2(x-7)$]

08. (ক) $\frac{x^2}{16} - \frac{y^2}{25} = 1$ অধিবৃত্তের অসীমতট রেখার সমীকরণ নির্ণয় কর। [নটর ডেম কলেজ, ঢাকা] [Ans: $4y \pm 5x = 0$]

Type-11: কনিকের পরামিতিক সমীকরণ

Concept

এক্ষেত্রে একটি সমীকরণ থেকে পরামিতির (যেমন: t, θ ইত্যাদি) মান অপর সমীকরণে বসিয়ে কার্তেসীয় সমীকরণ গঠন করতে হবে। যে রাশিটি পরামিতি তাকে vanish করতে হবে।

আদর্শ সমীকরণ	$y^2 = 4ax$	$x^2 = 4ay$	$(y-\beta)^2 = 4a(x-\alpha)$	$(x-\alpha)^2 = 4a(y-\beta)$
পরামিতিক সমীকরণ	$x = at^2$, $y = 2at$	$y = at^2$, $x = 2at$	$x = \alpha + at^2$ $y = \beta + 2at$	$y = \beta + at^2$ $x = \alpha + 2at$

- $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ উপবৃত্তের উপরস্থ একটি বিন্দুর পরামিতিক স্থানাঙ্ক $(a\cos\theta, b\sin\theta)$ বা, $\left(a\frac{1-t^2}{1+t^2}, b\frac{2t}{1+t^2}\right)$ যেখানে, θ বা t কে পরামিতি বা Parameter বলে। যেখানে, $\theta = \tan^{-1}\left(\frac{ay}{bx}\right)$। θ কে উৎপকেন্দ্রিক/ উপকেন্দ্রিক কোণও বলা হয়।
- পরামিতিক সমীকরণ (ত্রিকোণমিতিক) থেকে কার্তেসীয় সমীকরণ পাওয়ার জন্য $\sin\theta$ এবং $\cos\theta$ কে পৃথকভাবে বর্গ করে এক পাশে যোগ করতে হবে।
- $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ অধিবৃত্তের উপরস্থ একটি বিন্দু P(x, y) এর পরামিতিক স্থানাঙ্ক $P(a\sec\theta, b\tan\theta)$ [যেখানে, $\theta = \tan^{-1}\frac{y}{b}$]
- $\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$ অধিবৃত্তের উপরস্থ একটি বিন্দু P(x, y) এর পরামিতিক স্থানাঙ্ক $P(a\tan\theta, b\sec\theta)$ [যেখানে, $\theta = \tan^{-1}\frac{x}{a}$]
- পরামিতির সমীকরণ থেকে কার্তেসীয় সমীকরণ পাওয়ার জন্য $\sec\theta$ এবং $\tan\theta$ কে পৃথকভাবে বর্গ করে এক পাশে রেখে বিয়োগ করা হবে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

[এই টাইপ থেকে বিগত বোর্ড পরীক্ষায় কোনো সৃজনশীল প্রশ্ন আসেনি।]

01. (ক) $9x^2 + 25y^2 = 225$ উপবৃত্তের উপরস্থ $\left(\frac{10}{3}, \sqrt{5}\right)$ বিন্দুর উপকেন্দ্রিক কোণের মান নির্ণয় কর। [নটর ডেম কলেজ, ঢাকা]

(ক) Sol^n: প্রদত্ত সমীকরণ, $9x^2 + 25y^2 = 225$

$\Rightarrow \frac{x^2}{25} + \frac{y^2}{9} = 1 \therefore \frac{x^2}{5^2} + \frac{y^2}{3^2} = 1$

∴ উপবৃত্তটির পরমিতিক সমীকরণ: $(5\cos\theta, 3\sin\theta)$

$\left(\frac{10}{3}, \sqrt{5}\right)$ বিন্দুর জন্য, $5\cos\theta = \frac{10}{3}$

$\Rightarrow \cos\theta = \frac{2}{3}$ ..... (i)

$3\sin\theta = \sqrt{5} \Rightarrow \sin\theta = \frac{\sqrt{5}}{3}$ ..... (ii)

(ii) ও (i) $\Rightarrow \tan\theta = \frac{\sqrt{5}}{3} \times \frac{3}{2} = \frac{\sqrt{5}}{2}$

$\therefore \theta = \tan^{-1}\frac{\sqrt{5}}{2}$ (Ans.)

02. (ক) $(\sqrt{3}\sec\theta, 2\tan\theta)$ পরামিতিক স্থানাঙ্ক বিশি অধিবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

[ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ

(ক) Sol^n: দেওয়া আছে, পরিমিতিক স্থানাঙ্ক $(\sqrt{3}\sec\theta, 2\tan$

ধরি, $x = \sqrt{3}\sec\theta \Rightarrow \sec\theta = \frac{x}{\sqrt{3}}$ ..... (i)

এবং $y = 2\tan\theta \Rightarrow \tan\theta = \frac{y}{2}$ ..... (ii)

(i)^2 − (ii)^2 $\Rightarrow \sec^2\theta - \tan^2\theta = \frac{x^2}{3} - \frac{y^2}{4}$

$\Rightarrow \frac{x^2}{3} - \frac{y^2}{4} = 1 \therefore 4x^2 - 3y^2 = 12$ (Ans.)

Educationblog24.com

Type-12: কনিকের উপকেন্দ্র, উৎকেন্দ্রিকতা ও দিকাক্ষ হতে কনিকের সমীকরণ নির্ণয়। (SP = e · PM)

Concept

(i) উপকেন্দ্র S হতে সঞ্চরণশীল বিন্দু বা পরাবৃত্তের উপরস্থ বিন্দু P(x, y) এর দূরত্ব SP এবং P(x, y) হতে নিয়ামকরেখার লম্ব দূরত্ব PM হলে SP = PM [∵ e = 1] প্রয়োগ করে পরাবৃত্তের সমীকরণ নির্ণয় করতে হবে।

(ii) উপবৃত্ত ও অধিবৃত্তের ক্ষেত্রে, SP = e · PM ⇒ $SP^2 = e^2PM^2$ সূত্র প্রয়োগ করতে হবে। [উপবৃত্তে $0 < e < 1$ এবং অধিবৃত্তে $e > 1$ হয়।]

[**Note:** কনিকের অক্ষ স্থানাঙ্কের অক্ষগুলো বা তাদের সমান্তরাল না হলে এই পদ্ধতিতে সমীকরণ নির্ণয় করতে হবে। তবে অক্ষ স্থানাঙ্কের অক্ষগুলো বা তাদের সমান্তরাল হলেও এই পদ্ধতি প্রযোজ্য]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 **উদ্দীপক-১: একটি উপবৃত্তের উপকেন্দ্র $(-2, 3)$ এবং উৎকেন্দ্রিকতা $\frac{1}{\sqrt{3}}$** [DB'23]

(খ) উদ্দীপক-১ এর উপবৃত্তটির নিয়ামকের সমীকরণ $x + 2y - 1 = 0$ হলে, উপবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** দেওয়া আছে, উপবৃত্তের উপকেন্দ্র S(−2,3)

উৎকেন্দ্রিকতা, $e = \frac{1}{\sqrt{3}}$।

নিয়ামকের সমীকরণ: $x + 2y - 1 = 0$ ..... (i)

সংজ্ঞানুসারে, উপবৃত্তের উপরস্থ একটি বিন্দু P(x, y) হলে,

SP = e · PM

$\Rightarrow \sqrt{\{x-(-2)\}^2 + (y-3)^2} = \frac{1}{\sqrt{3}} \cdot \frac{|x+2y-1|}{\sqrt{1^2+2^2}}$

$\Rightarrow (x+2)^2 + (y-3)^2 = \frac{(x+2y-1)^2}{3\times 5}$ [বর্গ করে]

$\Rightarrow 15x^2 + 15y^2 + 60x - 90y + 195$

$= x^2 + 4y^2 + 1 + 4xy - 4y - 2x$

$\therefore 14x^2 + 11y^2 - 4xy + 62x - 86y + 194 = 0$

যা নির্ণেয় উপবৃত্তের সমীকরণ। **(Ans.)**

02 **দৃশ্যকল্প-১: একটি পরাবৃত্তের শীর্ষবিন্দু (1, 1) এবং নিয়ামক রেখার সমীকরণ, $2x + y - 1 = 0$।** [RB'23]

(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে পরাবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** দেওয়া আছে, পরাবৃত্তের শীর্ষবিন্দু A(1, 1) এবং নিয়ামক রেখার সমীকরণ $2x + y - 1 = 0$ ..... (i)

নিয়ামকের লম্ব রেখার সমীকরণ (অক্ষের সমীকরণ)

$x - 2y + k = 0$ ..... (ii)

(ii) রেখাটি (1, 1) বিন্দুগামী, $1 - 2 + k = 0 \Rightarrow k = 1$

$\therefore$ অক্ষের সমীকরণ: $x - 2y + 1 = 0$ ..... (iii)

(i) ও (iii) সমাধান করে, আমরা নিয়ামক রেখার পাদবিন্দু পাই, $(x, y) = \left(\frac{1}{5}, \frac{3}{5}\right)$

আমরা জানি, শীর্ষবিন্দু হলো নিয়ামক রেখার পাদবিন্দু ও উপকেন্দ্রের মধ্যবিন্দু।

ধরি, উপকেন্দ্রের স্থানাঙ্ক (m, n); শীর্ষবিন্দু (1, 1)

এখন, $1 = \frac{m+\frac{1}{5}}{2} \Rightarrow m = \frac{9}{5}$; $1 = \frac{\frac{3}{5}+n}{2} \Rightarrow n = \frac{7}{5}$

উপকেন্দ্রের স্থানাঙ্ক $S\left(\frac{9}{5}, \frac{7}{5}\right)$

ধরি, P(x, y) কনিকের একটি বিন্দু

আমরা জানি, SP = PM

$\Rightarrow \sqrt{\left(x-\frac{9}{5}\right)^2 + \left(y-\frac{7}{5}\right)^2} = \frac{|2x+y-1|}{\sqrt{2^2+1^2}}$

$\Rightarrow \left(x-\frac{9}{5}\right)^2 + \left(y-\frac{7}{5}\right)^2 = \frac{(2x+y-1)^2}{5}$ [বর্গ করে]

$\Rightarrow x^2 - \frac{18}{5}x + \frac{81}{25} + y^2 - \frac{14}{5}y + \frac{49}{25} = \frac{4x^2+y^2+1+4xy-2y-4x}{5}$

$\Rightarrow 5x^2 - 18x + \frac{81}{5} + 5y^2 - 14y + \frac{49}{5}$

$= 4x^2 + y^2 + 1 + 4xy - 2y - 4x$

$\Rightarrow x^2 + 4y^2 - 4xy - 14x - 12y + 25 = 0$ **(Ans.)**

03 **দৃশ্যকল্প-১:** [Ctg.B'23]



উপবৃত্তের উপকেন্দ্র S এবং নিয়ামক MZ.

(খ) দৃশ্যকল্প-১ থেকে উপবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** D(1, 1) হতে নিয়ামক রেখা $x - y - 4 = 0$ এর দূরত্ব

$DM = \frac{|1-1-4|}{\sqrt{1^2+1^2}} = \frac{4}{\sqrt{2}} = 2\sqrt{2}$ একক

এবং $SD = \sqrt{(1-1)^2 + (1+1)^2} = 2$

$\therefore e = \frac{2}{2\sqrt{2}} = \frac{1}{\sqrt{2}}$ [∵ SD = e · DM]

ধরি, P(x, y) উপবৃত্তের উপর একটি বিন্দু।

$\therefore \frac{SP}{MP} = e \Rightarrow SP^2 = e^2 \times MP^2$

$\Rightarrow (x-1)^2 + (y+1)^2 = \frac{1}{2} \times \frac{(x-y-4)^2}{1^2+1^2}$

$\Rightarrow x^2 - 2x + 1 + y^2 + 2y + 1 = \frac{1}{4}(x^2 + y^2 + 16 - 2xy - 8x + 8y)$

$\Rightarrow x^2 + y^2 - 2x + 2y + 2 = \frac{1}{4}(x^2 + y^2 + 16 - 2xy - 8x + 8y)$

$\Rightarrow 4x^2 + 4y^2 - 8x + 8y + 8 = x^2 + y^2 + 16 - 2xy - 8x + 8y$

$\Rightarrow 3x^2 + 3y^2 + 2xy - 8 = 0$ যা নির্ণেয় কনিকের সমীকরণ।

Educationblog24.com

04. [SB'23]



চিত্রের পরাবৃত্তটির উপকেন্দ্র S, শীর্ষ A এবং MZ নিয়ামকরেখা।

(গ) A বিন্দুর স্থানাঙ্ক $(-1, 3)$ এবং MZ রেখার সমীকরণ $2x - 3y + 2 = 0$ হলে, পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: যেহেতু MZ রেখা এবং উপকেন্দ্রিক লম্ব পরস্পর সমান্তরাল।



ধরি, উপকেন্দ্রিক লম্বের সমীকরণ, $2x - 3y + k = 0$

$AZ = a = \left|\frac{2(-1)-3\cdot3+2}{\sqrt{2^2+3^2}}\right| = \frac{9}{\sqrt{13}}$

$\therefore AS = a = \left|\frac{2(-1)-3\cdot3+k}{\sqrt{2^2+3^2}}\right| = \frac{9}{\sqrt{13}}$

$\Rightarrow |-11 + k| = 9 \Rightarrow -11 + k = \pm 9 \therefore k = 20, 2$

কিন্তু $k = 2$ হতে পারে না। কারণ $k = 2$ হলে তা নিয়ামক রেখার সমীকরণ হবে।

$\therefore$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের সমীকরণ,

$2x - 3y + 20 = 0$ (Ans.)

05. দৃশ্যকল্প-১: [CB'23]



(খ) দৃশ্যকল্প-১ হতে পরাবৃত্তটির উপকেন্দ্র ও নিয়ামকের সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n: উপকেন্দ্র S যদি (x, y) হয় তবে A বিন্দুটি Z এবং S এর মধ্যবিন্দু।

$\therefore 2 = \frac{x+1}{2} \Rightarrow x = 3$ এবং $2 = \frac{y+1}{2} \Rightarrow y = 3$

$\therefore S \equiv (3, 3)$

আবার, SZ রেখার ঢাল $= \frac{3-1}{3-1} = 1$

$\therefore$ MZ রেখার ঢাল, $m = -1$

$\therefore$ দিকাক্ষ MZ যেহেতু $(1, 1)$ বিন্দুগামী

$\therefore$ সমীকরণ $(y - 1) = -1(x - 1) \Rightarrow x + y - 2 = 0$

06. দৃশ্যকল্প-২: [MB'23]



(গ) দৃশ্যকল্প-২ এর পরাবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: $A(1, 3)$ বিন্দুগামী AZ অক্ষরেখা নিয়ামকরেখা MZ_M কে Z বিন্দুতে ছেদ করে।

$\therefore$ Z বিন্দুটি নিয়ামকের পাদবিন্দু। অক্ষরেখা, $y = 4$ রেখাটির উপর লম্ব যা $A(1, 3)$ বিন্দুগামী।

$\therefore$ অক্ষরেখার সমীকরণ: $x = a = 1 \Rightarrow x = 1$

$\therefore$ অক্ষরেখা ও নিয়ামকের ছেদবিন্দু $Z(1, 4)$

ধরি, উপকেন্দ্রের স্থানাঙ্ক, $S(\alpha, \beta)$

অর্থাৎ, $\frac{\alpha+1}{2} = 1 \Rightarrow \alpha = 1$ এবং $\frac{\beta+4}{2} = 3 \Rightarrow \beta = 2 \therefore S(1,2)$

সংজ্ঞানুসারে, আমরা জানি, $SP = PM$ [ধরি, $P(x, y)$ পরাবৃত্তের উপরস্থ একটি বিন্দু]

$\therefore SP = PM \Rightarrow \sqrt{(x-1)^2 + (y-2)^2} = \frac{|y-4|}{\sqrt{1^2}}$

$\Rightarrow x^2 + y^2 - 2x - 4y + 5 = y^2 - 8y + 16$ [বর্গ করে]

$\Rightarrow x^2 - 2x + 4y - 11 = 0$

$\therefore (x - 1)^2 = -4(y - 3)$ যা নির্ণেয় পরাবৃত্তের সমীকরণ। (Ans.)

07. উদ্দীপক-২: [DB'22]



(গ) উদ্দীপক-২ এ চিহ্নিত পরাবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দেওয়া আছে, উপকেন্দ্র $S(0,2)$ এবং শীর্ষবিন্দু $A(3,2)$

ধরি, পরাবৃত্তের উপর একটি বিন্দু $P(x, y)$ ও নিয়ামক রেখা MZ_M

আমরা জানি, Z ও S এর মধ্যবিন্দু A

ধরি, Z এর স্থানাঙ্ক (x_1, y_1) $\therefore \frac{x_1+0}{2} = 3 \Rightarrow x_1 = 6$

এবং $\frac{y_1+2}{2} = 2 \Rightarrow y + 2 = 4 \Rightarrow y_1 = 2$ $\therefore Z(6,2)$

পরাবৃত্তের অক্ষরেখার ঢাল, $m_1 = \frac{2-2}{3-0} = 0$

$\therefore$ নিয়ামক রেখার ঢাল, $m_2 = \frac{-1}{0}$ $[\because m_1 \times m_2 = -1]$

$\therefore$ নিয়ামক রেখার সমীকরণ, $y - 2 = \frac{-1}{0}(x - 6)$

$\Rightarrow -x + 6 = 0 \Rightarrow x - 6 = 0$

এখন, $SP = PM \Rightarrow SP^2 = PM^2$

$\Rightarrow x^2 + (y-2)^2 = (x-6)^2$

$\Rightarrow x^2 + (y-2)^2 = x^2 - 12x + 36$

$\Rightarrow (y-2)^2 = -12(x-3)$,

ইহাই নির্ণেয় পরাবৃত্তের সমীকরণ। (Ans.)

Educationblog24.com

08. উদ্দীপক-১: একটি পরাবৃত্তের শীর্ষবিন্দু $(-1,1)$ এবং উপকেন্দ্র $(2,-3)$। [BB'22]

(খ) উদ্দীপক-১ এর সাহায্যে পরাবৃত্তের নিয়ামক রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n: উদ্দীপক-১ হতে পাই, পরাবৃত্তের শীর্ষবিন্দু, $A(-1,1)$ এবং উপকেন্দ্র, $S(2,-3)$

$\therefore$ অক্ষের ঢাল, $\frac{-3-1}{2+1} = -\frac{4}{3}$ $\therefore$ নিয়ামকের ঢাল $= \frac{3}{4}$

ধরি, অক্ষরেখা ও নিয়ামক রেখার ছেদবিন্দু $Z(\alpha,\beta)$

যেহেতু S ও Z এর মধ্যবিন্দু, A সুতরাং, $\frac{2+\alpha}{2} = -1$

$\Rightarrow \alpha = -4$ এবং $\frac{-3+\beta}{2} = 1 \Rightarrow \beta = 5 \therefore Z(-4,5)$

নিয়ামক রেখাটি $(-4,5)$ বিন্দুগামী এবং $\frac{3}{4}$ ঢালবিশিষ্ট।

$\therefore$ নিয়ামক রেখার সমীকরণ, $\frac{y-5}{x+4} = \frac{3}{4}$

$\therefore 3x - 4y + 32 = 0$ **(Ans.)**

09. উদ্দীপক-১: একটি উপবৃত্তের অক্ষদ্বয় x ও y অক্ষরেখা, একটি উপকেন্দ্র $(2,0)$ এবং উৎকেন্দ্রিকতা $\frac{1}{\sqrt{2}}$. [CB'22]

(খ) নিয়ামকরেখা x অক্ষরেখার উপর লম্ব ও $(8,0)$ বিন্দুগামী হলে দৃশ্যকল্প-১ হতে দেখাও যে উপবৃত্তের সমীকরণ, $x^2 + 2y^2 + 8x - 56 = 0$.

(খ) Sol^n: উদ্দীপক ১ হতে পাই, $S(2,0)$ এবং $e = \frac{1}{\sqrt{2}} < 1$

x-অক্ষের উপর লম্ব এবং $(8,0)$ বিন্দুগামী নিয়ামকের সমীকরণ,

$x = 8 \Rightarrow x - 8 = 0 \ldots\ldots\ldots$ (i)

ধরি, উপবৃত্তের উপর অবস্থিত একটি বিন্দু, $P(x,y)$

আমরা জানি, $SP = e \times PM$

$\Rightarrow \sqrt{(x-2)^2 + y^2} = \frac{1}{\sqrt{2}} \times \left|\frac{x-8}{1}\right|$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 = \frac{1}{2}(x^2 - 16x + 64)$ [বর্গ করে]

$\therefore x^2 + 2y^2 + 8x - 56 = 0$ (দেখানো হলো)

10. [SB'19]



(খ) O-কে উপকেন্দ্র এবং AB- কে শীর্ষবিন্দুতে স্পর্শক ধরে অঙ্কিত পরাবৃত্তের নিয়ামকের সমীকরণ নির্ণয় কর।

(গ) O-কে কেন্দ্র এবং AB- কে নিয়ামক ধরে অঙ্কিত উপবৃত্তের উপকেন্দ্রদ্বয়ের স্থানাঙ্ক নির্ণয় কর যার উৎকেন্দ্রিকতা $\frac{1}{\sqrt{2}}$।

(খ) Sol^n: AB এর সমীকরণ, $\frac{x}{-4} + \frac{y}{4} = 1$

$\therefore -x + y = 4 \therefore x - y + 4 = 0 \ldots\ldots\ldots$ (i)

$\therefore$ অক্ষের সমীকরণ, $x + y + k = 0$ যা (i) এর উপর লম্ব ও $(0,0)$ বিন্দু দিয়ে যায়।

$\therefore x + y = 0 \ldots\ldots\ldots$ (ii)

(i) ও (ii) সমাধান করে পাই, শীর্ষবিন্দু y $(-2,2)$

ধরি, নিয়ামক ও অক্ষরেখার ছেদবিন্দু (α,β) ; $\frac{\alpha+0}{2} = -2$

$\therefore \alpha = -4$; $\frac{\beta+0}{2} = 2 \therefore \beta = 4 \therefore (\alpha,\beta) = (-4,4)$

$\therefore$ নিয়ামকের সমীকরণ, $x - y + k = 0$

$\Rightarrow -4 - 4 + k = 0 \therefore k = 8 \therefore x - y + 8 = 0$ **(Ans.)**

(গ) Sol^n: নিয়ামকের সমীকরণ: $\frac{x}{-4} + \frac{y}{4} = 1$

$\therefore x - y + 4 = 0 \ldots\ldots\ldots$ (i)

$\because$ উপবৃত্তের বৃহদাক্ষ $\perp$ নিয়ামক এবং বৃহদাক্ষ কেন্দ্রগামী।

$\therefore$ বৃহদাক্ষের সমীকরণ: $x + y = 0 \ldots\ldots\ldots$ (ii)

(i) ও (ii) সমাধান করে পাই, নিয়ামকের পাদবিন্দু $A'(-2,2)$



চিত্রানুসারে, $OS : SA' = ae : \left(\frac{a}{e} - ae\right) = e : \left(\frac{1}{e} - e\right)$

$= \frac{1}{\sqrt{2}} : \left(\sqrt{2} - \frac{1}{\sqrt{2}}\right) = 1:1$ [অন্তর্বিভক্তি]

$\therefore$ S হলো OA এর মধ্যবিন্দু।

$\therefore S = \left(\frac{0-2}{2}, \frac{0+2}{2}\right) = (-1,1)$

আবার, কেন্দ্র O হলো SS′ এর মধ্যবিন্দু।

$\therefore \frac{x_{s'}+x_s}{2} = 0 \therefore -x_{s'} = x_s = 1$ এবং $\frac{y_{s'}+y_s}{2} = 0$

$\therefore y_{s'} = -y_s = -1$

$\therefore$ উপকেন্দ্রদ্বয় $(-1,1), (1,-1)$ **(Ans.)**

11. [Ctg.B'17]



চিত্রটি একটি কনিক নির্দেশ করে যার নিয়ামক রেখা MZM′

(গ) SP : PM = 1 : 2 এবং MZM′ রেখার সমীকরণ $3x + 4y = 1$ হলে কনিকটির সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n: দেওয়া আছে, SP : PM = 1 : 2

$\Rightarrow \frac{SP}{PM} = \frac{1}{2} \Rightarrow PM = 2SP \ldots\ldots\ldots$ (i)

ধরি, P বিন্দুর স্থানাঙ্ক, (x,y); আবার, উপকেন্দ্রের স্থানাঙ্ক $S(-2,2)$ এবং MZM′ রেখার সমীকরণ $3x + 4y = 1$

(i) থেকে পাই, $\left|\frac{3x+4y-1}{\sqrt{3^2+4^2}}\right| = 2 \cdot \sqrt{(x+2)^2 + (y-2)^2}$

$\Rightarrow \left|\frac{3x+4y-1}{5}\right| = 2\sqrt{x^2 + 4x + 4 + y^2 - 4y + 4}$

Educationblog24.com

$\Rightarrow (3x + 4y - 1)^2 = \left(10\sqrt{x^2 + y^2 + 4x - 4y + 8}\right)^2$

$\Rightarrow 9x^2 + 16y^2 + 1 + 24xy - 6x - 8y$

$= 100(x^2 + y^2 + 4x - 4y + 8)$

$\Rightarrow 100x^2 + 100y^2 + 400x - 400y + 800 - 9x^2$

$-16y^2 - 24xy + 6x + 8y - 1 = 0$

$\therefore 91x^2 + 84y^2 - 24xy + 406x - 392y + 799 = 0$

যা নির্ণেয় কনিকের সমীকরণ। (Ans.)

12. **দৃশ্যকল্প-২: চিত্রে উল্লেখিত প্রতীকগুলো প্রচলিত অর্থ বহন করে।** [নটর ডেম কলেজ, ঢাকা]



(গ) দৃশ্যকল্প-২ এ প্রদত্ত চিত্রের কনিকের সমীকরণ নির্ণয় কর। যেখানে, উপকেন্দ্র S(6, 9) এবং M(1, −1)

(গ) Sol^n:



প্রদত্ত কনিকের উৎকেন্দ্রিকতা, $e = \frac{SP}{PM} = \frac{5}{\sqrt{5}} = \sqrt{5}$

অক্ষের সমীকরণ, $4x - 3y + 3 = 0$ ..... (i)

(i) নং সমীকরণের উপর লম্ব ও M(1, −1) বিন্দুগামী সমীকরণ

$3x + 4y = 3 \cdot 1 + 4 \cdot (-1) \Rightarrow 3x + 4y = -1$ ..... (ii)

$\therefore$ নিয়ামকের সমীকরণ, $3x + 4y + 1 = 0$

উপকেন্দ্র S(6,9) ও উৎকেন্দ্রিকতা, $e = \sqrt{5}$

$\therefore$ কনিকটির সমীকরণ: $\sqrt{(x-6)^2 + (y-9)^2} = \sqrt{5}\left|\frac{3x+4y+1}{\sqrt{3^2+4^2}}\right|$

$\Rightarrow x^2 + y^2 - 12x - 18y + 117 = \frac{9x^2+16y^2+1+24xy+6x+8y}{5}$

$\Rightarrow (9-5)x^2 + (16-5)y^2 + 24xy + (6 + 5 \times 12)x$

$+(8 + 18 \times 5)y + 1 - 5 \times 117 = 0$

$\therefore 4x^2 + 11y^2 + 24xy + 66x + 98y - 584 = 0$ (Ans.)

নিজে করো

13. 

[SB'23]

চিত্রের পরাবৃত্তটির উপকেন্দ্র S, শীর্ষ A এবং MZ নিয়ামকরেখা।

(খ) উদ্দীপকের উল্লিখিত A ও S বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (2, 3) ও (2, 7) হলে, পরাবৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x^2 - 4x - 16y + 52 = 0$]

14. দৃশ্যকল্প-২: A শীর্ষবিন্দু ও S উপকেন্দ্র। [BB'23]



(গ) দৃশ্যকল্প-২ হতে পরাবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x^2 + 9y^2 - 110x - 70y - 6xy - 225 = 0$]

15. দৃশ্যকল্প-২: একটি কনিকের কেন্দ্র (−2, −2) এবং শীর্ষবিন্দু (4, −1), উৎকেন্দ্রিকতা $\frac{1}{3}$। [Ctg.B'22]

(গ) দৃশ্যকল্প-২ এর কনিকটির নাম উল্লেখ কর এবং উহার সমীকরণ নির্ণয় কর।

[Ans: উপবৃত্ত, $(x-0)^2 + \left(y + \frac{5}{3}\right)^2 = \left(\frac{1}{3}\right)^2 \times \frac{(6x+y-9)^2}{6^2+1^2}$]

16. A(1, −2) একটি বিন্দু [SB'22]

(খ) নিয়ামক রেখার সমীকরণ $3x - 4y = 1$ হলে, পরাবৃত্তের সমীকরণ বের কর যার শীর্ষবিন্দু A

[Ans: $16x^2 + 9y^2 + 24xy - 104x + 172y + 444 = 0$]

17. [Din.B'22]



(খ) একটি পরাবৃত্তের সমীকরণ নির্ণয় কর যার উপকেন্দ্র M এবং শীর্ষ O। [Ans: $(x - 2y)^2 - 80x - 40y = 0$]

18. 

[MB'22]

(i) $\sin^{-1}\frac{2x}{1+x^2}$ (ii) $\cos^{-1}\frac{1-x^2}{1+x^2}$ (iii) $\tan^{-1}\frac{2x}{1-x^2}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

28. $2\tan^{-1}\frac{1}{3} + \tan^{-1}\frac{1}{7} = ?$
(a) $\frac{\pi}{2}$ (b) $\frac{\pi}{3}$ (c) $\frac{\pi}{4}$ (d) $\frac{\pi}{6}$

29. কয়েকটি গাণিতিক উক্তি হচ্ছে-
(i) $\sin^{-1} x = \frac{1}{\sin x}$
(ii) $\cos^{-1} x = \sec^{-1}\frac{1}{x}$
(iii) $\tan^{-1} x = \cos^{-1}\frac{1}{\sqrt{1+x^2}}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

30. $\sin^{-1} x$ ও $\cos^{-1} x$ প্রতিটি এক একটি কোণ হলে-
(i) $\sin^{-1} x + \cos^{-1} x = \frac{\pi}{2}$
(ii) $3\sin^{-1} x = \sin^{-1}(4x^3 - 3x)$
(iii) $3\cos^{-1} x = \cos^{-1}(4x^3 - 3x)$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
$A = \cos^{-1} x, \quad B = \cos^{-1} y$

31. $A = 0$ হলে নিচের কোনটি সঠিক?
(a) $x = 1$ (b) $x = 2$ (c) $x = 3$ (d) $x = 4$

32. $A - B = \frac{\pi}{2}$ হলে নিচের কোনটি সঠিক?
(a) $x\sqrt{1-y^2} + y\sqrt{1-x^2} = 1$
(b) $x\sqrt{1-y^2} - y\sqrt{1-x^2} = 1$
(c) $xy + \sqrt{(1-x^2)(1-y^2)} = 0$
(d) $xy - \sqrt{(1-x^2)(1-y^2)} = 0$

33. $\frac{1}{2}\text{cosec}^{-1}\frac{1+x^2}{2x}$ এর মান কত?
(a) $2\tan^{-1} x$ (b) $\tan^{-1} x$
(c) $\frac{1}{2}\sin^{-1} x$ (d) $\frac{1}{2}\tan^{-1} x$

34. $\tan\left\{\frac{1}{2}\sin^{-1}\frac{2x}{1+x^2} + \frac{1}{2}\cos^{-1}\frac{1-x^2}{1+x^2}\right\}$ = কত?
(a) $\frac{1-x^2}{1+x^2}$ (b) $\frac{2x}{1-x^2}$ (c) $\frac{2x}{1+x^2}$ (d) 0

35. $\text{arc}\tan\left\{\sin\left(\text{arc}\cos\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)\right\}$ এর মান কত?
(a) $\frac{\pi}{2}$ (b) $\frac{\pi}{3}$ (c) $\frac{\pi}{4}$ (d) $\frac{\pi}{6}$

36. $\sin 4\theta = \sin 2\theta$ (যেখানে $0 < \theta < 90°$); $\theta = ?$
(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{\pi}{6}$ (c) $\frac{\pi}{12}$ (d) $\frac{\pi}{4}$

37. $\tan^{-1}(p) = \sin^{-1}\frac{2}{3}$ হলে, p এর মান কোনটি?
(a) $\frac{\sqrt{5}}{2}$ (b) $\frac{2}{\sqrt{5}}$ (c) $\frac{3}{\sqrt{5}}$ (d) $\frac{\sqrt{5}}{3}$

38. $\sin^{-1}\frac{2a}{1+a^2} - \cos^{-1}\frac{1-b^2}{1+b^2} = 2\tan^{-1} x$ হলে, x এর মান কত?
(a) $a + b$ (b) $a - b$
(c) $\frac{a-b}{1+ab}$ (d) $\frac{1+ab}{a-b}$

39. $\cos 3x = -1$ হলে $x = ?$
(a) $(2n + 1)\frac{\pi}{12}$ (b) $(2n + 1)\frac{\pi}{6}$
(c) $(2n + 1)\frac{\pi}{3}$ (d) $(2n + 1)\frac{\pi}{2}$

40. $\tan\left\{\cos^{-1}\left(\frac{1}{\sqrt{2}}\right)\right\}$ = কত?
(a) -1 (b) 1 (c) $-\frac{1}{2}$ (d) $\frac{1}{2}$

41. $2\cos x + 1 = 0$ সমীকরণের সাধারণ সমাধান কোনটি? [যেখানে $n \in \mathbb{Z}$]
(a) $n\pi \pm \frac{\pi}{3}$ (b) $2n\pi \pm \frac{\pi}{3}$
(c) $2\left(n\pi \pm \frac{\pi}{3}\right)$ (d) $n\pi \pm \frac{2\pi}{3}$

42. $\sin^{-1}\frac{1}{2}$ এর মুখ্যমান নিচের কোনটি?
(a) 30° (b) 90° (c) 90° (d) 180°

Educationblog24.com

43. $2\sin^{-1}\frac{1}{5} = \sin^{-1}\frac{2p\sqrt{6}}{5}$ হলে p এর মান কত?

(a) $\frac{1}{5}$ (b) $\frac{2}{5}$

(c) $\frac{3}{5}$ (d) $\frac{4}{5}$

44. $\tan^{-1}\sin\tan^{-1}x = \cos^{-1}\sqrt{\frac{3}{5}}$ সমীকরণের সমাধান কোনটি?

(a) $\frac{1}{\sqrt{2}}$ (b) $\sqrt{2}$

(c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

45. $\sin\left(2\sin^{-1}\frac{1}{2}\right)$ এর মান—

(a) $\frac{1}{2}$ (b) 1

(c) $\frac{1}{\sqrt{2}}$ (d) $\frac{\sqrt{3}}{2}$

46. x এর কোন মানের জন্য $f(x) = \sec x$ এর বিপরীত ফাংশন $f^{-1}(x) = \sec^{-1}x$ হবে?

(a) $x \in [0, \pi]$ (b) $x \in \left[0, \frac{\pi}{2}\right] \cup \left[\frac{\pi}{2}, \pi\right]$

(c) $x \in \left[0, \frac{\pi}{2}\right) \cup \left(\frac{\pi}{2}, \pi\right]$ (d) $\left[-\frac{\pi}{2}, \frac{\pi}{2}\right]$

47. $\sin\cot^{-1}\tan\cos^{-1}x = ?$

(a) $\sqrt{1-x^2}$ (b) x (c) $\sqrt{x}$ (d) $\frac{1}{\sqrt{x}}$

48. $\tan^{-1}6 + \tan^{-1}\frac{7}{5}$ এর মান-

(a) $\frac{\pi}{2}$ (b) $\frac{3\pi}{2}$ (c) $\frac{3\pi}{4}$ (d) $\frac{\pi}{3}$

49. $\tan^{-1}1 + \tan^{-1}2 + \tan^{-1}3$ এর মান–

(a) 0 (b) $\frac{\pi}{2}$ (c) π (d) 2π

50. যদি $A + B + C = \pi, \tan^{-1}2 = A$ এবং $\tan^{-1}3 = B$ হয় তবে $C = ?$

(a) 2 (b) $\frac{\pi}{2}$ (c) $\frac{\pi}{4}$ (d) $\frac{2\pi}{3}$

পূর্ণমান: ৫০ **CQ** সময়: ২:৩৫ মিনি

(যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:)

01. 

(ক) α ও θ কে sine এর বিপরীত ত্রিকোণমিতিক অনুপাতের সাহায্যে প্রকাশ কর। 2

(খ) $x + y = \sqrt{2}$ হলে θ নির্ণয় কর। 4

(গ) $\alpha + \theta = \frac{\pi}{2}$ হলে দেখাও যে, $x^2 + y^2 = 1$। 4

02. $f(x) = \cos x$ এবং $g(x) = \tan^{-1}x$

(ক) দেখাও যে, $g\left(\frac{1}{2}\right) + g\left(\frac{1}{3}\right) = \frac{\pi}{4}$। 2

(খ) প্রমাণ কর যে, $2g\left(\sqrt{\frac{a-b}{a+b}}.\tan\frac{\theta}{2}\right) = \cos^{-1}\frac{b+af(\theta)}{a+bf(\theta)}$। 4

(গ) সমাধান কর: $\sqrt{3}f(x) + f\left(\frac{\pi}{2} - x\right) = 1, -2\pi < x < 2\pi$। 4

03. $\sin^{-1}x + \sin^{-1}y + \sin^{-1}z = p$

(ক) $\left(\sin^{-1}\frac{3}{5} + \sin^{-1}\frac{8}{17}\right)$- কে সাইনের বিপরীত ত্রিকোণমিতিক অনুপাতে প্রকাশ কর। 2

(খ) $x = -\cos\theta; y = \cos 3\theta$ এবং $z = 0$ হলে p নির্ণয় কর। 4

(গ) $p = \pi$ হলে প্রমাণ কর যে,
$x\sqrt{1-x^2} + y\sqrt{1-y^2} + z\sqrt{1-z^2} = 2xyz$। 4

04. $P = \cos\theta$ এবং $Q = \sin\theta$; এখানে θ জ্যামিতিক কোণ।

(ক) $Q = \frac{\sqrt{3}}{2}$ হলে, θ নির্ণয় কর। 2

(খ) $P + \sqrt{3}Q = \sqrt{2}$ হলে, θ নির্ণয় কর। 4

(গ) $P^3 - PQ - Q^3 = 1$ হলে প্রমাণ করে যে, θ কখনোই একটি সূক্ষ্মকোণী ত্রিভুজের অন্তঃস্থ কোণ হতে পারে না। 4

05. α ও β দুইটি বাস্তব সংখ্যা যেখানে $\alpha = \frac{x}{a}$ এবং $\beta = \frac{y}{b}$।

(ক) $\sin^{-1}\frac{2}{5x} = \frac{\pi}{3}$ হলে $\sec^{-1}\frac{5x}{2}$ এর মান কত? 2

(খ) উদ্দীপকের $a = b = 2$ এবং $\cos^{-1}\alpha + \cos^{-1}\beta = \theta$ হলে দেখাও যে, $\frac{1}{4}x^2 - \frac{1}{2}xy\cos\theta + \frac{1}{4}y^2 = \sin^2\theta$। 4

(গ) যদি উদ্দীপকের $a = 2$ এবং $b = 3$ হয় তবে সমাধান কর $\sec^{-1}\alpha - \sec^{-1}\beta = \sec^{-1}3 - \sec^{-1}2$। 4

06. $y = f(x) = \sin x$

(ক) $f^{-1}(x)$ ফাংশন হলে ডোমেন নির্ণয় কর। 2

(খ) $f^{-1}(x)$ এর লেখচিত্র অঙ্কন কর। $[-1 < x < 1$ মুখ্যমানের ভিত্তিতে] 4

(গ) $x = \sin^{-1}\frac{1}{2} + \cos^{-1}\frac{5}{13}$ হলে দেখাও যে, $y = \frac{5+12\sqrt{3}}{26}$ 4

07. $\cos\left(\tan^{-1}\frac{1}{3} + \tan^{-1}3\right), \tan^{-1}x + \tan^{-1}y + \tan^{-1}z$ দুটি রাশি এবং $\cot\theta + \tan\theta = 2\sec\theta$ একটি সমীকরণ।

(ক) ১ম রাশির মান নির্ণয় কর। 2

(খ) ২য় রাশিটির মান π হলে দেখাও যে, $x + y + z = xyz$। 4

(গ) সমীকরণটি $-2\pi < \theta < 2\pi$ ব্যবধিতে সমাধান কর। 4

Educationblog24.com

উত্তরমালা

MCQ

01. c	02. a	03. b	04. a	05. d	06. d	07. c	08. b	09. a	10. b	11. b	12. b	13. c	14. d	15. a
16. d	17. b	18. b	19. d	20. b	21. b	22. a	23. a	24. b	25. d	26. c	27. d	28. c	29. c	30. b
31. a	32. c	33. b	34. b	35. d	36. b	37. b	38. c	39. c	40. b	41. c	42. a	43. b	44. b	45. d
46. c	47. b	48. c	49. c	50. c										

08. $\sin^{-1}\sqrt{1-\left(\frac{1}{\sqrt{5}}\right)^2} = \sin^{-1}x \Rightarrow \sqrt{1-\frac{1}{5}} = x \therefore x = \frac{2}{\sqrt{5}}$

11. (i) $2\sin\theta - 1 = 0 \Rightarrow \sin\theta = \sin\frac{\pi}{6}$

$\therefore \theta = n\pi + (-1)^n\frac{\pi}{6}$

(ii) $2\cos\theta - 2 = 0 \Rightarrow \cos\theta = 1 \therefore \theta = 2n\pi$

(iii) $\tan\theta = \tan\frac{3\pi}{4} \Rightarrow \tan\theta = \tan\left(-\frac{\pi}{4}\right)$

$\therefore \theta = n\pi - \frac{\pi}{4} = (4n-1)\frac{\pi}{4}$

12. 

$\cot\theta = \frac{x}{\sqrt{1-x^2}}$

15. ধরি, $x = \tan\alpha \therefore \frac{1}{2}\cos^{-1}\frac{1-x^2}{1+x^2} = \frac{1}{2}\times 2\tan^{-1}x = \tan^{-1}x$

$\therefore \tan^{-1}x + \cot^{-1}x = \frac{\pi}{2}$

18. $\cos(2\tan^{-1}x) = \cos\left(\cos^{-1}\frac{1-x^2}{1+x^2}\right) = \frac{1-x^2}{1+x^2}$

19. $\tan^2\theta + 2\sec^2\theta = 5 \Rightarrow \sec^2\theta = 2 \Rightarrow \cos\theta = \pm\frac{1}{\sqrt{2}}$

$\therefore \theta = 2n\pi \pm \frac{\pi}{4}$

23. $\cos 2x = \frac{1}{\sqrt{2}} = \cos\frac{\pi}{4} \Rightarrow 2x = 2n\pi \pm \frac{\pi}{4}$

$\Rightarrow x = n\pi \pm \frac{\pi}{8} \therefore x = (8n \pm 1)\frac{\pi}{8}$

36. $\sin 4\theta = \sin 2\theta \Rightarrow 2\sin 2\theta\cos 2\theta = \sin 2\theta$

$\Rightarrow \cos 2\theta = \frac{1}{2} \Rightarrow 2\theta = \frac{\pi}{3} \Rightarrow \theta = \frac{\pi}{6}$

38. $\sin^{-1}\frac{2a}{1+a^2} - \cos^{-1}\frac{1-b^2}{1+b^2} = 2\tan^{-1}x$

$\Rightarrow 2\tan^{-1}a - 2\tan^{-1}b = 2\tan^{-1}x$

$\Rightarrow \tan^{-1}\frac{a-b}{1+ab} = \tan^{-1}x \therefore x = \frac{a-b}{1+ab}$

44. $\tan^{-1}\sin\tan^{-1}x = \cos^{-1}\sqrt{\frac{3}{5}}$

$\Rightarrow \tan^{-1}\sin\sin^{-1}\frac{x}{\sqrt{1+x^2}} = \tan^{-1}\left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)$

$\Rightarrow \frac{x}{\sqrt{1+x^2}} = \sqrt{\frac{2}{3}} \Rightarrow 3x^2 = 2 + 2x^2 \therefore x = \sqrt{2}$

CQ

01. (ক) $\alpha = \sin^{-1}(x), \theta = \sin^{-1}(y)$

(খ) $\theta = \frac{\pi}{4}$

02. (গ) $x = -\frac{3\pi}{2}, -\frac{\pi}{6}, \frac{\pi}{2}, \frac{11\pi}{6}$

03. (ক) $\sin^{-1}\frac{77}{85}$

(খ) -2θ

04. (ক) $60°$

(খ) $2n\pi + \frac{7\pi}{12}, 2n\pi + \frac{\pi}{12}$

05. (ক) $\frac{\pi}{6}$

(গ) $x = 6$

06. (ক) $[-1,1]$

07. (ক) 0

(গ) $\theta = -\frac{11\pi}{6}, -\frac{7\pi}{6}, \frac{\pi}{6}, \frac{5\pi}{6}$

০৭

> আমি কাউকে কিছু শিখিয়ে দিতে পারি না, আমি কেবল চিন্তার রসদ যোগাতে পারি।
> - Socrates

Educationblog24.com

অধ্যায় ০৮ স্থিতিবিদ্যা

- সৃজনশীল (ক), (খ) ও (গ) নং প্রশ্নের জন্য এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	টাইপের নাম	যতবার প্রশ্ন এসেছে			যে বোর্ডে যে বছর এসেছে
			ক	খ	গ	CQ
০০০	T-01	দুইটি বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে সামান্তরিক সূত্রের প্রয়োগ	24	03	03	CB'23; Ctg.B'22, 17; JB'22, 21, 19, 18; Din.B'22, 21, 19, 18, 17; MB'22, 21; RB'21, 19, 17; SB'21, 19, 18; BB'21, 19; DB'19, 18, 17
০০০	T-02	দুইটি বলের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় ও sine সূত্রের প্রয়োগ সংক্রান্ত	11	12	01	DB'23, 21, 19; RB'23; Sb'23, 21, 17; BB'23, 22; JB'23, 22, 19; CB'23, 22, 21; MB'23, 22; Ctg.B'22, 19; Din.B'22, 19
০	T-03	লব্ধির দিক অপরিবর্তিত থাকা	-	02	-	RB'19; BB'17
০০০	T-04	দুই বা দুই এর অধিক বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে লম্বাংশ সূত্রের প্রয়োগ	09	08	05	Ctg.B'23, 22, 21; BB'23, 21; BB'23, 21, 17; JB'23, 22, 21, 17; Din.B'23, 22; MB'22, 21; DB'21; RB'21; CB'21; SB'17
	T-05	বলের সংযোজন ও বিভাজন	-	-	-	-
০০	T-06	তিনটি সমবিন্দু বল সাম্যাবস্থা সৃষ্টি করলে তা হতে বলত্রয়ের অন্তর্গত কোণ নির্ণয়	06	-	-	BB'22, 17; Din.B'21; MB'21; Ctg.B'19; JB'19
০০০	T-07	তিনটি বল সাম্যাবস্থায় থাকার শর্ত (লামির সূত্র)	03	15	02	RB'23, 17; SB'23, 22, 19, 17; BB'23, 22, 21, 19; DB'22, 21; JB'22, 21; Ctg.B'21; CB'21, 19, 17
০০০	T-08	তিনটি বল সাম্যাবস্থায় থাকলে তা থেকে বিভিন্ন অজানা রাশির মান নির্ণয়	-	07	06	DB'23; Din.B'23, 21, 19; MB'23, 21; RB'21; CB'19; JB'17
০০০	T-09	সদৃশ সমান্তরাল বল এর লব্ধি	-	04	11	DB'22, 21, 17; Ctg.B'22, 19; SB'22; BB'22, 17; CB'22; MB'22; RB'21; JB'21
০০০	T-10	সদৃশ সমান্তরাল বলের ক্ষেত্রে ত্রিভুজ	-	08	12	DB'23, 22, 18; Ctg.B'23; BB'23, 21; RB'21; SB'21, 19, 18; JB'21, 18; CB'21, 17; MB'21; Din.B'18
০০০	T-11	অসদৃশ/বিসদৃশ সমান্তরাল বলের লব্ধি নির্ণয়ের সূত্র	03	01	11	SB'23, 21; CB'23, 21; JB'22, 17; Db'21, 17; Ctg.B'21; BB'21, 19; Din.B'21, 17; RB'19
০০০	T-12	সমান্তরাল বলের লব্ধি নির্ণয় এর সূত্র প্রয়োগ করে চাপ ও প্রতিক্রিয়া বল নির্ণয়	-	02	07	RB'23; JB'23, 22, 21; Din.B'23; MB'23, 21; BB'21; Ctg.B'17

Educationblog24.com

CQ প্রশ্ন ও সমাধান (ক, খ ও গ)

Type-01: দুইটি বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে সামান্তরিক সূত্রের প্রয়োগ

Concept

(i) মধ্যবর্তী কোণ, $\alpha = 0°$ হলে, $R = R_{max} = P + Q$ (বৃহত্তম লব্ধি)

(ii) মধ্যবর্তী কোণ, $\alpha = 180°$ হলে, $R = R_{min} = P \sim Q$ (ক্ষুদ্রতম লব্ধি)

(iii) $\alpha = 90°$ হলে লব্ধি, $R_p = \sqrt{P^2 + Q^2}$ [p ⇒ Perpendicular (লম্ব)]

(iv) $P = Q$ হলে, $R_e = 2P\cos\frac{\alpha}{2}$; $\theta = \frac{\alpha}{2}$ [e ⇒ Equal (সমান)]



Shortcut for MCQ: $(P + Q)^2 + (P \sim Q)^2 = 2(P^2 + Q^2) \Rightarrow R_{max}^2 + R_{min}^2 = 2R_p^2$

➢ P ও Q দুইটি সমবিন্দু বল এবং এদের মধ্যবর্তী কোণ α হলে, এদের লব্ধি, $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos\alpha}$; $\tan\theta = \frac{Q\sin\alpha}{P + Q\cos\alpha}$

[যেখানে, Q হলো, P ও R এর মধ্যবর্তী কোণ]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) 4N ও 3N মানের দুইটি বল পরস্পর 120° কোণে ক্রিয়া করলে তাদের লব্ধি নির্ণয় কর। [CB'23]

(ক) Sol^n: লব্ধি বল, $R = \sqrt{4^2 + 3^2 + 2 \cdot 4 \cdot 3\cos 120°}$

$= \sqrt{16 + 9 - 12} = \sqrt{13}$ N **(Ans.)**

02. (ক) 120° কোণে ক্রিয়ারত দুটি সমান বলের লব্ধি 9N হলে সমান বল দুটি নির্ণয় কর। [DB'22; JB'21]

(ক) Sol^n: মনে করি, সমান বল দুটি F. এখানে, R = 9N এবং $\alpha = 120°$

প্রশ্নমতে, $R = 2F\cos\frac{\alpha}{2} \Rightarrow 9 = 2F\cos\frac{120°}{2}$

$\Rightarrow 9 = 2F\cos 60° \therefore F = 9N$ **(Ans.)**

03. (ক) কোনো বিন্দুতে পরস্পর α কোণে ক্রিয়ারত P মানের দুইটি সমান বলের লব্ধির মান নির্ণয় কর। [Ctg.B'22; MB'22]

(ক) Sol^n: $R = \sqrt{P^2 + P^2 + 2 \cdot P \cdot P \cdot \cos\alpha}$

$\Rightarrow R = \sqrt{2P^2 + 2P^2\cos\alpha} \Rightarrow R = \sqrt{2P^2(1 + \cos\alpha)}$

$\Rightarrow R = \sqrt{2P^2 \times 2\cos^2\frac{\alpha}{2}} \Rightarrow R = \sqrt{4P^2\cos^2\frac{\alpha}{2}}$

$\therefore R = 2P\cos\frac{\alpha}{2}$ **(Ans.)**

04. একটি বিন্দুতে α কোণে ক্রিয়ারত P ও Q (P > Q) মানের বলদ্বয়ের বৃহত্তম ও ক্ষুদ্রতম লব্ধির মান যথাক্রমে L ও M। [RB'21]

(গ) দেখাও যে, বলদ্বয়ের লব্ধির মান $\sqrt{L\cos^2\frac{\alpha}{2} + M\sin^2\frac{\alpha}{2}}$

(গ) Sol^n: প্রশ্নমতে, $L = P + Q$; $M = P - Q$;

বলদ্বয়ের লব্ধির মান $= \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos\alpha}$

$= \sqrt{P^2\left(\sin^2\frac{\alpha}{2} + \cos^2\frac{\alpha}{2}\right) + Q^2\left(\sin^2\frac{\alpha}{2} + \cos^2\frac{\alpha}{2}\right) + 2PQ\left(\cos^2\frac{\alpha}{2} - \sin^2\frac{\alpha}{2}\right)}$

$= \sqrt{\left(\cos^2\frac{\alpha}{2}\right)(P^2 + 2PQ + Q^2) + \left(\sin^2\frac{\alpha}{2}\right)(P^2 - 2PQ + Q^2)}$

$= \sqrt{\left(\cos^2\frac{\alpha}{2}\right)(P + Q)^2 + \left(\sin^2\frac{\alpha}{2}\right)(P - Q)^2}$

$= \sqrt{L^2\cos^2\frac{\alpha}{2} + M^2\sin^2\frac{\alpha}{2}}$ (দেখানো হল)

[প্রশ্নে, L ও M এর জায়গায় L^2 ও M^2 হবে]

05. (ক) দুটি বলের সর্বোচ্চ ও সর্বনিম্ন লব্ধির মান যথাক্রমে 9N ও 4N হলে বলদ্বয় নির্ণয় কর। [SB'21]

(ক) Sol^n: ধরি, বলদ্বয় P ও Q এবং P > Q

প্রশ্নমতে, $P + Q = 9N$ ..... (i);

$P - Q = 4N$ ..... (ii)

(i) + (ii) ⇒ $2P = 13N \Rightarrow P = \frac{13}{2}N$

(i) − (ii) ⇒ $2Q = 5N \Rightarrow Q = \frac{5}{2}N$

$\therefore$ বলদ্বয় $\frac{13}{2}N, \frac{5}{2}N$ **(Ans.)**

06. (ক) পরস্পর 60° কোণে ক্রিয়ারত দুইটি সমান বলের লব্ধি 12N, বলদ্বয় নির্ণয় কর। [BB'21]

(ক) Sol^n: ধরি, সমান বলদ্বয় F

প্রশ্নমতে, $R = 12 \Rightarrow 2F\cos\frac{60°}{2} = 12 \Rightarrow F \times \frac{\sqrt{3}}{2} = 6$

$\Rightarrow F = \frac{12}{\sqrt{3}}N = 4\sqrt{3}N$ **(Ans.)**

07. (ক) P ও Q দুইটি বলের বৃহত্তম লব্ধির মান ক্ষুদ্রতম লব্ধির মানের দ্বিগুণ হলে বল দুইটির অনুপাত নির্ণয় কর। [JB'21]

(ক) Sol^n: প্রশ্নমতে, $P + Q = 2(P - Q)$

$\Rightarrow P + Q = 2P - 2Q \Rightarrow 3Q = P \Rightarrow \frac{P}{Q} = 3$

$\therefore$ P: Q = 3: 1 **(Ans.)**

Educationblog24.com

08. (ক) 4N ও 3N মানের দুইটি বল 90° কোণে ক্রিয়ারত থাকলে তাদের লব্ধির মান কত? [JB'21]

(ক) Sol^n: লব্ধির মান $= \sqrt{4^2 + 3^2 + 2 \cdot 3 \cdot 4 \cdot \cos 90}$
$= 5N$ (Ans.)

09. (ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত P ও Q বলদ্বয়ের লব্ধি 20N যা P বলের সাথে লম্ব। Q এর মান 25N হলে P এর মান কত? [MB'21]

(ক) Sol^n:



শর্তমতে, $P = \sqrt{25^2 - 20^2}N = 15N$ (Ans.)

10. দৃশ্যকল্প-১: [BB'19]



(খ) দৃশ্যকল্প-১ হতে যদি $R = \frac{2}{3}Q$ হয় তবে, P ও Q বলের অনুপাত নির্ণয় কর।

(খ) Sol^n:



ΔOAC-এ: পিথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,
$CA^2 = OC^2 + OA^2 \Rightarrow Q^2 = R^2 + P^2$
$\Rightarrow Q^2 = \left(\frac{2}{3}Q\right)^2 + P^2 \left[\because R = \frac{2}{3}Q\right]$
$\Rightarrow \frac{5}{9}Q^2 = P^2 \Rightarrow \frac{P^2}{Q^2} = \frac{5}{9} \therefore \frac{P}{Q} = \frac{\sqrt{5}}{3}$
$\therefore P : Q = \sqrt{5} : 3$ (Ans.)

11. P ও Q দুইটি বল যেখানে $P > Q$. [JB'19]

(গ) যদি উদ্দীপকে উল্লিখিত বলদ্বয়ের বৃহত্তম ও ক্ষুদ্রতম লব্ধি যথাক্রমে F ও G হয় এবং উহারা পরস্পর একটি বিন্দুতে α কোণে ক্রিয়াশীল হয় তবে বল দুইটির লব্ধিকে F, G ও $\frac{\alpha}{2}$ এর মাধ্যমে প্রকাশ কর।

(গ) Sol^n:



$F = P + Q ; G = P - Q$
$\therefore$ লব্ধি R হলে $R^2 = F^2 + G^2 + 2FG\cos\alpha$
$= F^2 + G^2 + 2FG\left(2\cos^2\frac{\alpha}{2} - 1\right)$
$= (F - G)^2 + 4FG\cos^2\frac{\alpha}{2}$
$\therefore$ লব্ধি, $R = \sqrt{(F - G)^2 + 4FG\cos^2\frac{\alpha}{2}}$ (Ans.)

12. দৃশ্যকল্প-১: [Din.B'19]



, $Q > P$

(খ) R = 15 N এবং P ও Q বলদ্বয়ের বৃহত্তম লব্ধি 25 হলে, বলদ্বয় নির্ণয় কর।

(খ) Sol^n: প্রশ্নমতে, $P + Q = 25N$ ..... (i)
আবার, $\tan 90° = \frac{Q\sin\alpha}{P + Q\cos\alpha} \Rightarrow P + Q\cos\alpha = 0$
$\Rightarrow Q\cos\alpha = -P$
আবার, $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\alpha$
$= P^2 + Q^2 + 2P(-P) = Q^2 - P^2 = (Q - P)(Q + P)$
$\Rightarrow Q - P = \frac{15^2}{25} = 9N$ ..... (ii)
(i) + (ii) $\Rightarrow Q = 17N \quad \therefore P = 8N$ (Ans.)

13. (ক) 100N ও 70N মানের দুইটি বলের লব্ধি কোনো বিন্দুতে ক্রিয়া করে। এদের মধ্যবর্তী কোণের পরিমাণ 62° হলে ব দুইটির লব্ধির মান ও দিক নির্ণয় কর। [DB, Din.B'17

(ক) Sol^n:



লব্ধির মান, $R = \sqrt{(100)^2 + (70)^2 + 2 \cdot 100 \cdot 70\cos 62°}$
$= 146.54$ N (প্রায়)
এবং লব্ধির দিক, $\theta = \tan^{-1}\left(\frac{70\sin 62°}{100 + 70\cos 62°}\right)$
$= \tan^{-1}\left(\frac{61.80}{132.86}\right) = 24.95°$ (প্রায়) [100 N বলের সাথে]

Educationblog24.com

14 দৃশ্যকল্প-১: [RB'17]

(ক) বলের অংশক ও লব্ধি ব্যাখ্যা কর।

(খ) দৃশ্যকল্প-১ এ $\frac{1}{2}\vec{P}$ বলকে কোন বাহু বরাবর স্থানান্তর করা যাবে? যদি বলদ্বয়ের লব্ধি P বলের $\frac{\sqrt{5}}{2}$ গুণ হয় তবে বলদ্বয়ের অন্তর্গত কোণ ও লব্ধির দিক নির্ণয় কর।

(ক) Sol": কোনো বস্তুকণার উপর একই সময়ে একাধিক বল কার্যরত হলে এদের সম্মিলিত ক্রিয়াফল যদি বস্তুকণার উপর নির্দিষ্ট দিকে একটি মাত্র বলের ক্রিয়া-ফলের সমান হয়, তবে ঐ একটিমাত্র বলকে উপরিউক্ত একাধিক বলের লব্ধি বলে এবং একাধিক বলের প্রত্যেকটিকে লব্ধি বলের অংশক বা উপাংশ বলে।



চিত্রে O বিন্দুতে ক্রিয়ারত $\vec{P}$ ও $\vec{Q}$ বল দুইটির সম্মিলিত ক্রিয়াফল একটি মাত্র $\vec{R}$ বলের ক্রিয়াফলের সমান হলে, $\vec{P}$ ও $\vec{Q}$ এর লব্ধি হলো $\vec{R}$ এবং $\vec{P}$ ও $\vec{Q}$ হলো $\vec{R}$ এর অংশক বা উপাংশ। ভেক্টর সংকেতে লব্ধি, $\vec{R} = \vec{P} + \vec{Q}$

(খ) Sol": দৃশ্যকল্প-১ এ $\frac{1}{2}\vec{P}$ বলকে AC বাহু বরাবর স্থানান্তর করা যাবে যেহেতু OACB একটি সামান্তরিক।

প্রশ্নমতে, লব্ধির মান $= \frac{\sqrt{5}P}{2}$ $\therefore$ P ও $\frac{1}{2}$P বল দুইটি লব্ধি $= \frac{\sqrt{5}P}{2}$

$\left(\frac{\sqrt{5}P}{2}\right)^2 = P^2 + \left(\frac{1}{2}P\right)^2 + 2 \cdot P \cdot \frac{1}{2} \cdot P\cos\alpha$

$\Rightarrow \frac{5P^2}{4} = P^2 + \frac{P^2}{4} + P^2\cos\alpha \Rightarrow P^2\cos\alpha = 0$

$\Rightarrow \cos\alpha = 0 \therefore \alpha = 90°$ **(Ans.)**

$\therefore$ বলদ্বয়ের অন্তর্গত কোণ $\alpha = 90°$

$\tan\theta = \frac{\frac{P}{2}\sin\alpha}{P + \frac{P}{2}\cos\alpha}$

$\Rightarrow \tan\theta = \frac{\frac{P}{2}\sin 90°}{P + \frac{P}{2}\cos 90°} = \frac{\frac{P}{2}}{P + 0} = \frac{P}{2} \times \frac{1}{P}$

$\Rightarrow \tan\theta = \frac{1}{2} \therefore \theta = \tan^{-1}\left(\frac{1}{2}\right) = 26.56°$

$\therefore$ লব্ধি P বলের সাথে 26.56° কোণ উৎপন্ন করে। **(Ans.)**

15 দৃশ্যকল্প-১: একই বিন্দুতে কার্যরত দুটি বল P ও Q এর লব্ধি R। Q কে দ্বিগুণ করলে R দ্বিগুণ হয় আবার Q কে বিপরীতমুখী করলেও R দ্বিগুণ হয়। [চুয়াডাঙ্গা সরকারি কলেজ]

(খ) দৃশ্যকল্প-১: হতে প্রমাণ কর যে, P : Q : R = $\sqrt{2} : \sqrt{3} : \sqrt{2}$

(খ) Sol": ধরি, P এবং Q এর মধ্যবর্তী কোণ α এবং Q কে বিপরীতমুখী করলে মধ্যবর্তী কোণের মান হবে $(\pi - \alpha)$

P এবং Q এর লব্ধি হলো R.

প্রথমক্ষেত্রে, $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\alpha$ ..... (i)

দ্বিতীয়ক্ষেত্রে, $(2R)^2 = P^2 + (2Q)^2 + 2P \cdot 2Q \cdot \cos\alpha$

$\Rightarrow 4R^2 = P^2 + 4Q^2 + 4PQ\cos\alpha$ ..... (ii)

তৃতীয়ক্ষেত্রে, $(2R)^2 = P^2 + Q^2 + 2PQ\cos(\pi - \alpha)$

$\Rightarrow 4R^2 = P^2 + Q^2 - 2PQ\cos\alpha$ ..... (iii)

এখন, (i) + (iii) $\Rightarrow 5R^2 = 2P^2 + 2Q^2$

$\Rightarrow 2P^2 + 2Q^2 - 5R^2 = 0$ ..... (iv)

আবার, (ii) + 2 × (iii) $\Rightarrow 12R^2 = 3P^2 + 6Q^2$

$\Rightarrow P^2 + 2Q^2 - 4R^2 = 0$ ..... (v)

বজ্রগুণন পদ্ধতিতে (iv) এবং (v) থেকে পাই,

$\frac{P^2}{-8+10} = \frac{Q^2}{-5+8} = \frac{R^2}{4-2}$

$\therefore$ P : Q : R = $\sqrt{2} : \sqrt{3} : \sqrt{2}$ **(প্রমাণিত)**

নিজে করো

16. (ক) 5N এবং 12N দুটি বল একটি বিন্দুতে 45° কোণে ক্রিয়ারত থাকলে, বল দুটির লব্ধি নির্ণয় কর। [JB'22] [Ans: 15.93N]

17. দৃশ্যকল্প-১: [MB'22]



(ক) P = Q, R = $3\sqrt{3}$ N এবং $\alpha = 60°$ হলে সমান বলদ্বয় নির্ণয় কর। [Ans: P = 3N]

18. দৃশ্যকল্প-২: [Din.B'21]



(গ) দৃশ্যকল্প-২ এ Q = 13N এবং P ও Q এর লব্ধি R = 12N হলে, P এর মান নির্ণয় কর। [Ans: 5N]

19. (ক) 8N ও 6N মানের দুটি বল পরস্পর 120° কোণে ক্রিয়া করলে তাদের লব্ধি নির্ণয় কর। [DB'19] [Ans: $2\sqrt{13}$N]

20. (ক) কোনো বিন্দুতে পরস্পর 120° কোণে ক্রিয়ারত একই মানের দুইটি বলের লব্ধি 4N হলে, বলদ্বয় নির্ণয় কর। [RB'19] [Ans: 4N]

21. (ক) S মানের দুইটি সমান বল পরস্পর 120° কোণে ক্রিয়ারত হলে, এদের লব্ধির মান নির্ণয় কর। [RB'21; SB'19] [Ans: R = S]

22. (ক) 60° কোণে ক্রিয়ারত দুইটি সমান বলের লব্ধি কত? [DB, SB, JB, Din.B'18] [Ans: $\sqrt{3}$ F, 30°]

23. (ক) 8N ও 5N মানের দুইটি বল 60° কোণে ক্রিয়ারত বলদ্বয়ের লব্ধির মান কত? [Ctg.B'17] [Ans: $\sqrt{129}$N]

Educationblog24.com

Type-02: দুইটি বলের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় ও sine সূত্রের প্রয়োগ সংক্রান্ত

Concept

- সামান্তরিকের সূত্র এবং বলের sine সূত্র প্রয়োজন অনুসারে ব্যবহার করতে হবে।



সামান্তরিক সূত্র হতে পাই, $\cos\alpha = \frac{R^2-(P^2+Q^2)}{2PQ}$ এবং $\tan\theta = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}$

- বলের sine সূত্রানুসারে, $\frac{P}{\sin\beta} = \frac{Q}{\sin\alpha} = \frac{R}{\sin(\alpha+\beta)}$ $\left[\begin{array}{l}\beta = Q \text{ ও } R \text{ এর মধ্যবর্তী কোণ}\\ \alpha = P \text{ ও } R \text{ এর মধ্যবর্তী কোণ}\\ \alpha+\beta = P \text{ ও } Q \text{ এর মধ্যবর্তী কোণ}\end{array}\right]$



Note: লব্ধি বৃহত্তর বলের দিকে বেশি হেলে থাকে।

চিত্রে $P > Q$ হলে $\alpha < \beta$



সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) কোনো বিন্দুতে α কোণে ক্রিয়ারত P মানের দুইটি সমান বলের লব্ধি θ কোণ সৃষ্টি করলে, দেখাও যে, $\theta = \frac{\alpha}{2}$ [DB'23; Din.B'22; Din.B'19]

(ক) Sol^n:



আমরা জানি, $\tan\theta = \frac{P\sin\alpha}{P+P\cos\alpha} = \frac{\sin\alpha}{1+\cos\alpha} = \frac{2\sin\frac{\alpha}{2}\cos\frac{\alpha}{2}}{2\cos^2\frac{\alpha}{2}}$

$= \tan\frac{\alpha}{2} \therefore \theta = \frac{\alpha}{2}$ (Showed)

02. (ক) 7 ও 8 কিলোগ্রাম ওজনের দুইটি বলের লব্ধি 13 কিলোগ্রাম হলে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [RB'23]

(ক) Sol^n: দেওয়া আছে, $P = 7$ kg-wt; $Q = 8$ kg-wt

লব্ধি $R = 13$ kg-wt

P ও Q এর মধ্যবর্তী কোণ $\alpha = ?$

আমরা জানি, $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\alpha$

$\Rightarrow \frac{13^2-8^2-7^2}{2\times7\times8} = \cos\alpha \Rightarrow \alpha = \cos^{-1}\left(\frac{1}{2}\right)$

$\Rightarrow \alpha = 60°$ (Ans.)

03. (ক) দুটি সমান বলের লব্ধির বর্গ বল দুটির গুণফলের তিন গুণের সমান হলে, বল দুটির অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর। [SB'23]

(ক) Sol^n: ধরি, সমান বলদ্বয় P, এদের লব্ধি R এবং সমান বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ θ

$\therefore$ লব্ধি, $R = \sqrt{P^2 + P^2 + 2\cdot P\cdot P\cdot\cos\theta}$

$= \sqrt{2P^2 + 2P^2\cos\theta}$ .... (i)

এবং $R^2 = 3\times P\times P = 3P^2$ .... (ii)

(i) ও (ii) হতে পাই, $\left(\sqrt{2P^2 + 2P^2\cos\theta}\right)^2 = 3P^2$

$\Rightarrow 2P^2 + 2P^2\cos\theta = 3P^2 \Rightarrow 2P^2\cos\theta = P^2$

$\Rightarrow \cos\theta = \frac{1}{2} = \cos\frac{\pi}{3} \therefore \theta = \frac{\pi}{3}$

$\therefore$ বল দুটির অন্তর্ভুক্ত কোণ $\frac{\pi}{3}$ (Ans.)

04. (ক) 8N ও 5N মানের দুটি বলের লব্ধি বৃহত্তর বলের সাথে 45° কোণ উৎপন্ন করলে বল দুটির মধ্যবর্তী কোণের মান নির্ণয় কর। [JB'23]

(ক) Sol^n:



Educationblog24.com

ধরি, বলদ্বয়ের মধ্যবর্তী কোণ θ এবং লব্ধি R.

$\therefore \frac{5}{\sin 45^\circ} = \frac{8}{\sin(\theta-45^\circ)} \Rightarrow \sin(\theta-45^\circ) = \frac{8\sin 45^\circ}{5}$

$\Rightarrow \sin(\theta-45^\circ) = \frac{4\sqrt{2}}{5} > 1 \quad [\because -1 \le \sin x \le 1]$

তাই, এমন θ এর এমন মান নেই যা প্রদত্ত শর্তকে পূরণ করে।

05. **দৃশ্যকল্প-১: একটি বিন্দুতে P = Q মানের দুইটি বল 2θ কোণে ক্রিয়ারত হলে লব্ধি 2R এবং 2φ কোণে ক্রিয়ারত হলে লব্ধি R.**

(খ) দৃশ্যকল্প-১ হতে প্রমাণ কর যে, $\theta = \cos^{-1}(2\cos\varphi)$. [CB'23; DB'21]

(খ) Sol^n: প্রশ্নমতে, $R^2 = P^2 + Q^2 + 2P\cdot Q\cos(2\varphi)$

$\Rightarrow R^2 = P^2 + P^2 + 2P^2\cos(2\varphi) \quad [\because P = Q]$

$\Rightarrow R^2 = 2P^2\{1+\cos(2\varphi)\}$

$\therefore R^2 = 4P^2\cos^2(\varphi) \ldots\ldots\ldots (i)$

আবার, $(2R)^2 = P^2 + Q^2 + 2PQ\cos 2\theta$

$\Rightarrow 4R^2 = P^2 + P^2 + 2P^2\cos 2\theta$

$\Rightarrow 4(4P^2\cos^2\varphi) = 2P^2(1+\cos 2\theta)$

$\Rightarrow 4(4P^2\cos^2\varphi) = 4P^2\cos^2\theta$

$\Rightarrow 16\cos^2\varphi = 4\cos^2\theta$

$\Rightarrow 4\cos^2\varphi = \cos^2\theta \Rightarrow \cos\theta = 2\cos\varphi$

$\therefore \theta = \cos^{-1}(2\cos\varphi)$ **(প্রমাণিত)**

06. **দৃশ্যকল্প-১: F_1 ও F_2 বলদ্বয়ের অন্তর্গত কোণ α; বলদ্বয় পরস্পর অবস্থান বিনিময় করলে তাদের লব্ধি θ কোণে সরে যায়।** [Ctg.B'22]

(ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত 4N ও 8N মানের দুইটি বলের লব্ধি 4N বলের ক্রিয়ারেখার উপর লম্ব হলে, তাদের অন্তর্গত কোণ নির্ণয় কর।

(খ) দৃশ্যকল্প-১ হতে প্রমাণ কর যে, $\tan\frac{\theta}{2} = \frac{F_1-F_2}{F_1+F_2}\tan\frac{\alpha}{2}$.

(ক) Sol^n:



মনে করি, অন্তর্গত কোণ α

প্রশ্নমতে, $4 + 8\cos\alpha = 0 \Rightarrow 8\cos\alpha = -4$

$\Rightarrow \cos\alpha = -\frac{4}{8} \Rightarrow \cos\alpha = -\frac{1}{2}$

$\therefore \alpha = 120^\circ$ **(Ans.)**

(খ) Sol^n: মনে করি, F_1 ও F_2 বল দুটি যথাক্রমে OA ও OB দ্বারা সূচিত হলো ও এদের লব্ধি OACB সামান্তরিকের কর্ণ OC দ্বারা সূচিত হবে। ধরি, বল দুটির অবস্থান বিনিময় করলে OB' ও OA' যথাক্রমে F_1 ও F_2 নির্দেশ করে এবং এদের লব্ধি OA'C'B' সামান্তরিকের কর্ণ OC' দ্বারা সূচিত হবে।

শর্তানুসারে, $\angle COC' = \theta$ ও $\angle AOB = \alpha$



$\Delta AOC \cong \Delta C'OB'$, $\therefore \angle AOC = \angle B'OC' = x$ (ধরি)

$\therefore 2x + \theta = \alpha \Rightarrow x = \frac{\alpha-\theta}{2} \therefore \angle AOC = \frac{1}{2}(\alpha-\theta)$

$\therefore \angle BOC = x + \theta = \frac{1}{2}(\alpha-\theta) + \theta = \frac{1}{2}(\alpha+\theta) = \angle ACO$

এখন, ΔOAC এ, $\frac{OA}{\sin ACO} = \frac{AC}{\sin AOC} \Rightarrow \frac{F_1}{\sin\frac{\alpha+\theta}{2}} = \frac{F_2}{\sin\frac{\alpha-\theta}{2}}$

$\Rightarrow \frac{F_1}{F_2} = \frac{\sin\frac{1}{2}(\alpha+\theta)}{\sin\frac{1}{2}(\alpha-\theta)} \Rightarrow \frac{F_1-F_2}{F_1+F_2} = \frac{\sin\frac{1}{2}(\alpha+\theta)-\sin\frac{1}{2}(\alpha-\theta)}{\sin\frac{1}{2}(\alpha+\theta)+\sin\frac{1}{2}(\alpha+\theta)}$

$\Rightarrow \frac{F_1-F_2}{F_1+F_2} = \frac{2\cos\frac{1}{2}\alpha\sin\frac{1}{2}\theta}{2\sin\frac{1}{2}\alpha\cos\frac{1}{2}\theta} \Rightarrow \frac{F_1-F_2}{F_1+F_2} = \cot\frac{1}{2}\alpha\cdot\tan\frac{1}{2}\theta$

$\therefore \tan\frac{\theta}{2} = \frac{F_1-F_2}{F_1+F_2}\tan\frac{\alpha}{2}$ **(Proved)**

07. **উদ্দীপক-১: দুইটি বল ABC ত্রিভুজের AB ও AC বাহু বরাবর ক্রিয়া করে এবং এদের মান যথাক্রমে cosB ও cosC এর সমানুপাতিক।** [BB'22' Ctg.B'19; SB'17]

(খ) উদ্দীপক-১ ব্যবহার করে দেখাও যে, বলদ্বয়ের লব্ধি A কোণকে $\frac{1}{2}(A+B-C)$ ও $\frac{1}{2}(C+A-B)$ এই দুই অংশে বিভক্ত করে।

(খ) Sol^n: মনে করি, A বিন্দুতে AB বরাবর $P = k\cos B$ মানের ও AC বরাবর $Q = k\cos C$ মানের 2টি বল ক্রিয়ারত আছে।

ধরি, বল 2টি লব্ধির মান, R যা AD রেখা বরাবর ক্রিয়াশীল।

$\therefore \angle BAD = \theta$ ও $\angle CAD = A - \theta$



এখন, $\tan\theta = \frac{Q\sin A}{P+Q\sin A} = \frac{k\cos C\sin A}{k\cos B + k\cos C\cos A}$

$= \frac{\cos C\sin A}{\cos\{\pi-(C+A)\}+\cos C\cos A} = \frac{\cos C\sin A}{-\cos(C+A)+\cos A\cos C}$

$= \frac{\cos C\sin A}{-(\cos A\cos C - \sin A\sin C)+\cos A\cos C}$

$= \frac{\cos C\sin A}{\sin A\sin C - \cos A\cos C + \cos A\cos C} = \frac{\cos C\sin A}{\sin C\sin A} = \cot C$

$\Rightarrow \tan\theta = \cot C = \tan\left(\frac{\pi}{2} - C\right)$

$\therefore \theta = \frac{\pi}{2} - C = \frac{1}{2}(\pi - 2C)$

$= \frac{1}{2}(A+B+C-2C) = \frac{1}{2}(A+B-C)$

Educationblog24.com

আবার, $A-\theta = A-\frac{1}{2}(A+B-C)$

$=\frac{1}{2}(2A-A-B+C)=\frac{1}{2}(C+A-B)$

সুতরাং, বলদ্বয়ের লব্ধি A কোণকে $\frac{1}{2}(A+B-C)$ ও $\frac{1}{2}(C+A-B)$ এই দুই অংশে বিভক্ত করে। **(Showed)**

08. **উদ্দীপক-১: কোনো কণার উপর একই সময়ে ক্রিয়াশীল P এবং Q(P > Q) দুটি বলের লব্ধি P বলের সাথে 60° কোণ উৎপন্ন করে। P বলকে দ্বিগুণ করলে উক্ত কোণটি পূর্বের কোণের অর্ধেক হয়।** [JB'22]

(খ) P এবং Q বলের মধ্যবর্তী কোণের পরিমাণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** মনে করি, P ও Q (P > Q) বলদ্বয় O বিন্দুতে যথাক্রমে OA ও OB বরাবর ক্রিয়াশীল।



১ম ক্ষেত্রে, লব্ধি OC বরাবর ক্রিয়াশীল।

২য় ক্ষেত্রে, লব্ধি OD বরাবর ক্রিয়াশীল।

অর্থাৎ, $\tan 60° = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}$ ..... (i)

$\tan 30° = \frac{Q\sin\alpha}{2P+Q\cos\alpha}$ ..... (ii)

(i) ÷ (ii) $\Rightarrow \tan60° \div \tan30° = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}\times\frac{2P+Q\cos\alpha}{Q\sin\alpha}$

$\Rightarrow \sqrt{3}\div\frac{1}{\sqrt{3}} = \frac{2P+Q\cos\alpha}{P+Q\cos\alpha} \Rightarrow \sqrt{3}\times\sqrt{3} = \frac{2P+Q\cos\alpha}{P+Q\sin\alpha}$

$\Rightarrow 3P+3Q\cos\alpha = 2P+Q\cos\alpha$

$\Rightarrow P = -2Q\cos\alpha$ ..... (iii)

(i) $\Rightarrow \tan 60° = \frac{Q\sin\alpha}{-2Q\cos\alpha+Q\cos\alpha} = \frac{Q\sin\alpha}{-Q\cos\alpha}$

$\Rightarrow \sqrt{3} = -\tan\alpha \Rightarrow \tan\alpha = -\sqrt{3} \Rightarrow \tan\alpha = -\tan 60°$

$\Rightarrow \tan\alpha = \tan(180°-60°) \Rightarrow \tan\alpha = \tan 120°$

$\therefore \alpha = 120°$

$\therefore$ P ও Q বলের মধ্যবর্তী কোণ 120° **(Ans.)**

09. **(ক) α কোণে ক্রিয়ারত 3 ও 2 একক মানের বলদ্বয়ের লব্ধি R এবং একই কোণে ক্রিয়ারত 6 ও 2 একক মানের বলদ্বয়ের লব্ধি 2R. α এর মান নির্ণয় কর।** [CB'22]

(ক) **Sol^n:** ১ম ক্ষেত্রে, $R^2 = 3^2+2^2+2\cdot3\cdot2\cdot\cos\alpha$

$\Rightarrow R^2 = 9+4+12\cos\alpha$

$\Rightarrow R^2 = 13+12\cos\alpha$ ..... (i)

২য় ক্ষেত্রে, $(2R)^2 = 6^2+2^2+2\cdot6\cdot2\cos\alpha$

$\Rightarrow 4R^2 = 36+4+24\cos\alpha$

$\Rightarrow 4(13+12\cos\alpha) = 36+4+24\cos\alpha$

$\Rightarrow 52+48\cos\alpha = 40+24\cos\alpha$

$\Rightarrow 48\cos\alpha-24\cos\alpha = 40-52 \Rightarrow 24\cos\alpha = -12$

$\Rightarrow \cos\alpha = -\frac{12}{24} = -\frac{1}{2} = \cos 120°$

$\therefore \alpha = 120°$ সুতরাং, α এর মান 120° **(Ans.)**

10. দৃশ্যকল্প-১: [MB'22; JB'19



(খ) দৃশ্যকল্প-১ এ $\alpha = 3\theta$ হলে প্রমাণ কর যে, $R = \frac{P^2-Q^2}{Q}$; (P > Q).

(খ) **Sol^n:** দেওয়া আছে, $\alpha = 3\theta$; বলের sine সূত্র হতে পাই,

$\frac{P}{\sin(\alpha-\theta)} = \frac{Q}{\sin\theta} = \frac{R}{\sin\alpha} \Rightarrow \frac{P}{\sin(3\theta-\theta)} = \frac{Q}{\sin\theta} = \frac{R}{\sin3\theta}$

$\Rightarrow \frac{P}{\sin2\theta} = \frac{Q}{\sin\theta} = \frac{R}{\sin3\theta} \Rightarrow \frac{P}{2\sin\theta\cos\theta} = \frac{Q}{\sin\theta} = \frac{R}{3\sin\theta-4\sin^3\theta}$

এখন, $\frac{Q}{\sin\theta} = \frac{R}{3\sin\theta-4\sin^3\theta}$ ..... (i)

আবার, $\frac{P}{2\sin\theta\cos\theta} = \frac{Q}{\sin\theta} \Rightarrow \frac{P}{2\cos\theta} = \frac{Q}{1}$

$\therefore \cos\theta = \frac{P}{2Q}$ ..... (ii)

(i) থেকে পাই, $\frac{Q}{\sin\theta} = \frac{R}{3\sin\theta-4\sin^3\theta}$

$\Rightarrow Q = \frac{R}{3-4\sin^2\theta} \Rightarrow Q = \frac{R}{3-4(1-\cos^2\theta)}$

$\Rightarrow Q = \frac{R}{3-4+4\cos^2\theta} \Rightarrow Q = \frac{R}{4\cos^2\theta-1}$

$\Rightarrow Q = \frac{R}{4\times\frac{P^2}{4Q^2}-1}$ [(ii) নং হতে মান বসিয়ে]

$\Rightarrow Q = \frac{R}{\frac{P^2}{Q^2}-1} \Rightarrow R = Q\times\left(\frac{P^2}{Q^2}-1\right) \Rightarrow R = Q\left(\frac{P^2-Q^2}{Q^2}\right)$

$\therefore R = \frac{P^2-Q^2}{Q}$; (P > Q) **(Proved.)**

11. দৃশ্যকল্প-১: [DB'2



(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে প্রমাণ কর যে, $T\tan\theta = S\tan\frac{\alpha}{2}$.

(খ) **Sol^n:**



ΔOAC এ sin সূত্রানুসারে, $\frac{S+T}{\sin\left(\theta+\frac{\alpha}{2}\right)} = \frac{S-T}{\sin\left(\theta-\frac{\alpha}{2}\right)}$

$\Rightarrow \frac{S+T}{S-T} = \frac{\sin\left(\theta+\frac{\alpha}{2}\right)}{\sin\left(\theta-\frac{\alpha}{2}\right)} \Rightarrow \frac{S+T+S-T}{S+T-S+T} = \frac{\sin\left(\theta+\frac{\alpha}{2}\right)+\sin\left(\theta-\frac{\alpha}{2}\right)}{\sin\left(\theta+\frac{\alpha}{2}\right)-\sin\left(\theta-\frac{\alpha}{2}\right)}$

$\Rightarrow \frac{S}{T} = \frac{2\sin\theta\cos\frac{\alpha}{2}}{2\cos\theta\sin\frac{\alpha}{2}} \Rightarrow \frac{S}{T} = \tan\theta\cot\frac{\alpha}{2} \Rightarrow \frac{S}{\cot\frac{\alpha}{2}} = T\tan\theta$

$\therefore T\tan\theta = S\tan\frac{\alpha}{2}$ **(Proved)**

Educationblog24.com

12 দৃশ্যকল্প-১: [SB'21]



(খ) দৃশ্যকল্প-১ হতে প্রমাণ কর যে, $P = Q$ ও $P = 2Q$.

(খ) Sol^n: চিত্রানুযায়ী, $Q = \frac{\sqrt{3}Q \sin 30°}{\sin(30°+\alpha)} \ldots\ldots\ldots$ (i)

$\sin(30 + \alpha) = \frac{\sqrt{3}}{2}$

১ম ক্ষেত্রে, $\sin(30° + \alpha) = \sin 60° \therefore \alpha = 30°$

২য় ক্ষেত্রে, $\sin(30° + \alpha) = \sin 120° \therefore \alpha = 90°$

$P = \frac{\sqrt{3}Q \sin \alpha}{\sin(30°+\alpha)} \ldots\ldots\ldots$ (ii)

(ii) ÷ (i) $\Rightarrow \frac{P}{Q} = \frac{\sin \alpha}{\sin 30°} \Rightarrow P = 2Q \sin \alpha$

$\alpha = 30°$ হলে, $P = 2Q \times \sin 30° \Rightarrow P = Q$

$\alpha = 90°$ হলে, $P = 2Q \cdot \sin 90° \Rightarrow P = 2Q$

$\therefore P = Q$ বা, $P = 2Q$ **(Proved)**

13 কোনো বিন্দুতে 4α কোণে কার্যরত $R_1 = P + 2Q$ এবং $R_2 = P - 2Q$ দুটি বল। [হলি ক্রস কলেজ, ঢাকা]

(খ) R_1 এবং R_2 বল দুইটির লব্ধি এদের অন্তর্গত কোণের সমদ্বিখণ্ডকের সাথে 2θ কোণ উৎপন্ন করে। দেখাও যে, $P \tan 2\theta = 2Q \tan 2\alpha$

(খ) Sol^n:



বলের sine সূত্র হতে পাই,

$\frac{P+2Q}{\sin(2\alpha+2\theta)} = \frac{P-2Q}{\sin(2\alpha-2\theta)}$

$\Rightarrow \frac{P+2Q}{P-2Q} = \frac{\sin(2\alpha+2\theta)}{\sin(2\alpha-2\theta)}$

$\Rightarrow \frac{P+2Q+P-2Q}{P+2Q-P+2Q} = \frac{\sin(2\alpha+2\theta)+\sin(2\alpha-2\theta)}{\sin(2\alpha+2\theta)-\sin(2\alpha-2\theta)}$ [যোজন-বিয়োজন করে]

$\Rightarrow \frac{2P}{4Q} = \frac{2\sin 2\alpha \cos 2\theta}{2\cos 2\alpha \sin 2\theta} \Rightarrow \frac{P}{2Q} = \frac{\tan 2\alpha}{\tan 2\theta}$

$\therefore P \tan 2\theta = 2Q \tan 2\alpha$ **(Showed)**

নিজে করো

14. (ক) যদি কোনো বিন্দুতে ক্রিয়ারত a ও b ($a > b$) বলের লব্ধি তাদের অন্তর্গত কোণকে এক-তৃতীয়াংশ বিভক্ত করে, তবে বলদ্বয়ের অন্তর্গত কোণ নির্ণয় কর। [BB'23]
[Ans: $\theta = \cos^{-1}\frac{a}{2b}$]

15. (ক) একই বিন্দুতে ক্রিয়ারত 8N ও 5N মানের বলদ্বয়ের লব্ধি 7N হলে, বলদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [MB'23]
[Ans: $\alpha = 120°$]

16. (ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত P ও 2P মানের বলদ্বয়ের লব্ধি যদি P এর ক্রিয়ারেখার উপর লম্ব হয় তবে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [CB'21] **[Ans: $\theta = 120°$]**

17. দৃশ্যকল্প-২: P ও Q($P > Q$) বল দুটি পরস্পর α কোণে ক্রিয়ারত। এদের অবস্থান বিনিময় করলে লব্ধি θ কোণে ঘুরে যায়। [DB'19]
(গ) দৃশ্যকল্প-২ হতে প্রমাণ কর যে, $\tan\frac{\theta}{2} = \frac{P-Q}{P+Q}\tan\frac{\alpha}{2}$.

18. দৃশ্যকল্প-১ [SB'17]



(খ) দৃশ্যকল্প-১ এ $F_1 \propto \cos P, F_2 \propto \cos Q$ এবং F_1, F_2 এর লব্ধি F হলে দেখাও যে, $R - \varphi = \frac{1}{2}(R + Q - P)$

Type-03: লব্ধির দিক অপরিবর্তিত থাকা

Concept

$\vec{P}$ এবং $\vec{Q}$ এর লব্ধি $\vec{R}$। $\vec{P}$ এবং $\vec{Q}$ এর মধ্যবর্তী কোণ α, $\vec{P}$ এবং $\vec{R}$ এর মধ্যবর্তী কোণ θ হলে, $\tan\theta = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}$

এখন, $\vec{P}$ এর পরিবর্তে $n\vec{P}$ ও $\vec{Q}$ এর পরিবর্তে $n\vec{Q}$ ক্রিয়া করলে যদি লব্ধি R' হয়।

এবং R' ও $n\vec{P}$ এর মধ্যবর্তী কোণ θ' হলে,

$\tan\theta' = \frac{nQ\sin\alpha}{nP+nQ\cos\alpha} = \frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha} = \tan\theta$

$\therefore \boxed{\theta = \theta'}$ [MCQ এর জন্য মনে রাখবে]



Educationblog24.com

অর্থাৎ, একই বিন্দুতে ক্রিয়াশীল দুইটি বলকে সমান অনুপাতে বৃদ্ধি বা হ্রাস করা হলে লব্ধির দিক অপরিবর্তিত থাকে।
অথবা, এভাবে চিন্তা করা যায়, প্রথম বলকে যতগুণ বাড়ানো হবে, ২য় বলকেও ততগুণ বাড়ালে লব্ধির দিক অপরিবর্তিত থাকে।

➤ সদৃশকোণী ত্রিভুজের ধর্ম ব্যবহার করেও সমস্যাগুলো সমাধান করা যায়।

Shortcut for MCQ: $\left(\frac{\text{১ম বল}}{\text{২য় বল}}\right)_{\text{১ম ক্ষেত্র}} = \left(\frac{\text{১ম বল}}{\text{২য় বল}}\right)_{\text{২য় ক্ষেত্র}} \therefore \frac{P}{Q} = \frac{nP}{nQ}$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-১: কোনো বিন্দুতে 2P এবং Q মানের দুইটি বল ক্রিয়ারত আছে। [RB'19]

(খ) দৃশ্যকল্প-১ এ যদি Q = 3P হয় এবং ১ম বলটিকে দ্বিগুণ ও ২য় বলটির মান 6 একক করে বৃদ্ধি পায় তবে লব্ধির দিক অপরিবর্তিত থাকে। Q এর মান নির্ণয় কর।

(খ) Sol^n: ΔABC ও ΔADE সদৃশ।



$\therefore \frac{AB}{BC} = \frac{AD}{DE} \Rightarrow \frac{2P}{3P} = \frac{4P}{3P+6} \Rightarrow \frac{2}{3} = \frac{4P}{3P+6}$

$\Rightarrow 6P + 12 = 12P$

$\Rightarrow 6P = 12 \therefore P = 2$ একক।

$\therefore Q = 3 \times 2 = 6$ একক। **(Ans.)**

02. দৃশ্যকল্প-১: কোনো বিন্দুতে P এবং 3P দুইটি বল ক্রিয়াশীল। [BB'17]

(খ) দৃশ্যকল্প-১ এ, প্রথমটিকে চারগুণ ও দ্বিতীয়টির মান 18 একক বৃদ্ধি করলে উভয়ক্ষেত্রে লব্ধির দিক অপরিবর্তিত থাকে। P এর মান নির্ণয় কর।

(খ) Sol^n: মনে করি, P এবং 3P বলদ্বয় α কোণে ক্রিয়ারত এবং তাদের লব্ধি P এর সাথে θ কোণ উৎপন্ন করে।

$\therefore \tan\theta = \frac{3P\sin\alpha}{P+3P\cos\alpha}$

আবার, বলদ্বয় 4P এবং 3P + 18 হলে, $\tan\theta = \frac{(3P+18)\sin\alpha}{4P+(3P+18)\cos\alpha}$

শর্তমতে, $\frac{3P\sin\alpha}{P+3P\cos\alpha} = \frac{(3P+18)\sin\alpha}{4P+18\cos\alpha+3P\cos\alpha}$

$\Rightarrow \frac{4P+18\cos\alpha+3P\cos\alpha}{P+3p\cos\alpha} = \frac{3P+18}{3P}$

$\Rightarrow \frac{4P+18\cos\alpha+3P\cos\alpha-P-3P\cos\alpha}{P+3P\cos\alpha} = \frac{3P+18-3P}{3P}$ [বিয়োজন করে]

$\Rightarrow \frac{3P+18\cos\alpha}{P+3P\cos\alpha} = \frac{18}{3P} \Rightarrow \frac{3P+18\cos\alpha}{P(1+3\cos\alpha)} = \frac{18}{3P} \Rightarrow \frac{3P+18\cos\alpha}{1+3\cos\alpha} = 6$

$\Rightarrow 3P + 18\cos\alpha = 6 + 18\cos\alpha$

$\Rightarrow 3P = 6 \therefore P = 2$ **(Ans.)**

Type-04: দুই বা দুই এর অধিক বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে লম্বাংশ সূত্রের প্রয়োগ

Concept

লম্বাংশ উপপাদ্য: কোনো সমতলে নির্দিষ্ট দিকে একই বিন্দুতে একই সময়ে ক্রিয়ারত দুই বা ততোধিক বলের লম্বাংশের বীজগাণিতিক সমষ্টি ঐ একই দিকে বলগুলোর লব্ধির লম্বাংশের সমান।



(i) $R\cos\theta = P_1\cos\alpha_1 + P_2\cos\alpha_2 + P_3\cos\alpha_3 + \ldots\ldots\ldots + P_n\cos\alpha_n = R_x$

(ii) $R\sin\theta = P_1\sin\alpha_1 + P_2\sin\alpha_2 + P_3\sin\alpha_3 + \ldots\ldots\ldots + P_n\sin\alpha_n = R_y$

এখন, $\tan\theta = \frac{R_y}{R_x}$ এবং $R = \sqrt{R_x^2 + R_y^2}$

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.



[Ctg.B'23]

চিত্র-২

(ক) তিনটি বলের মান ও দিক ABC ত্রিভুজের বাহু বরাবর একইক্রমে গৃহীত হলে ভেক্টর পদ্ধতিতে বলত্রয়ের লব্ধি নির্ণয় কর।

(গ) ২নং চিত্রে বলগুলোর ক্রিয়ারেখা কোনো সমবাহু ত্রিভুজের বাহুগুলোর সমান্তরাল বাহু বরাবর হলে তাদের লব্ধি মান নির্ণয় কর।

(ক) Sol^n:



মনে করি, O বিন্দুতে ক্রিয়ারত $\vec{P}, \vec{Q}$ এবং $\vec{R}$ বলত্রয়কে ΔABC এর BC, CA এবং AB বাহুগুলো দ্বারা একইক্রমে মানে ও দিকে সূচিত করা যায়।

অর্থাৎ, $\overrightarrow{BC} = \vec{P}, \overrightarrow{CA} = \vec{Q}$ এবং $\overrightarrow{AB} = \vec{R}$।

এখন, ΔABC -এ ভেক্টর যোগের ত্রিভুজবিধি অনুসারে,

$\overrightarrow{BC} + \overrightarrow{CA} = \overrightarrow{BA} \Rightarrow \overrightarrow{BC} + \overrightarrow{CA} = -\overrightarrow{AB}$

$\Rightarrow \overrightarrow{BC} + \overrightarrow{CA} + \overrightarrow{AB} = \underline{0} \therefore \vec{P} + \vec{Q} + \vec{R} = \underline{0}$ (Ans.)

(গ) Sol^n:



যেহেতু বলগুলোর ক্রিয়ারেখা সমবাহু ত্রিভুজের বাহুগুলোর সমান্তরাল, সুতরাং প্রত্যেকটি বল পরস্পরের সাথে 120° কোণে ক্রিয়ারত। এখন, 6N বলের দিকে সবগুলো বলের উপাংশ,

$F_x = 6 \times \cos 0° + 8 \times \cos 120° + 10 \times \cos 240°$

$= 6 - 8 \times \frac{1}{2} - 10 \times \frac{1}{2} = 6 - 4 - 5 = -3$N এবং

6N বলের লম্ব দিকে সবগুলো বলের উপাংশ,

$F_y = 6 \times \sin 0° + 8 \times \sin 120° + 10 \times \sin 240°$

$= 8 \times \frac{\sqrt{3}}{2} - 10 \times \frac{\sqrt{3}}{2} = 4\sqrt{3} - 5\sqrt{3} = -\sqrt{3}$ N

$\therefore$ নির্ণেয় লব্ধি $= \sqrt{F_x^2 + F_y^2} = \sqrt{(-3)^2 + \left(-\sqrt{3}\right)^2}$

$= \sqrt{9+3} = 2\sqrt{3}$ N (Ans.)

02. দৃশ্যকল্প-১: XYZ সমবাহু ত্রিভুজের YZ, ZX এবং XY বাহুর সমান্তরাল যথাক্রমে 5, 7 এবং 9 একক মানের তিনটি বল ক্রিয়ারত।

(খ) দৃশ্যকল্প-১ হতে বলত্রয়ের লব্ধি নির্ণয় কর। [JB'23]

(খ) Sol^n:



বলগুলোর x-উপাংশ,

$F_x = 5 + 7\cos 120° + 9\cos(-120°) = 5 - \frac{7}{2} - \frac{9}{2} = -3$

বলগুলোর y-উপাংশ, $F_y = 7\sin 120° + 9\sin(-120°)$

$= \frac{7\sqrt{3}}{2} - \frac{9\sqrt{3}}{2} = -\sqrt{3}$

$\therefore$ লব্ধি বলের মান $= \sqrt{(-3)^2 + \left(-\sqrt{3}\right)^2} = 2\sqrt{3}$ একক (Ans.)

$\therefore$ দিক $= \pi + \tan^{-1}\left|\frac{\sqrt{3}}{3}\right| = \pi + \frac{\pi}{6} = \frac{7\pi}{6}$ (yz এর ধনাত্মক দিকের সাথে।) (Ans.)

03. দৃশ্যকল্প-১: [Din.B'23]



(খ) দৃশ্যকল্প-১ এ u এর দিক বরাবর w এর লম্বাংশ 3v হলে দেখাও যে, $\alpha = \frac{2}{3}\sin^{-1}\left(\sqrt{\frac{u}{6v}}\right)$ এবং $w = \sqrt{9v^2 - u^2 + 6uv}$.

(খ) Sol^n: OACB সামান্তরিকের, $u = \overrightarrow{OA}, w = \overrightarrow{OC}$ ও $3v = \overrightarrow{OB}$

OA বরাবর u ও 3v বলের লম্বাংশের সমষ্টি

$= u\cos 0° + 3v\cos 3\alpha = u + 3v\cos 3\alpha$



যেকোনো সরলরেখা বরাবর লব্ধির লম্বাংশ এবং অংশক বলগুলোর লম্বাংশের সমষ্টি পরস্পর সমান।

Educationblog24.com

প্রশ্নমতে, $3v = u + 3v\cos 3\alpha$

$\Rightarrow 3v(1 - \cos 3\alpha) = u \Rightarrow 3v \cdot 2 \cdot \sin^2\frac{3\alpha}{2} = u$

$\Rightarrow \sin^2\frac{3\alpha}{2} = \frac{u}{6v} \Rightarrow \sin\frac{3\alpha}{2} = \sqrt{\frac{u}{6v}} \Rightarrow \frac{3\alpha}{2} = \sin^{-1}\sqrt{\frac{u}{6v}}$

$\therefore \alpha = \frac{2}{3}\sin^{-1}\sqrt{\frac{u}{6v}}$ **(Showed)**

এখন, লব্ধি $w = \sqrt{u^2 + (3v)^2 + 2 \cdot u \cdot 3v \cdot \cos 3\alpha}$

$= \sqrt{9v^2 + u^2 + 6uv\cos 3\alpha}$

$= \sqrt{9v^2 + u^2 + 6uv \times \left(1 - \frac{u}{3v}\right)}$

$= \sqrt{9v^2 + u^2 + 6uv - 2u^2}$

$\therefore w = \sqrt{9v^2 - u^2 + 6uv}$ **(Showed)**

04. উদ্দীপক-২: M মানের তিনটি বল একটি বিন্দুতে এরূপভাবে কার্যরত যেন এদের দিক ΔABC এর BC, CA এবং AB বাহুর সমান্তরাল। **[JB'22]**

(গ) প্রমাণ কর যে, বলত্রয়ের লব্ধির পরিমাণ $M\sqrt{3 - 2\cos A - 2\cos B - 2\cos C}$.

(গ) **Sol^n:** মনে করি, O বিন্দুতে ΔABC এর BC, CA, AB বাহুর সমান্তরাল বরাবর M মানের তিনটি বল ক্রিয়াশীল। পর্যায়ক্রমে বলগুলোর মধ্যবর্তী কোণ $\pi - C, \pi - A, \pi - B$। বল তিনটির লব্ধি F।





OA এর উপর লম্ব বরাবর লম্বাংশ নিয়ে পাই,

$F\sin\theta = M\sin 0° + M\sin(\pi - C) + M\sin\{-(\pi - B)\}$

$= M\sin C - M\sin(\pi - B)$

$= M\sin C - M\sin B \ldots\ldots\ldots (ii)$

OA বরাবর বলগুলোর লম্বাংশ নিয়ে পাই,

$F\cos\theta = M\cos 0° + M\cos(\pi - C) + M\cos\{-(\pi - B)\}$

$= M - M\cos C - M\cos B \ldots\ldots\ldots (i)$

এখন, $(i)^2 + (ii)^2 \Rightarrow$

$F^2\cos^2\theta + F^2\sin^2\theta = (M - M\cos C - M\cos B)^2 + (M\sin C - M\sin B)^2$

$\Rightarrow F^2(\cos^2\theta + \sin^2\theta) = M^2 + M^2\cos^2 C + M^2\cos^2 B - 2M^2\cos C - 2M^2\cos B + 2M^2\cos B\cos C + M^2\sin^2 C + M^2\sin^2 B - 2M^2\sin B\sin C$

$\Rightarrow F^2 = M^2 + M^2(\cos^2 C + \sin^2 C) + M^2(\cos^2 B + \sin^2 B) - 2M^2\cos C - 2M^2\cos B + 2M^2(\cos B\cos C - \sin B\sin C)$

$\Rightarrow F^2 = M^2 + M^2 + M^2 - 2M^2\cos B - 2M^2\cos C + 2M^2\cos(B + C)$

$[\because \cos(A + B) = \cos A\cos B - \sin A\sin B]$

$\Rightarrow F^2 = 3M^2 - 2M^2\cos B - 2M^2\cos C + 2M^2\cos(\pi - A)$

$\Rightarrow F^2 = 3M^2 - 2M^2\cos B - 2M^2\cos C - 2M^2\cos A$

$\Rightarrow F^2 = M^2(3 - 2\cos A - 2\cos B - 2\cos C)$

$\therefore F = M\sqrt{3 - 2\cos A - 2\cos B - 2\cos C}$

সুতরাং, বলত্রয়ের লব্ধির পরিমাণ,

$M\sqrt{3 - 2\cos A - 2\cos B - 2\cos C}$ **(Proved)**

05.



চিত্র: ১

[Din.B'22]

(খ) চিত্র-১ এর বলগুলো P বিন্দুতে সাম্যাবস্থায় থাকলে F এবং α এর মান নির্ণয় কর।

(খ) **Sol^n:** 5N বরাবর লম্বাংশ নিয়ে পাই,

$5\cos 0° + F\cos\alpha + 15\cos(180° + 20°) + 25\cos 270° = 0$ [$\because$ সাম্যবস্থায় ধরে লব্ধি, $R = 0$]

$\Rightarrow F\cos\alpha = 9.09 \ldots\ldots\ldots (i)$

আবার, 5N এর লম্ব বরাবর লম্বাংশ নিয়ে পাই,

$5\sin 0° + F\sin\alpha + 15\sin(180° + 20°) + 25\sin(270°) = 0$

$\Rightarrow F\sin\alpha = 30.13 \ldots\ldots\ldots (ii)$

এখন, $(i)^2 + (ii)^2 \Rightarrow F^2 = (9.09)^2 + (30.13)^2$

$\therefore F = 31.47$ N (প্রায়)

আবার, $(ii) \div (i) \Rightarrow \tan\alpha = \frac{30.13}{9.09}$ [১ম চতুর্ভাগে]

$\therefore \alpha = 73.21°$ (প্রায়) **(Ans.)**

06. **(ক) বলের লম্বাংশ এর সংজ্ঞা দাও।** **[DB, Ctg.B, CB'21; BB'17]**

(ক) **Sol^n:** লব্ধি বলকে যখন পরস্পর সমকোণে অবস্থিত দুইটি অংশকে বিভক্ত করা হয়, তখন অংশকদ্বয়ের প্রত্যেকটিকে লব্ধির লম্বাংশ বলে।

07. একটি বিন্দুতে α কোণে ক্রিয়ারত P ও Q ($P > Q$) মানের বলদ্বয়ের বৃহত্তম ও ক্ষুদ্রতম লব্ধির মান যথাক্রমে L ও M।

(খ) P এর দিক বরাবর লব্ধির লম্বাংশের পরিমাণ Q হলে প্রমাণ কর যে, $\alpha = \cos^{-1}\frac{Q-P}{Q}$ **[RB'21]**

(খ) **Sol^n:**



প্রশ্নমতে, $Q = P + Q\cos\alpha \Rightarrow \cos\alpha = \frac{Q-P}{Q}$

$\Rightarrow \alpha = \cos^{-1}\frac{Q-P}{Q}$ **(প্রমাণিত)**

Educationblog24.com

০৮. (ক) মূল বিন্দুতে 5, 8 ও 10 একক মানের তিনটি বল X -অক্ষের সাথে যথাক্রমে $0°, 60°$ ও $120°$ কোণে ক্রিয়া করছে। OX বরাবর বলগুলোর লম্বাংশের সমষ্টি নির্ণয় কর।

[CB'21]

(ক) Sol^n: OX বরাবর লম্বাংশ,

$= 5\cos 0° + 8\cos 60° + 10\cos 120° = 5 + 4 - 5$

একক $= 4$ একক (Ans.)



০৯. (ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত a ও b বেগদ্বয়ের লব্ধি c এবং a এর দিক বরাবর c এর লম্বাংশের পরিমাণ b হলে দেখাও যে, $c = \sqrt{b^2 - a^2 + 2ab}$. [BB'23]

(ক) Sol^n: a ও b বেগদ্বয়ের লব্ধি c হলে,

$c^2 = a^2 + b^2 + 2ab\cos\alpha$ ..... (i)



অন্তর্ভুক্ত কোণ α হলে, $c\cos\theta = a + b\cos\alpha = b$

$\Rightarrow b\cos\alpha = b - a \therefore \cos\alpha = \frac{b-a}{b}$

(i) $\Rightarrow c^2 = a^2 + b^2 + 2ab \times \frac{b-a}{b} = a^2 + b^2 + 2ab - 2a^2$

$= b^2 - a^2 + 2ab$

$\therefore c = \sqrt{b^2 - a^2 + 2ab}$ (দেখানো হলো)

১০. [সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম]



দৃশ্যকল্প-১:



দৃশ্যকল্প-২:

(খ) দৃশ্যকল্প-১ এর P, Q বলদ্বয় এবং তাদের লব্ধির O বিন্দুতে ক্রিয়ারত হলে, P এবং Q এর সরলতম সম্পর্ক প্রতিষ্ঠা কর।

(গ) দৃশ্যকল্প-২ এর চিত্র ABEDCF একটি সুষম ষড়ভুজ হলে, A বিন্দুত ক্রিয়ারত বলগুলির লব্ধি নির্ণয় কর।

(খ) Sol^n: P বল বরাবর উপাংশ নিয়ে পাই,

$P + Q\cos\alpha = \frac{Q}{2}\cos 90° \therefore P + Q\cos\alpha = 0$ ..... (i)

আবার, P এর লম্ব বরাবর উপাংশ নিয়ে পাই,

$Q\sin\alpha + P\sin 0° = \frac{Q}{2}\sin 90°$

$\Rightarrow \sin\alpha = \frac{1}{2} \therefore \alpha = 30°$ অথবা $150°$

যেহেতু $\alpha > 90°$

অতএব, P এবং Q এর মধ্যবর্তী কোণ হলো $150°$.

$\alpha = 150°$ সমীকরণ (i) এ বসিয়ে পাই,

$P + Q\cos 150° = 0 \Rightarrow P = -Q \times \frac{-\sqrt{3}}{2} \therefore 2P = \sqrt{3}Q$

$\therefore 2P = \sqrt{3}Q$ (Ans.)

(গ) Sol^n: সুষম ষড়ভুজের প্রত্যেকটি অন্তঃস্থ কোণ

$= \frac{2\times 6-4}{6} \times 90° = 120°$

অর্থাৎ, $\angle BAF = 120°$

$\therefore \angle BAE = \angle EAD = \angle DAC = \angle CAF = 30°$

ধরি, বলগুলোর লব্ধি হলো R এবং লব্ধির দিক হলো Q।

এখন AB বরাবর বলগুলির উপাংশ নিয়ে পাই,

$R\cos\theta = 2 + \sqrt{3}\cos 30° + 5\cos 60° + \sqrt{3}\cos 90° + 2\cos 120°$

$R\cos\theta = 5$ ..... (i)

আবার, AB এর লম্ব বরাবর উপাংশ নিয়ে পাই,

$R\sin\theta = 0 + \sqrt{3}\sin 30° + 5\sin 60° + \sqrt{3}\sin 90° + 2\sin 120° = 5\sqrt{3}$ ..... (ii)

$(i)^2 + (ii)^2 \Rightarrow R^2 = 5^2 + \left(5\sqrt{3}\right)^2 \therefore R = 10$

এবং (ii) ÷ (i) $\Rightarrow \frac{R\sin\theta}{R\cos\theta} = \frac{5\sqrt{3}}{5} \Rightarrow \tan\theta = \sqrt{3} \therefore \theta = 60°$

$\therefore$ A বিন্দুতে ক্রিয়ারত লব্ধির মান হলে 10 যা AB এর সাথে $60°$ কোণে ক্রিয়ারত। (Ans.)

নিজে করো

11. দৃশ্যকল্প-২:



[Ctg.B'22; MB'22]

(গ) দৃশ্যকল্প-২ এ $P = 6$ N, $Q = 9$ N ও $R = 5$ N হলে বলগুলোর লব্ধির মান ও দিক নির্ণয় কর।

[Ans: $\alpha = 106.102°$ (প্রায়)]

12.



[BB'21]

(গ) দৃশ্যকল্প-২ এ বলত্রয়ের লব্ধির মান ও দিক নির্ণয় কর।

[Ans: $\theta = \tan^{-1}\left\{\frac{\sqrt{3}(Q_1+Q_2-Q_3)}{(Q_1-Q_2-Q_3)}\right\}$]

Educationblog24.com

13. দৃশ্যকল্প-১: কোনো একটি বিন্দুতে পরস্পর 120° কোণে 3N, 4N, 6N বলত্রয় ক্রিয়ারত আছে। [JB'21]
(খ) দৃশ্যকল্প-১ হতে বলগুলোর লব্ধি নির্ণয় কর। [Ans: 220.89°]

14. দৃশ্যকল্প-১: কোনো বিন্দুতে কার্যরত Q − R, Q, Q + R মানের বলগুলোর দিক একইক্রমে কোনো সমবাহু ত্রিভুজের বাহুগুলোর সমান্তরাল। [Ctg.B, CB'21]
(খ) দৃশ্যকল্প-১ এর বলগুলোর লব্ধি নির্ণয় কর। [Ans: $\frac{7\pi}{6}$]

15. (ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত u_1 ও u_2 মানের দুইটি বেগের লব্ধির মান u এবং u_1 এর দিক বরাবর u এর লম্বাংশের পরিমাণ u_2 হলে দেখাও যে, $u = \sqrt{u_2^2 - u_1^2 + 2u_1u_2}$। [SB'17]

16. চিত্র-১: [MB'21]



(খ) চিত্র-১ এ বলগুলির ক্রিয়ারেখা কোনো সমবাহু ত্রিভুজের বাহুগুলির সমান্তরাল বরাবর হলে, তাদের লব্ধি মান নির্ণয় কর। [Ans: $2\sqrt{3}$N]

17. (ক) 4N ও $2\sqrt{3}$N মানের বলদ্বয় 30° কোণে ক্রিয়া করে। এ মানের বল বরাবর বলদ্বয়ের লম্বাংশের সমষ্টি নির্ণয় কর। [JB'17] [Ans: 7N]

Type-05: বলের সংযোজন ও বিভাজন

Concept

(m, n) উপপাদ্য:

দুইটি সমবিন্দু বল $m.\overrightarrow{OA}$ এবং $n.\overrightarrow{OB}$ $(m > 0, n > 0)$ এর লব্ধির মান $(m + n).\overrightarrow{OC}$, যেখানে C বিন্দুটি AB কে এমনভাবে অন্তর্বিভক্ত করে যেন $m.AC = n.BC$ বা $AC : BC = n : m$ হয় (C বিন্দু AB কে n: m অনুপাতে অন্তর্বিভক্ত করে)।



সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

[এই টাইপ থেকে বিগত বোর্ড পরীক্ষায় কোনো সৃজনশীল প্রশ্ন আসেনি]

Type-06: তিনটি সমবিন্দু বল সাম্যাবস্থা সৃষ্টি করলে তা হতে বলত্রয়ের অন্তর্গত কোণ নির্ণয়

Concept

এখানে, $\vec{P} + \vec{Q} + \vec{R} = 0$

$\therefore \vec{P} + \vec{Q} = -\vec{R}$

$\therefore \vec{Q} + \vec{R} = -\vec{P}$

$\therefore \vec{P} + \vec{R} = -\vec{Q}$

যেহেতু বল তিনটির লব্ধি = 0 তাই যেকোনো দুইটি বলের লব্ধির মান তৃতীয় বলটির সমান এবং লব্ধির দিক তৃতীয় বলটির দিকের বিপরীত দিকে কার্যরত হবে।



$\therefore \vec{P}$ ও $\vec{Q}$ এর লব্ধির মান $\vec{R}$ এর মানের সমান,

$\therefore R^2 = P^2 + Q^2 + 2PQ\cos\gamma \Rightarrow \boxed{\cos\gamma = \frac{R^2 - P^2 - Q^2}{2PQ}}$

অনুরূপভাবে, $\boxed{\cos\alpha = \frac{P^2 - Q^2 - R^2}{2QR}}$ এবং $\boxed{\cos\beta = \frac{Q^2 - P^2 - R^2}{2PR}}$

এভাবে এদের মধ্যবর্তী কোণগুলো নির্ণয় করা যাবে।

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) কোনো বিন্দুতে ক্রিয়াশীল 3P, 4P ও 5P মানের বলত্রয় সাম্যাবস্থায় থাকলে প্রমাণ কর যে, প্রথম বল দুইটি পরস্পর লম্ব। [Din.B'21; MB'21]

(ক) Sol^{n}: প্রশ্নমতে,

$\sqrt{(3P)^2 + (4P)^2 + 2 \cdot 3P \cdot 4P \cdot \cos\theta} = 5P$

$\Rightarrow 25P^2 + 24P^2\cos\theta = 25P^2 \Rightarrow 24P^2\cos\theta = 0$

$\therefore \theta = 90^\circ \therefore$ 3P ও 4P পরস্পর লম্ব (প্রমাণিত)

02. (ক) কোন বিন্দুতে 1, 2 এবং $\sqrt{3}$ একক বলত্রয় ক্রিয়া করে সাম্যাবস্থা সৃষ্টি করে। বলগুলোর মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [Ctg.B'19]

(ক) Sol^{n}: $P = 1,\ Q = 2,\ R = \sqrt{3}$

$P^2 + R^2 = 1 + 3 = 4 = 2^2 = Q^2$

অর্থাৎ P ও R এর মধ্যবর্তী কোণ 90° (Ans.)

03. P ও Q দুইটি বল যেখানে $P > Q$. [JB'19]

(ক) যদি P, Q, R বলত্রয় সাম্যাবস্থায় থাকে এবং $\sqrt{2}P = \sqrt{2}Q = R$ হয় তবে P, Q এবং R, P এর মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

(ক) Sol^{n}: $\sqrt{2}P = \sqrt{2}Q = R$

যেহেতু, বলত্রয় সাম্যাবস্থায় আছে,

$R^2 = P^2 + Q^2 + 2PQ\cos(P \wedge Q)$



$\Rightarrow \cos(P \wedge Q) = \frac{R^2 - P^2 - Q^2}{2PQ} = \frac{2P^2 - P^2 - P^2}{2P^2} = 0$

$\therefore P \wedge Q = \frac{\pi}{2}$ (Ans.)

একইভাবে, $\cos(R \wedge P) = \frac{Q^2 - P^2 - R^2}{2PR} = \frac{Q^2 - Q^2 - 2Q^2}{2Q\sqrt{2}Q} = -\frac{1}{\sqrt{2}}$

$\therefore R \wedge P = \frac{3\pi}{4}$ (Ans.)

04. (ক) একটি বিন্দুর উপর ক্রিয়ারত বল তিনটি সাম্যাবস্থায় থাকলে এবং শেষ বল দুইটির মধ্যবর্তী কোণ 45° হলে বল তিনটির মধ্যে সম্পর্ক প্রতিষ্ঠা কর। [BB'17]

(ক) Sol^{n}: মনে করি, কোন বিন্দুতে ক্রিয়ারত তিনটি বল R, P, Q; P, Q এর মধ্যবর্তী কোণ 45°। বল তিনটি সাম্যাবস্থায় থাকলে R হবে P ও Q বলের লব্ধির সমান এবং এর দিক হবে P ও Q বলের লব্ধির বিপরীত দিক।

$\therefore R^2 = P^2 + Q^2 + 2PQ\cos 45^\circ$

$\Rightarrow R^2 = P^2 + Q^2 + 2PQ \cdot \frac{1}{\sqrt{2}}$

$\therefore R^2 = P^2 + Q^2 + \sqrt{2}PQ$; ইহা নির্ণেয় সম্পর্ক। (Ans.)

নিজে করো

05. (ক) 5N, 7N ও 8N মানের বলত্রয় একটি কণার উপর ক্রিয়া করে ভারসাম্য সৃষ্টি করেছে। 8N ও 5N মানের বলদ্বয়ের ক্রিয়ারেখার মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [BB'22] [Ans: $\alpha = 120^\circ$]

06. (ক) 3N, 7N ও 5N বলত্রয় একটি বস্তুর উপর ক্রিয়া করে ভারসাম্য সৃষ্টি করলে 3N ও 5N বলদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর। [MB'21] [Ans: 60°]

Type-07: তিনটি বল সাম্যাবস্থায় থাকার শর্ত (লামির সূত্র)

Concept

- **বলের ত্রিভুজ সূত্র:** যদি এক বিন্দুতে ক্রিয়ারত তিনটি বলের মান ও দিক কোনো ত্রিভুজের তিনটি বাহু দ্বারা একইক্রমে মানে ও দিকে (অবস্থানে নয়) সূচিত করা যায়, তবে তারা সাম্যাবস্থায় থাকবে।





$\vec{P} + \vec{Q} + \vec{R} = 0$

- **বলের সাম্যাবস্থার লামির উপপাদ্য:** যদি কোনো সমতলের উপর একই বিন্দুতে একই সময়ে তিনটি ভিন্ন ভিন্ন দিক বরাবর ক্রিয়ারত তিনটি বল সাম্যাবস্থার সৃষ্টি করে, তবে এদের প্রত্যেকটি বলের মান অপর দুইটি বলের ক্রিয়ারেখার অন্তর্গত কোণের বা প্রথমোক্ত বলটির বিপরীত কোণের সাইন (sine) এর সমানুপাতিক। $\therefore \frac{P}{\sin\alpha} = \frac{Q}{\sin\beta} = \frac{R}{\sin\gamma}$

Note: n টি সমান বল 360° কে সমান n ভাগে ভাগ করলে তাদের লব্ধি = 0, সেক্ষেত্রে তাদের যেকোনো দুইটি বলের মধ্যবর্তী কোণ = $\frac{360^\circ}{n}$.

Educationblog24.com

- **লম্ববিন্দু:** লম্ববিন্দু হলো শীর্ষ থেকে বিপরীত বাহুগুলোর উপর অঙ্কিত লম্বগুলোর ছেদবিন্দু।
- **অন্তঃকেন্দ্র:** অন্তঃকেন্দ্র হলো কোনো ত্রিভুজের কোণের সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দু।
- **পরিকেন্দ্র:** পরিকেন্দ্র হলো কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্ব সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দু।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-১: [RB'23; Ctg.B, CB'21; SB'17]



(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে L, M, N বল তিনটি O বিন্দুতে ভারসাম্য সৃষ্টি করেছে। প্রমাণ কর যে, $N^2 = M(M - L)$

(খ) **Sol^n:** লামির উপপাদ্য হতে পাই, $\frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{\sin\angle MON}$



$$\Rightarrow \frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{\sin\{360^\circ-(2\alpha+\alpha)\}}$$

$$\Rightarrow \frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{-\sin 3\alpha}$$

$$\Rightarrow \frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{-\sin 3\alpha} = \frac{M-L}{\sin\alpha+\sin 3\alpha}$$

$$\Rightarrow \frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{-\sin 3\alpha} = \frac{M-L}{4\sin\alpha-4\sin^3\alpha}$$

$$\Rightarrow \frac{M}{\sin\alpha} = \frac{N}{\sin 2\alpha} = \frac{L}{-\sin 3\alpha} = \frac{M-L}{4\sin\alpha-4\sin^3\alpha}$$

$$= \frac{M(M-L)}{4\sin^2\alpha-4\sin^4\alpha} = \frac{N^2}{(\sin 2\alpha)^2}$$

৫ম অনুপাত নিয়ে পাই,

$$\frac{M(M-L)}{4\sin^2\alpha(1-\sin^2\alpha)} = \frac{M(M-L)}{4\sin^2\alpha(\cos^2\alpha)} = \frac{M(M-L)}{\sin^2 2\alpha}$$

$\therefore$ ৫ম ও ৬ষ্ঠ অনুপাত নিয়ে পাই, $\frac{M(M-L)}{\sin^2 2\alpha} = \frac{N^2}{\sin^2 2\alpha}$

$\therefore N^2 = M(M - L)$ **(Proved)**

02. দৃশ্যকল্প-১: [SB'23]



চিত্রে O ত্রিভুজটির পরিকেন্দ্র

(খ) দৃশ্যকল্প-১ এ P, Q ও R বল তিনটি সাম্যাবস্থায় থাকলে প্রমাণ কর যে, $\frac{P}{a^2(b^2+c^2-a^2)} = \frac{Q}{b^2(a^2+c^2-b^2)} = \frac{R}{c^2(a^2+b^2-c^2)}$.

(খ) **Sol^n:**



মনে করি, ΔABC এর পরিকেন্দ্র O। O এবং OA, OB এবং (বরাবর P, Q এবং R মানের তিনটি বল ক্রিয়া করে সাম্যাবস্থ আছে। ABC বৃত্তে ∠BAC, BC চাপের উপর দণ্ডায়মান বৃ কোণ এবং ∠BOC, BC চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ

$\therefore \angle BOC = 2\angle BAC = 2A$ [একই চাপের উপর দণ্ডায় কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

অনুরূপভাবে প্রমাণ করা যায় $\angle AOC = 2B, \angle AOB = 2C$

এখন, লামির উপপাদ্য অনুসারে,

$$\Rightarrow \frac{P}{\sin\angle BOC} = \frac{Q}{\sin\angle AOC} = \frac{R}{\sin\angle AOB}$$

$$\Rightarrow \frac{P}{\sin 2A} = \frac{Q}{\sin 2B} = \frac{R}{\sin 2C}$$

$$\Rightarrow \frac{P}{2\sin A\cos A} = \frac{Q}{2\sin B\cos B} = \frac{R}{2\sin C\cos C}$$

$$\Rightarrow \frac{P}{2\times\frac{a}{2R'}\times\frac{b^2+c^2-a^2}{2bc}a} = \frac{Q}{2\frac{b}{2R'}\frac{c^2+a^2-b^2}{2ca}b} = \frac{R}{2\frac{c}{2R'}\frac{a^2+b^2-c^2}{2ab}c}$$

$$\left[\because \frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C} = 2R\right] [R' = \text{পরিবৃত্তটির ব্যাসার্ধ}]$$

$$\therefore \frac{P}{a^2(b^2+c^2-a^2)} = \frac{Q}{b^2(a^2+c^2-b^2)} = \frac{R}{c^2(a^2+b^2-c^2)}$$ **(Proved**

03. [BB'23; SB, BB'2



(খ) উদ্দীপকে অন্তঃকেন্দ্র I গামী P, Q, R বল তিনটি সাম্যাবস্থ থাকলে দেখাও যে,

$P : Q : R = \sin\left(\frac{\pi}{2}-\frac{A}{2}\right) : \sin\left(\frac{\pi}{2}-\frac{B}{2}\right) : \sin\left(\frac{\pi}{2}-\frac{C}{2}\right)$

(খ) **Sol^n:**





Educationblog24.com

ABC ত্রিভুজের অন্তঃকেন্দ্র I, সুতরাং IA, IB ও IC কোণ তিনটির সমদ্বিখণ্ডক।

ABC ত্রিভুজে, $A + B + C = 180°$

$\Rightarrow \frac{A}{2} + \frac{B}{2} + \frac{C}{2} = 90° \Rightarrow \frac{B}{2} + \frac{C}{2} = 90° - \frac{A}{2} \dots\dots\dots$ (i)

আবার, BIC ত্রিভুজে, $\angle BIC + \angle IBC + \angle ICB = 180°$

$\Rightarrow \angle BIC + \frac{B}{2} + \frac{C}{2} = 180°$

$\angle BIC = 180° - \left(\frac{B}{2} + \frac{C}{2}\right) = 180° - \left(90° - \frac{A}{2}\right) = 90° + \frac{A}{2}$

এখন, P, Q, R মানের বলত্রয় ক্রিয়াশীল হয়ে সাম্যাবস্থায় থাকলে লামির সূত্র থেকে আমরা পাই,

$\frac{P}{\sin BIC} = \frac{Q}{\sin CIA} = \frac{R}{\sin AIB}$

$\Rightarrow \frac{P}{\sin\left(90°+\frac{A}{2}\right)} = \frac{Q}{\sin\left(90°+\frac{B}{2}\right)} = \frac{R}{\sin\left(90°+\frac{C}{2}\right)}$

$\Rightarrow \frac{P}{\cos\frac{A}{2}} = \frac{Q}{\cos\frac{B}{2}} = \frac{R}{\cos\frac{C}{2}} \Rightarrow \frac{P}{\sin\left(\frac{\pi}{2}-\frac{A}{2}\right)} = \frac{Q}{\sin\left(\frac{\pi}{2}-\frac{B}{2}\right)} = \frac{R}{\sin\left(\frac{\pi}{2}-\frac{C}{2}\right)}$

$\Rightarrow P : Q : R = \sin\left(\frac{\pi}{2} - \frac{A}{2}\right) : \sin\left(\frac{\pi}{2} - \frac{B}{2}\right) : \sin\left(\frac{\pi}{2} - \frac{C}{2}\right)$

(দেখানো হলো)

04. উদ্দীপক-১: P, Q, R বলত্রয় একটি বিন্দুতে ক্রিয়া করে সাম্যাবস্থার সৃষ্টি করে। P ও Q এর মধ্যবর্তী কোণ 60° এবং P ও R এর মধ্যবর্তী কোণ 150°। [JB'22]

(খ) প্রমাণ কর যে, $P = Q = \frac{R}{\sqrt{3}}$.

(খ) Sol^n: দেওয়া আছে, $P \wedge Q = 60°$, $R \wedge P = 150°$

$\therefore Q \wedge R = 360° - (150° + 60°) = 150°$

যেহেতু, P, Q, R বল তিনটি সাম্যাবস্থার সৃষ্টি করে, সেহেতু,

$\frac{P}{\sin(Q\wedge R)} = \frac{Q}{\sin(R\wedge P)} = \frac{R}{\sin(P\wedge Q)}$

$\Rightarrow \frac{P}{\sin 150°} = \frac{Q}{\sin 150°} = \frac{R}{\sin 60°} \Rightarrow \frac{P}{\frac{1}{2}} = \frac{Q}{\frac{1}{2}} = \frac{R}{\frac{\sqrt{3}}{2}}$

$\Rightarrow P = Q = \frac{R}{\sqrt{3}} \therefore P = Q = \frac{R}{\sqrt{3}}$ (Proved)



05. দৃশ্যকল্প-২:  [Ctg.B'21]

(ক) সাম্যাবস্থায় লামির সূত্রটি লিখ। [BB'19]

(গ) দৃশ্যকল্প-২ এ O ত্রিভুজের অন্তঃকেন্দ্র। P, Q ও R বল তিনটি সাম্যাবস্থায় থাকলে প্রমাণ কর যে,

$\frac{P^2}{a(b+c-a)} = \frac{Q^2}{b(c+a-b)} = \frac{R^2}{c(a+b-c)}$.

(ক) Sol^n: "ভিন্ন ভিন্ন রেখা বরাবর কার্যরত তিনটি সমবিন্দু সমতলীয় বল সাম্যাবস্থায় থাকলে, তাদের প্রতিটি বলের মান অপর দুইটির অন্তর্গত কোণের সাইনের সমানুপাতিক হবে।"

(গ) Sol^n: O অন্তঃকেন্দ্র হওয়ায়, $\angle OBD = \angle OBF = \frac{1}{2}\angle B$

$\angle OCD = \angle OCA = \frac{1}{2}\angle C$

$\therefore \angle OBD + \angle OCD + \angle BOC = 180°$

$\Rightarrow \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C + \angle BOC = 180°$

$\Rightarrow \angle BOC = 180° - \frac{1}{2}(\angle B + \angle C)$

$= 180° - \frac{1}{2}(180° - \angle A) = 90° + \frac{1}{2}\angle A$



এখন, সাম্যাবস্থায় লামির উপপাদ্য অনুসারে,

$\frac{P}{\sin\angle EOF} = \frac{Q}{\sin\angle DOF} = \frac{R}{\sin\angle DOE}$

$\Rightarrow \frac{P}{\sin\angle BOC} = \frac{Q}{\sin\angle AOC} = \frac{R}{\sin\angle AOB}$ [বিপ্রতীপ কোণ]

$\Rightarrow \frac{P}{\sin\left(90°+\frac{A}{2}\right)} = \frac{Q}{\sin\left(90°+\frac{B}{2}\right)} = \frac{R}{\sin\left(90°+\frac{C}{2}\right)}$

$\Rightarrow \frac{P}{\cos\frac{A}{2}} = \frac{Q}{\cos\frac{B}{2}} = \frac{R}{\cos\frac{C}{2}} \Rightarrow \frac{P^2}{\cos^2\frac{A}{2}} = \frac{Q^2}{\cos^2\frac{B}{2}} = \frac{R^2}{\cos^2\frac{C}{2}}$

$\Rightarrow \frac{P^2}{2\cos^2\frac{A}{2}} = \frac{Q^2}{2\cos^2\frac{B}{2}} = \frac{R^2}{2\cos^2\frac{C}{2}}$

$\Rightarrow \frac{P^2}{1+\cos A} = \frac{Q^2}{1+\cos B} = \frac{R^2}{1+\cos C}$

$\Rightarrow \frac{P^2}{1+\frac{b^2+c^2-a^2}{2bc}} = \frac{Q^2}{1+\frac{c^2+a^2-b^2}{2ca}} = \frac{R^2}{1+\frac{a^2+b^2-c^2}{2ab}}$

$\Rightarrow \frac{P^2\times 2bc}{(b+c)^2-a^2} = \frac{Q^2\times 2ca}{(c+a)^2-b^2} = \frac{R^2\times 2ab}{(a+b)^2-c^2}$

$\Rightarrow \frac{P^2\times bc}{(b+c+a)(b+c-a)} = \frac{Q^2\times ca}{(c+a+b)(c+a-b)} = \frac{R^2\times ab}{(a+b+c)(a+b-c)}$

$\Rightarrow \frac{P^2\times abc}{a(b+c-a)} = \frac{Q^2\times abc}{b(c+a-b)} = \frac{R^2\times abc}{c(a+b-c)}$

$\Rightarrow \frac{P^2}{a(b+c-a)} = \frac{Q^2}{b(c+a-b)} = \frac{R^2}{c(a+b-c)}$ (Proved)

06. [BB'21]



(খ) দৃশ্যকল্প-১ এ O, ABC ত্রিভুজের লম্বকেন্দ্র এবং P_1, P_2, P_3 বলত্রয় সাম্যাবস্থার সৃষ্টি করলে প্রমাণ কর যে, $P_1 : P_2 : P_3 = BC : CA : AB$.

(খ) Sol^n:

এখানে, $A + \angle EOF = 180°$

$\Rightarrow \angle EOF = 180° - A$

অনুরূপভাবে,

$\angle DOE = 180° - C$

$\angle DOF = 180° - B$

$\frac{BC}{\sin A} = \frac{CA}{\sin B} = \frac{AB}{\sin C} = 2R$

[এখানে, R ত্রিভুজটির পরিবৃত্তের ব্যাসার্ধ]

Educationblog24.com



লামির সূত্রানুযায়ী $\frac{P_1}{\sin\angle EOF} = \frac{P_2}{\sin\angle DOF} = \frac{P_3}{\sin\angle DOE}$

$\Rightarrow \frac{P_1}{\sin(180°-A)} = \frac{P_2}{\sin(180°-B)} = \frac{P_3}{\sin(180°-C)}$

$\Rightarrow \frac{P_1}{\sin A} = \frac{P_2}{\sin B} = \frac{P_3}{\sin C} \Rightarrow \frac{P_1}{\frac{BC}{2R}} = \frac{P_2}{\frac{CA}{2R}} = \frac{P_3}{\frac{AB}{2R}}$

$\Rightarrow \frac{P_1}{BC} = \frac{P_2}{CA} = \frac{P_3}{AB} \therefore P_1 : P_2 : P_3 = BC : CA : AB$ **(Proved)**

07. O হলো বৃত্তটির কেন্দ্র। [SB'19]



(খ) X, Y, Z বলত্রয় সাম্যাবস্থায় থাকলে দেখাও যে,

$X : Y : Z = a\cos A : b\cos B : c\cos C$

(খ) Sol^n: $\angle BOC = 2\angle A$ [কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

অনুরূপে $\angle AOC = 2\angle B$; $\angle AOB = 2\angle C$

এখন, $\frac{X}{\sin 2A} = \frac{Y}{\sin 2B} = \frac{Z}{\sin 2C}$

$\Rightarrow \frac{X}{2\sin A\cos A} = \frac{Y}{2\sin B\cos B} = \frac{Z}{2\sin C\cos C}$

$\Rightarrow \frac{X}{\frac{a}{2R}\times\cos A} = \frac{Y}{\frac{b}{2R}\times\cos B} = \frac{Z}{\frac{c}{2R}\times\cos C}$

$\therefore X : Y : Z = a\cos A : b\cos B : c\cos C$ **(Showed)**

08. চিত্র-১: [CB'19]

প্রতিটি চিত্রে A ও B বিন্দুতে হাল্কা মসৃণ দড়ির দুই প্রান্ত বাঁধা যার ভেতর দিয়ে বিভিন্ন ওজন অবাধে গড়িয়ে চলতে পারে।

(ক) ১ নং চিত্রের ক্ষেত্রে দড়ির ভেতর দিয়ে একটি ওজন অবাধে ছেড়ে দিলে সেটি কোথায় কীভাবে ঝুলবে চিত্র অঙ্কনপূর্বক দেখাও।

(ক) Sol^n: O বরাবর নিচের দিকে ক্রিয়া করবে,



09. দৃশ্যকল্প-২: [RB'1



LD, ME ও NF যথাক্রমে MN, NLও LM এর উপর লম্ব।

(গ) দৃশ্যকল্প-২ এ উল্লিখিত বলগুলির লব্ধি শূন্য হলে প্রমা কর যে, $W_1 = W_2 = W_3$ যখন $l = m = n$.

(গ) Sol^n: LMN ত্রিভুজের L, M, N কৌণিক বিন্দু হতে বিপরী বাহুর উপর লম্বভাবে ক্রিয়ারত তিনটি বল W_1, W_2, W_3 এর লব্ধি শূন্য।

লামির সূত্র থেকে পাই, $\frac{W_1}{\sin FIE} = \frac{W_2}{\sin DIF} = \frac{W_3}{\sin EID}$

$\Rightarrow \frac{W_1}{\sin(\pi-L)} = \frac{W_2}{\sin(\pi-M)} = \frac{W_3}{\sin(\pi-N)}$

$\Rightarrow \frac{W_1}{\sin L} = \frac{W_2}{\sin M} = \frac{W_3}{\sin N}$ ..... (i)

আবার, ΔMNL হতে ত্রিভুজের সাইন সূত্র থেকে পাই,

$\frac{l}{\sin L} = \frac{m}{\sin M} = \frac{n}{\sin N}$ ..... (ii)

(i) ও (ii) হতে পাই, $\frac{W_1}{l} = \frac{W_2}{m} = \frac{W_3}{n}$

আবার, দেওয়া আছে, $l = m = n$

$\therefore W_1 = W_2 = W_3$ (প্রমাণিত)

নিজে করো

10. উদ্দীপক-১: [DB'22; JB'21]



(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত ত্রিভুজটির লম্বকেন্দ্র O। P_1, P_2, P_3 তিনটি বল যথাক্রমে OD, OE, OF বরাবর ক্রিয়া করে সাম্যাবস্থায় আছে। প্রমাণ কর যে,

$$\frac{P_1}{a^2(b^2+c^2-a^2)} = \frac{P_2}{b^2(c^2+a^2-b^2)} = \frac{P_3}{c^2(a^2+b^2-c^2)}$$

Educationblog24.com

11. দৃশ্যকল্প-১: [DB'21]



(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে O, ABC ত্রিভুজের অন্তঃকেন্দ্র এবং বলত্রয় সাম্যাবস্থায় থাকলে দেখাও যে,
$P_1^2 : P_2^2 : P_3^2 = (1 + \cos A) : (1 + \cos B) : (1 + \cos C)$.

12. [CB'17]



P, Q, R বলত্রয় $\triangle XYZ$ এর লম্ব কেন্দ্র হতে যথাক্রমে YZ, ZX ও XY বাহুর উপর লম্বভাবে ক্রিয়া করে সাম্যাবস্থায় থাকে। অথবা বলত্রয় যথাক্রমে X, Y, Z বিন্দুতে সদৃশ সমান্তরালভাবে ক্রিয়া করলে তাদের লাভি ত্রিভুজটির অন্তঃকেন্দ্রে ক্রিয়া করে।

(খ) উদ্দীপকের বলত্রয়ের সাম্যাবস্থায় থাকায় ক্ষেত্রে প্রমাণ কর যে, P : Q : R = x : y : z

Type-08: তিনটি বল সাম্যাবস্থায় থাকলে তা থেকে বিভিন্ন অজানা রাশির মান নির্ণয়

Concept

লামির সূত্র: একই বিন্দুতে ভিন্ন ভিন্ন রেখা বরাবর ক্রিয়ারত তিনটি সমতলীয় বল যদি সাম্যাবস্থায় থাকে তবে প্রত্যেকটি বলের মান অপর বল দুইটির অন্তর্ভুক্ত কোণের সাইন (sine) এর সমানুপাতিক।

অর্থাৎ, $\frac{P}{\sin\alpha} = \frac{Q}{\sin\beta} = \frac{R}{\sin\gamma}$

বলের ত্রিভুজ সূত্রের বিপরীত সূত্র: একটি বিন্দুতে ক্রিয়ারত তিনটি বল সাম্যাবস্থায় থাকলে তাদেরকে ক্রমানুসারে ত্রিভুজের তিনটি বাহু দ্বারা মানে ও দিকে (অবস্থানে নয়) একই ক্রমে সূচিত করা যায়। সেক্ষেত্রে, যে বলটি যে বাহু বরাবর ক্রিয়ারত তা ঐ বাহুর দৈর্ঘ্যের সমানুপাতিক।





$\therefore \frac{P}{BC} = \frac{Q}{CA} = \frac{R}{AB}$

বলের লম্ব ত্রিভুজ সূত্র: কোন বিন্দুতে ক্রিয়ারত তিনটি বলের মান যদি ত্রিভুজের তিনটি বাহুর সমানুপাতিক হয় এবং ইহারা যদি অনুষঙ্গী বাহুর উপর লম্ব বরাবর ক্রিয়া করে তবে বলগুলো সুস্থিত থাকবে।



$\frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{R}{AB}$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 উদ্দীপক-১: x cm দৈর্ঘ্যবিশিষ্ট একটি সুতার একপ্রান্ত একটি উলম্ব দেওয়ালে আটকানো এবং অন্য প্রান্ত x cm ব্যাসার্ধবিশিষ্ট একটি সুষম গোলকের সাথে যুক্ত আছে। [DB'23]

(খ) উদ্দীপক-১ এর গোলকের ওজন 8 kg হলে সুতার টান নির্ণয় কর।

(খ) Sol^n:



বলের ত্রিভুজ সূত্রের বিপরীত সূত্রানুসারে, $\frac{8}{\sqrt{3}x} = \frac{F}{2x}$

$\therefore$ সুতার টান $= F = \frac{2x}{\sqrt{3}} = \frac{16x\sqrt{3}}{3}$ kg (Ans.)

02 দৃশ্যকল্প-১:

[Dhk.B'23; RB'21]

(খ) দৃশ্যকল্প-১ এ CD = r ব্যাসার্ধবিশিষ্ট একটি সুষম গোলকের একপ্রান্ত AD = l দৈর্ঘ্যবিশিষ্ট একটি অপরিবর্তনশীল সুতার সাহায্যে কোনো খাড়া দেয়ালে আটকানো। এটি দেয়ালকে B বিন্দুতে স্পর্শ করে। প্রমাণ কর যে, দেয়ালের প্রতিক্রিয়া বল, $R = \frac{Wa}{\sqrt{2al+l^2}}$

Educationblog24.com

(খ) Sol^n: দেওয়া আছে, CD = r আর AD = l. সাম্যাবস্থার জন্য গোলকের ওজন (W), দেয়ালের প্রতিক্রিয়া (R) ও সুতার টান (T), C বিন্দুতে সাম্যাবস্থায় থাকবে।



সুতরাং, লামির উপপাদ্য অনুসারে,

$$\frac{T}{\sin(W\wedge R)} = \frac{W}{\sin(R\wedge T)} = \frac{R}{\sin(T\wedge W)}$$

এখানে, $W \wedge R = 90°$

আর $T \wedge R = 180° - \angle ACB, T \wedge W = 90° + \angle ACB$

$$\Rightarrow \frac{W}{\sin(180°-\angle ACB)} = \frac{R}{\sin(90°+\angle ACB)}$$



$AC = CB + AD = l + r$ $\quad AB = \sqrt{(l+r)^2 - r^2} = \sqrt{2rl + l^2}$

$$\Rightarrow \frac{W}{\sin(\angle ACB)} = \frac{R}{\cos(\angle ACB)} \Rightarrow \frac{W}{\frac{AB}{AC}} = \frac{R}{\frac{CB}{AC}} \Rightarrow R = \frac{W\times CB}{AB}$$

$$\therefore R = \frac{W\times r}{\sqrt{2rl+l^2}}$$

সুতরাং, দেয়ালের প্রতিক্রিয়া বল $R = \frac{W\times r}{\sqrt{2rl+l^2}}$

$$\therefore R = \frac{Wa}{\sqrt{2al+l^2}}$$ [r = a ধরে] **(Proved)**

03. দৃশ্যকল্প-২: একটি হেলানো মসৃণ সমতলের দৈর্ঘ্য ও ভূমির সমান্তরাল বরাবর যথাক্রমে F_1 ও F_2 বলদ্বয় ক্রিয়ারত থেকে প্রত্যেকে এককভাবে তলের উপরস্থ W ওজনের একটি বস্তুকে স্থিরভাবে ধরে রাখতে পারে। [MB'23]

(গ) প্রমাণ কর যে, $W = \frac{F_1 F_2}{\sqrt{F_2^2 - F_1^2}}$

(গ) Sol^n:



চিত্র-১



চিত্র-২

ধরি, θ কোণে তলটি হেলানো রয়েছে। W = বস্তুর ওজন।

চিত্র-১ হতে, $\frac{W}{\sin 90°} = \frac{F_1}{\sin(180°-\theta)} \Rightarrow W = \frac{F_1}{\sin\theta}$

$$\Rightarrow \operatorname{cosec}\theta = \frac{W}{F_1} \ldots\ldots\ldots (i)$$

চিত্র-২ হতে, $\frac{W}{\sin(90°+\theta)} = \frac{F_2}{\sin(180°-\theta)}$

$$\Rightarrow \frac{W}{\cos\theta} = \frac{F_2}{\sin\theta} \Rightarrow \cot\theta = \frac{W}{F_2} \ldots\ldots\ldots (ii)$$

$(i)^2 - (ii)^2 \Rightarrow \operatorname{cosec}^2\theta - \cot^2\theta = \frac{W^2}{F_1^2} - \frac{W^2}{F_2^2} = 1$

$$\Rightarrow W^2 \times \frac{F_2^2 - F_1^2}{F_1^2 F_1^2} = 1 \Rightarrow W^2 = \frac{F_1^2 F_2^2}{F_2^2 - F_1^2}$$

$$\Rightarrow W = \frac{F_1 F_2}{\sqrt{F_2^2 - F_1^2}}$$ (প্রমাণিত)

04. W এর ওজনের বস্তুটি দুইটি সুতার সাহায্যে বেঁধে ঝুলিয়ে সাম্যাবস্থায় রাখা হল। [Din.B'21; MB'21]



(খ) α এর মান কত হলে T_2 টানের মান সর্বনিম্ন হবে?

(গ) $\alpha = 30°$ হলে, T_1 ও T_2 নির্ণয় কর যখন, W = 10N.

(খ) Sol^n: সাম্যাবস্থায় লামির সূত্রানুসারে,

$$\frac{T_2}{\sin(180°-30°)} = \frac{T_1}{\sin(180°-\alpha)} = \frac{W}{\sin(\alpha+30°)}$$

$$\frac{T_2}{\sin150°} = \frac{T_1}{\sin\alpha} = \frac{W}{\sin(\alpha+30°)} \Rightarrow T_2 = \frac{W\sin150°}{\sin(\alpha+30°)}$$

এখন $\sin(\alpha + 30)$ সর্বোচ্চ হলে T_2 সর্বনিম্ন হবে। সেক্ষেত্রে $\alpha + 30° = 90°$; $\alpha = 60°$ **(Ans.)**

(গ) Sol^n: $\alpha = 30°$ এবং W = 10N হলে,

$$\frac{T_2}{\sin150°} = \frac{T_1}{\sin150°} = \frac{10}{\sin60°}$$

$$\therefore T_1 = T_2 = \sin30° \cdot \frac{10}{\sin60°} = \frac{1}{2}\cdot\frac{10}{\sqrt{3}} \times 2 = \frac{10}{\sqrt{3}}N$$

$$\therefore T_1 = T_2 = \frac{10}{\sqrt{3}}N$$ **(Ans.)**

05. চিত্র-২: [MB'21]



(গ) চিত্র-২ এ AB সুতার A প্রান্ত একটি খাড়া দেয়ালে আটকানো এবং গোলকটির ওজন W হলে AB সুতাটির টান নির্ণয় কর।

(গ) Sol^n:



Educationblog24.com

লামির উপপাদ্য অনুযায়ী, $\frac{T}{\sin 90^\circ} = \frac{W}{\sin(\pi-\theta)}$

$\Rightarrow T = \frac{W}{\sin\theta}$

$\Rightarrow T = \frac{W}{\frac{AD}{AC}} \Rightarrow T = W \times \frac{AC}{AD}$

$\Rightarrow T = W \times \frac{2a}{\sqrt{4a^2-a^2}}$

$\Rightarrow T = W \times \frac{2a}{\sqrt{3}a}$

$\Rightarrow T = \frac{2}{\sqrt{3}}W$ **(Ans.)**

06. দৃশ্যকল্প-১: L, M, N মানের সুস্থিত তিনটি বলের ক্রিয়ারেখা ABC ত্রিভুজের BC, CA, AB বাহুর সমান্তরাল। বাহু তিনটির দৈর্ঘ্য যথাক্রমে 25, 60, 65 সে.মি। L ও M মানের বলদ্বয়ের সমষ্টি 51 গ্রাম ওজন। [JB'17]

(খ) দৃশ্যকল্প-১ হতে বলগুলির মান নির্ণয় কর।

(খ) Sol^n: দেওয়া আছে, BC = 25 সে.মি. ; CA = 60 সে.মি. ; AB = 65 সে.মি.

$\therefore \Delta ABC$ এর $\angle C = 90^\circ$

যেহেতু বলগুলো সুস্থিত এবং ΔABC এর বাহুগুলোর সমান্তরাল কাজেই,

$\frac{L}{BC} = \frac{M}{CA} = \frac{N}{AB} \Rightarrow \frac{L}{25} = \frac{M}{60} = \frac{N}{65}$

$\Rightarrow \frac{L}{5} = \frac{M}{12} = \frac{N}{13} \Rightarrow \frac{L}{5} = \frac{M}{12}$

$\Rightarrow 12L = 5M \therefore M = \frac{12}{5}L$ ..... (i)



আবার, $\frac{M}{12} = \frac{N}{13} \Rightarrow 13M = 12N$

$\Rightarrow \frac{13\cdot12}{5}L = 12N$ [(i) হতে]

$L = \left(\frac{5\times12}{13\times12}\right)N \therefore L = \frac{5}{13}N$ ..... (ii)

$\therefore \frac{L+M}{5+12} = \frac{N}{13} \Rightarrow \frac{51}{17} = \frac{N}{13} \Rightarrow N = 39$;

এখন N এর মান (ii) এ বসিয়ে পাই, $L = \frac{5}{13} \times 39$

$\therefore L = 15$

L এর মান (i) এ বসিয়ে পাই, $M = \frac{12}{5} \times 15 \therefore M = 36$

$\therefore$ L = 15 গ্রাম ওজন, M = 36 গ্রাম ওজন এবং N = 39 গ্রাম ওজন। **(Ans.)**

নিজে করো

07. [CB'19]



চিত্র-২



চিত্র-৩

প্রতিটি চিত্রে A ও B বিন্দুতে হাল্কা মসৃণ দড়ির দুই প্রান্ত বাঁধা যার ভেতর দিয়ে বিভিন্ন ওজন অবাধে গড়িয়ে চলতে পারে।

(খ) ২ নং চিত্রের ক্ষেত্রে W ওজন সাম্যাবস্থায় থাকলে W এর মান কত নিউটন নির্ণয় কর। **[Ans: 20.014N]**

(গ) ৩ নং চিত্রে C বিন্দুতে 20 kg ভরকে সাম্যাবস্থায় ঝুলানোর জন্য T_1 এবং T_2 এর মান কত হওয়া প্রয়োজন তা নিউটন এককে নির্ণয় কর। **[Ans: 263.044N]**

08. দৃশ্যকল্প-২: 17 সে.মি. দীর্ঘ একটি সুতার প্রান্তদ্বয় একই আনুভূমিক রেখায় 13 সে.মি. দূরে অবস্থিত দুটি বিন্দুতে আবদ্ধ আছে। সুতাটির এক প্রান্ত হতে 5 সে.মি. দূরে তার সাথে 3 কেজি ওজনের একটি বস্তু সংযুক্ত করা হলো। **[Din.B'19]**

(গ) দৃশ্যকল্প-২ অনুযায়ী সুতাটির প্রত্যেক অংশের টান নির্ণয় কর। **[Ans: $\frac{15}{13}$ kg-wt; $\frac{36}{13}$ kg-wt]**

Educationblog24.com

Type-09: সদৃশ সমান্তরাল বল এর লব্ধি

Concept

সদৃশ সমান্তরাল বলের লব্ধি: P ও Q সদৃশ সমান্তরাল বলদ্বয় কোনো বস্তুর উপর যথাক্রমে A ও B বিন্দুতে ক্রিয়ারত থাকলে এদের লব্ধির মান হবে $R = P + Q$ যা এদের মধ্যবর্তী কোনো বিন্দু C (যা বৃহত্তর বলের নিকটবর্তী) তে কাজ করবে।



[চিত্রে P > Q]

(1) $P \cdot AC = Q \cdot BC \Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P+Q}{AB} = \frac{R}{AB}$

(2) সূত্র হিসেবে মনে রাখতে পারো: (For MCQ)

(i) P ও Q দুইটি সদৃশ সমান্তরাল বল হলে, P এর ক্রিয়ারেখা সমান্তরাল রেখে তার ক্রিয়াবিন্দুকে x দূরত্বে সরালে লব্ধি $\frac{Px}{P+Q}$ দূরে সরে যাবে।

(ii) A ও B বিন্দুতে ক্রিয়ারত P ও Q দুইটি সদৃশ সমান্তরাল বল পরস্পর অবস্থান বিনিময় করলে লব্ধি $\frac{P-Q}{P+Q} \cdot AB$ দূরত্ব সরে যাবে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-২: P_1 ও P_2 দুইটি সমমুখী সমান্তরাল বল একটি দৃঢ় বস্তুর A ও B বিন্দুতে ক্রিয়া করে এবং বলদ্বয় অবস্থান বিনিময় করলে তাদের লব্ধি AB বরাবর S দূরত্বে সরে যায়। [Ctg.B, CB'22; RB'21]

(গ) দৃশ্যকল্প-২ হতে দেখাও যে, $S = \frac{P_1 - P_2}{P_1 + P_2} AB$ যেখানে $P_1 > P_2$.

(গ) Sol^n: মনে করি, A ও B বিন্দুতে কার্যরত দুটি সদৃশ সমান্তরাল বলের লব্ধি $(P_1 + P_2)$ যা C বিন্দুতে ক্রিয়া করে।

$\therefore P_1 \cdot AC = P_2 \cdot BC \Rightarrow \frac{P_1}{BC} = \frac{P_2}{AC} = \frac{P_1+P_2}{AB}$

$\therefore AC = \frac{P_2}{P_1+P_2} \cdot AB \ldots\ldots\ldots$ (i)



আবার ধরি, বল দুটি স্থান বিনিময় করলে লব্ধি D বিন্দুতে ক্রিয়ারত হবে।

$\therefore P_2 \cdot AD = P_1 \cdot BD \Rightarrow \frac{P_2}{BD} = \frac{P_1}{AD} = \frac{P_1+P_2}{AB}$

$\therefore AD = \frac{P_1}{P_1+P_2} \cdot AB \ldots\ldots\ldots$ (ii)

(ii) − (i) $\Rightarrow AD - AC = \frac{P_1}{P_1+P_2} \cdot AB - \frac{P_2}{P_1+P_2} \cdot AB$

$\Rightarrow CD = \frac{P_1-P_2}{P_1+P_2} \cdot AB \therefore S = \frac{P_1-P_2}{P_1+P_2} AB$ (Showed)

02. দৃশ্যকল্প-১: [Ctg.B'22; MB'22]



(খ) দৃশ্যকল্প-১ এ নির্দেশিত সদৃশ, সমান্তরাল বলদ্বয় পরস্পর স্থান বিনিময় করলে লব্ধির ক্রিয়াবিন্দু AB বরাবর d দূরত্বে সরে যায়। প্রমাণ কর যে, $d = \frac{10}{7}$ মিটার।

(খ) Sol^n: মনে করি, $P = 24\ N, Q = 18\ N, AB = 10\ m$



মনে করি, P ও Q বলের লব্ধি (P + Q) বলটি C বিন্দুতে ক্রিয়ারত

অর্থাৎ $P \cdot AC = Q \cdot BC \Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC}$

অর্থাৎ, $\frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P+Q}{AB} \therefore AC = \frac{Q}{P+Q} \cdot AB \ldots\ldots\ldots$ (i)

আবার, বল দুটি স্থান বিনিময় করলে লব্ধি (P + Q) বলটি D বিন্দুতে ক্রিয়া করে। (ধরি)

অর্থাৎ, $Q \cdot AD = P \cdot BD \Rightarrow \frac{Q}{BD} = \frac{P}{AD}$

$\Rightarrow \frac{P}{AD} = \frac{Q}{BD} = \frac{P+Q}{AD+BD} \Rightarrow \frac{AD}{P} = \frac{AB}{P+Q}$

$\therefore AD = \frac{P}{P+Q} \cdot AB \ldots\ldots\ldots$ (ii)

এখন, (ii) − (i), $\Rightarrow AD - AC = \frac{P-Q}{P+Q} \cdot AB$

$\therefore d = \frac{P-Q}{P+Q} \cdot AB = \frac{24-18}{24+18} \times 10 \therefore d = \frac{10}{7}$ মিটার। (প্রমাণিত)

03. দৃশ্যকল্প-২: P ও Q মানের দুইটি সমমুখী সমান্তরাল বল একটি কঠিন বস্তুর উপর ক্রিয়া করছে। P বলটির ক্রিয়ারেখা সমান্তরাল রেখে তার ক্রিয়াবিন্দুকে Q এর দিকে b দূরত্বে সরানো হলো।

(গ) দৃশ্যকল্প-২ হতে দেখাও যে, বলদ্বয়ের লব্ধি $\frac{Pb}{P+Q}$ দূরে সরে যায়। [SB'22; BB'22; DB'19]

Educationblog24.com

(গ) Sol^n: মনে করি, A ও B বিন্দুতে ক্রিয়াশীল P ও Q দুইটি সদৃশ সমান্তরাল বলের লব্ধির ক্রিয়াবিন্দু C হলে,

$P \cdot AC = Q \cdot BC$ ..... (i)

আবার, P বলটির ক্রিয়ারেখা সমান্তরালে রেখে ক্রিয়াবিন্দুকে Q এর দিকে b দূরত্বে সরিয়ে A' এ আনলে যদি লব্ধির ক্রিয়াবিন্দু C' হয় তবে $P \cdot A'C' = Q \cdot BC'$

$\Rightarrow P(A'C + CC') = Q \cdot BC'$



$\Rightarrow P(AC - AA') + P \cdot CC' = Q \cdot BC'$

$\Rightarrow P \cdot AC - P \cdot AA' + P \cdot CC' = Q(BC - CC')$

$\Rightarrow P \cdot AC - P \cdot AA' + P \cdot CC' = Q \cdot BC - Q \cdot CC'$

$\Rightarrow P \cdot AA' = P \cdot CC' + Q \cdot CC'$ [(i) হতে]

$\Rightarrow P \cdot b = (P + Q) \cdot CC' \therefore CC' = \frac{Pb}{P+Q}$ (Showed)

১১ [CB'22]



(খ) উদ্দীপকে উল্লিখিত সমান্তরাল বলদ্বয়ের ক্রিয়াবিন্দুর অবস্থান বিনিময় করলেও যদি তাদের লব্ধির ক্রিয়াবিন্দুর অবস্থান অপরিবর্তিত থাকে তবে দেখাও যে, F = G.

(খ) Sol^n:



১ম ক্ষেত্রে, $F \cdot AC = G \cdot BC$

$\Rightarrow \frac{F}{BC} = \frac{G}{AC} \Rightarrow \frac{AC}{BC} = \frac{G}{F}$ ..... (i)

২য় ক্ষেত্রে, $G \cdot AC = F \cdot BC \Rightarrow \frac{G}{F} = \frac{BC}{AC}$

$\Rightarrow \frac{AC}{BC} = \frac{F}{G} \Rightarrow \frac{G}{F} = \frac{F}{G}$ [(i) হতে]

$\Rightarrow F^2 = G^2 \therefore F = G$ (Showed)

১২ [DB'17]



(খ) P কে (R + 3) পরিমাণে এবং Q কে (S + 2) পরিমাণে বৃদ্ধি করলেও লব্ধি C বিন্দুতে ক্রিয়া করে। আবার P, Q এর পরিবর্তে যথাক্রমে Q, (R + 3) ক্রিয়া করলেও লব্ধি C বিন্দুতে ক্রিয়া করে। প্রমাণ কর যে, $R = S + \frac{(Q-R-3)^2}{P-Q} - 1$

(খ) Sol^n: মনে করি, A ও B বিন্দুতে ক্রিয়ারত যথাক্রমে সদৃশ সমান্তরাল বল P, Q এর লব্ধি C বিন্দুতে ক্রিয়া করে।

সুতরাং আমরা পাই, $P \cdot AC = Q \cdot BC$ ..... (i)

প্রদত্ত বলদ্বয়কে যথাক্রমে (R + 3) ও (S + 2) পরিমাণে বৃদ্ধি করলে A ও B বিন্দুতে ক্রিয়ারত সদৃশ সমান্তরাল বলদ্বয়ের মান হয় যথাক্রমে (P + R + 3) ও (Q + S + 2) এবং এদের লব্ধিও C বিন্দুগামী হয়।

সুতরাং আমরা পাই, $(P + R + 3)AC = (Q + S + 2)BC$ ..... (ii)

আবার, A ও B বিন্দুতে ক্রিয়ারত বলদ্বয়কে যথাক্রমে Q ও (R + 3) দ্বারা প্রতিস্থাপন করলেও লব্ধির ক্রিয়াবিন্দু অপরিবর্তিত থাকে।



সুতরাং আমরা পাই, $Q \cdot AC = (R + 3) \cdot BC$ ..... (iii)

সমীকরণ (i) ÷ (iii) হতে পাই $\Rightarrow \frac{P}{Q} = \frac{Q}{R+3}$

$\Rightarrow \frac{P}{Q} = \frac{Q}{R+3} = \frac{P-Q}{Q-R-3}$ ..... (iv)

আবার, (ii) − (i) $\Rightarrow (R + 3)AC = (S + 2)BC$ ..... (v)

আবার, (iii) ÷ (v) $\Rightarrow \frac{Q}{R+3} = \frac{R+3}{S+2}$

$\Rightarrow \frac{Q}{R+3} = \frac{R+3}{S+2} = \frac{Q-R-3}{R-S+1}$ ..... (vi)

(iv) ও (vi) নং সমীকরণ থেকে পাই,

$\frac{P-Q}{Q-R-3} = \frac{Q-R-3}{R-S+1} \Rightarrow R - S + 1 = \frac{(Q-R-3)^2}{P-Q}$

$\therefore R = S + \frac{(Q-R-3)^2}{P-Q} - 1$ (প্রমাণিত)।

১৩ দৃশ্যকল্প-২: P_1 এবং P_2 দুইটি সদৃশ সমান্তরাল বল যথাক্রমে A ও B বিন্দুতে ক্রিয়াশীল। [BB'17]

(গ) দৃশ্যকল্প-২ এ, $P_1 = 4$, $P_2 = 6$ হলে এবং বল দুইটির প্রত্যেককে 2 একক পরিমাণে বৃদ্ধি করলে লব্ধির সরণ নির্ণয় কর।

(গ) Sol^n:



মনে করি, A ও B বিন্দুতে ক্রিয়ারত যথাক্রমে $P_1 = 4$ একক ও $P_2 = 6$ একক বলদ্বয়ের লব্ধি C বিন্দুতে ক্রিয়াশীল।

অতএব, $\frac{AC}{6} = \frac{BC}{4} = \frac{AC+BC}{6+4} = \frac{AB}{10} \Rightarrow AC = \frac{6}{10}AB$

$\Rightarrow AC = \frac{3AB}{5}$ ..... (i)

দ্বিতীয় ক্ষেত্রে, প্রত্যেকের সাথে 2 একক পরিমাণে বল বৃদ্ধির ফলে লব্ধি D বিন্দুতে ক্রিয়া করলে, $\frac{AD}{8} = \frac{BD}{6} = \frac{AD+BD}{8+6} = \frac{AB}{14}$

$\Rightarrow AD = \frac{8}{14}AB \Rightarrow AD = \frac{4AB}{7}$ ..... (ii)

(i) − (ii) $\Rightarrow AC - AD = \left(\frac{3}{5} - \frac{4}{7}\right)AB \Rightarrow CD = \frac{AB}{35}$

$\therefore$ লব্ধির সরণ $= \frac{\text{বলদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব}}{35}$ (Ans.)

Educationblog24.com

07. (ক) 32cm ব্যবধানে দুটি বিন্দুতে 15kg ও 9kg ওজনের দুটি সদৃশ সমান্তরাল বল কার্যরত আছে। উহাদের লব্ধি ও প্রয়োগ বিন্দু নির্ণয় কর। [চুয়াডাঙ্গা সরকারি কলেজ]

(ক) Sol^{n}:



দুটি সদৃশ সমান্তরাল বলদ্বয়ের লব্ধি,

$R = (15 + 9)kg = 24kg.$ (Ans.)

এখন, $AC \times 15 = BC \times 9$

$\Rightarrow x \times 15 = (32 - x) \times 9$

$\Rightarrow 15x = 32 \times 9 - 9x \Rightarrow 24x = 32 \times 9$

$\Rightarrow x = \frac{32 \times 9}{24} \therefore x = 12$

সুতরাং, প্রয়োগবিন্দু A থেকে 12cm দূরে অবস্থিত। (Ans.)

নিজে করো

08. দৃশ্যকল্প-২:



[MB'22]

(গ) দৃশ্যকল্প-২ এ বলদ্বয় স্থান বিনিময় করলে তাদের লব্ধি AB বরাবর কত মিটার দূরে সরে যাবে তা নির্ণয় কর।

[Ans: $d = \frac{20}{3}$ মিটার।]

09. দৃশ্যকল্প-২:



P>Q এবং AC=CD=BD

[DB'21]

(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে বলদ্বয়ের লব্ধি C বিন্দুতে এবং বলদ্বয় পরস্পর স্থান বিনিময় করলে লব্ধি D বিন্দুতে ক্রিয়াশীল হলে প্রমাণ কর যে, P: Q = 2: 1.

10. দৃশ্যকল্প-১: 16N ও 12N দুইটি সমমুখী সমান্তরাল একটি কঠিন বস্তুর উপর যথাক্রমে L ও M বিন্দুতে ক্রিয়ারত আছে।

(গ) দৃশ্যকল্প-১ হতে বলদ্বয় অবস্থান বিনিময় করলে LM বরাবর তাদের লব্ধির সরণ নির্ণয় কর।

[JB'21; Ctg.B'19] [Ans: $y - x = \frac{1}{7}a$]

11. (ক) 10N ও 5N দুইটি সমমুখী সমান্তরাল বল A ও B বিন্দুতে ক্রিয়া করে। 10N বলটির ক্রিয়ারেখা সমান্তরাল রেখে তার ক্রিয়া বিন্দুকে B বিন্দুর দিকে 2 সে.মি. দূরত্বে সরালে লব্ধি কত দূরত্বে সরে যাবে? [হলি ক্রস কলেজ, ঢাকা]

[Ans: $\frac{4}{3}$ cm]

Type-10: সদৃশ সমান্তরাল বলের ক্ষেত্রে ত্রিভুজ

Concept

এসব ক্ষেত্রে সমান্তরাল বলের Concept এবং ত্রিভুজের গুণাবলি ব্যবহার করে হিসাব করতে হবে।

ΔABC এর A, B, C তে তিনটি সমমুখী সমান্তরাল বল $\vec{P}, \vec{Q}, \vec{R}$ ক্রিয়া করলে এবং লব্ধি O বিন্দুগামী হলে:

(i) O বিন্দু ভরকেন্দ্র হলে, P = Q = R

(ii) O বিন্দু লম্ববিন্দু হলে, P : Q : R = tan A : tan B : tan C

(iii) O বিন্দু অন্তঃকেন্দ্র হলে, P : Q : R = sinA : sinB : sinC

(iv) O বিন্দু পরিকেন্দ্র হলে, P : Q : R = sin 2A : sin2B : sin2C



সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. উদ্দীপক-২:



[DB'23, 22; JB, RB'21; CB'17]

(গ) উদ্দীপক-২ এর বলত্রয় সদৃশ সমান্তরাল এবং I বিন্দুটি ত্রিভুজের অন্তঃকেন্দ্র হলে, প্রমাণ কর যে, P: Q: R = a: b: c

(গ) Sol^{n}:



Educationblog24.com

Q ও R সদৃশ সমান্তরাল বলদ্বয়ের লব্ধি Q + R, BC রেখার কোথাও ক্রিয়াশীল হবে। আবার, P ও Q + R বলদ্বয়ের লব্ধি (অবশ্যই সদৃশ সমান্তরাল) চিত্রমতে I বিন্দুতে P + Q + R হিসেবে ক্রিয়াশীল। অর্থাৎ Q + R, অবশ্যই BC ও AD এর ছেদবিন্দু D তে ক্রিয়াশীল।

এখন, $Q \cdot BD = R \cdot CD$

$\Rightarrow Q \cdot \frac{BD}{AD} = R \cdot \frac{CD}{AD}$

$\Rightarrow Q \cdot \frac{\sin\frac{A}{2}}{\sin B} = R \cdot \frac{\sin\frac{A}{2}}{\sin C}$

$\Rightarrow \frac{Q}{\sin B} = \frac{R}{\sin C}$

অনুরূপভাবে, $\frac{R}{\sin C} = \frac{P}{\sin A}$

ΔABD এ,

$\frac{BD}{\sin\angle BAD} = \frac{AD}{\sin\angle ABD}$

$\Rightarrow \frac{BD}{\sin\frac{A}{2}} = \frac{AD}{\sin B}$

$\therefore \frac{BD}{AD} = \frac{\sin\frac{A}{2}}{\sin B}$

অনুরূপভাবে, $\frac{CD}{AD} = \frac{\sin\frac{A}{2}}{\sin C}$

অর্থাৎ, $\frac{P}{\sin A} = \frac{Q}{\sin B} = \frac{R}{\sin C} \Rightarrow \frac{2R' \cdot P}{a} = \frac{2R' \cdot Q}{b} = \frac{2R' \cdot R}{c}$

[sine সূত্র অনুসারে যেখানে R′ = পরিব্যাসার্ধ]

P: Q: R = a: b: c (প্রমাণিত)

02. [Ctg.B'23; SB'21]



চিত্র-১

(খ) ১নং চিত্রে R, S, T বলত্রয়ের লব্ধি H বিন্দুগামী হলে প্রমাণ কর যে, $\frac{R}{\tan A} = \frac{S}{\tan B} = \frac{T}{\tan C}$

(খ) Sol^n:



এখানে, H লম্ববিন্দু এবং R, S, T বলত্রয়ের লব্ধি H বিন্দুগামী।

$\therefore$ AD ⊥ BC; S ও T বলের লব্ধি (S + T)। বলটি BC রেখাস্থ কোনো বিন্দুতে ক্রিয়া করে। আবার R বলটি A বিন্দুতে এবং বলত্রয়ের লব্ধি H বিন্দুতে ক্রিয়া করে। কাজেই, (S + T) বলটি AD এবং BC-এর ছেদবিন্দু D -তে অবশ্যই ক্রিয়া করবে।

$\therefore S \cdot BD = T \cdot CD \Rightarrow S \cdot \frac{BD}{AD} = T \cdot \frac{CD}{AD}$

$\Rightarrow S \cdot \cot B = T \cot C$

অনুরূপভাবে, $R \cot A = S \cot B$

সুতরাং, $R \cot A = S \cot B = T \cot C$

$\Rightarrow \frac{R}{\tan A} = \frac{S}{\tan B} = \frac{T}{\tan C}$ (প্রমাণিত)

03. [BB'23]



(গ) উদ্দীপকের P, Q, R বলগুলো ক্রিয়া না করলে, শুধুমাত্র A, B, C বিন্দুতে ক্রিয়ারত U, V, W মানের সদৃশ, সমান্তরাল বলের লব্ধি পরিকেন্দ্র O গামী হলে প্রমাণ কর যে, U: V: W = a cos A : b cos B : c cos C.

(গ) Sol^n:



A, B, C বিন্দুতে ক্রিয়ারত যথাক্রমে U, V, W এর লব্ধি U + V + W, ΔABC এর পরিকেন্দ্র O বিন্দুগামী হতে হলে, B ও C বিন্দুতে ক্রিয়ারত V এবং W বলের লব্ধি V + W অবশ্যই AD ও BC এর ছেদবিন্দু D বিন্দুগামী হতে হবে।

$\therefore V \cdot BD = W \cdot CD \Rightarrow V \cdot \frac{BD}{OD} = W \cdot \frac{CD}{OD}$

$\Rightarrow V \cdot \frac{\sin\angle BOD}{\sin\angle OBD} = W \cdot \frac{\sin\angle COD}{\sin\angle OCD}$

$\Rightarrow V\frac{\sin(\pi - \angle AOB)}{\sin\angle OBD} = W\frac{\sin(\pi - \angle AOC)}{\sin\angle OBD}$

[OB = OC (একই বৃত্তের ব্যাসার্ধ) $\therefore \angle OBD = \angle OCD$]

$\Rightarrow V \sin(\pi - 2C) = W \sin(\pi - 2B)$

[কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

$\Rightarrow V \sin 2C = W \sin 2B \Rightarrow \frac{V}{\sin 2B} = \frac{W}{\sin 2C}$

অনুরূপভাবে প্রমাণ করা যায়, $\frac{U}{\sin 2A} = \frac{V}{\sin 2B}$

$\therefore \frac{U}{\sin 2A} = \frac{V}{\sin 2B} = \frac{W}{\sin 2C}$

$\Rightarrow \frac{U}{2\sin A\cos A} = \frac{V}{2\sin B\cos B} = \frac{W}{2\sin C\cos C}$

$\Rightarrow \frac{U}{2\frac{a}{2R}\cos A} = \frac{V}{2\frac{b}{2R}\cos B} = \frac{W}{2\frac{c}{2R}\cos C}$

$\Rightarrow \frac{U}{a\cos A} = \frac{V}{b\cos B} = \frac{W}{c\cos C}$

$\Rightarrow U: V: W = a\cos A : b\cos B : c\cos C$ (প্রমাণিত)

04. দৃশ্যকল্প-১: [BB'21]

(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে প্রমাণ কর যে, C ও A বিন্দুতে P বলের সমান্তরাল অংশকদ্বয়ের অনুপাত sin 2C : sin 2A.

Educationblog24.com

(খ) Sol^n: এখানে $OA = OB = OC = r$ এবং $\angle BOC = 2A$, $\angle AOB = 2C$, $\angle AOC = 2B$

[$\because$ কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

O, A ও O, C যোগ করি। ধরি, A ও C বিন্দুতে সমান্তরাল অংশকদ্বয় যথাক্রমে P_A ও P_C



এখানে, $\frac{AD}{CD} = \frac{\Delta ABD \text{ এর ক্ষেত্রফল}}{\Delta BCD \text{ এর ক্ষেত্রফল}} = \frac{\Delta AOD \text{ এর ক্ষেত্রফল}}{\Delta COD \text{ এর ক্ষেত্রফল}}$

$\Rightarrow \frac{AD}{CD} = \frac{\Delta ABD \text{ এর ক্ষেত্রফল} - \Delta AOD \text{ এর ক্ষেত্রফল}}{\Delta BCD \text{ এর ক্ষেত্রফল} - \Delta COD \text{ এর ক্ষেত্রফল}} = \frac{\Delta AOB \text{ এর ক্ষেত্রফল}}{\Delta BOC \text{ এর ক্ষেত্রফল}}$

$\Rightarrow \frac{AD}{CD} = \frac{\frac{1}{2} \times r^2 \sin \angle AOB}{\frac{1}{2} \times r^2 \sin \angle BOC} = \frac{\sin 2C}{\sin 2A}$

আবার, $P_A \times AD = P_C \times CD \Rightarrow \frac{P_A}{P_C} = \frac{CD}{AD} = \frac{\sin 2A}{\sin 2C}$

(Proved)

05. **দৃশ্যকল্প-১: একটি কাঁঠাল গাছের তিনটি ডালের A, B, C বিন্দুতে যথাক্রমে 8kg, 7kg ও 5kg ওজনের তিনটি কাঁঠাল ঝুলছে।** [MB'21]

(খ) দৃশ্যকল্প-১ এ কাঁঠালগুলোর ওজনের লব্ধি ABC ত্রিভুজের লম্ববিন্দুগামী হলে দেখাও যে,

$\cos A : \cos B : \cos C = 35 : 50 : 28$

যেখানে $a = 4, b = 5, c = 2$.

(খ) Sol^n: লব্ধি বল 20 kg এবং A বিন্দু থেকে 8kg ওজনের বল AD বরাবর ক্রিয়ারত।

$\therefore$ 7kg ও 5kg বলের লব্ধি D বিন্দুতে ক্রিয়ারত।



$\therefore 5 \times CD = 7 \times BD$

$\Rightarrow 5 \times AC \times \cos C = 7 \times AB \times \cos B$

$\Rightarrow 5b \cos C = 7c \cos B \Rightarrow \cos B : \cos C = 5b : 7c$

$\Rightarrow \cos B : \cos C = 25 : 14 \ldots\ldots\ldots$ (i)

একইভাবে, $8 \times AE = 7 \times BE$

$\Rightarrow 8 \times AC \times \cos A = 7 \times BC \times \cos B$

$\Rightarrow 8b \cos A = 7a \cos B \Rightarrow \cos A : \cos B = 28 : 40$

$\Rightarrow \cos A : \cos B = 7 : 10 \ldots\ldots\ldots$ (ii)

(i) $\Rightarrow \cos B : \cos C = 25 : 14$

$\Rightarrow \cos B : \cos C = (25 \times 2) : (14 \times 2)$

$\Rightarrow \cos B : \cos C = 50 : 28 \ldots\ldots\ldots$ (iii)

(ii) $\Rightarrow \cos A : \cos B = (7 \times 5) : (10 \times 5)$

$\Rightarrow \cos A : \cos B = 35 : 50 \ldots\ldots\ldots$ (iv)

(iii) & (iv) $\Rightarrow \cos A : \cos B : \cos C = 35 : 50 : 28$ **(Showed**

06. [CB'21; DB, SB, JB, Din.B'18



P, Q, R বলত্রয় সমমুখী সমান্তরালভাবে ক্রিয়ারত।

(গ) বলত্রয়ের লব্ধি ΔABC এর ভরকেন্দ্রগামী হলে P, Q এবং R বলের মধ্যে সম্পর্ক স্থাপন কর।

(গ) Sol^n: ধরি, ভরকেন্দ্র G; AG কে বর্ধিত করলে তা BC কে D বিন্দুতে ছেদ করে। এই Q ও R এর লব্ধি Q + R, D বিন্দুতে ক্রিয়া করতে বাধ্য।



$\therefore Q \cdot BD = R \cdot CD \Rightarrow \frac{Q}{R} = \frac{CD}{BD}$ [$\because$ D, BC এর মধ্যবিন্দু]

$\Rightarrow \frac{Q}{R} = 1 \therefore Q = R$;

অনুরূপভাবে, $P = Q \therefore P = Q = R$ **(Ans.)**

নিজে করো

07. O হলো বৃত্তটির কেন্দ্র। [SB'19]



(গ) যদি X, Y, Z মানের বলত্রয় যথাক্রমে A, B, C বিন্দুতে সদৃশ সমান্তরালভাবে ক্রিয়া করে, তবে এদের লব্ধি O বিন্দুগামী হয়। দেখাও যে, $X \operatorname{cosec} 2A = Y \operatorname{cosec} 2B = Z \operatorname{cosec} 2C$.

08. [DB, SB, JB, Din.B'18]



P, Q, R বলত্রয় সমমুখী সমান্তরালভাবে ক্রিয়ারত।

(খ) বলত্রয়ের লব্ধি ΔABC এর অন্তঃকেন্দ্রগামী হলে, দেখাও যে, $P : Q : R = \sin A : \sin B : \sin C$.

Educationblog24.com

Type-11: অসদৃশ/বিসদৃশ সমান্তরাল বলের লব্ধি নির্ণয়ের সূত্র

Concept

P ও Q বিসদৃশ সমান্তরাল বলদ্বয় কোনো বস্তুর উপর যথাক্রমে A ও B বিন্দুতে ক্রিয়া করলে এদের লব্ধির মান হবে, $R = P \sim Q$ যা AB রেখাংশের বর্ধিতাংশে C বিন্দুতে ক্রিয়া করবে (C বিন্দু বৃহত্তর বলের নিকটবর্তী হবে)।



চিত্রে, $P > Q$

$P \cdot AC = Q \cdot BC \Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P \sim Q}{AB} = \frac{R}{AB}$

P ও Q দুইটি বিসদৃশ সমান্তরাল বল A ও B তে ক্রিয়ারত হলে, এদেরকে x একক করে বাড়ালে লব্ধি $\frac{x}{P-Q} \cdot AB$ দূরত্ব সরে যাবে।

[MCQ এর জন্য মনে রাখতে পারো]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-২: [SB, CB'23; Ctg.B'21]



(গ) দৃশ্যকল্প-২ এ P ও Q বল দুটিকে S পরিমাণে বৃদ্ধি করলে যদি লব্ধি C বিন্দু হতে D বিন্দুতে স্থানান্তরিত হয়, তবে দেখাও যে, $CD = \frac{S}{P-Q} AB$.



(গ) Sol^n:

ধরি, P ও Q বিসদৃশ সমান্তরাল বলদ্বয়ের লব্ধি R, C বিন্দুতে ক্রিয়াশীল ছিল। S পরিমাণে বলদ্বয়কে বৃদ্ধি করলে (P + S) ও (Q + S) এর লব্ধি D তে ক্রিয়া করে।

প্রথম ক্ষেত্রে: $P \times AC = Q \times BC$

$\Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P-Q}{BC-AC} = \frac{P-Q}{AB}$ ..... (i)

দ্বিতীয় ক্ষেত্রে: $(P + S) \times AD = (Q + S) \times BD$

$\Rightarrow \frac{P+S}{BD} = \frac{Q+S}{AD} = \frac{(P+S)-(Q+S)}{BD-AD} = \frac{P-Q}{AB}$ ..... (ii)

চিত্রমতে, $CD = BD - BC = (P + S) \times \frac{AB}{P-Q} - P \times \frac{AB}{P-Q}$

[(i) ও (ii) হতে]

$= \frac{AB}{P-Q}(P + S - P)$

$\therefore CD = \frac{S}{P-Q} AB$ **(Showed)**

02. দৃশ্যকল্প-২: [DB'21]



(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে বলদ্বয়ের প্রত্যেকের সাথে সমপরিমাণ কত বল যোগ করলে নতুন লব্ধি পূর্বের লব্ধি থেকে 8 cm দূরে সরে যাবে?

(গ) Sol^n: ১ম ক্ষেত্রে, $10 \times (20 + AC) = 15 \times AC$

$\Rightarrow 2(20 + AC) = 3AC \Rightarrow 40 + 2AC = 3AC$

$\Rightarrow AC = 40$ cm $\therefore AD = 48$ cm



এখন, $(10 + P) \times 68 = (15 + P) \times 48$

$\Rightarrow 680 + 68P = 720 + 48P \Rightarrow 20P = 40 \therefore P = 2$

$\therefore$ অতিরিক্ত 2N বল যোগ করতে হবে।

Shortcut: লব্ধির সরণ $= \frac{\text{প্রযুক্ত বলের মোমেন্ট}}{\text{লব্ধি}}$

$\Rightarrow 8 = \frac{P \times 20}{5} \Rightarrow P = 2N$ **(Ans.)**

03. (ক) P ও Q (যখন $P > Q$) অসদৃশ সমান্তরাল বল দুটি যথাক্রমে L ও M বিন্দুতে কার্যরত হলে, প্রমাণ কর যে, তাদের লব্ধির ক্রিয়াবিন্দু $\frac{Q}{P-Q}$ LM দূরত্বে কার্যরত হবে। [SB'21]



(ক) Sol^n:

শর্তমতে, $P \times LN = Q(LM + LN)$

$\Rightarrow P \times LN = Q \times LM + Q \times LN$

$\Rightarrow LN = \frac{Q}{P-Q} \times LM$ **(Proved)**

40

Educationblog24.com

04. (ক) একটি বস্তুর উপর পরস্পর 20 মিটার দূরত্বে ক্রিয়াশীল বিসদৃশ, সমান্তরাল বল 8N ও 12N এর লব্ধির ক্রিয়াবিন্দু নির্ণয় কর। [BB'21]

(ক) Sol^n:



ধরি লব্ধি 12N বল থেকে d দূরত্বে ক্রিয়া করে।

$\therefore 8(20 + d) = 12d \Rightarrow 4d = 8 \times 20 \Rightarrow d = 40$ m

$\therefore$ 8N বল থেকে দূরত্ব $(40 + 20)$m $= 60$ m **(Ans.)**

05. দৃশ্যকল্প-২: দুটি অসদৃশ সমান্তরাল বল 10 একক এবং 3 একক যথাক্রমে একটি বস্তুর A ও B বিন্দুতে ক্রিয়া করছে। [CB'21]

(গ) দৃশ্যকল্প-২ এ যদি AB = a একক এবং উভয় বলকে যদি x পরিমাণ বৃদ্ধি করা হয় তাহলে দেখাও যে, তাদের লব্ধি $\frac{ax}{7}$ দূরত্বে সরে যাবে।

(গ) Sol^n: লব্ধি $R = (10 - 3) = 7$ একক।

A হতে লব্ধির দূরত্ব d_1 হলে $\frac{d_1}{3} = \frac{a}{7} \Rightarrow d_1 = \frac{3a}{7}$



উভয় বলকে x পরিমাণ বাড়ালে লব্ধি

$\{(10 + x) - (3 + x)\}$ একক $= 7$ একক

A হতে নতুন লব্ধির দূরত্ব d_2 হলে,

$\frac{d_2}{3+x} = \frac{a}{7} \Rightarrow d_2 = \frac{3a}{7} + \frac{ax}{7}$

$\therefore$ লব্ধি সরে যাবে $d_2 - d_1 = \left(\frac{3a}{7} + \frac{ax}{7}\right) - \frac{3a}{7} = \frac{ax}{7}$ **(Showed)**

নিজে করো

06. (ক) 15N এবং 20N ওজনের দুইটি অসদৃশ সমান্তরাল বল দুইটি বিন্দুতে ক্রিয়ারত থাকলে, তাদের লব্ধি কত? [JB'22] **[Ans: 5N]**

07. দৃশ্যকল্প-২: P ও Q দুটি সদৃশ সমান্তরাল বল। [SB'21]

(গ) দৃশ্যকল্প-২ এর P বলটির ক্রিয়ারেখা সমান্তরাল রেখে তার ক্রিয়ারেখা d দূরত্বে সরালে, দেখাও যে, এদের লব্ধির ক্রিয়াবিন্দু $\frac{Pd}{P+Q}$ দূরত্বে সরে যাবে।

08. দৃশ্যকল্প-১:



[Din.B'21]

(খ) দৃশ্যকল্প-১ এর বল দুটির সাথে সমমানের কত বল যোগ করলে নতুন লব্ধির ক্রিয়াবিন্দু 5cm দূরে সরে যাবে?

09. দৃশ্যকল্প-২: 5N ও 3N মানের বিপরীতমুখী দুইটি সমান্তরাল ব যথাক্রমে A ও B বিন্দুতে ক্রিয়াশীল, যেখানে AB = 10 সে.মি. [RB'19

(গ) দৃশ্যকল্প-২ এ, প্রত্যেক বলের মান যদি 3N করে বৃদ্ধি কর হয়, তবে লব্ধির ক্রিয়াবিন্দু কত দূরত্বে সরে যায়? **[Ans: 15cm]**

10.

[BB'19; DB, Din.B'17

(গ) উদ্দীপকে উল্লিখিত বলদ্বয়ের সমতলে x দূরত্বের ব্যবধানে R মানের দুইটি অসদৃশ সমান্তরাল বল প্রয়োগ করা হলো। প্রমাণ কর যে, এদের লব্ধি $\frac{xR}{P+Q}$ দূরত্বে সরে যাবে।

11. দৃশ্যকল্প-২: 20 সে.মি. ব্যবধানে একটি সুষম হালকা দণ্ডের দুই প্রান্তে 8N ও 4N মানের বিপরীতমুখী দুইটি সমান্তরাল বল ক্রিয় করে। [JB'17]

(গ) দৃশ্যকল্প-২ প্রত্যেক বলের মান 4N করে বৃদ্ধি করা হলে লব্ধির ক্রিয়াবিন্দু কত দূরত্বে সরে যাবে? **[Ans: 20 সে.মি.]**

Type-12: সমান্তরাল বলের লব্ধি নির্ণয় এর সূত্র প্রয়োগ করে চাপ ও প্রতিক্রিয়া বল নির্ণয়

Concept

সদৃশ বা সমমুখ সমান্তরাল বলের লব্ধি:

(i) $P \cdot AC = Q \cdot BC \Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P+Q}{AB}$



অসমান, বিসদৃশ বা বিপরীতমুখী সমান্তরাল বলের লব্ধি:

(i) $P \cdot AC = Q \cdot BC \Rightarrow \frac{P}{BC} = \frac{Q}{AC} = \frac{P-Q}{AB}$



Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দৃশ্যকল্প-২: $2l$ দীর্ঘ এবং P ওজনবিশিষ্ট একটি সুষম তক্তা d দূরত্বে অবস্থিত দুইটি খুঁটির উপর আনুভূমিক ভাবে অবস্থিত। একে না উল্টিয়ে এর দুই প্রান্তে পর্যায়ক্রমে Q এবং R ওজন ঝুলানো যায়। [RB'23]

(গ) দৃশ্যকল্প-২ থেকে প্রমাণ কর যে, $\frac{Q}{P+Q}+\frac{R}{P+R}=\frac{d}{l}$।

(গ) **Sol^n:** ধরি, A ও C বিন্দুতে ক্রিয়ারত Q ও P বলের লব্ধি B বিন্দুতে ক্রিয়ারত।



$\therefore Q \cdot AB = P \cdot BC \Rightarrow \frac{Q}{P}=\frac{BC}{AB} \Rightarrow \frac{Q}{P+Q}=\frac{BC}{AB+BC}$

$\Rightarrow \frac{Q}{P+Q}=\frac{BC}{l} \Rightarrow BC=\frac{Ql}{P+Q}$ ..... (i)

আবার, C ও E বিন্দুতে ক্রিয়ারত P ও R বলের লব্ধি D বিন্দুতে ক্রিয়ারত।

$\therefore P \cdot CD = R \cdot DE$

$\Rightarrow \frac{R}{P}=\frac{CD}{DE} \Rightarrow \frac{R}{P+R}=\frac{CD}{CD+DE}$

$\Rightarrow \frac{R}{P+R} \times l = CD$ ..... (ii)

(i) + (ii) করে পাই, $BC + CD = l\left(\frac{Q}{P+Q}+\frac{R}{P+R}\right)$

$\Rightarrow \frac{d}{l}=\frac{Q}{P+Q}+\frac{R}{P+R}$ **(Proved)**

02. দৃশ্যকল্প-২: 16 মিটার দীর্ঘ 18 কেজি ওজনের একটি সুষম তক্তা দুইটি খুঁটির উপর আনুভূমিকভাবে স্থির আছে। একটি খুঁটি A প্রান্ত হতে 2 মিটার ভিতরে অবস্থিত। [Din.B'23]

(গ) দৃশ্যকল্প-২ হতে একজন বালক তক্তাটিকে না উল্টিয়ে এর উপর দিয়ে b প্রান্তে পৌঁছালে বালকের ওজন কত?

(গ) **Sol^n:** দেওয়া আছে, তক্তার দৈর্ঘ্য 16m আর ওজন 18kg। একটি খুঁটি B প্রান্তে, অপরটি A প্রান্ত হতে 2m ভিতরে।



ধরি, বালকের ওজন x kg। তাহলে CA অংশে D বিন্দুতে সাম্যাবস্থা তৈরি হবে।

সুতরাং, $CD \times 18 = DA \times x \Rightarrow 18 \times 6 = 2 \times x$

$\Rightarrow x=\frac{18\times6}{2} \therefore x = 54$ kg

অতএব, বালকের সর্বোচ্চ ওজন হবে 54 kg। **(Ans.)**

03. দৃশ্যকল্প-১: একটি সুষম রডের একপ্রান্তে 10 কেজি ওজনের একটি বস্তু ঝুলানো হলে ঐ প্রান্ত হতে 2 মিটার দূরে একটি খুঁটির উপর আনুভূমিক ভাবে স্থির থাকে। [MB'23]

(খ) খুঁটির উপর চাপের পরিমাণ 40 কেজি ওজন হলে রডের দৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) **Sol^n:**



AB রডের মধ্যবিন্দু O তে ওজন W ক্রিয়াশীল থাকবে।

C বিন্দুতে খুটির ওপর চাপের পরিমাণ 40 kg-wt.

এবং B তে 10 kg-wt ওজন ঝুলানো।

প্রশ্নমতে, $W + 10 = 40 \therefore W = 30$ kg-wt

ধরি, $OC = x$, প্রশ্নমতে, $BC = 2m$

এখন, $W \times OC = 10 \times BC \Rightarrow 30x = 10 \times 2 \therefore x = \frac{2}{3}$m

$\therefore$ রডের দৈর্ঘ্য $= AB = 2OB = 2(OC + BC)$

$= 2(x + 2) = 2\left(\frac{2}{3}+2\right)$m $= \frac{16}{3}$m **(Ans.)**

04. উদ্দীপক-২: 20 সে.মি দীর্ঘ AB হাল্কা দণ্ডটি 10 সে.মি. ব্যবধানে দুইটি খুঁটির উপর আনুভূমিক ভাবে অবস্থিত। A ও B বিন্দুতে যথাক্রমে 2W এবং 3W ওজন ঝুলানো হলো। [JB'22]

(গ) খুঁটি দুইটির অবস্থান নির্ণয় কর।

(গ) **Sol^n:** (প্রশ্নটিতে খুঁটিদ্বয়ের উপর চাপের পরিমাণ বা অনুপাত কিছুই দেওয়া হয় নি। এখানে খুঁটিদ্বয়ের উপর চাপের পরিমাণ সমান ধরে সমস্যাটির সমাধান করা হলো:)

মনে করি, AB = 20 cm দৈর্ঘ্যের একটি হালকা দণ্ডের A ও B বিন্দুতে যথাক্রমে 2W ও 3W ওজন ঝুলানো আছে যাদের লব্ধি R = 5W, O বিন্দুতে ক্রিয়াশীল।

$\therefore \frac{R}{AB}=\frac{2W}{OB}=\frac{3W}{OA} \Rightarrow \frac{5W}{20}=\frac{2W}{OB}=\frac{3W}{OA}$

$\therefore OB = 8$ cm এবং $OA = 12$ cm



দণ্ডটি C ও D বিন্দুতে দুইটি খুঁটির উপর আনুভূমিক ভাবে অবস্থিত। এখানে, CD = 10 cm এবং প্রতিটি খুঁটিতে চাপের পরিমাণ $=\frac{2W+3W}{2}=\frac{5W}{2}$। দণ্ডটিকে ভারসাম্যে থাকতে হলে খুঁটিদ্বয়ের চাপের লব্ধি O বিন্দুগামী হতে হবে।

$\therefore \frac{5W}{CD}=\frac{\frac{5W}{2}}{OD}=\frac{\frac{5W}{2}}{OC} \Rightarrow \frac{5}{10}=\frac{5}{2OD}=\frac{5}{2OC}$

$\therefore OD = 5$ cm এবং $OC = 5$ cm

এখন, $AD = OA - OD = 12 - 5 = 7$ cm

$AC = AD + CD = 7 + 10 = 17$ cm

সুতরাং, খুঁটিদ্বয় A প্রান্ত থেকে যথাক্রমে 7 cm ও 17 cm দূরে অবস্থান করছে। **(Ans.)**

Educationblog24.com

05. দৃশ্যকল্প-২: [BB'21]



(গ) দৃশ্যকল্প-২ এ 50 কেজি ওজনের AB সমরূপ তক্তাটির দৈর্ঘ্য 20 মিটার হলে খুঁটিদ্বয়ের উপর চাপের পরিমাণ নির্ণয় কর।

(গ) Sol^{n}: ধরি, A ও C বিন্দুতে খুঁটির চাপ যথাক্রমে P_A ও P_C

$\therefore P_A + P_C = 60 + 50 = 110$kg-wt



আবার ধরি, বলদ্বয়ের লব্ধি R = 110 kg-wt যা D থেকে DF= x মি. দূরত্বে F বিন্দুতে ক্রিয়াশীল।

$\therefore \frac{R}{DO} = \frac{W_2}{DF} \Rightarrow \frac{110}{DO} = \frac{50}{x} \Rightarrow x = \frac{35}{11}$ m

এবং $\frac{R}{AC} = \frac{P_C}{AF} = \frac{P_A}{CF} \Rightarrow \frac{110}{(20-4)} = \frac{P_C}{\left(3+\frac{35}{11}\right)} = \frac{P_A}{6+\left(7-\frac{35}{11}\right)}$

$\therefore P_C = 42.5$ kg-wt এবং $P_A = 67.5$ kg-wt **(Ans.)**

06. দৃশ্যকল্প-১: একটি হালকা লাঠির এক প্রান্ত হতে 2, 8, 6 ফুট দূরে অবস্থিত তিনটি বিন্দুতে যথাক্রমে F_1, F_2, F_3 মানের তিনটি সমান্তরাল বল ক্রিয়ারত আছে। [JB'21]

(খ) দৃশ্যকল্প-১ অনুসারে লাঠিটি ভারসাম্যে থাকলে দেখাও যে, $F_1 : F_2 : F_3 = 1 : 2 : 3$.

(খ) Sol^{n}: লাঠিটি ভারসাম্যে থাকলে, $\vec{F_1} + \vec{F_2} = -\vec{F_3}$

$\therefore F_1 + F_2 = F_3 \cdots\cdots\cdots$ (i)



$F_1 \times BC = F_2 \times CD \Rightarrow F_1 \times 4 = F_2 \times 2$

$\Rightarrow \frac{F_1}{1} = \frac{F_2}{2} = \frac{F_1+F_2}{3}$

$\Rightarrow \frac{F_1}{1} = \frac{F_2}{2} = \frac{F_3}{3}$ [(i) থেকে]

$\therefore F_1 : F_2 : F_3 = 1 : 2 : 3$ **(Showed)**

07. দৃশ্যকল্প-২: AB = 15 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট একটি হালকা তক্তা দুইটি খুঁটির উপর আনুভূমিক ভাবে অবস্থিত। A ও B প্রান্তে যথাক্রমে 24kg ও 32kg ওজনের দুইজন বালক ঝুলছে।

(গ) দৃশ্যকল্প-২ এ খুঁটি দুইটির মধ্যবর্তী দূরত্ব AB এর এক তৃতীয়াংশ হলে খুঁটি দুইটির অবস্থান নির্ণয় কর। [MB'21]

(গ) Sol^{n}: ধরি, খুঁটি দুটির প্রতিক্রিয়া বল সমান।

$\therefore CE = \frac{CD}{2} = \frac{5}{2} = 2.5$ m

আবার, $AE \times 24 = 32 \times (15 - AE)$

$\Rightarrow 3AE = 60 - 4AE$



$\Rightarrow 7AE = 60 \Rightarrow AE = \frac{60}{7}$

$\therefore AC = AE - CE = \left(\frac{60}{7} - 2.5\right)$ m $= \frac{85}{14}$ m

$\therefore$ একটি খুটি A বিন্দু থেকে B বিন্দুর দিকে $\frac{85}{14}$ m দূরে। **(Ans.)**

আবার, $BD = AB - (AE + ED) = 15 - \left(\frac{60}{7} + \frac{5}{2}\right)$ m $= \frac{55}{14}$ m

অন্যটি B বিন্দু থেকে A বিন্দুর দিকে $\frac{55}{14}$ m দূরে। **(Ans.)**

নিজে করো

08. দৃশ্যকল্প-২: 2P দীর্ঘ এবং M ওজন বিশিষ্ট একটি সুষম তক্তা l দূরত্বে অবস্থিত দুটি খুঁটির উপর আনুভূমিক ভাবে অবস্থিত। একে না উল্টিয়ে এর দুই প্রান্তে পর্যায়ক্রমে সর্বাধিক M_1 ও M_2 ওজন ঝুলানো যায়। [JB'23]

(গ) দৃশ্যকল্প-২ হতে প্রমাণ কর যে, $\frac{M_1}{M+M_1} + \frac{M_2}{M+M_2} = \frac{l}{P}$

09. দৃশ্যকল্প-২: 8 মিটার দীর্ঘ 12kg ওজনের একটি সুষম তক্তা দুইটি খুঁটির উপর আনুভূমিক ভাবে স্থির আছে। একটি খুঁটি A প্রান্ত এবং অন্যটি B প্রান্ত হতে 1 মিটার ভিতরে অবস্থিত।

(গ) দৃশ্যকল্প-২ হতে একজন বালক তক্তাটিকে না উল্টিয়ে এর উপর দিয়ে B প্রান্তে পৌঁছালে বালকের ওজন কত? [Ctg.B'17] [Ans: 36 কেজি।]

MCQ প্রশ্নের জন্য এই অধ্যায়ের বিভিন্ন টাইপের তুলনামূলক গুরুত্ব:

গুরুত্ব	টাইপ	টাইপের নাম	যতবার প্রশ্ন এসেছে	যে বোর্ডে যে বছর এসেছে
				MCQ
০০০	T-01	দুইটি বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে সামান্তরিক সূত্রের প্রয়োগ	40	DB'23, 22, 21; Ctg.B'23, 22, 21, 17; BB'23, 22, 21; JB'23, 22, 21, 19, 17; CB'23, 22, 21, 19, 17; Din.B'23, 22, 21, 19; MB'23, 21; RB'22, 21, 19; SB'21, 17
০০০	T-02	দুটি বলের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় ও sine সূত্রের প্রয়োগ সংক্রান্ত	21	Ctg.B'23, 19; JB'23; Mad.B'23; JB'22; Din.B'22, 21, 17; MB'22, 21; DB'21, 17; SB'21, 17; BB'21, 19, 17
	T-03	লব্ধির দিক অপরিবর্তিত থাকা	-	-
০০	T-04	দুই বা দুই এর অধিক বলের লব্ধি নির্ণয়ের ক্ষেত্রে লম্বাংশ সূত্রের প্রয়োগ	04	BB'23; JB'21; All.B'18; RB'17
০০০	T-05	বলের সংযোজন ও বিভাজন	05	DB, BB'23; SB, CB'22; RB, JB, CB'21
০০০	T-06	তিনটি সমবিন্দু বল সাম্যাবস্থা সৃষ্টি করলে তা হতে বলত্রয়ের অন্তর্গত কোণ নির্ণয়	13	RB, Ctg.B, SB, CB, MB'23; SB, BB, CB'22; JB'22, 17; RB'21; All.B'18
০০০	T-07	তিনটি বল সাম্যাবস্থায় থাকার শর্ত (লামির সূত্র)	06	Ctg.B'23, 17; JB, MB'22; DB, SB'21; RB'19; RB, Din.B'17
০	T-08	তিনটি বল সাম্যাবস্থায় থাকলে তা থেকে বিভিন্ন অজানা রাশির মান নির্ণয়	02	Din.B'23; BB'21
০০০	T-09	সদৃশ সমান্তরাল বল এর লব্ধি নির্ণয় এর সূত্র	21	DB'23; RB'23, 22, 21; SB'23, 22; CB'23, 21; MB'23, 21; JB'22, 21, 17; Din.B'22, 21; BB'21
০	T-10	সদৃশ সমান্তরাল বলের ক্ষেত্রে ত্রিভুজ	02	SB, BB'21
০০০	T-11	অসদৃশ/বিসদৃশ সমান্তরাল বলের লব্ধি নির্ণয়ের সূত্র	12	DB'23, 22; SB, JB, Mad.B'23; MB'22; Ctg.B, MB'21; Din.B'21, 17
	T-12	সমান্তরাল বলের লব্ধি নির্ণয় এর সূত্র প্রয়োগ করে চাপ ও প্রতিক্রিয়া বল নির্ণয়	-	-

Educationblog24.com

বিগত বোর্ড পরীক্ষামূহের MCQ প্রশ্ন

01. 

উপরের চিত্রে দুটি বল P এবং Q ক্রিয়া করছে। [DB'23]

P এবং Q এর মান কত?

(a) $\frac{25}{2}$N, $\frac{5\sqrt{3}}{2}$N (b) $\frac{5}{2}$N, 5N

(c) $\frac{5\sqrt{3}}{2}$N, $\frac{5}{2}$N (d) $\frac{25\sqrt{3}}{2}$N, $\frac{25}{2}$N

02. দুটি বলের লব্ধি 12N যা ক্ষুদ্রতর 5N বলের উপর লম্ব। বৃহত্তর বলটি হলো- [DB'23]

(a) 7N (b) 13N

(c) $\sqrt{119}$N (d) 17N

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

15kg ও 9kg ওজনের দুটি সমান্তরাল বল 32cm ব্যবধানে ক্রিয়া করে। বৃহত্তর বল হতে এদের লব্ধির প্রয়োগ বিন্দু-

03. যখন বল দুটি সদৃশ- [DB'23]

(a) 12cm (b) 16cm

(c) 20cm (d) কোনোটিই নয়

04. যখন বল দুটি অসদৃশ- [DB'23]

(a) 16cm (b) 20cm

(c) 47cm (d) কোনোটিই নয়

05. $\sqrt{3}, 1, 2$ মানের তিনটি বল এক বিন্দুতে ক্রিয়া করে সাম্যাবস্থা রয়েছে। প্রথম দুটি বলের মধ্যবর্তী কোণ কত? [RB'23; SB, BB'22; All B'18; JB'17

(a) 90° (b) 120° (c) 150° (d) 180°

06. 12 মিটার দীর্ঘ একটি সূক্ষ্ম হালকা রডের দুই বিপরীত প্রান্তে 3W এবং W ওজন দুটি ক্রিয়া করছে। W ওজন থেকে এদের লব্ধি ক্রিয়াবিন্দুর দূরত্ব কত মিটার? [RB'23

(a) 1 (b) 3 (c) 6 (d) 9

07. P মানের তিনটি সমান একতলীয় বল সাম্যাবস্থায় থাকলে এদে মধ্যবর্তী কোণ কত? [RB'23; RB'21

(a) 60° (b) 90° (c) 120° (d) 180°

08. P ও Q বলের লব্ধি ক্ষুদ্রতম হলে, বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ- [Ctg.B'23

(a) 0° (b) 30° (c) 120° (d) 180°

09. কোনো বিন্দুতে ক্রিয়াশীল P এবং Q বলের লব্ধি R। P = Q = হলে P, Q বলের অন্তর্গত কোণ কত? [Ctg.B'23

(a) 120° (b) 90° (c) 60° (d) 45°

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

01. c	02. b	03. a	04. d	05. a	06. d	07. c	08. d	09. a

01. বলের লম্বাংশ সূত্রানুযায়ী, $P = 5\cos 30° = \frac{5\sqrt{3}}{2}$N, $Q = 5\sin 30° = \frac{5}{2}$N

02. ধরি, বৃহত্তম বলটি P



ΔOAB হতে পাই, $AB^2 = OB^2 + OA^2 \Rightarrow P^2 = 12^2 + 5^2 = 169$

$\therefore P = 13N$

03. ধরি, বৃহত্তর বল হতে x cm দূরে লব্ধি আছে।



$\therefore 15 \times x = 9 \times (32 - x) \Rightarrow 15x = 288 - 9x \Rightarrow 24x = 288$

$\therefore x = 12$cm

04. ধরি, বৃহত্তম বল হতে x cm দূরে লব্ধি আছে।



$\therefore 15 \times x = 9 \times (32 + x) \Rightarrow 15x = 288 + 9x$

$\Rightarrow 6x = 288 \therefore x = 48$ cm

05. তিনটি বল সাম্যাবস্থায় থাকলে প্রথম দুটি বলের লব্ধি তৃতীয় বলের সমান হবে।



$R^2 = 2^2 = (\sqrt{3})^2 + (1)^2 + 2 \cdot \sqrt{3} \cdot 1 \cdot \cos\theta$

$\Rightarrow 4 = 4 + 2\sqrt{3}\cos\theta \Rightarrow \cos\theta = 0 \therefore \theta = \frac{\pi}{2}$

06. 

$\therefore \frac{3W}{x} = \frac{W}{12-x} \Rightarrow 36 - 3x = x$

$\Rightarrow 4x = 36 \therefore x = 9$

07. P মানের তিনটি বল যেহেতু সাম্যাবস্থায় আছে,

$\therefore P^2 = P^2 + P^2 + 2 \cdot P \cdot P\cos\theta$

$\Rightarrow P^2 = 2P^2(1 + \cos\theta) \Rightarrow 1 = 2(1 + \cos\theta) \Rightarrow 1 + \cos\theta = \frac{1}{2}$

$\Rightarrow \cos\theta = -\frac{1}{2} \therefore \theta = 120°$

বিকল্প: সাম্যাবস্থায় থাকায় মধ্যবর্তী কোণ $= \frac{360°}{3} = 120°$

08. লব্ধি ক্ষুদ্রতম হতে হলে, P ও Q বলকে পরস্পর বিপরীতে ক্রিয়া করতে হবে। তখন লব্ধি = P~Q



09. $\because P = Q = R \therefore P^2 = 2P^2 + 2P^2\cos\alpha$

$\Rightarrow \frac{P^2}{2P^2} = 1 + \cos\alpha \Rightarrow \cos\alpha = -\frac{1}{2} \therefore \alpha = 120°$

Educationblog24.com

10. 3 N এবং 4 N মানের বল দুইটি পরস্পর লম্বভাবে ক্রিয়াশীল হলে লব্ধির মান কত? [Ctg.B'23; BB'22; JB'17]

(a) 3 N (b) 4 N (c) 5 N (d) 6 N

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



11. O বিন্দুতে বলত্রয় সাম্যাবস্থায় থাকলে R এর মান কত হবে? [Ctg.B'23]

(a) 37 N (b) $\sqrt{37}$ N (c) $\sqrt{13}$ N (d) 13 N

12. R এর মান 3 N হলে α এর মান হবে— [Ctg.B'23]

(a) 120° (b) 90° (c) 60° (d) 30°

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



13. A বিন্দু হতে লব্ধির ক্রিয়াবিন্দুর দূরত্ব কত মিটার? [SB'23; JB'22]

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

14. বলদ্বয় বিসদৃশ হলে লব্ধির মান কত? [SB'23]

(a) 1 (b) 2 (c) 4 (d) 10

15. কোনো বিন্দুতে $\sqrt{5}$, 2 ও 1 একক বলত্রয় ক্রিয়া করে সাম্যাবস্থায় আছে। ক্ষুদ্রতম বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [SB'23]

(a) 30° (b) 60° (c) 90° (d) 120°

16. কোনো বিন্দুতে ক্রিয়ারত P ও Q বল দুটি তাদের লব্ধি R বলের উভয় দিকে যথাক্রমে 30° ও 60° কোণে আনত। বলদ্বয়ের অনুপাত কত? [BB'23]

(a) $1:\sqrt{3}$ (b) $\sqrt{3}:1$ (c) $\frac{\sqrt{3}}{2}:1$ (d) $\frac{1}{2}:\sqrt{3}$

17. 2 N ও $2\sqrt{3}$ N মানের বলদ্বয় 30° কোণে ক্রিয়ারত। 2 N মানের বল বরাবর বলদ্বয়ের লম্বাংশের সমষ্টি কত? [BB'23]

(a) $4\sqrt{3}$ N (b) 5N
(c) 7N (d) $\sqrt{3}+2$N

18. P ও Q (P > Q) বলদ্বয়ের মধ্যবর্তী কোণ α এবং এদের লব্ধি R হলে- [BB'23]

(i) P = Q হলে $R = 2P\cos\frac{\alpha}{2}$

(ii) $\alpha = 90°$ হলে $\tan\theta = \frac{Q}{P}$

(iii) লব্ধি R, Q বলের সাথে সমকোণ উৎপন্ন করলে $\cos\alpha = -\frac{Q}{P}$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

10. c	11. c	12. -	13. b	14. b	15. c	16. b	17. b	18. d

10. লব্ধি $R = \sqrt{3^2+4^2}$ N = 5N

11. $R = \sqrt{3^2+4^2+2\times3\times4\times\cos(120°)} = \sqrt{25+24\left(-\frac{1}{2}\right)} = \sqrt{13}$ N

12. (প্রদত্ত তথ্যানুসারে সঠিক উত্তর নির্ণয় করা সম্ভব নয়।);



13.



ধরি AC = x ∴ BC = 10 − x;

এখন AC × 6 = 4 × BC ⇒ 6x = 4(10 − x) ⇒ 10x = 40 ∴ x = 4

14. বলদ্বয় বিসদৃশ হলে লব্ধির মান = |6 − 4| = 2

15. ধরি, ক্ষুদ্রতম বলদ্বয়ের মধ্যে কোণ = θ

$\therefore \sqrt{5} = \sqrt{1^2+2^2+2\cdot2\cdot1\cos\theta}$

$\Rightarrow 5 = 1+4+4\cos\theta \Rightarrow \cos\theta = 0 \therefore \theta = 90°$

16. $\frac{P}{\sin60°} = \frac{Q}{\sin30°} \Rightarrow \frac{P}{Q} = \frac{\sin60°}{\sin30°} = \frac{\frac{\sqrt{3}}{2}}{\frac{1}{2}} = \frac{\sqrt{3}}{1}$

17.



∴ 2N মানের বল বরাবর বলদ্বয়ের লব্ধাংশের সমষ্টি $= 2+2\sqrt{3}\cos30°$

$= 2+2\sqrt{3}\cdot\frac{\sqrt{3}}{2} = 5$ N

18. (i) P = Q হলে, $R = \sqrt{P^2+P^2+2\cdot P\cdot P\cos^2\alpha}$

$= \sqrt{2P^2+2P^2\cos\alpha} = \sqrt{2P^2(1+\cos\alpha)} = \sqrt{2P^2\cdot2\cos^2\frac{\alpha}{2}}$

$= 2P\cos\frac{\alpha}{2}$

(ii) $\alpha = 90°$ হলে, $\tan\theta = \frac{Q\sin90°}{P+Q\cos90°} = \frac{Q}{P}$;

(iii) $\theta = 90°$ হলে, $\tan90° = \frac{P\sin\alpha}{Q+P\cos\alpha}$

$\Rightarrow Q+P\cos\alpha = 0 \Rightarrow \cos\alpha = \frac{-Q}{P}$ সুতরাং, (i), (ii) ও (iii) সঠিক।

Educationblog24.com

19.

[JB'23]

A ও B বলদ্বয়ের লব্ধি R বিন্দুতে ক্রিয়ারত হলে PQ: QR এর মান কত?

(a) 4 : 1 (b) 1 : 4
(c) 5 : 1 (d) 1 : 5

20. 7 N ও 11 N বল দুইটির লব্ধি বল নিচের কোনটি হতে পারে না? [JB'23]

(a) 4 N (b) 7 N (c) 11 N (d) 20 N

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

$P = 5\sqrt{2}$ N এবং Q = 10 N দুইটি অসমান্তরাল বল।

21. লব্ধি বল P বলের উপর লম্ব হলে বলদ্বয়ের অন্তর্গত কোণ কত? [JB'23]

(a) 45° (b) 60° (c) 120° (d) 135°

22. R বল P ও Q বলের সাথে সাম্যাবস্থা সৃষ্টি করলে এবং P ও Q বলদ্বয়ের মধ্যবর্তী কোণ 45° হলে R এর মান কত? [JB'23]

(a) $5\sqrt{10}$ N (b) 250 N
(c) $5\sqrt{2}$ N (d) 50 N

23. পরস্পর 60° কোণে ক্রিয়াশীল দুইটি বলের বৃহত্তম লব্ধি 10N এবং ক্ষুদ্রতম লব্ধি 4N হলে, তাদের লব্ধির মান কত? [CB'23]

(a) $\sqrt{37}$ N (b) $2\sqrt{19}$ N
(c) $\sqrt{79}$ N (d) $2\sqrt{39}$ N

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

একটি জড়বস্তুর উপর পরস্পর 40 সে.মি. ব্যবধানে 12 কেজি ও 8 কেজি ওজনের দুইটি বল সদৃশ সমান্তরাল ক্রিয়া করে।

24. বলদ্বয়ের লব্ধির মান কত কেজি? [CB'23]

(a) 4 (b) 8 (c) 12 (d) 20

25. লব্ধির ক্রিয়া বিন্দু 12 কেজি ওজনের বলের ক্রিয়া বিন্দু হতে কত সে.মি. দূরে অবস্থিত? [CB'23]

(a) 16 (b) 24 (c) 32 (d) 80

26. কোনো বিন্দুতে 1, 2, $\sqrt{3}$ একক বলত্রয় ক্রিয়া করে সাম্যাবস্থা সৃষ্টি করলে, শেষ বল দুইটির মধ্যবর্তী কোণ কত? [CB'23]

(a) 60° (b) 90° (c) 120° (d) 150°

27. কোনো বিন্দুতে 4N ও $\sqrt{3}$ N দুইটি বল পরস্পর 30° কোণে কার্যরত। এদের লব্ধি– [Din.B'23]

(a) 31N (b) 7N (c) $\sqrt{31}$ N (d) $\sqrt{7}$ N

28. 

যখন T_1, T_2, W ভারসাম্য অবস্থায় থাকে, উদ্দীপকের আলোকে T_1 এর মান কত? [Din.B'23]

(a) $40\sqrt{2}$ kg-wt (b) 40 kg-wt
(c) $20\sqrt{2}$ kg-wt (d) 20 kg-wt

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

19. a	20. d	21. d	22. a	23. c	24. d	25. a	26. d	27. c	28. c

19. 

A. $PR = B \cdot QR \Rightarrow 4 \cdot PR = 20.QR \Rightarrow \frac{PR}{QR} = \frac{20}{4} = \frac{5}{1}$

$\Rightarrow \frac{PR}{5} = \frac{QR}{1} = \frac{PR-QR}{5-1} = \frac{PQ}{4} \Rightarrow \frac{PQ}{QR} = \frac{4}{1} \therefore PQ:QR = 4:1$

20. সর্বোচ্চ লব্ধি = (11 + 7)N = 18N

সর্বনিম্ন লব্ধি = (11 – 8)N = 3N ∴ 20N লব্ধি হতে পারে না।

21. 

$\theta = \sin^{-1}\frac{5\sqrt{2}}{10} = 45° \therefore$ বলদ্বয়ের অন্তর্গত কোণ = 90° + 45° = 135°

বিকল্প: $10\cos\alpha + 5\sqrt{2} = 0 \Rightarrow \cos\alpha = -\frac{5\sqrt{2}}{10} = \frac{-1}{\sqrt{2}}$

$\therefore \alpha = \cos^{-1}\left(-\frac{1}{\sqrt{2}}\right) = 135°$

22. $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos 45°}$

$= \sqrt{(5\sqrt{2})^2 + 10^2 + 2 \times 5\sqrt{2} \times 10 \times \frac{1}{\sqrt{2}}} = \sqrt{250} = 5\sqrt{10}$ N

23. বল দুটি P, Q হলে [P > Q]

$R_{max} = P + Q = 10N$

$R_{min} = P - Q = 4.N$

সমাধান করে পাই,

P = 7N, Q = 3N

∴ লব্ধি,

$R = \sqrt{7^2 + 3^2 + 2 \cdot 7 \cdot 3\cos 60°}$

$= \sqrt{79}$ N.

24. লব্ধি বল = 12 + 8 = 20

25. 

$12x = 8(40 - x) \Rightarrow 20x = 8 \times 40 \therefore x = 16$cm

26. ধরি, $\sqrt{3}$, 2 বলের মধ্যবর্তী কোণ θ

যেহেতু তারা সাম্যাবস্থায় আছে, $1^2 = 2^2 + (\sqrt{3})^2 + 2 \cdot 2 \cdot \sqrt{3}\cos\theta$

$\Rightarrow 4\sqrt{3}\cos\theta = -6 \Rightarrow \cos\theta = \frac{-6}{4\sqrt{3}} = \frac{-\sqrt{3}}{2} \therefore \theta = 150°$

27. লব্ধি, $R = \sqrt{4^2 + (\sqrt{3})^2 + 2 \cdot 4\sqrt{3} \cdot \cos 30°} = \sqrt{31}$N

28. লামির সূত্রানুযায়ী, $\frac{T_1}{\sin 135°} = \frac{T_2}{\sin 135°} = \frac{W}{\sin 90°} \Rightarrow \frac{T_1}{\frac{1}{\sqrt{2}}} = \frac{40}{1}$

$\therefore T_1 = 40 \times \frac{1}{\sqrt{2}} = 20\sqrt{2}$ kg-wt

Educationblog24.com

29. একটি বস্তুকণার উপরস্থ কোনো বিন্দুতে $\sqrt{3}P, \sqrt{2}P$ ও P মানের তিনটি বল ক্রিয়া করে সাম্যাবস্থার সৃষ্টি করে। $\sqrt{2}P$ ও P মানের বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [MB'23]
(a) 150° (b) 135° (c) 120° (d) 90°

30. $P, Q(P < Q)$ দুইটি বলের ক্ষুদ্রতম লব্ধি কত? [MB'23]
(a) $P - Q$ (b) $Q - P$
(c) $\sqrt{P^2 - Q^2}$ (d) $\sqrt{Q^2 - P^2}$

31. 

A বিন্দু হতে লব্ধির ক্রিয়া বিন্দুর দূরত্ব কত? [MB'23; RB'22]
(a) 3 মিটার (b) 4.5 মিটার (c) 5 মিটার (d) 7.5 মিটার

32. P ও Q দুইটি বিসদৃশ সমান্তরাল বল এবং $Q > P$ হলে, নিচের কোনটি সঠিক? [Mad.B'23]
(a) 

(b)

(c) 

(d) 

33. P মানের সমান দুইটি বলের লব্ধি P হলে উহাদের মধ্যবর্তী কোণ কত? [Mad.B'23; Din.B'22]
(a) 30° (b) 60° (c) 120° (d) 180°

34. 2N মানের দুইটি বল পরস্পর 60° কোণে ক্রিয়ারত হলে বলদ্বয়ের লব্ধির দিক কোনটি? [Mad.B'23]
(a) $\tan^{-1}\left(\frac{1}{2-\sqrt{3}}\right)$ (b) $\tan^{-1}\left(\frac{1}{2+\sqrt{3}}\right)$
(c) 60° (d) 30°

35. যদি 12 এবং 8 একক মানের বলদ্বয় একটি বিন্দুতে এমন কোণে ক্রিয়াশীল যেন তাদের লব্ধি তাদের অন্তর্গত কোণের সমদ্বিখণ্ডকের সাথে 45° কোণ উৎপন্ন করে, তবে বলদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত? [DB'22]
(a) $2\tan^{-1}10$ (b) $2\tan^{-1}5$
(c) $\tan^{-1}5$ (d) $2\tan^{-1}2$

36. 

[DB'22; Din.B'21]
বৃহত্তম বল হতে বলদ্বয়ের লব্ধির দূরত্ব হবে-
(a) 54 cm (b) 36 cm (c) 27 cm (d) 18 cm

37. P ও $Q(P > Q)$ বলদ্বয় O বিন্দুতে পরস্পর α কোণে ক্রিয়াশীল– [Ctg.B'22]
(i) $\alpha = 0$ হলে লব্ধি বৃহত্তম হবে
(ii) $\alpha = 180°$ হলে লব্ধি ক্ষুদ্রতম হবে
(iii) P বলের ক্রিয়ারেখা বরাবর তাদের লম্বাংশের যোগফল $P + Q\cos\alpha$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

29. d	30. b	31. b	32. d	33. c	34. d	35. b	36. d	37. d

29. $\sqrt{3}P, \sqrt{2}P$ ও P সাম্যাবস্থা তৈরি করলে $\sqrt{2}P$ ও P এর লব্ধি $\sqrt{3}P$ এর সমান হবে। তাহলে $(\sqrt{3}P)^2 = (\sqrt{2}P)^2 + P^2 + 2\cdot\sqrt{2}P\cdot P\cos\alpha$
[$\because \alpha$ হলো $\sqrt{2}$ P ও P এর মধ্যবর্তী কোণ]


$\Rightarrow 3P^2 = 2P^2 + P^2 + 2\sqrt{2}P^2\cos\alpha \Rightarrow \cos\alpha = 0$
$\therefore \alpha = \cos^{-1}(0) = 90°$

31. $\frac{10}{12-x} = \frac{6}{x}$


$\Rightarrow 10x = 72 - 6x \therefore 16x = 72\ x = \frac{72}{16} = \frac{9}{2} = 4.5$ মিটার

33. $P = \sqrt{P^2 + P^2 + 2P\cdot P\cdot\cos\theta}$ [ধরি, বলদ্বয়ের মধ্যবর্তী কোণ θ]
$\Rightarrow P^2 = 2P^2 + 2P^2\cos\theta \Rightarrow 1 = 2 + 2\cos\theta$
$\Rightarrow 1 = 2(1+\cos\theta) \Rightarrow 1 = 4\cos^2\frac{\theta}{2} \Rightarrow \cos\frac{\theta}{2} = \frac{1}{2}$
$\therefore \frac{\theta}{2} = 60° \therefore \theta = 120°$

34. $\theta = \tan^{-1}\frac{2\sin 60°}{2+2\cos 60°} = \tan^{-1}\frac{\sqrt{3}}{3} = \tan^{-1}\frac{1}{\sqrt{3}} = 30°$

35. মনে করি, মধ্যবর্তী কোণ 2α, P = 12N, Q = 8N


বলের সাইন সূত্রানুসারে,
$\frac{P}{\sin(\alpha+45°)} = \frac{Q}{\sin(\alpha-45°)} = \frac{R}{\sin 2\alpha} \Rightarrow \frac{P}{Q} = \frac{\sin(\alpha+45°)}{\sin(\alpha-45°)}$
$\Rightarrow \frac{12}{8} = \frac{\sin(\alpha+45°)}{\sin(\alpha-45°)} \Rightarrow \frac{12+8}{12-8} = \frac{\sin(\alpha+45°)+\sin(\alpha-45°)}{\sin(\alpha+45°)-\sin(\alpha-45°)}$
$\Rightarrow \frac{20}{4} = \frac{2\sin\alpha\cos 45°}{2\cos\alpha\sin 45°} \Rightarrow 5 = \tan\alpha$
$\therefore \alpha = \tan^{-1}5 \therefore$ মধ্যবর্তী কোণ $= 2\alpha = 2\tan^{-1}5$

36. মনে করি, বৃহত্তম বল হতে বলদ্বয়ের লব্ধির দূরত্ব x cm।
এখন, $\frac{6}{36+x} = \frac{2}{x} = \frac{6-2}{36} \Rightarrow \frac{6}{36+x} = \frac{2}{x} = \frac{4}{36}$
অর্থাৎ, $\frac{2}{x} = \frac{1}{9} \therefore x = 18$ cm


Educationblog24.com

38. 

[Ctg.B'22; RB, JB'21]

A ও B বিন্দুতে ক্রিয়াশীল বলদ্বয়ের লব্ধি C বিন্দুতে ক্রিয়াশীল হলে AC =?

(a) $\frac{5}{48}$ m (b) $\frac{48}{5}$ m (c) $\frac{72}{5}$ m (d) 48 m

39. দুটি বলের লব্ধি বৃহত্তম হলে, তাদের মধ্যবর্তী কোণ কত? [RB'22]

(a) 180° (b) 90° (c) −180° (d) 0°

40. 

[SB, CB'22, RB'21]

6N বলের অংশকদ্বয় P_1 ও P_2 হলে P_1 এর মান নিচের কোনটি?

(a) $3\sqrt{3}$ (b) $6\sqrt{3}$ (c) $\frac{6\sqrt{3}}{3}$ (d) $\frac{3}{\sqrt{3}}$

41. P ও Q দুটি সমান্তরাল বল এবং P > Q হলে নিচের কোনটি সত্য/সঠিক? [SB'22]

(a) 

(b) 

(c) 

(d) 

42. যদি $\sqrt{5}$ এককের দুইটি সমান বল 120° কোণে এক বিন্দুতে কাজ করে তাহলে, [BB, CB, Din.B'22; Din.B, MB'21; SB'17]

(i) তাদের লব্ধি $\sqrt{5}$ একক

(ii) $\sqrt{5}$ একক বলের সাথে লব্ধি 60° কোণ উৎপন্ন করে

(iii) লব্ধি বলদ্বয়ের যোগফল অপেক্ষা ছোট

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, ii

43. একটি কণার উপর $3ms^{-1}$, $4ms^{-1}$ এবং $5ms^{-1}$ বেগ তিনটি ক্রিয়া করায় কণাটি সাম্যাবস্থায় আছে। ক্ষুদ্রতর বেগ দুইটির মধ্যবর্তী কোণ কত? [JB, CB'22]

(a) 0° (b) 60°

(c) 90° (d) 120°

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

2N ও 3N মানের বলদ্বয় 60° কোণে একটি বিন্দুতে ক্রিয়ারত।

44. বলদ্বয়ের লব্ধির মান কত? [JB, CB'22]

(a) $\sqrt{7}$ N (b) $\sqrt{19}$ N

(c) 7 N (d) 19 N

45. লব্ধির বলের ক্রিয়ারেখা ক্ষুদ্রতর বলটির সাথে কত কোণ তৈরি করবে? [JB'22]

(a) $\tan^{-1}\left(\frac{\sqrt{3}}{4}\right)$ (b) $\tan^{-1}\left(\frac{3\sqrt{3}}{7}\right)$

(c) $\tan^{-1}\left(\frac{3}{4+3\sqrt{3}}\right)$ (d) $\tan^{-1}\left(\frac{1}{3+\sqrt{3}}\right)$

46. একটি বিন্দুতে একই সময়ে ক্রিয়ারত নিচের কোন বলত্রয়ের তাদের সাম্যাবস্থার জন্য একটি ত্রিভুজের তিনটি বাহু দ্বারা একই ক্রমে মানে ও দিকে প্রকাশ করা সম্ভব নয়? [JB'22]

(a) 1N, 2N, ও 3N (b) 2N, 3N, ও 4N

(c) 3N, 4N, ও 5N (d) 3N, 5N, ও 7N

47. একই বিন্দুতে α কোণে ক্রিয়ারত P ও Q বলের লব্ধি R হলে–

(i) R = P + Q, যখন α = 90° [CB'22]

(ii) R = P~Q, যখন α = 180°

(iii) Q = P হলে $R = 2P\cos\frac{\alpha}{2}$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i ii, iii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

38. b	39. d	40. c	41. a	42. d	43. c	44. b	45. b	46. a	47. c

38. 

$\frac{12}{14-x} = \frac{8}{x} = \frac{12+8}{24}$

$\Rightarrow \frac{8}{x} = \frac{20}{24} \therefore x = \frac{48}{5}$ m

39. $R^2 = P^2 + Q^2 + 2pq\cos\alpha$

$A = 0$ হলে, $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos 0°$

$= P^2 + Q^2 + 2PQ \Rightarrow R^2 = (P+Q)^2 \therefore R = P + Q$

40. $\tan 90° = \frac{P_2 \sin 120°}{P_1 + P_2 \cos 120°}$

$\Rightarrow \cos 120° = -\frac{P_1}{P_2} \Rightarrow -\frac{1}{2} = -\frac{P_1}{P_2} \therefore P_2 = 2P_1$

আবার, $R^2 = P_1^2 + P_2^2 + 2P_1P_2\cos 120°$

$\Rightarrow 6^2 = P_1^2 + 4P_1^2 - 2P_1^2 \Rightarrow 36 = 3P_1^2 \therefore P_1 = \frac{6\sqrt{3}}{3}$

42. $R^2 = (\sqrt{5})^2 + (\sqrt{5})^2 + 2\sqrt{5}\cdot\sqrt{5}\cos 120°$

$= 5 + 5 + 2\cdot 5\left(-\frac{1}{2}\right) = 10 - 5 = 5 \therefore R = \sqrt{5}$

$\therefore$ (i) নং সঠিক $\theta = \tan^{-1}\frac{5\sin 120°}{5+5\cos 120°} = \frac{5\frac{\sqrt{3}}{2}}{5+5\left(-\frac{1}{2}\right)}$

$= \frac{\frac{5\sqrt{3}}{2}}{\frac{10-5}{2}} = \frac{5\sqrt{3}}{5} = \tan^{-1}\sqrt{3} = 60° \therefore$ (ii) নং সঠিক

43. $3^2 + 4^2 + 2\cdot 3\cdot 4\cdot\cos 90° = 25 = 5^2$

$\therefore$ ক্ষুদ্রতর বেগ দুটির মধ্যবর্তী কোণ 90°

44. $R^2 = 2^2 + 3^2 + 2\cdot 2\cdot 3\cdot\cos 60°$

$= 4 + 9 + 12\cdot\frac{1}{2} = 4 + 9 + 6 = 19 \therefore R = \sqrt{19}$N

45. $\tan\theta = \frac{3\sin 60°}{2+3\cos 60°} = \frac{3\frac{\sqrt{3}}{2}}{2+3\frac{1}{2}} = \frac{\frac{3\sqrt{3}}{2}}{\frac{4+3}{2}} = \frac{3\sqrt{3}}{7} \therefore \theta = \tan^{-1}\left(\frac{3\sqrt{3}}{7}\right)$

46. (a) 1 + 2 > 3; সম্ভব নয়, (b) 2 + 3 > 5; সম্ভব, (c) 3 + 4 > 5; সম্ভব, (d) 3 + 5 > 8; সম্ভব

Educationblog24.com

48. 8 ও 6 একক মানের দুইটি সমমুখী সমান্তরাল বল 21 একক দূরত্বে একটি অনড় বস্তুর উপর ক্রিয়ারত। বলদ্বয় অবস্থান বিনিময় করলে লব্ধির ক্রিয়াবিন্দু কত একক দূরত্বে সরে যাবে?
(a) 1 একক (b) 2 একক [Din.B'22]
(c) 3 একক (d) 4 একক

49. 6N ও 8N বল দুটির মধ্যবর্তী কোণ কত হলে লব্ধি $2\sqrt{13}$N হবে? [MB'22, 21; DB'17]
(a) 30° (b) 60° (c) 90° (d) 120°

50. কোনো বিন্দুতে ক্রিয়ারত তিনটি বল সাম্যাবস্থায় থাকলে যেকোনো দুটি বলের লব্ধি তৃতীয় বলের- [MB'22]
(i) সমান (ii) সমান্তরাল (iii) বিপরীতমুখী
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

51. 

[MB'22]
T_1, T_2 ও 5N বলত্রয় ভারসাম্যে রাখা হলে T_1 এর মান কত?
(a) $\frac{5}{\sqrt{3}}$ (b) $\frac{20}{\sqrt{3}}$ (c) $5\sqrt{3}$ (d) $20\sqrt{3}$

52. A ও B বিন্দুতে ক্রিয়ারত 45N ও 15N বিসদৃশ সমান্তরাল বলের লব্ধি C বিন্দুতে ক্রিয়া করে।
AC = 5m হলে AB = কত? [MB'22]
(a) 5m (b) 10m (c) 15m (d) 20m

53. নিচের কোন বলত্রয় ত্রিভুজের বাহু দ্বারা দিকে মানে ও একই ক্রমে প্রকাশ করলে স্থিতাবস্থায় থাকবে? [DB'21]
(a) 1N, 2N, 3N (b) 3N, 4N, 5N
(c) 10N, 20N, 50N (d) 5N, 20N, 40N

54. এক বিন্দুতে ক্রিয়ারত P ও Q বলদ্বয়ের লব্ধি R এর উভয় দিকে যথাক্রমে 30° ও 60° কোণে আনত হলে P: Q কত? [DB'21]
(a) $2:\sqrt{3}$ (b) $\sqrt{3}:1$
(c) $1:\sqrt{2}$ (d) $1:\sqrt{3}$

55. 5N ও 7N মানের দুটি বল পরস্পর বিপরীত দিকে ক্রিয়াশীল। এদের লব্ধি কোন দিকে ক্রিয়া করবে? [DB, CB'21; CB'17]
(a) 7N বলের ক্রিয়ারেখার সাথে লম্ব বরাবর
(b) 7N বলের ক্রিয়ার সাথে সমান্তরাল বরাবর
(c) 5N বলের ক্রিয়ারেখার সাথে লম্ব বরাবর
(d) 5N বলের ক্রিয়ারেখা বরাবর

56. সমমানের দুটি বলদ্বয়ের লব্ধি বলদ্বয়ের গুণফলের সমান হলে উহাদের মধ্যবর্তী কোণ কত? [DB, Din.B'21; SB, BB'17]
(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{2\pi}{3}$
(c) $\frac{-2\pi}{3}$ (d) $\frac{-\pi}{3}$

57. কোনো বিন্দুতে 60° কোণে ক্রিয়ারত দুটি সমান বলকে একই বিন্দুতে ক্রিয়ারত 9N বলের সাহায্যে সাম্যাবস্থায় রাখলে সমান বল কত? [DB'21]
(a) $\sqrt{3}$N (b) $3\sqrt{3}$N
(c) 3N (d) 9N

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

48. c	49. d	50. b	51. a	52. b	53. b	54. b	55. b	56. b	57. b

48. $d = \frac{8-6}{8+6} \cdot 21 = \frac{2}{14} \cdot 21 = 3$ একক

49. মনে করি, মধ্যবর্তী কোণ α,
অর্থাৎ, $(2\sqrt{13})^2 = 6^2 + 8^2 + 2 \cdot 6 \cdot 8 \cdot \cos\alpha$
$\Rightarrow 52 = 36 + 64 + 96\cos\alpha \Rightarrow -48 = 96\cos\alpha$
$\Rightarrow \cos\alpha = \frac{-48}{96} \Rightarrow \cos\alpha = -\frac{1}{2} \therefore \alpha = 120°$

51. লামির উপপাদ্য অনুসারে, $\frac{T_1}{\sin 150°} = \frac{T_2}{\sin 90°} = \frac{5}{\sin 120°} \Rightarrow \frac{T_1}{\frac{1}{2}} = \frac{T_2}{1} = \frac{5}{\frac{\sqrt{3}}{2}}$
$\therefore T_1 = \frac{5}{\frac{\sqrt{3}}{2}} \times \frac{1}{2} = \frac{5}{\sqrt{3}}$

52. 

এখানে, $\frac{45}{AB+5} = \frac{15}{5} = \frac{45-15}{AB}$
২য় ও ৩য় অনুপাত নিয়ে, $\frac{45-15}{AB} = \frac{15}{5} \Rightarrow \frac{30}{AB} = \frac{3}{1} \therefore AB = 10m$

53. 3, 4, 5 দ্বারা ত্রিভুজ গঠন করা যায়।

54. 

$P = R\cos 30°$ এবং $Q = R\cos 60° \therefore \frac{P}{Q} = \frac{\cos 30°}{\cos 60°} = \sqrt{3}:1$

55. 

56. প্রশ্নমতে, $P^2 = P^2 + P^2 + 2P^2\cos\alpha$
$\Rightarrow -P^2 = 2P^2\cos\alpha \Rightarrow \cos\alpha = -\frac{1}{2} \therefore \alpha = \frac{2\pi}{3}$

57. 

$R = 2p\cos\frac{\theta}{2} = 2P\cos 30° = 9 \Rightarrow 2 \times P \times \frac{\sqrt{3}}{2} = 9 \therefore P = 3\sqrt{3}$N

Educationblog24.com

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

P ও Q দুইটি বল।

58. ক্ষুদ্রতম লব্ধির ক্ষেত্রে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [RB'21]
(a) 0° (b) 90° (c) 120° (d) 180°

59. বলদ্বয়ের বৃহত্তম লব্ধি কত? [RB'21]
(a) $P^2 + Q^2$ (b) $\sqrt{P^2 + Q^2}$
(c) $P - Q$ (d) $P + Q$

60. 4 একক দূরত্বে P ও Q বিন্দুতে ক্রিয়ারত 3 ও 6 একক সমান্তরাল বলদ্বয়- [Ctg.B'21]
(i) সদৃশ হলে লব্ধি 9 একক (ii) অসদৃশ হলে লব্ধি 3 একক
(iii) অসদৃশ এবং লব্ধি R বিন্দুতে হলে QR = 4
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

10N ও 5N মানের বলদ্বয় একটি বিন্দুতে পরস্পর 120° কোণে ক্রিয়াশীল।

61. বলদ্বয়ের লব্ধির মান কত? [Ctg.B'21]
(a) $3\sqrt{5}$ N (b) $5\sqrt{3}$ N (c) $5\sqrt{7}$ N (d) $7\sqrt{5}$ N

62. লব্ধিবলের ক্রিয়ারেখা বৃহত্তর বলটির সাথে কত কোণে অবস্থান করে? [Ctg.B'21]
(a) 30° (b) 45° (c) 60° (d) 90°

63. কোনো জড় বস্তুর উপর A ও B বিন্দুতে যথাক্রমে 42N এবং 24N মানের দুইটি অসদৃশ সমান্তরাল বল ক্রিয়ারত আছে। যদি তাদের লব্ধির ক্রিয়াবিন্দু BA এর বর্ধিতাংশকে C বিন্দুতে ছেদ করে তবে AB: BC = কত? [Ctg.B'21]
(a) 3: 7 (b) 4: 7 (c) 7: 3 (d) 7: 4

64. কোনো বিন্দুতে ক্রিয়ারত P ও $\sqrt{2}P$ বলদ্বয়ের লব্ধি R, P বলের উপর লম্ব হলে তাদের অন্তর্গত কোণ কত? [SB'21]
(a) 45° (b) 60° (c) 120° (d) 135°

65. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুতে তিনটি সমান সদৃশ সমান্তরাল বল ক্রিয়া করলে তাদের লব্ধি- [SB'21]
(a) লম্বকেন্দ্রগামী (b) অন্তঃকেন্দ্রগামী
(c) পরিকেন্দ্রগামী (d) ভরকেন্দ্রগামী

66. কোনো বিন্দুতে 120° কোণে ক্রিয়ারত দুইটি সমান বলকে একই বিন্দুতে ক্রিয়ারত 9N বলের সাহায্যে ভারসাম্যে রাখা হয়েছে। সমান বলদ্বয় কত? [SB'21]
(a) $9\sqrt{3}$N (b) 9N (c) $3\sqrt{3}$N (d) 3N

67. 8N ও 6N মানের দুইটি বল কোনো বিন্দুতে α কোণে ক্রিয়ারত থাকলে- [SB'21]
(i) লব্ধির বৃহত্তম মান = 14N
(ii) লব্ধির ক্ষুদ্রতম মান = 2N
(iii) $\alpha = \frac{\pi}{2}$ হলে লব্ধির মান = 10N
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

P মানের দুইটি সমান বল OX ও OY বরাবর ক্রিয়া করে। বল দুইটির মধ্যবর্তী কোণ 90°।

68. বল দুইটির লব্ধি OX এর সাথে কত কোণ উৎপন্ন করে? [BB'21]
(a) 15° (b) 30° (c) 45° (d) 90°

69. বল দুইটির লব্ধির মান কত? [BB'21]
(a) $\sqrt{2}P$ (b) $\sqrt{3}P$ (c) 2P (d) 3P

70. 

উদ্দীপকের আলোকে R ও W এর মধ্যবর্তী কোণ কত? [BB'21]
(a) $90° - \alpha$ (b) $90° + \alpha$
(c) $180° - \alpha$ (d) $180° + \alpha$

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

58. d	59. d	60. d	61. b	62. a	63. a	64. d	65. d	66. b	67. d	68. c	69. a	70. c

60. 

$\therefore 3(4 + x) = 6 \times x \Rightarrow 12 + 3x = 6x \Rightarrow 3x = 12$
$\therefore x = 4 \therefore QR = 4$ একক। সদৃশ হলে, লব্ধি $= P + Q = 9$ একক
অসদৃশ হলে, লব্ধি $= P - Q = 3$ একক

61. $R = \sqrt{10^2 + 5^2 + 2 \times 10 \times 5 \cos 120°}$
$= \sqrt{100 + 25 - 50} = 5\sqrt{3}$ N

62. $\tan\theta = \frac{5 \sin 120°}{10 + 5 \cos 120°} = \frac{1}{\sqrt{3}} \therefore \theta = 30°$

63. 

$42 \times AC = 24 \times BC \therefore 7AC = 4BC \Rightarrow 7(BC - AB) = 4BC$
$\Rightarrow 7BC - 7AB = 4BC \Rightarrow 3BC = 7AB \therefore \frac{AB}{BC} = \frac{3}{7}$

64. 

$\theta = \sin^{-1}\left(\frac{P}{\sqrt{2}P}\right) = 45°$
$\therefore$ মধ্যবর্তী কোণ $= (90 + 45)° = 135°$

66. $2P^2 + 2P^2 \cos 120 = 81 \Rightarrow P = 9$N

68. 

; $\theta = \frac{\pi}{2}$ [যেহেতু বলদ্বয় সমান]

69. $R = 2P \cos 45° = \sqrt{2}P$

70. 

$\theta = 90° + (90° - \alpha) = 180° - \alpha$

Educationblog24.com

71. 5 একক দূরত্বে A ও B বিন্দুতে ক্রিয়ারত 9 এবং 5 একক মানের সমান্তরাল বলদ্বয়– [CB, BB, MB'21]
(i) অসদৃশ হলে লব্ধির মান 4 একক
(ii) সদৃশ এবং লব্ধি C বিন্দুতে ক্রিয়ারত হলে $BC = \frac{45}{14}$ একক
(iii) সদৃশ হলে লব্ধির মান 14 একক
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

72. ΔABC এর কৌণিক বিন্দু A, B ও C তে যথাক্রমে P, Q এবং R মানের তিনটি সদৃশ সমান্তরাল বল ক্রিয়াশীল। লব্ধি ত্রিভুজের ভরকেন্দ্রগামী হলে– [BB'21]
(a) P: Q: R = sin A : sin B : sin C
(b) P: Q: R = tan A : tan B : tan C
(c) P: Q: R = sin 2A : sin 2B : sin 2C
(d) P: Q: R = 1: 1: 1

73. একটি বলের আনুভূমিক ও উলম্ব অংশের মান 4N ও 3N হলে বলটির মান– [JB'21]
(a) 5N (b) 10N (c) $2\sqrt{3}$N (d) 7N

74. $\sqrt{3}$kg ওজনের একটি বস্তুকে দুটি বল দ্বারা টেনে রাখা হয়েছে। একটি আনুভূমিক এবং অপরটি আনুভূমিকের সাথে 30° কোণে ক্রিয়ারত হলে বলদ্বয় কত কেজি ওজন? [JB'21]
(a) $3\sqrt{5}, 10$ (b) $2\sqrt{3}, \sqrt{3}$
(c) $5\sqrt{3}, 10$ (d) $3, 2\sqrt{3}$

75. একই বিন্দুতে ক্রিয়ারত দুটি বলের ক্ষুদ্রতম লব্ধি 1N এবং বল দুটি লম্বভাবে ক্রিয়াশীল হলে লব্ধির মান 5N। বলদ্বয় দ্বারা বৃহত্তম লব্ধির মান– [JB'21]
(a) 5N (b) 2N (c) 7N (d) 3N

76. কোনো বিন্দুতে ক্রিয়ারত Q ও 2Q মানের বলদ্বয়ের লব্ধি Q বলের ক্রিয়ারেখার উপর লম্ব হলে– [JB'21]
(i) বলদ্বয়ের মধ্যবর্তী কোণ 120°
(ii) লব্ধির মান $\sqrt{3}$Q একক
(iii) Q বলের দিক বরাবর 2Q বলের ধনাত্মক লম্বাংশ 3Q
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



77. L = 8, Q = 30, x = 6 হলে P এর মান কত? [JB, CB'21; JB'17]
(a) 100 (b) 7 (c) 70 (d) 10

78. একই বিন্দুতে ক্রিয়ারত P ও 30N বলদ্বয়ের লব্ধি 25N, P বলের ক্রিয়ারেখার উপর লম্ব। P এর মান কত? [CB'21]
(a) $10\sqrt{5}$ N (b) $10\sqrt{3}$
(c) $5\sqrt{11}$ N (d) $5\sqrt{15}$

79. P বলের উপাংশদ্বয় P এর সাথে 15° ও 45° কোণ উৎপন্ন করে। P বলের একটি উপাংশ কোনটি? [CB'21]
(a) $\frac{\sqrt{2}P}{\sqrt{3}}$ (b) $\frac{2P}{\sqrt{3}}$ (c) $\frac{\sqrt{3}P}{\sqrt{2}}$ (d) $\frac{\sqrt{3}P}{2}$

80. P ও Q মানের দুটি বল পরস্পর 45° কোণে কোনো একটি বিন্দুতে ক্রিয়ারত। এদের লব্ধি 16N, P বলের সাথে 30° কোণ উৎপন্ন করে। Q বলের মান কত? [Din.B'21]
(a) $8\sqrt{2}$N (b) $4\sqrt{2}$N (c) $32\sqrt{2}$ N (d) 8N

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

71. d	72. d	73. a	74. d	75. c	76. a	77. d	78. c	79. a	80. a

71. (ii) $\frac{BC}{9} = \frac{AB}{9+5} \Rightarrow BC = \frac{45}{14}$

72.


$P \times AG = (Q + R) \times GD \Rightarrow Q + R = 2P$ ..... (I)
অনুরূপ $P + Q = 2R$ ..... (II)
(I) ও (II) থেকে P = R ফলে P = Q

73. $R = \sqrt{3^2 + 4^2} = 5N$

74.


$\frac{P}{\sin(90+30)} = \frac{Q}{\sin 90}$
$= \frac{\sqrt{3}}{\sin 150°}; \left[\frac{P}{\cos 30} = \frac{Q}{1} = \frac{\sqrt{3}}{\frac{1}{2}}\right]; Q = 2\sqrt{3} \therefore P = \frac{\sqrt{3}}{2} \times 2\sqrt{3} = 3$

75. $(P+Q)^2 + (P-Q)^2 = 2(P^2+Q^2) \Rightarrow (P+Q)^2 + 1 = 2 \times 25$
$\Rightarrow (P+Q)^2 = 49 \Rightarrow P + Q = 7N$

76. $\theta = \sin^{-1}\left(\frac{Q}{2Q}\right) = 30°$
$\therefore$ মধ্যবর্তী কোণ $= 90° + \theta = 90° + 30° = 120°$
লব্ধি, $R = \sqrt{4Q^2 - Q^2} = \sqrt{3}Q$ একক
Q এর দিকে 2Q এর লম্বাংশ $2Q\cos 120 = -Q$
$\therefore$ (iii) ভুল



77. $Px = QL - Qx \Rightarrow 6P = 240 - 180 \Rightarrow 6P = 60 \Rightarrow P = 10$

78. $P = \sqrt{(\text{বড়বল})^2 - (\text{ছোটবল})^2} = \sqrt{30^2 - 25^2} = 5\sqrt{11}$ N

79. $\frac{P_1}{\sin 45°} = \frac{P}{\sin(45°+15°)}$ বা, $P_1 = \frac{\sqrt{2}}{\sqrt{3}}P$

80. $Q = \frac{R\sin\theta}{\sin\alpha} = \frac{16\sin 30°}{\sin 45°} = \frac{16}{\sqrt{2}} = 8\sqrt{2}$;


Educationblog24.com

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



81. C বিন্দুতে দণ্ডটি আনুভূমিকভাবে ভারসাম্যে থাকলে BC এর দৈর্ঘ্য কত মিটার? [Din.B'21]

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

82. P ও Q (P > Q) মানের দুইটি সমান্তরাল বল– [MB'21]

(i) সদৃশ হলে বলদ্বয়ের লব্ধি P + Q

(ii) বিসদৃশ হলে বলদ্বয়ের লব্ধি P – Q

(iii) বলদ্বয়ের লব্ধি P এর দিকের সাথে সমান্তরাল

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

83. 

চিত্রে ABCD একটি বর্গক্ষেত্র। A বিন্দুতে ক্রিয়ারত বলত্রয়ের লব্ধি কত? [RB'19]

(a) $2\sqrt{2}$ (b) 4 (c) 8 (d) 16

84. ত্রিভুজের অন্তঃস্থ কোণত্রয়ের সমদ্বিখণ্ডকত্রয়ের ছেদবিন্দুকে কী বলা হয়? [RB'19]

(a) অন্তঃকেন্দ্র (b) পরিকেন্দ্র

(c) ভরকেন্দ্র (d) লম্বকেন্দ্র

85. দুইটি সমান বলের লব্ধির বর্গ তাদের গুণফলের দ্বিগুণ হলে বলদ্বয়ের অন্তর্গত কোণ- [Ctg.B'19]

(a) 0° (b) 90° (c) 135° (d) 180°

86. একটি বিন্দুতে ক্রিয়ারত দুটি বল P ও 2P । তাদের লব্ধি R, P বলের উপর লম্ব হলে তাদের অন্তর্গত কোণ কত? [BB'19]

(a) 30° (b) 60° (c) 90° (d) 120°

87. একই আনুভূমিক রেখায় 10 কেজি ও 5 কেজি ওজনের দুটি বিসদৃশ সমান্তরাল বল দুটি বিন্দুতে ক্রিয়ারত আছে। বৃহত্তর বল থেকে এদের লব্ধির প্রয়োগ বিন্দুর দূরত্ব 25 সে.মি. হলে বল দুটির মধ্যবর্তী দূরত্ব কত? [JB'19]

(a) 50 সে.মি. (b) 75 সে.মি.

(c) 25 সে.মি. (d) 15 সে.মি.

88. 

P ও Q এর মধ্যবর্তী কোণ 60° হলে লব্ধি R হলো- [JB'19]

(a) $\sqrt{P^2 + Q^2 + PQ}$ (b) $\sqrt{P^2 + Q^2 + 2PQ}$

(c) $P^2 + Q^2 + PQ$ (d) $P^2 + Q^2 + 2PQ$

89. একটি কণার উপর কার্যরত P ও Q মানের বলদ্বয় সমান ও একই রেখার বিপরীতমুখী হলে, এদের লব্ধি কোনটি? [CB'19]

(a) 0 (b) P + Q

(c) $P^2 + Q^2$ (d) $\sqrt{P^2 + Q^2}$

90. P এবং Q বল দুটি পরস্পর বিপরীত দিকে ক্রিয়া করলে লব্ধি হয় 5N এবং একই দিকে ক্রিয়া করলে লব্ধি হয় 7N। [Din.B'19]

(i) P বলের মান 6N

(ii) Q বলের মান 1N

(iii) বল দুটি মধ্যবর্তী কোণ যথাক্রমে 180° এবং 0°

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

91. কোনো বিন্দুতে 120° কোণে ক্রিয়াশীল দুটি বলের বৃহত্তম বলটি 16N এবং ক্ষুদ্রতম বলটি লব্ধির সাথে সমকোণ উৎপন্ন করে। ক্ষুদ্রতম বলটি কত? [Din.B'19]

(a) $\sqrt{3}$N (b) 3N (c) 8N (d) $8\sqrt{3}$N

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

81. c	82. d	83. b	84. a	85. b	86. d	87. c	88. a	89. a	90. d	91. c

81. $10x = 15(5 - x) \Rightarrow 10x = 75 - 15x \Rightarrow 25x = 75 \Rightarrow x = 3$

83. AB বরাবর, $F_x = \sqrt{2} + 2\cos 45° = 2\sqrt{2}$

AD বরাবর, $F_y = \sqrt{2} + 2\sin 45° = 2\sqrt{2}$

$\therefore F = \sqrt{F_x^2 + F_y^2} = 4N$

85. $2P^2 = P^2 + P^2 + 2P^2\cos\alpha \therefore \alpha = 90°$

86. 

$R\cos 90° = P + 2P\cos\alpha \therefore \cos\alpha = -\frac{1}{2} \therefore \alpha = 120°$

87. 

$\therefore 5 \times 25 = 5 \times x \Rightarrow x = 25cm$

88. $R^2 = P^2 + Q^2 + 2PQ\cos 60° \Rightarrow R = \sqrt{P^2 + Q^2 + PQ}$

90. $P - Q = 5 ; P + Q = 7 \therefore P = 6, Q = 1$

91. 

$\therefore \tan 90° = \frac{16\sin 120°}{p + 16\cos 120°} \Rightarrow p + 16\cos 120° = 0$

$\Rightarrow p = 16\cos 60° = 8N$

Educationblog24.com

92. 

উদ্দীপকে- [All.B'18; RB'17]

(i) OA বরাবর P বলের লম্বাংশ $= \frac{\sqrt{3}P}{2}$

(ii) OB বরাবর P বলের লম্বাংশ $= \frac{P}{2}$

(iii) OC বরাবর P বলের লম্বাংশ $= P$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

93. 

O বিন্দুতে ক্রিয়ারত সমতলীয় তিনটি বল P, Q & R সাম্যাবস্থায় আছে। P এর মান 12N হলে, Q & R এর মান যথাক্রমে নিচের কোনটি? [RB'17]

(a) $24\sqrt{3}$ N, 24N (b) 24N, $24\sqrt{3}$ N

(c) $6\sqrt{3}$ N, 6N (d) 6N, $6\sqrt{3}$ N

94. সমবিন্দু দুইটি বলের লব্ধি বৃহত্তম হয় যখন বলদ্বয়ের অন্তর্গত কোণ- [Ctg.B'17]

(a) 0° (b) 45° (c) 90° (d) 180°

95. ত্রিভুজের বাহুত্রয়ের লম্ব সমদ্বিখণ্ডক তিনটির ছেদবিন্দু হলো- [Ctg.B'17]

(a) অন্তঃকেন্দ্র (b) পরিকেন্দ্র

(c) ভরকেন্দ্র (d) লম্বকেন্দ্র

96. P ও 25N মানের দুইটি বলের লব্ধি 20N যা P এর সাথে লম্বভাবে স্থাপিত হলে, P এর মান কোনটি? [SB'17]

(a) 10 N (b) 20 N (c) 25 N (d) 15 N

97. P ও Q দুইটি সমান ও সমান্তরাল বল বিপরীত দিকে ক্রিয়াশীল হলে তাদের লব্ধি কত? [SB'17]

(a) P + Q (b) P − Q (c) Q − P (d) 0

98. 30 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট AB দণ্ডের A প্রান্তে 20 কেজি ওজন ও B প্রান্তে P কেজি ওজন ঝুলানো আছে। এদের লব্ধি C বিন্দুতে ক্রিয়াশীল। AC এর দৈর্ঘ্য 20 মিটার হলে বলটির মান কত? [JB'17]

(a) 10N (b) 30N (c) 40N (d) 50N

99. কোনো জড় বস্তুর উপর A ও B বিন্দুতে যথাক্রমে 42N ও 24N মানের দুইটি অসদৃশ সমান্তরাল বল কার্যরত। যদি BA এর বর্ধিতাংশের উপর C বিন্দুতে তাদের লব্ধির ক্রিয়াবিন্দু কার্যরত হয়, তবে AC ও BC এর অনুপাত কোনটি? [Din.B'17]

(a) 7: 6 (b) 7: 4 (c) 6: 7 (d) 4: 7

100. কোনো বিন্দুতে ক্রিয়ারত $(2 + 2\sqrt{2})$N মানের দুইটি সমান বলের লব্ধি বল $(4 + 4\sqrt{2})$N হলে, তাদের অন্তর্ভুক্ত কোণ কত? [Din.B'17]

(a) 0° (b) 45° (c) 90° (d) 180°

101. 

; চিত্রের প্রদর্শিত বলত্রয় O বিন্দুতে সাম্যাবস্থায় থাকলে, P বলটির মান কত? [Din.B'17]

(a) $4\sqrt{3}$N (b) 2N

(c) $2\sqrt{3}$N (d) $\sqrt{3}$N

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

92. d	93. d	94. a	95. b	96. d	97. d	98. c	99. d	100. a	101. c

92. OA বরাবর P বলের লম্বাংশ $= P\cos 30° = \frac{\sqrt{3}}{2}P$

OB বরাবর P বলের লম্বাংশ $= P\sin 30° = \frac{1}{2}P$

OC বরাবর P বলের লম্বাংশ $= P\cos 0° = P$

93. লামির সূত্র মতে, $\frac{P}{\sin 90°} = \frac{Q}{\sin \angle POR} = \frac{R}{\sin \angle POQ}$

$\therefore Q = P\sin \angle POR = 12\sin 150° = 6N$

$R = P\sin \angle POQ = 12\sin 120° = 6\sqrt{3}N$

96. $\tan 90 = \frac{25\sin\alpha}{P + 25\cos\alpha} \therefore \frac{1}{0} = \frac{25\sin\alpha}{P + 25\cos\alpha} \therefore P = -25\cos\alpha$

এখন, $(20)^2 = 25^2 + P^2 + 2(P)(25)\cos\alpha$

$(20)^2 = (25)^2 + P^2 - 2P^2$

$\therefore P^2 = 25^2 - 20^2 = 225 \therefore P = 15$ N

98. 

$AC \times 20 = BC \times P \therefore 20 \times 20 = 10 \times P \therefore P = 40$ N

99. 

$\frac{24}{AC} = \frac{42}{BC} \Rightarrow \frac{AC}{BC} = \frac{24}{42} = \frac{4}{7}$

100. $(4 + 4\sqrt{2})^2 = 2(2 + 2\sqrt{2})^2 + 2(2 + 2\sqrt{2})^2\cos\alpha$

$\Rightarrow 4(2 + 2\sqrt{2})^2 = 2(2 + 2\sqrt{2}) + 2(2 + 2\sqrt{2})^2\cos\alpha$

$\Rightarrow 2 = 1 + \cos\alpha \Rightarrow \cos\alpha = 1 \Rightarrow \alpha = 0°$

101. $\frac{P}{\sin 120°} = \frac{2\sqrt{2}}{\sin 135°} \therefore P = 2\sqrt{3}$N

Educationblog24.com

বিভিন্ন কলেজের টেস্ট পরীক্ষার MCQ প্রশ্ন

102. কোনো বিন্দুতে ক্রিয়ারত দুটি বলের একটির মান অপরটির দ্বিগুণ এবং তাদের লব্ধি ক্ষুদ্রতরটির উপর লম্ব হলে বলদ্বয়ের অন্তর্গত কোণ কত? [আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ]

(a) 60° (b) 120°

(c) 135° (d) 150°

103.



P, Q, R বলত্রয়ের লব্ধি ত্রিভুজটির পরিকেন্দ্রগামী হলে P : Q =? [চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ]

(a) $1 : \sqrt{2}$ (b) $\sqrt{2} : 1$

(c) $2 : \sqrt{3}$ (d) $\sqrt{3} : 2$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



104. উদ্দীপক অনুসারে- [বাংলাদেশ নৌবাহিনী কলেজ, চট্টগ্রাম]

(i) OX বরাবর Q বলের লম্বাংশ $= \frac{Q}{2}$

(ii) OY বরাবর Q বলের লম্বাংশ $= \frac{\sqrt{3}Q}{2}$

(iii) OC বরাবর Q বলের লম্বাংশ $= 0$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

105. কোনো জড় বস্তুর উপর A ও B বিন্দুতে যথাক্রমে 42 N ও 24 N মানের দুইটি অসদৃশ সমান্তরাল বল কার্যরত। যদি BA এর বর্ধিতাংশের উপর C বিন্দুতে তাদের লব্ধির ক্রিয়াবিন্দু কার্যরত হয়, তবে AC ও BC এর অনুপাত কোনটি? [চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

(a) 7 : 6 (b) 7 : 4 (c) 6 : 7 (d) 4 : 7

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



106. C বিন্দুতে চাপের পরিমাণ 30 kg ওজন হলে W = কত kg? [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

(a) 10 (b) 20 (c) 35 (d) 40

107. AC = 1m এবং AG = BG হলে, AB = কত m? [পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

(a) 2 (b) 3 (c) 4 (d) 6

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

102. b	103. c	104.a	105. d	106. b	107. c

102.



$P + 2P\cos\alpha = 0$

$\therefore \alpha = \cos^{-1}\left(-\frac{P}{2P}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120°$

103. $P : Q = \frac{\sin(2\times45)}{\sin(2\times30)} = \frac{1}{\frac{\sqrt{3}}{2}} = 2 : \sqrt{3}$

104. OX বরাবর Q এর লম্বাংশ $Q \times \cos 60° = \frac{Q}{2}$

OY বরাবর Q এর লম্বাংশ $Q \times \sin 60° = \frac{\sqrt{3}Q}{2}$

OC বরাবর Q এর লম্বাংশ $Q \times \cos(0°) = Q$

105.



$\frac{P}{BC} = \frac{Q}{AC} \therefore \frac{AC}{BC} = \frac{Q}{P} = \frac{24}{42} = \frac{4}{7} \therefore AC : BC = 4 : 7$

106. C বিন্দুতে চাপ = A বিন্দুতে চাপ + G বিন্দুতে চাপ

$\Rightarrow 30 = 10 + w \therefore w = 20kg$

107.



$\frac{10}{x-1} = \frac{20}{x} \Rightarrow 10x = 20x - 20$

$\Rightarrow 10x = 20 \therefore x = 2m$

$\therefore AB = 2x = 4m$

সাজেশনভিত্তিক মডেল টেস্ট: অধ্যায়-০৮

পূর্ণমান: ৩০ | MCQ | সময়: ৩০ মিনিট

01. লামির উপপাদ্য কোনটি?

(a) $P\sin\alpha = Q\sin\beta - R\sin\gamma$

(b) $\frac{P}{\sin\alpha} = \frac{Q}{\sin\beta} = \frac{R}{\sin\gamma}$

(c) $\frac{P}{\cos\alpha} = \frac{Q}{\cos\beta} = \frac{R}{\cos\gamma}$

(d) $P\tan\alpha = Q\tan\beta = R\tan\gamma$

02. P ও Q বলদ্বয় যথাক্রমে x অক্ষের সাথে α ও β কোণ উৎপন্ন করে ক্রিয়া করলে তাদের লব্ধি-

(a) $R = \sqrt{(P\cos\alpha + Q\cos\beta)^2 + (P\sin\alpha + Q\sin\beta)^2}$

(b) $R = \sqrt{(P\cos\alpha + P\sin\alpha)^2 + (Q\cos\alpha + Q\sin\beta)^2}$

(c) $R = \sqrt{(P\cos\alpha + Q\sin\alpha)^2 + (P\sin\alpha + Q\cos\beta)^2}$

(d) $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos(\alpha+\beta)}$

03. কোন বিন্দুতে 60° কোণে ক্রিয়ারত দুইটি সমান বলকে একই বিন্দুতে ক্রিয়ারত 9N বলের সাহায্যে ভারসাম্য রাখে। সমান বলদ্বয়ের প্রতিটির মান-

(a) 3N (b) $3\sqrt{3}$N

(c) $\sqrt{3}$N (d) 7N

04. 

C বিন্দুতে T_1, T_2 এবং W = 10 কেজি ওজনের ক্রিয়ার ফলে ভারসাম্য সৃষ্টি হয়। রশির টান T_1 = কত?

(a) 4 কেজি ওজন (b) 6 কেজি ওজন

(c) 8 কেজি ওজন (d) 10 কেজি ওজন

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



05. নিচের তথ্যগুলো লক্ষ কর:

(i) দুইটি সমান বলের লব্ধি এদের অন্তর্গত কোণকে সমদ্বিখণ্ডিত করে

(ii) P ও Q সদৃশ সমান্তরাল বলের লব্ধি P+Q

(iii) P, P সমবিন্দু দুইটি বলের লব্ধি P হলে, বল দুইটির মধ্যবর্তী কোণ 60°

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

06. 12N ও 8N দুইটি সমমুখী সমান্তরাল বল কোন কঠিন বস্তুর A ও B বিন্দুতে ক্রিয়াশীল। বল দুটির অবস্থান বিনিময় করলে এদের লব্ধির ক্রিয়াবিন্দু AB বরাবর কত দূরে সরে যাবে?

(a) $\frac{1}{2}$AB (b) $\frac{1}{3}$AB

(c) $\frac{1}{5}$AB (d) $\frac{1}{7}$AB

07. আনুভূমিক দিকে ও অনুভূমিকের সাথে 30° কোণে ক্রিয়াশীল দুইটি বল 5 একক ওজনের বস্তুকে স্থিরভাবে ধরে রাখে, বল দুইটির মান কত?

(a) $\frac{5}{\sqrt{3}}, 10$ (b) $5\sqrt{3}, 10$

(c) 5, 10 (d) $5, 10\sqrt{3}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

P ও Q(P > Q) দুইটি বলের বৃহত্তম লব্ধি 8N এবং ক্ষুদ্রতম লব্ধি 2N।

08. P এর মান কোনটি?

(a) 2N (b) 6N

(c) 5N (d) 8N

09. বলদ্বয়ের মধ্যবর্তী কোণ 60° হলে, লব্ধির মান কোনটি?

(a) 7N (b) 3N

(c) $\sqrt{13}$N (d) 5N

10. 10N ও 4N মানের দুইটি সমমুখী সমান্তরাল বল AB = 14cm সুষম দণ্ডের যথাক্রমে A ও B বিন্দুতে ক্রিয়ারত হলে লব্ধির অবস্থান কোনটি?

(a) A বিন্দু থেকে 4cm দূরে

(b) A বিন্দু থেকে 6cm দূরে

(c) B বিন্দু থেকে 4cm দূরে

(d) B বিন্দু থেকে 6cm দূরে

11. 7N, 8N ও 10N মানের তিনটি বল পরস্পরের সাথে 120° কোণ উৎপন্ন করে। 7N মানের বলটির দিকে আনুভূমিক দিক ধরে লব্ধির উল্লম্ব উপাংশ কোনটি?

(a) −2 (b) $-\sqrt{3}$

(c) $\sqrt{3}$ (d) $3\sqrt{3}$

12. 2P এবং P মানের দুইটি বল একটি বস্তুর উপর কার্যরত। যদি প্রথম বলকে দ্বিগুণ ও দ্বিতীয় বলকে 8 একক বৃদ্ধি করা হয়, তবে তাদের লব্ধির দিক অপরিবর্তিত থাকে। P এর মান কত?

(a) 16 (b) 8

(c) 4 (d) 2

Educationblog24.com

13. 

; চিত্রে P এর মান কত?

(a) $3\sqrt{3}$N (b) $5\sqrt{3}$N

(c) $5\sqrt{2}$N (d) 5N

14. O বিন্দুতে 6P, 9P মানের দুইটি বলের লব্ধি 8P । যদি কোন ছেদক বলত্রয়ের ক্রিয়ারেখাকে যথাক্রমে C, D, E বিন্দুতে ছেদ করে তবে-

(a) $\frac{6}{OD}+\frac{9}{OC}=\frac{8}{OE}$ (b) $\frac{6}{OE}+\frac{9}{OD}=\frac{8}{OC}$

(c) $\frac{6}{OC}+\frac{9}{OD}=\frac{8}{OE}$ (d) কোনোটিই নয়

15. কোন বিন্দুতে দুইটি বল 120° কোণে ক্রিয়ারত। বৃহত্তর বলটির মান 10N এবং তাদের লব্ধি ক্ষুদ্রতর বলের সাথে সমকোণ উৎপন্ন করলে ক্ষুদ্রতর বলের মান কত?

(a) 2N (b) 4N

(c) 5N (d) 6N

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



চিত্রে, P ও Q সমান্তরাল বলদ্বয়ের লব্ধি R, এখানে P = 7N ও Q = 8N

16. 

চিত্রের দুটি অসদৃশ বলের লব্ধি 2N হলে x এর মান কত নিউটন?

(a) 12 (b) 8

(c) 6 (d) 4

17. ABC ত্রিভুজের তিনটি কৌণিক বিন্দুতে 2, 2, P তিনটি সদৃশ সমান্তরাল বল ক্রিয়া করছে। এদের লব্ধি ত্রিভুজের ভরকেন্দ্রগামী হলে P এর মান কোনটি?

(a) 2 (b) 3

(c) 4 (d) 5

18. P = 6 kg, Q = 4 kg এবং AB = 5 মিটার। বলদ্বয়ের অবস্থান বিনিময় করা হলে এদের লব্ধির ক্রিয়াবিন্দু AB বরাবর কত দূর সরে যাবে? [সদৃশ বল]

(a) 2 মিটার (b) 0 মিটার

(c) 1 মিটার (d) 3 মিটার

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



19. BC:AC কত?

(a) 20:13 (b) 20:7

(c) 13:7 (d) 27:13

20. AC = 3 মিটার হলে, AB কত মিটার?

(a) $\frac{33}{7}$ (b) $\frac{39}{7}$

(c) $\frac{40}{7}$ (d) $\frac{81}{7}$

21. চিত্রে OABC একটি রম্বস।



F এর মান কত?

(a) $\frac{10\sqrt{10}}{\sqrt{3}}$N (b) $\frac{10\sqrt{30}}{\sqrt{10}}$N

(c) $\frac{10\sqrt{10}}{\sqrt{30}}$N (d) $\frac{10\sqrt{3}}{\sqrt{10}}$N

22. একটি দণ্ডের A ও B বিন্দুতে যথাক্রমে 45N এবং 15N দুইটি বিপরীতমুখী সমান্তরাল বল ক্রিয়া করছে। যদি এদের লব্ধি দণ্ডের বিন্দুতে ক্রিয়া করে এবং AC = 5m হয় তবে, AB = কত?

(a) 6m (b) 10m

(c) 12m (d) None

23. এক বিন্দুতে পরস্পর θ কোণে ক্রিয়াশীল দুইটি p, p সমান বলের লব্ধি R যদি $R^2 = 3p^2$ হয় তবে θ এর মান কত?

(a) 60° (b) 90°

(c) 120° (d) 30°

24. দুটি সমবিন্দু বলের বৃহত্তম লব্ধি 17N। যখন বলদ্বয় পরস্পর সমকোণে ক্রিয়াশীল হয়, তখন তাদের লব্ধি 13N হয়। তাদের ক্ষুদ্রতম লব্ধি কত?

(a) 6N (b) 7N

(c) 5N (d) 8N

25. একটি বিন্দুতে পরস্পর α কোণে ক্রিয়ারত বল P ও Q এর লব্ধি R। P = Q = R হলে α এর মান কত?

(a) 60° (b) 90°

(c) 120° (d) 180°

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

একই বিন্দুতে কার্যরত দুইটি বলের বৃহত্তম লব্ধি 14 একক এবং বলদ্বয় যখন লম্বভাবে ক্রিয়া করে তখন তাদের লব্ধি 10 একক।

26. P ও Q দুটি বল। বল দুইটি বিপরীতমুখী হলে লব্ধির মান 3N এবং তা P এর দিকে এবং একই দিকে ক্রিয়া করলে লব্ধির মান হয় 5N। সেক্ষেত্রে–

(i) P বলের মান 4N

(ii) Q বলের মান 1N

(iii) $P = \frac{1}{4}Q$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

27. সমমানের দুইটি বলের লব্ধির বর্গ বলদ্বয়ের গুণফলের তিন গুণ। এদের মধ্যবর্তী কোণ কত ডিগ্রি?

(a) 0° (b) 45°

(c) 60° (d) 90°

28. $\vec{P}, \vec{Q}, \vec{R}$ মানের তিনটি বল সাম্যাবস্থায় থাকলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

(a) $\vec{P} + \vec{Q} = \vec{R}$ (b) $\vec{R} - \vec{Q} = \vec{R}$

(c) $\vec{P} = \vec{Q} + \vec{R}$ (d) $\vec{P} + \vec{Q} + \vec{R} = 0$

29. 

চিত্রানুযায়ী লামির সূত্র কোনটি?

(a) $\frac{T}{\sin x} = \frac{T}{\cos x} = \frac{T}{\sin 2x}$ (b) $\frac{T}{\sin x} = \frac{T}{\sin 2x} = \frac{W}{\sin 2x}$

(c) $\frac{T}{\sin x} = \frac{T}{\sin x} = \frac{W}{\sin 2x}$ (d) $\frac{T}{\sin 2x} = \frac{T}{\sin 2x} = \frac{W}{\sin x}$

30. $\vec{P} + \vec{Q} + \vec{R} = 0$ এর জন্য সঠিক হল-

(i) বল তিনটির লব্ধি শূন্য

(ii) বল তিনটি সাম্যাবস্থায় আছে

(iii) P ও Q দুইটি বল এবং লব্ধি R

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

পূর্ণমান: ৫০ **CQ** সময়: ২: ৩৫ মিনিট

(যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:)

01. তিনটি সদৃশ সমান্তরাল বল P, Q, R যথাক্রমে ΔABC এর কৌণিক বিন্দু A, B, C তে ক্রিয়া করে। এদের লব্ধির ক্রিয়ারেখা ত্রিভুজটির লম্ব কেন্দ্রগামী।

(ক) ত্রিভুজটির অন্তঃকেন্দ্র I হলে, প্রমাণ কর যে,
$\angle BIC = 90° + \frac{1}{2}\angle A$ 2

(খ) প্রমাণ কর যে, P: Q: R = tan A : tan B : tan C 4

(গ) প্রমাণ কর যে, $P(b^2 + c^2 - a^2) = Q(c^2 + a^2 - b^2) = R(a^2 + b^2 - c^2)$ 4

02. 

(ক) বলের ত্রিভুজ সূত্রটি লিখ। 2

(খ) চিত্রে P ও Q বলদ্বয় যথাক্রমে cos A ও cos B এর সমানুপাতিক। প্রমাণ কর যে, ইহাদের লব্ধি R, sin C এর সমানুপাতিক। 4

(গ) প্রমাণ কর যে, লব্ধির ক্রিয়ারেখা CA এর সাথে $\frac{1}{2}(A + C - B)$ কোণ উৎপন্ন করে। 4

03. O বিন্দুতে ক্রিয়াশীল P, Q, R তিনটি একতলীয় বল ভিন্ন ভিন্ন রেখা বরাবর ক্রিয়া করে সাম্যাবস্থায় আছে।

(ক) P = Q = R হলে বলগুলোর মধ্যবর্তী কোণ কত হবে? 2

(খ) প্রমাণ কর যে, $\frac{P}{\sin Q\hat{}R} = \frac{Q}{\sin R\hat{}P} = \frac{R}{\sin P\hat{}Q}$ 4

(গ) O বিন্দুটি ΔABC এর অন্তঃকেন্দ্র এবং OA, OB, OC বরাবর যথাক্রমে P, Q, R বলগুলো ক্রিয়ারত হলে, প্রমাণ কর যে, $P: Q: R = \cos\frac{A}{2} : \cos\frac{B}{2} : \cos\frac{C}{2}$ 4

04. O বিন্দুগামী P ও Q দুইটি বলের লব্ধি R।



(ক) বলের লম্বাংশ ও অংশকের পার্থক্য বর্ণনা কর। 2

(খ) কোনো সরলরেখা P, Q, R এর ক্রিয়ারেখাকে L, M, N বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $\frac{P}{OL} + \frac{Q}{OM} = \frac{R}{ON}$। 4

(গ) যদি P > Q এবং লব্ধি R এদের অন্তর্গত কোণকে এক-তৃতীয়াংশে বিভক্ত করে, তবে দেখাও যে বল দুটির অন্তর্গত কোণ $3\cos^{-1}\left(\frac{P}{2Q}\right)$ এবং লব্ধি $R = \frac{P^2 - Q^2}{Q}$। 4

40

Educationblog24.com

05. (i) P ও Q বল দুইটি একটি হেলানো তলের দৈর্ঘ্য ও ভূমির সমান্তরালে ক্রিয়ারত থেকে প্রত্যেকে এককভাবে তলের উপর W ওজনের বস্তুকে ধরে রাখতে পারে।

(ii)


(ক) 6N ও 8N বল দুইটি পরস্পর 60° কোণে ক্রিয়াশীল। বলদ্বয়ের লব্ধি ও লব্ধি বলটি 8N বলের সাথে যে কোণ উৎপন্ন করে, তা নির্ণয় কর। 2

(খ) (i) নং হতে দেখাও যে, $\frac{1}{P^2} - \frac{1}{Q^2} = \frac{1}{W^2}$ 4

(গ) (ii) নং হতে, P বলটির ক্রিয়ারেখা সমান্তরাল রেখে তার ক্রিয়াবিন্দু d দূরে সরালে দেখাও যে, তাদের লব্ধি $\frac{2d}{7}$ দূরে সরে যাবে। 4

06. দৃশ্যকল্প-১:


দৃশ্যকল্প-২: l দৈর্ঘ্যবিশিষ্ট একটি সুতার একপ্রান্ত একটি উল্লম্ব দেয়ালে আটকানো এবং অন্যপ্রান্ত a ব্যাসার্ধবিশিষ্ট একটি গোলকের সাথে সংযুক্ত।

(ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত দুইটি বলের একটির মান অপরটির দ্বিগুণ হলে এবং তাদের লব্ধি ক্ষুদ্রতরটির উপর লম্ব হলে বলদ্বয়ের অন্তর্গত কোণ নির্ণয় কর। 2

(খ) দৃশ্যকল্প-১ এ P কে R পরিমাণে এবং Q কে S পরিমাণে বৃদ্ধি করলে লব্ধি O বিন্দুতে ক্রিয়া করে। আবার, P ও Q এর পরিবর্তে যথাক্রমে Q ও R ক্রিয়া করলেও লব্ধি O বিন্দুতে ক্রিয়া করে। দেখাও যে, $S = R - \frac{(Q-R)^2}{P-Q}$। 4

(গ) দৃশ্যকল্প-২ এর গোলকটির ওজন w হলে, দেখাও যে, সুতার টান $T = \frac{w(a+l)}{\sqrt{2al+l^2}}$ 4

07. দৃশ্যকল্প-১: $P + Q$ ও $P - Q$ বলদ্বয় 2α কোণে ক্রিয়ারত এদের লব্ধি বলদ্বয়ের অন্তর্গত কোণের সমদ্বিখণ্ডকের সাথে θ কোণ উৎপন্ন করে।

দৃশ্যকল্প-২: P ও Q দুটি অসদৃশ সমান্তরাল বল A ও B বিন্দুতে ক্রিয়াশীল।

(ক) 8N ও 5N বলদ্বয়ের লব্ধি 7N হলে বলদ্বয়ের অন্তর্গত কোণের মান কত? 2

(খ) দৃশ্যকল্প-১ হতে দেখাও যে, $P:Q = \tan\alpha:\tan\theta$। 4

(গ) P ও Q বলদ্বয়কে x পরিমাণে বৃদ্ধি করা হলে এদের লব্ধির সরণ নির্ণয় কর। 4

08. কোনো অনড় বস্তু A ও B বিন্দুতে যথাক্রমে P ও Q দুইটি সমমুখী সমান্তরাল বল ক্রিয়ারত যেখানে $P > Q$। বল দুইটির লব্ধি AB রেখার O বিন্দুতে ক্রিয়ারত। আবার কোন বিন্দুতে R ও S মানের দুটি বল θ কোণে ক্রিয়াশীল।

(ক) সমতলীয় বলের সাম্যাবস্থার জন্য প্রয়োজনীয় শর্ত কি? 2

(খ) দেখাও যে, P ও Q বল দুইটি পরস্পর অবস্থান বিনিময় করলে উহাদের লব্ধির ক্রিয়াবিন্দু AB বরাবর d দূরত্বে সরে যাবে যখন $d = \frac{P-Q}{P+Q}AB$। 4

(গ) R ও S বলদ্বয়ের লব্ধির মান $(2m+1)\sqrt{R^2+S^2}$ এবং যখন তার $\left(\frac{\pi}{2}-\theta\right)$ কোণে ক্রিয়া করে তখন লব্ধির মান $(2m-1)\sqrt{R^2+S^2}$ হলে প্রমাণ কর, $\tan\theta = \frac{m-1}{m+1}$ 4

09.


চিত্রে, O বিন্দুতে ক্রিয়ারত P ও Q বলদ্বয়ের অন্তর্গত কোণ θ।

(ক) $\theta = 90°$ হলে লব্ধির মান ও দিক নির্ণয় কর। 2

(খ) P এর দিক বরাবর এদের লব্ধির লম্বাংশ Q হলে দেখাও যে, $\theta = 2\sin^{-1}\sqrt{\frac{P}{2Q}} = \cos^{-1}\frac{Q-P}{Q}$ 4

(গ) দেখাও যে, লব্ধির মান, $\sqrt{Q^2 - P^2 + 2PQ}$। 4

10. বাংলাদেশ ক্রিকেট দলের ব্যাটসম্যান তামিম ইকবাল তার ব্যাটিং প্র্যাকটিসের জন্য 15 ইঞ্চি একটি সুতার A ও B প্রান্তদ্বয়কে ছাদের 12 ইঞ্চি দূরত্বে অবস্থিত দুইটি ভিন্ন আনুভূমিক বিন্দুতে বেঁধে দিলেন। এরপর একটি মসৃণ ওজনহীন আংটার সাহায্যে W ওজনের একটি বলকে ঐ সুতা থেকে ঝুলিয়ে দিলেন।

(ক) ছাদ থেকে আংটার সর্বনিম্ন বিন্দুর দূরত্ব নির্ণয় কর। 2

(খ) বলটির ওজন 6N হলে সুতার টান নির্ণয় কর। 4

(গ) বলটিকে যদি AB সুতার যে কোন বিন্দু C-তে গিট দিয়ে ঝুলিয়ে দেওয়া হয় তবে দেখাও যে, CA অংশের টান $\frac{W\,AC}{4\,AB\,\Delta}(AB^2 + BC^2 - CA^2)$ যেখানে Δ হল ABC ত্রিভুজের ক্ষেত্রফল। 4

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

MCQ

01. b	02. a	03. b	04. b	05. a	06. c	07. b	08. c	09. a	10. a	11. b	12. b	13. d	14. c	15. c
16. b	17. a	18. c	19. b	20. b	21. c	22. b	23. a	24. b	25. c	26. a	27. c	28. d	29. c	30. a

03. $P^2 + P^2 + 2P^2\cos60° = 9^2 \therefore P = 3\sqrt{3}$

04. বলের লম্ব ত্রিভুজ হতে পাই, $\frac{T_1}{3} = \frac{T_2}{4} = \frac{10}{5} \Rightarrow T_1 = 6$

06. $d = \frac{12-8}{12+8} \times AB = \frac{1}{5}AB$

08. $P + Q = 8; P - Q = 2 \therefore P = 5N \therefore Q = 3N$

09. $R^2 = 5^2 + 3^2 + 2 \times 5 \times 3\cos60° \therefore R = 7N$

10. $x = \frac{4}{10+4} \times 14 = 4cm$

11. $F\sin\theta = 7\sin0° + 8\sin120° + 10\sin240° = -\sqrt{3}$

13. $\tan90° = \frac{10\sin120°}{P+10\cos120°} \therefore P = 5N$

14.



$P\cos\angle FOC + Q\cos\angle FOD = R\cos\angle FOE$

$\Rightarrow P.\frac{OF}{OC} + Q.\frac{OF}{OD} = R.\frac{OF}{OE}$

$\Rightarrow \frac{P}{OC} + \frac{Q}{OD} = \frac{R}{OE} \Rightarrow \frac{6}{OC} + \frac{9}{OD} = \frac{8}{OE}$

16. $10 - x = 2 \Rightarrow x = 8$

18. $x = \frac{P-Q}{P+Q} \times AB = \frac{6-4}{6+4} \times 5 = 1m$

19. $\frac{20}{BC} = \frac{7}{AC} \therefore \frac{BC}{AC} = \frac{20}{7}$

20. $\frac{AB}{13} = \frac{AC}{7} \therefore AB = \frac{3\times13}{7} = \frac{39}{7}$

21. $10^2 = 2F^2 + 2F^2\cos60° \therefore F = \frac{10\sqrt{10}}{\sqrt{30}}$

22.



; AC = 5

$AC = \frac{15}{45-15} \times AB$

$\Rightarrow 5 = \frac{15}{30} \times AB \Rightarrow AB = 10m$

23. $3p^2 = p^2 + p^2 + 2p^2\cos\theta \therefore \theta = 60°$

25. দুইটি সমান বলের লব্ধি ওদের সমান হলে $\alpha = 120°$

26. $P - Q = 3; P + Q = 5 \therefore P = 4; Q = 1$

27. $4p^2\cos^2\frac{\alpha}{2} = 3P^2 \Rightarrow \cos\frac{\alpha}{2} = \frac{\sqrt{3}}{2} \Rightarrow \alpha = 60°$

28. বলের ত্রিভুজ সূত্র।

29. $\frac{T}{\sin x} = \frac{T}{\sin x} = \frac{W}{\sin 2x}$ (লামির উপপাদ্য)।

CQ

03. (ক) 120°

05. (ক) 25.28°

06. (ক) $\alpha = 120°$

07. (ক) $\alpha = 120°$

(গ) $\frac{x}{P-Q}AB$

09. (ক) লব্ধির মান $R = \sqrt{P^2 + Q^2}$ ও লব্ধির দিক $\beta = \tan^{-1}\frac{Q}{P}$

10. (ক) 4.5 ইঞ্চি

(খ) 5N

৪০

"প্রার্থনায় সৃষ্টিকর্তার কোন পরিবর্তন হয় না; পরিবর্তিত হয় প্রার্থনাকারি।"
- Soren Kierkegaard

Educationblog24.com

অধ্যায় ০৯ সমতলে বস্তুকণার গতি

- সৃজনশীল (ক), (খ) ও (গ) নং প্রশ্নের জন্য এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	টাইপের নাম	যতবার প্রশ্ন এসেছে			যে বোর্ডে যে বছর এসেছে
			ক	খ	গ	CQ
✪✪	T-01	বেগের সামান্তরিক সূত্র	02	01	-	Ctg.B'23; MB'22, SB'19
✪✪✪	T-02	নদী পারাপার	03	06	01	DB'23, 22; Ctg.B'23; SB'23; MB'23; RB'22; BB'22, 17; Din.B'22; CB'17
✪✪✪	T-03	কখনও সমত্বরণ, সমমন্দন, সমবেগে চলমান কণার গতি	02	07	06	MB'23; Ctg.B'19; SB'19, 18; DB'18, 17; JB'18; Din.B'18; RB'17; CB'17
✪✪	T-04	বাঘ-হরিণ, ইঁদুর-বিড়াল ধরা এবং বাস-যাত্রী, বাস-সাইকেল অতিক্রম করা	-	02	-	BB'19; JB'17
✪✪✪	T-05	বিশেষ এক সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব	08	01	-	JB'23, 19, 17; CB'23; Din.B'22, 19; Ctg.B'19; RB'17
✪✪	T-06	রেলগাড়ির সংঘর্ষ এড়ানোর শর্ত নির্ণয়	-	-	02	CB'22; DB'17
✪✪	T-07	নির্দিষ্ট অংশ ভেদ করে বেগ হারানোর পর অতিক্রান্ত দূরত্ব	02	-	01	MB'23; DB'22; RB'19
✪✪	T-08	আপেক্ষিক বেগ ও গড়বেগ	04	-	-	DB'18; SB'18; JB'18; Din.B'18
✪✪✪	T-09	উপর থেকে বিনা বাধায় পতনশীল বস্তুর গতি	02	04	02	RB'23, 19; Ctg.B'22, 17; CB'22, 19; DB; BB'19
✪✪	T-10	শব্দ শোনার সময় হিসেব করে গভীরতা নির্ণয়	-	02	02	Din.B'23, 17; BB'22
✪	T-11	ভূমি থেকে উল্লম্বভাবে নিক্ষিপ্ত বস্তুর গতি	-	-	01	RB'23
✪✪	T-12	সর্বোচ্চ উচ্চতা ও সর্বোচ্চ উচ্চতায় উত্থানকাল	03	-	-	JB'22; MB'22; BB'17
✪✪	T-13	সমবেগে উর্ধ্বগামী প্লেন বা বেলুন থেকে বস্তু ছেড়ে দেওয়া এবং বিমানের উচ্চতা	04	-	-	Din.B'23; Ctg.B'22, 17; SB'22
	T-14	নির্দিষ্ট সময় ব্যবধানে দুটি বস্তু একই দিকে নিক্ষিপ্ত	-	-	-	-
✪	T-15	α কোণে ভূমি থেকে নিক্ষিপ্ত প্রক্ষেপকের গতি	-	01		BB'22
✪✪✪	T-16	বস্তুকণার বিচরণকাল, দীর্ঘতম উচ্চতা এবং আনুভূমিক পাল্লা	03	01	07	Ctg.B'23, 22, 17; SB'23, 22; MB'23; JB'22; Din.B'22; CB'19; RB'17
✪✪✪	T-17	ভূমি থেকে α কোণে নিক্ষিপ্ত প্রক্ষেপক নির্দিষ্ট দূরত্বে নির্দিষ্ট উচ্চতার দেয়াল কোনো রকমে অতিক্রম করলে, সেই প্রক্ষেপকের গতি সংক্রান্ত	-	02	05	SB'23, 19, 17; JB'23, 19; Din.B'23; CB'17
✪✪	T-18	ভূমি থেকে h উচ্চতায় α কোণে উপরে নিক্ষিপ্ত প্রাসের গতি	01	-	04	RB'22, CB'22, 19; Din.B'19; JB'17
✪✪✪	T-19	একই আদিবেগে α ও $90° - \alpha$ কোণে নিক্ষিপ্ত বস্তুর গতি সংক্রান্ত	-	02	05	BB'23, 19; DB'23; DB'22; MB'22; Ctg.B'19, 17
✪✪	T-20	প্রাস সম্পর্কিত বিশেষ সমস্যা	-	01	01	SB'17; BB'17

CQ প্রশ্ন ও সমাধান (ক, খ ও গ)

Type-01: বেগের সামান্তরিক সূত্র

Concept

$\vec{u}$ ও $\vec{v}$ বেগদ্বয় পরস্পর α কোণে ক্রিয়ারত এবং এদের লব্ধি $\vec{w}$, $\vec{u}$ এর সাথে θ কোণ উৎপন্ন করলে,

লব্ধি বেগ, $w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$ এবং $\tan\theta = \frac{v\sin\alpha}{u+v\cos\alpha}$

(a) বৃহত্তম লব্ধি, $w_{max} = u + v$ [$\alpha = 0°$]

(b) ক্ষুদ্রতম লব্ধি, $w_{min} = u \sim v$ [$\alpha = 180°$]

(c) $\alpha = 90°$ হলে লব্ধি, $w_p = \sqrt{u^2 + v^2}$ [p = perpendicular]

(d) যদি $u = v$ হয়, তবে $w_e = 2u\cos\frac{\alpha}{2}$ এবং $\theta = \frac{\alpha}{2}$ [e = equal]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) কোন বিন্দুতে ক্রিয়ারত দুইটি বেগের বৃহত্তম লব্ধি 14m/sec এবং ক্ষুদ্রতম লব্ধি 2m/sec হলে বেগদ্বয় নির্ণয় কর। [Ctg.B'23]

(ক) Sol^n: ধরি বেগ দুটি x, y $(x > y)$

প্রশ্নমতে, $x + y = 14$ ... ... (i); $x - y = 2$ ... ... (ii)

(i) ও (ii) যোগ করে পাই, $2x = 16 \Rightarrow x = 8$

(i) নং এ $x = 8$ বসিয়ে পাই, $8 + y = 14 \therefore y = 6$

$\therefore$ বেগদ্বয়ের মান 8m/s, 6m/s **(Ans.)**

02. উদ্দীপক-১: দুটি বেগের বৃহত্তম লব্ধি এদের ক্ষুদ্রতম লব্ধির দ্বিগুণ। বেগদ্বয়ের মধ্যবর্তী কোণ α হলে লব্ধি বেগের মান এদের সমষ্টির অর্ধেক হয়। [MB'22]

(খ) উদ্দীপক-১ হতে α এর মান নির্ণয় কর।

(খ) Sol^n: মনেকরি, বেগ দুটির মান u ও v $(u > v)$

$\therefore$ বৃহত্তম লব্ধি $= u + v$, ক্ষুদ্রতম লব্ধি $= u - v$

আবার, বেগদ্বয়ের মধ্যবর্তী কোণ α হলে, লব্ধি বেগের মান $= \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$

প্রশ্নমতে, $u + v = 2(u - v) \Rightarrow u + v = 2u - 2v$

$\Rightarrow v + 2v = 2u - u \Rightarrow 3v = u$

$\therefore u = 3v$ ... ... (i)

আবার, $\sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha} = \frac{1}{2}(u + v)$

$\Rightarrow u^2 + v^2 + 2uv\cos\alpha = \frac{1}{4}(u + v)^2 = \frac{1}{4}(u^2 + 2uv + v^2)$

$\Rightarrow 4u^2 + 4v^2 + 8uv\cos\alpha = u^2 + 2uv + v^2$

$\Rightarrow 3u^2 + 3v^2 + 8uv\cos\alpha - 2uv = 0$

$\Rightarrow 3.(3v)^2 + 3v^2 + 8.3v.v\cos\alpha - 2.3v.v = 0$

$\Rightarrow 27v^2 + 3v^2 + 24v^2\cos\alpha - 6v^2 = 0$

$\Rightarrow 24v^2 + 24v^2\cos\alpha = 0$

$\Rightarrow 24v^2(1 + \cos\alpha) = 0$

$\Rightarrow 1 + \cos\alpha = 0$ [$\because v \neq 0$]

$\Rightarrow 2\cos^2\frac{\alpha}{2} \Rightarrow \cos^2\frac{\alpha}{2} = 0 \Rightarrow \cos\frac{\alpha}{2} = 0$

$\Rightarrow \cos\frac{\alpha}{2} = \cos 90° \Rightarrow \frac{\alpha}{2} = 90° \therefore \alpha = 180°$ **(Ans.)**

03. (ক) দেখাও যে, সমমানের দুইটি একবিন্দুগামী বেগের লব্ধি এদের অন্তর্গত কোণকে সমান দুইভাগে বিভক্ত করে। [SB'19]

(ক) Sol^n: আমরা জানি, $\tan\theta = \frac{p\sin\alpha}{p+p\cos\alpha}$

$\Rightarrow \tan\theta = \frac{2\sin\frac{\alpha}{2}\cos\frac{\alpha}{2}}{2\cos^2\frac{\alpha}{2}} \Rightarrow \tan\theta = \tan\frac{\alpha}{2}$

$\therefore \theta = \frac{\alpha}{2}$ **(Showed)**

04. (ক) কোনো বিন্দুতে ক্রিয়ারত a ও b বেগদ্বয়ের লব্ধি c এবং a এর দিক বরাবর c এর লম্বাংশের পরিমাণ b হলে দেখাও যে, $c = \sqrt{b^2 - a^2 + 2ab}$

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

(ক) Sol^n: মনে করি, a বেগ লব্ধি c এর সাথে θ কোণ উৎপন্ন করে।

$\therefore$ a এর দিক বরাবর c এর লম্বাংশ $= c\cos\theta$

প্রশ্নমতে, $c\cos\theta = b$ ... ... (i)

a এর দিক বরাবর a ও b বেগদ্বয় এবং এদের লব্ধি c এর লম্বাংশ নিয়ে পাই,

$a\cos 0° + b\cos\alpha = c\cos\theta$ [(i) থেকে]

$\Rightarrow a + b\cos\alpha = b \Rightarrow \cos\alpha = \frac{b-a}{b}$

বেগের সামান্তরিক সূত্র থেকে পাই,

$c^2 = a^2 + b^2 + 2ab\cos\alpha = a^2 + b^2 + 2a(b - a)$

$\Rightarrow c^2 = a^2 + b^2 + 2ab - 2a^2$

$\therefore c = \sqrt{b^2 - a^2 + 2ab}$ **(Showed)**

Educationblog24.com

Type-02: নদী পারাপার

Concept

	কোন শর্ত না দেওয়া থাকলে	সর্বনিম্ন সময়	সর্বনিম্ন দূরত্ব (সোজা সুজি নদী পার)
চিত্র			
সূত্র	$w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$ $d = v\sin\alpha\, t \Rightarrow t = \frac{d}{v\sin\alpha}$ $x = (u + v\cos\alpha)t;\ \frac{x}{d} = \frac{u+v\cos\alpha}{v\sin\alpha}$	$w = \sqrt{u^2 + v^2};\ \alpha = 90°$ $d = v\,t_{min} \Rightarrow t_{min} = \frac{d}{v}$ $x = ut_{min};\ \frac{x}{d} = \frac{u}{v}$	$w = \sqrt{v^2 - u^2}$ $\alpha = \cos^{-1}\left(-\frac{u}{v}\right);\ d = wt_{Straight}$ $\Rightarrow t_{Straight} = \frac{d}{\sqrt{v^2-u^2}} = \frac{d}{w};\ x = 0$

নৌকার/সাঁতারুর বেগ= v, স্রোতের বেগ= u, লব্ধি বেগ= w

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) স্রোত না থাকলে এক ব্যক্তি 240 মিটার প্রশস্ত একটি নদী সাঁতার দিয়ে 6 মিনিটে সোজাসুজিভাবে পার হয়। কিন্তু স্রোত থাকলে ঐ একই পথ 10 মিনিটে পার হতে পারে। সাঁতারুর গতিবেগ নির্ণয় কর। [DB'23]

(ক) Sol^n: ধরি, স্রোতের বেগ u, সাঁতারুর বেগ v.

প্রশ্নমতে, স্রোত না থাকলে সাঁতারুর বেগ $v = \frac{240}{6}$

$\Rightarrow v = 40$ মিটার/মিনিট (Ans.)

02. দৃশ্যকল্প-১: একটি নদী সোজাসুজি পার হতে একজন সাঁতারুর t_1 সেকেন্ড সময় লাগে। স্রোতের অনুকূলে তীর বরাবর একই দূরত্ব অতিক্রম করতে তার t_2 সেকেন্ড সময় লাগে। [Ctg.B'23]

(খ) দৃশ্যকল্প-১ এ শান্ত নদীতে সাঁতারুর বেগ u এবং স্রোতের বেগ v হলে প্রমাণ কর যে, $u : v = (t_1^2 + t_2^2) : (t_1^2 - t_2^2)$

(খ) Sol^n:



ধরি, নদীর প্রস্থ d; স্রোতের বেগ v, সাঁতারুর বেগ u

$\therefore t_1 = \frac{d}{\sqrt{u^2-v^2}}$ এবং $t_2 = \frac{d}{u+v}$

[যেহেতু স্রোতের অনুকূলে, তাই লব্ধি বেগ = u + v]

$$\therefore \frac{t_1}{t_2} = \frac{\frac{d}{\sqrt{u^2-v^2}}}{\frac{d}{u+v}} = \frac{u+v}{\sqrt{(u+v)(u-v)}} \Rightarrow \frac{t_1}{t_2} = \frac{\sqrt{u+v}}{\sqrt{u-v}}$$

$$\Rightarrow \frac{t_1^2}{t_2^2} = \frac{u+v}{u-v} \Rightarrow \frac{t_1^2+t_2^2}{t_1^2-t_2^2} = \frac{u+v+u-v}{u+v-u+v} \Rightarrow \frac{t_1^2+t_2^2}{t_1^2-t_2^2} = \frac{u}{v}$$

$\therefore u : v = (t_1^2 + t_2^2) : (t_1^2 - t_2^2)$ (Proved)

03. দৃশ্যকল্প-১:



[SB'23]

(খ) দৃশ্যকল্প-১ এ সাঁতারুর AB দূরত্ব অতিক্রম করতে t সেকেন্ড এবং AC দূরত্ব অতিক্রম করতে t′ সেকেন্ড সময় লাগলে দেখাও যে, $t : t' = \sqrt{u+v} : \sqrt{u-v}$.

(খ) Sol^n মনে করি, নদীর প্রস্থ AB = d এবং সাঁতারু স্রোতের সাথে α কোণে সাঁতার দিয়ে সোজাসুজি w বেগে নদী পার হয়।



সোজাসুজি পার হতে সময় লাগে t সেকেন্ড ও স্রোতের অনুকূলে একই দূরত্ব AC = AB = d তীর বরাবর অতিক্রম করতে t′ সময় লাগে।

স্রোতের দিক বরাবর লম্বাংশ, $v\cos 0° + u\cos\alpha = w\cos 90°$

$\Rightarrow v + u\cos\alpha = 0 \Rightarrow u\cos\alpha = -v$

লব্ধি $w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha}$

$= \sqrt{u^2 + v^2 + 2v(-v)} = \sqrt{u^2 - v^2}$

এখন, সোজাসুজি পার করার ক্ষেত্রে, $t = \frac{d}{\sqrt{u^2-v^2}}$ ..... (i)

স্রোতের অনুকূলের ক্ষেত্রে, $t' = \frac{d}{u+v}$ ..... (ii)

(i) ÷ (ii) $\Rightarrow \frac{t}{t'} = \frac{\frac{d}{\sqrt{u^2-v^2}}}{\frac{d}{u+v}} = \frac{u+v}{\sqrt{(u+v)(u-v)}} \Rightarrow \frac{t}{t'} = \frac{\sqrt{u+v}}{\sqrt{u-v}}$

$\therefore t : t' = \sqrt{u+v} : \sqrt{u-v}$ (Showed)

04. দৃশ্যকল্প-১: একজন সাঁতারুর S মিটার প্রশস্ত নদী স্রোত না থাকলে সোজাসুজি পাড়ি দিতে t মিনিট সময় লাগে। কিন্তু স্রোত থাকলে তা পার হতে t′ মিনিট সময় লাগে। [MB'23]

(খ) প্রমাণ কর যে, স্রোতের বেগ = $S\sqrt{\frac{1}{t^2} - \frac{1}{t'^2}}$ ms^{-1}.

(খ) Sol^n: ধরি, সাঁতারুর বেগ x ও স্রোতের বেগ y

প্রশ্নমতে, স্রোত না থাকলে, $x = \frac{S}{t}$ ..... (i)

স্রোত থাকলে, $\sqrt{x^2 - y^2} = \frac{S}{t'} \Rightarrow x^2 - y^2 = \frac{S^2}{t'^2}$

$\Rightarrow \frac{S^2}{t^2} - y^2 = \frac{S^2}{t'^2}$ [(i) হতে] $\Rightarrow y^2 = S^2\left(\frac{1}{t^2} - \frac{1}{t'^2}\right)$

$\therefore$ স্রোতের বেগ, $y = S\sqrt{\frac{1}{t^2} - \frac{1}{t'^2}}$ ms^{-1} (প্রমাণিত)

05. দৃশ্যকল্প-১: সোজাসুজি একটি নদীর পার হতে সাঁতারুর t_1 সেকেন্ড সময় লাগে। স্রোতের অনুকূলে তীর বরাবর একই দূরত্ব অতিক্রম করতে তার t_2 সেকেন্ড সময় লাগে। [RB'22]

(খ) দৃশ্যকল্প-১ অনুযায়ী সাঁতারুর গতিবেগ 20 cms^{-1} এবং স্রোতের গতিবেগ 10 cms^{-1} হলে $t_1 : t_2$ নির্ণয় কর।

(খ) Sol^n: দেওয়া আছে, সাঁতারুর গতিবেগ, $u = 20cms^{-1}$ এবং স্রোতের গতিবেগ, $v = 10cms^{-1}$



ধরি, নদীর প্রস্থ d এবং সাঁতারু স্রোতের সাথে α কোণে সাঁতার দিয়ে সোজাসুজি w বেগে নদী পার হয়।

প্রশ্নমতে, $d = wt_1 = (20 + 10)t_2$

$\Rightarrow t_1 : t_2 = 30 : w$ ..... (i)

স্রোতের দিক বরাবর লম্বাংশ নিয়ে পাই,

$10\cos 0° + 20\cos\alpha = w\cos 90°$

$\Rightarrow 10 + 20\cos\alpha = 0 \Rightarrow u\cos\alpha = -v$ লব্ধি বেগ,

$w = \sqrt{u^2 + v^2 + 2uv\cos\alpha} = \sqrt{u^2 + v^2 - 2v(-v)}$

$= \sqrt{u^2 - v^2} = \sqrt{20^2 - 10^2} = \sqrt{300} = 10\sqrt{3}$

(i) নং হতে পাই, $t_1 : t_2 = 30 : 10\sqrt{3}$

$\therefore t_1 : t_2 = \sqrt{3} : 1$ (Ans.)

06. (ক) একজন সাঁতারু স্রোতের বেগের দ্বিগুণ বেগে সাঁতার দিয়ে একটি নদীর অপর তীরে যাত্রা বিন্দুর বিপরীত বিন্দুতে পৌঁছাল। স্রোতের দিকের সাথে সে যে কোণে যাত্রা করেছিল, তা নির্ণয় কর। [BB'22]

(ক) Sol^n: ধরি, স্রোতের বেগ = u এবং নৌকা স্রোতের সাথে α কোণে সাঁতার দিয়ে সোজাসুজি w বেগে নদী পার হয়।

$\therefore$ নৌকার বেগ = 2u, স্রোতের দিক বরাবর লম্বাংশ নিয়ে পাই,

$u\cos 0° + 2u\cos\alpha = w\cos 90°$

$\Rightarrow u + 2u\cos\alpha = 0 \Rightarrow \cos\alpha = -\frac{u}{2u}$

$\therefore \alpha = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120°$ (Ans.)

07. দৃশ্যকল্প-১: 180 মিটার প্রশস্ত একটি স্রোতহীন নদী সাঁতার কেটে পার হতে একজন লোকের 6 মিনিট সময় লাগে। কিন্তু স্রোত থাকলে তা পার হতে 10 মিনিট সময় লাগে। [Din.B'19]

(খ) স্রোতের বেগ নির্ণয় কর।

(খ) Sol^n: সাঁতারুর বেগ, $v = \frac{180}{6\times60} = 0.5\ ms^{-1}$



স্রোত থাকলে, $u + v\cos\alpha = 0$

$\therefore w^2 = u^2 + v^2 + 2uv\cos\alpha = v^2 - u^2$

$\Rightarrow u^2 = v^2 - w^2$

এখন, $w = \frac{180}{10\times60} = 0.3\ ms^{-1}$

$\therefore u^2 = 0.5^2 - 0.3^2 \quad \therefore u = 0.4\ ms^{-1}$

$\therefore$ স্রোতের বেগ 0.4 ms^{-1} (Ans.)

08. (ক) একটি নৌকা 10 কি.মি. বেগে চলে ঘণ্টায় 6 কি. মি. বেগে প্রবাহিত 500 মিটার চওড়া একটি নদী পাড়ি দিতে চায়। নৌকাটির ন্যূনতম পথে নদীটি পাড়ি দিতে কত সময় লাগবে? [CB'17]

(ক) Sol^n: চিত্রে নদীর প্রস্থ, OA = 500 মি.। মনে করি, নৌকাটি O বিন্দু হতে OB দ্বারা সূচিত বেগে যাত্রা করে এবং স্রোতের বেগ OC দ্বারা সূচিত নৌকাটি ন্যূনতম পথ পাড়ি দিলে তার লব্ধি বেগ OA বরাবর ক্রিয়াশীল এবং OBDC সামান্তরিকের কর্ণ দ্বারা সূচিত।



এখন, ΔOBD এ $OB^2 = BD^2 + OD^2$

$\Rightarrow OD^2 = OB^2 - BD^2 = OB^2 - OC^2$

$\Rightarrow OD = 10^2 - 6^2 = 100 - 36 = 64$

$\therefore OD = 8$ [বর্গমূল করে]

তাহলে, ন্যূনতম পথ পাড়ি দিতে সময় লাগবে,

$t = \frac{0.5}{8} = \frac{5}{10\times8} = \frac{1}{16}$ ঘণ্টা। (Ans.)

Educationblog24.com

নিজে করো

09. উদ্দীপক-১:  [DB'22]

u সাঁতারুর বেগ এবং v স্রোতের বেগ

(খ) একজন সাঁতারু সোজাসুজি একটি নদী পার হতে t′ সময় লাগে। স্রোতের অনুকূলে একই দূরত্ব অতিক্রম করতে t″ সময় লাগে। উদ্দীপক-১ এর আলোকে দেখাও যে, $t' : t'' = \sqrt{u+v} : \sqrt{u-v}$.

10. দৃশ্যকল্প-২:  [BB'17]

সাঁতারুর বেগ u_1, স্রোতের বেগ u_2, AB = d, AC = 2d

(গ) দৃশ্যকল্প-২ এ AC বরাবর প্রবাহিত নদী একজন সাঁতারু t_1 সময়ে AB দূরত্ব অতিক্রম করলে এবং t_2 সময়ে AC দূরত্ব অতিক্রম করলে t_1 এবং t_2 এর অনুপাত নির্ণয় কর।

[Ans: $\sqrt{u_1+u_2} : 2\sqrt{u_1-u_2}$]

Type-03: কখনও সমত্বরণ, সমমন্দন, সমবেগে চলমান কণার গতি

Concept

- গতিসূত্র: (i) $v = u + ft$ (ii) $s = ut + 2ft^2$ (iii) $s = \left(\frac{u+v}{2}\right)t$ (iv) $v^2 = u^2 + 2fs$ [এখানে, ত্বরণ = f]
- লেখচিত্রের সাহায্যে গতি বর্ণনা:
- সময়ের সাপেক্ষে সুষমভাবে বেগ বাড়লে অর্থাৎ সমত্বরণ হলে v-t গ্রাফের প্রকৃতি-



→ স্থির অবস্থান থেকে যাত্রা করলে।



→ একটি নির্দিষ্ট বেগ (u) নিয়ে যাত্রা করলে।

- সময়ের সাপেক্ষে সুষমভাবে বেগ কমলে অর্থাৎ সমমন্দন হলে:



- স্থির অবস্থান হতে চলমান কোনো বস্তু দ্বারা অতিক্রান্ত মোট দূরত্বের প্রথম অংশ সমত্বরণে এবং অবশিষ্টাংশে সমমন্দনে গিয়ে থেমে গেলে:



- সমবেগ-এর ক্ষেত্রে:



- স্থির অবস্থান থেকে যাত্রা শুরু করে যথাক্রমে সমত্বরণ, সমবেগ ও সমমন্দনে গিয়ে থেমে গেলে:



- v-t গ্রাফের ঢাল ত্বরণ এবং ক্ষেত্রফল সরণ নির্দেশ করে।

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) স্থিরাবস্থা হতে $4ms^{-2}$ সমত্বরণে চলমান বস্তুর 30 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। [MB'23]

(ক) Sol^n: প্রশ্নমতে, $u = 0, a = 4ms^{-2}, t = 30$ sec

$\therefore$ নির্ণেয় দূরত্ব, $s = ut + \frac{1}{2}at^2$

$= 0 \times 30 + \frac{1}{2} \times 4 \times (30)^2 = 1800$ m. **(Ans.)**

02. দৃশ্যকল্প-২: সুষম ত্বরণে সরলরেখা বরাবর চলন্ত একটি বিন্দুকণা পরপর p, q, r সময়ে যথাক্রমে সমান তিনটি ক্রমিক দূরত্ব অতিক্রম করে। [Ctg.B'19]

(গ) দৃশ্যকল্প-২ হতে প্রমাণ কর যে, $\frac{1}{p} - \frac{1}{q} + \frac{1}{r} = \frac{3}{p+q+r}$.

(গ) Sol^n:মনে করি, সমত্বরণে চলন্ত বিন্দুকণাটি A বিন্দু থেকে u বেগে যাত্রা শুরু করে p, q, r সময় শেষে যথাক্রমে B, C, D তে পৌঁছে এবং u_1, u_2, u_3 বেগ প্রাপ্ত হয়।

যেখানে, $AB = BC = CD = s$ (ধরি)।



$\therefore AB = s = \frac{u+u_1}{2} \times p$; $\left[s = \frac{u+v}{2} \times t \text{ সূত্র দ্বারা}\right]$

$\Rightarrow \frac{s}{p} = \frac{1}{2}(u + u_1) \ldots\ldots\ldots$ (i)

$BC = s = \frac{u_1+u_2}{2} \times q \Rightarrow \frac{s}{q} = \frac{1}{2}(u_1 + u_2) \ldots\ldots\ldots$ (ii)

$CD = s = \frac{u_2+u_3}{2} \times r \Rightarrow \frac{s}{r} = \frac{1}{2}(u_2 + u_3) \ldots\ldots\ldots$ (iii)

$AD = 3s = \frac{u+u_3}{2} \times (p + q + r)$

$\Rightarrow \frac{3s}{p+q+r} = \frac{1}{2}(u + u_3) \ldots\ldots\ldots$ (iv)

এখন, (i) $-$ (ii) $+$ (iii) $\Rightarrow \left(\frac{1}{p} - \frac{1}{q} + \frac{1}{r}\right)s$

$= \frac{1}{2}(u + u_1 - u_1 - u_2 + u_2 + u_3)$

$= \frac{1}{2}(u + u_3) \ldots\ldots\ldots$ (v)

(iv) ও (v) হতে পাই, $\left(\frac{1}{p} - \frac{1}{q} + \frac{1}{r}\right)s = \frac{3s}{p+q+r}$

$\Rightarrow \frac{1}{p} - \frac{1}{q} + \frac{1}{r} = \frac{3}{p+q+r} \therefore \frac{1}{p} - \frac{1}{q} + \frac{1}{r} = \frac{3}{p+q+r}$ **(Proved)**

03. দৃশ্যকল্প-১: একটি রেলগাড়ী পাশাপাশি দুইটি স্টেশনে থামে। স্টেশন দুইটির মধ্যবর্তী দূরত্ব 4 কি.মি. এবং এক স্টেশন থেকে অপর স্টেশনে যেতে সময় লাগে 8 মিনিট। [DB, SB, JB, Din.B'18]

দৃশ্যকল্প-২: কোনো বস্তুকণা কোনো সরলরেখা বরাবর সমত্বরণে চলে t_1, t_2 এবং t_3 সময়ে ধারাবাহিক গড়বেগ যথাক্রমে v_1, v_2 এবং v_3.

(খ) দৃশ্যকল্প-১ এ রেলগাড়ীটি যদি তার গতিপথের ১ম অংশ x সমত্বরণে এবং দ্বিতীয় অংশ y সমমন্দনে চলে তবে দেখাও যে, $x + y = 8xy$.

(গ) দৃশ্যকল্প-২ হতে প্রমাণ কর যে, $\frac{t_1+t_2}{v_1-v_2} = \frac{t_2+t_3}{v_2-v_3}$.

(খ) Sol^n: দৃশ্যকল্প -১ এর ঘটনাকে v-t graph দ্বারা প্রকাশ করি।



$\therefore x = \frac{v}{t_1}$; $t_1 = \frac{v}{x} \ldots\ldots$ (i)

আবার, $y = \frac{v}{t_2}$; $t_2 = \frac{v}{y} \ldots$ (ii)

আবার, $\frac{1}{2} \times v \times 8 = 4; v = 1$

(i) + (ii) $\rightarrow t_1 + t_2 = v\left(\frac{1}{x} + \frac{1}{y}\right) \Rightarrow 8 = \frac{1}{x} + \frac{1}{y}$

$\therefore x + y = 8xy$ **(Showed)**

(গ) Sol^n: দৃশ্যকল্প-২ কে v-t graph দ্বারা প্রকাশ করি।



মনে করি, বস্তু কণাটির ত্বরণ = a;

তাহলে, $v_1 = v_o + \frac{1}{2}at_1 \ldots$ (i)

$v_2 = v_1 + \frac{1}{2}a(t_1 + t_2) \ldots$ (ii)

$v_3 = v_2 + \frac{1}{2}a(t_2 + t_3) \ldots$ (iii)

এখন, $\frac{v_2-v_1}{\frac{1}{2}a(t_1+t_2)} = \frac{v_3-v_2}{\frac{1}{2}a(t_2+t_3)}$

$\Rightarrow \frac{v_1-v_2}{t_1+t_2} = \frac{v_2-v_3}{t_2+t_3} \therefore \frac{t_1+t_2}{v_1-v_2} = \frac{t_2+t_3}{v_2-v_3}$ **(Proved)**

04. (ক) সচরাচর সংকেতমালায় প্রমাণ কর যে, $v = u + ft$। [DB'17]

(ক) Sol^n: মনে করি, OX সরলরেখা বরাবর f সমত্বরণে চলমান একটি বস্তুকণা A বিন্দু থেকে u আদিবেগে যাত্রা করে t সময়ে B বিন্দুতে v বেগ প্রাপ্ত হয়। আবার, $t + \delta t$ সময় পরে একই সরলরেখা বরাবর B এর খুব নিকটবর্তী C বিন্দুতে $v + \delta v$ বেগ প্রাপ্ত হয়।



Educationblog24.com

এখন B বিন্দু থেকে C বিন্দুতে পৌঁছাতে সময়ের পরিবর্তন $= t + \delta t - t = \delta t$ এবং

এ সময়ে বেগের পরিবর্তন $= v + \delta v - v = \delta v$ হয়। এখন

বৃত্তাসের সংজ্ঞানুসারে, আমরা পাই, $f = \lim_{\delta t \to 0} \frac{\delta v}{\delta t} \Rightarrow f = \frac{dv}{dt}$

সমাকলন করে পাই, $f \int dt = \int dv \Rightarrow ft + c = v$ ..... (i)

যেখানে c একটি সমাকলন ধ্রুবক।

সময় $t = 0$ হলে $v = u$ হয়। এ ক্ষেত্রে (i)নং সমীকরণ থেকে পাই, $u = f.0 + c \Rightarrow c = u$ হয়।

(i) নং সমীকরণে c এর মান বসিয়ে পাই,

$v = u + ft$ (প্রমাণিত)।

05 করিম O বিন্দু হতে আনুভূমির সাথে 45° কোণে বন্দুকের গুলি করল। রহিম একই সময়ে স্থিরাবস্থা O হতে দৌড়ে 20 সেকেন্ডে 200 মিটার দূরে অবস্থিত একটি খাড়া দেয়ালের পাদদেশে B বিন্দুতে থামে। রহিম যাত্রাপথের OA অংশ a সমত্বরণে এবং AB অংশ b সমমন্দনে যায়। অপরদিকে গুলিটি দেয়ালের ঠিক উপর দিয়ে গেল এবং দেয়ালের অপর পার্শ্বে y দূরত্বে C বিন্দুতে পড়ল। (এখানে দেয়ালের পুরুত্ব অগ্রাহ্য করা হয়েছে।) [CB'17]



(খ) উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে, $\frac{1}{a} + \frac{1}{b} = 1$.

(খ) Sol^n: মনে করি, প্রথমাংশে করিম O থেকে দৌড়ে d দূরত্ব t সেকেন্ডে অতিক্রম করে A অবস্থানে আসে এবং দ্বিতীয়াংশে (200 − d) মিটার (20 − t) সেকেন্ডে অতিক্রম করে B তে থামে। A অবস্থানে তার বেগ v প্রথমাংশ, ত্বরণের সূত্র ব্যবহার করে পাই,

$v^2 = 2ad$ ..... (i)

$v = at$ ..... (ii)

O —(d, t)— A —(200-d, 20-t)— B

দ্বিতীয়াংশে, মন্দনের সূত্র ব্যবহার করে পাই,

$0^2 = v^2 - 2b(200 - d)$ ..... (iii)

$0 = v - b(20 - t)$ ..... (iv)

(i) হতে $\frac{v^2}{2a} = d$ ..... (v)

(iii) হতে $\frac{v^2}{2b} = 200 - d$ ..... (vi)

(v) + (vi) হতে, $\frac{v^2}{2}\left(\frac{1}{a} + \frac{1}{b}\right) = 200$

$\Rightarrow v^2\left(\frac{1}{a} + \frac{1}{b}\right) = 400$ ..... (vii)

(ii) হতে $\frac{v}{a} = t$ ..... (viii)

(iv) হতে $\frac{v}{b} = 20 - t$ ..... (ix)

(viii) ও (ix) যোগ করি, $v\left(\frac{1}{a} + \frac{1}{b}\right) = 20$ ..... (x)

(vii) কে (ix) দিয়ে ভাগ করে, $v = 20$

এখন, সমীকরণ (x) হতে $20\left(\frac{1}{a} + \frac{1}{b}\right) = 20$

$\therefore \frac{1}{a} + \frac{1}{b} = 1$ (প্রমাণিত)।

06 দৃশ্যকল্প-১: স্থিরাবস্থা হতে সরলরেখা চলমান একটি বস্তুকণা প্রথমে y সমত্বরণে এবং পরে z সমমন্দনে চলে।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

(খ) দৃশ্যকল্প-১ এ কণাটি যদি t সময়ে d দূরত্ব অতিক্রম করে তবে দেখাও যে, $\sqrt{2d\left(\frac{y+z}{yz}\right)}$

(খ) Sol^n: মনে করি, বস্তুকণাটি A থেকে যাত্রা করে y সমত্বরণে t_1 সময়ে s_1 দূরত্ব অতিক্রম করে B তে v বেগ প্রাপ্ত হয়। অতঃপর B হতে v আদিবেগে z সমমন্দনে t_2 সময়ে s_2 দূরত্ব অতিক্রম করে C তে থামে।

$u=0$ —(s_1, t_1)— v —(s_2, t_2)— শেষবেগ $= 0$

A B C

প্রশ্নমতে, $s_1 + s_2 = d$, মোট সময় $t = t_1 + t_2$

AB এর জন্য, $v = 0 + yt_1 \Rightarrow t_1 = \frac{v}{y}$ ..... (i)

এবং $s_1 = \frac{0+v}{2} \times t_1 = \frac{vt_1}{2}$ ..... (ii)

BC এর জন্য, $0 = v - zt_2 \Rightarrow t_2 = \frac{v}{z}$ ..... (iii)

এবং $s_2 = \frac{v+0}{2}t_2 = \frac{vt_2}{2}$ ..... (iv)

(ii) + (iv) $\Rightarrow s_1 + s_2 = \frac{v}{2}(t_1 + t_2)$

$\Rightarrow d = \frac{v}{2} \times t \Rightarrow v = \frac{2d}{t}$ [$\because s_1 + s_2 = d, t_1 + t_2 = t$

(i) + (iii) $\Rightarrow t_1 + t_2 = v\left(\frac{1}{y} + \frac{1}{z}\right)$

$\Rightarrow t = \frac{2d}{t} \times \frac{y+z}{yz} \Rightarrow t^2 = 2d \times \frac{y+z}{yz}$

$\therefore t = \sqrt{2d\left(\frac{y+z}{yz}\right)}$ (Showed)

07 দৃশ্যকল্প-২: সমত্বরণের চলমান একটি কণা পরপর t_1, t_2, t_3 সময়ে যথাক্রমে 2d, 4d, 6d দূরত্ব অতিক্রম করে।

[নটর ডেম কলেজ, ঢাকা]

(গ) দৃশ্যকল্প-২ হতে, প্রমাণ কর যে, $\frac{1}{t_1} - \frac{2}{t_2} + \frac{3}{t_3} = \frac{6}{t_1 + t_2 + t_3}$

(গ) Sol^n: মনে করি, সুষমত্বরণে চলন্ত বিন্দুকণাটি A বিন্দু থেকে u বেগে যাত্রা করে t_1, t_2, t_3 সময় শেষে যথাক্রমে B, C, D তে পৌঁছে এবং u_1, u_2, u_3 বেগ প্রাপ্ত হয়,

যেখানে, AB = 2d, BC = 4d, CD = 6d

u —(2d, t_1)— u_1 —(4d, t_2)— u_2 —(6d, t_3)— u_3

A B C D

Educationblog24.com

$\therefore AB = 2d = \frac{u+u_1}{2} \times t_1 \Rightarrow \frac{d}{t_1} = \frac{1}{4}(u + u_1)$ ... ... (i)

$\therefore BC = 4d = \frac{u_1+u_2}{2} \times t_2 \Rightarrow \frac{2d}{t_2} = \frac{1}{4}(u_1 + u_2)$ ... ... (ii)

$\therefore CD = 6d = \frac{u_2+u_3}{2} \times t_3 \Rightarrow \frac{3d}{t_3} = \frac{1}{4}(u_2 + u_3)$ ... ... (iii)

এবং $AD = 12d = \frac{u+u_3}{2}(t_1 + t_2 + t_3)$

$\Rightarrow \frac{24d}{t_1+t_2+t_3} = (u + u_3)$ ... ... (iv)

এখন, (i) − (ii) + (iii)

$d\left(\frac{1}{t_1} - \frac{2}{t_2} + \frac{3}{t_3}\right) = \frac{1}{4}(u + u_1 - u_1 - u_2 + u_2 + u_3)$

$= \frac{1}{4}(u + u_3) = \frac{1}{4} \times \frac{24d}{t_1+t_2+t_3}$ [(iv) হতে]

$\therefore \frac{1}{t_1} - \frac{2}{t_2} + \frac{3}{t_3} = \frac{6}{t_1+t_2+t_3}$ **(Proved)**

03. দৃশ্যকল্প-১: একটি রেলগাড়ি একটি স্টেশন থেকে সরল রেলপথে যাত্রা করে অপর স্টেশনে গিয়ে থামে। গাড়িখানা মোট দূরত্বের প্রথম $\frac{1}{m}$ অংশ সমত্বরণে, শেষ $\frac{1}{n}$ অংশ সমমন্দনে এবং বাকী অংশ সমবেগে চলে।

[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

(খ) দৃশ্যকল্প-১ হতে প্রমাণ কর যে, গাড়ির সর্বোচ্চ বেগ ও গড়বেগের অনুপাত $(m + n + mn) : mn$

(খ) Sol^n: চিত্রে, OA অতিক্রম করতে t_1 সময় লাগে



AB অতিক্রম করতে t_2 সময় লাগে

BC অতিক্রম করতে t_3 সময় লাগে

মনে করি, OC = S

$\therefore$ গড়বেগ, $W = \frac{s}{t_1+t_2+t_3}$ [T = মোট সময়]

এখন, $OA = \frac{0+V_{max}}{2}t_1 \Rightarrow \frac{s}{m} = \frac{V_{max}t_1}{2}$ ... ... (ii)

আবার, $AB = V_{max}t_2 \Rightarrow s - \frac{s}{m} - \frac{s}{n} = V_{max}t_2$

$\Rightarrow \frac{s}{2}\left(1 - \frac{1}{m} - \frac{1}{n}\right) = \frac{V_{max}t_2}{2}$ ... ... (i)

আবার, $BC = \frac{V_{max}t_3}{2} \Rightarrow \frac{s}{n} = \frac{V_{max}t_3}{2}$ ... ... (iii)

(i) + (ii) + (iii)

$\Rightarrow \left(\frac{1}{m} + \frac{1}{n} + \frac{1}{2} - \frac{1}{2m} - \frac{1}{2n}\right)s = \frac{V_{max}(t_1+t_2+t_3)}{2}$

$\therefore V_{max} : W = (m + n + mn) : mn$ **(Proved)**

02. দৃশ্যকল্প-১: একটি সরলরেখায় দুটি কণা a ও b সমত্বরণে চলছে। কোনো নির্দিষ্ট বিন্দু হতে এরা যখন 15 একক ও 20 একক দূরত্বে অবস্থান করে, তখন এদের বেগ যথাক্রমে u ও v হয়। [সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা]

(খ) দৃশ্যকল্প-১ হতে দেখাও যে, কণা দুটি দুইবারের অধিক মিলিত হতে পারবে না এবং এদের মিলিত হওয়ার সময়ের পার্থক্য $\frac{2}{a-b}\sqrt{(u-v)^2 + 10(a-b)}$

(খ) Sol^n: মনে করি, a ও b সমত্বরণে চলমান কণা দুইটি B ও C থেকে যথাক্রমে v ও u বেগে যাত্রা করার t সময় পর D তে মিলিত হবে। যেখানে নির্দিষ্ট বিন্দু A, AB = 15 একক এবং AC = 20 একক।

তাহলে, $BD = vt + \frac{1}{2}at^2$

চিত্র হতে, $AD = AB + BD = 15 + vt + \frac{1}{2}at^2$ ... ... (i)

আবার,

চিত্র হতে, $AD = AC + CD = 20 + ut + \frac{1}{2}bt^2$ ... ... (ii)

(ii) − (i) $\Rightarrow 0 = (20 - 15) + (u - v)t + \frac{1}{2}(a - b)t^2$

$= 5 + (u - v)t + \frac{1}{2}(a - b)t^2$

$\Rightarrow (a - b)t^2 + 2(u - v)t + 10 = 0$ ... ... (iii)

(iii) হতে আমরা দেখা যায় যে, ইহা t এর একটি দ্বিঘাত সমীকরণ যার সমাধান সর্বোচ্চ দুইটি। অর্থাৎ, উক্ত কণাদ্বয় দুইবারের বেশি মিলিত হতে পারবে না।

ধরি, t এর মান t_1 ও t_2 (যেখানে $t_1 > t_2$)

তাহলে কণা দুটি সময়ে t_1 ও t_2 মিলিত হয়,

$t_1 + t_2 = -\frac{2(u-v)}{a-b}$ এবং $t_1t_2 = \frac{10}{a-b}$

$\therefore$ সময়ের পার্থক্য $= t_1 - t_2 = \sqrt{(t_1 + t_2)^2 - 4t_1t_2}$

$= \sqrt{\frac{4(u-v)^2}{(a-b)^2} - 40\frac{1}{a-b}}$

$= \frac{2}{a-b}\sqrt{(u-v)^2 + 10(a-b)}$ **(Showed)**

নিজে করো

10. দৃশ্যকল্প-২: [SB'19]

$AB = \frac{1}{m}AD \cdot CD = \frac{1}{n}AD.$

(গ) একখানা রেলগাড়ি A স্টেশন হতে ছেড়ে D স্টেশনে গিয়ে থামে। গাড়িখানা AB অংশ সমত্বরণে, CD অংশ সমমন্দনে এবং BC অংশ সমবেগে চলে। প্রমাণ কর যে, উহার গড়বেগ ও সর্বোচ্চ বেগের অনুপাত $1 : \left(1 + \frac{1}{m} + \frac{1}{n}\right)$.

Educationblog24.com

11. স্টেশন A ——— স্টেশন B [DB'17]
S

(খ) স্থিরাবস্থা হতে একটি ট্রেন A স্টেশন হতে 4 মিনিটে B স্টেশনে গিয়ে থামে। যদি উহা পথের প্রথম অংশ x সমত্বরণে এবং দ্বিতীয় অংশ y সমমন্দনে চলে তবে প্রমাণ কর যে, $\frac{1}{x}+\frac{1}{y}=4$ যখন S = 2।

12. দৃশ্যকল্প-১: মহানগর এক্সপ্রেস আখাউড়া জংশন থেকে ছেড়ে ঢাকা স্টেশনে থামে। তার গতিপথের ১ম $\frac{1}{2}$ অংশ সমত্বরণে, শেষ $\frac{1}{3}$ অংশ সমমন্দনে ও অবশিষ্ট পথ সমবেগে চলে। [RB'17]

(খ) ১নং উদ্দীপকের আলোকে মহানগরের সর্বোচ্চ বেগ ও গড় বেগের অনুপাত 11:6 সঠিক কী না যাচাই কর।

Type-04: বাঘ-হরিণ, ইঁদুর-বিড়াল ধরা এবং বাস-যাত্রী, বাস-সাইকেল অতিক্রম করা

Concept

এই অঙ্কগুলোতে সাধারণত একজন সমবেগে এবং অপর জন সমত্বরণে চলে, সমবেগের জন্য $s = vt$ এবং সমত্বরণের জন্য-

(i) $s = ut + \frac{1}{2}ft^2$

(ii) $v = u + ft$

ব্যবহার করতে হবে। এক্ষেত্রে বাঘ-হরিণ এর মধ্যবর্তী দূরত্ব অবশ্যই সঠিকভাবে সমীকরণে বসাতে হবে।

সমত্বরণের ক্ষেত্রে,
s = সরণ
u = আদিবেগ
v = শেষবেগ
t = সময়
f = ত্বরণ

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 দৃশ্যকল্প-১: একটি বিড়াল 12 মিটার দূরে একটি ইঁদুরকে দেখতে পেয়ে স্থিরাবস্থা থেকে 2 মি/সে. ত্বরণে দৌড়াল এবং ইঁদুরটি 4 মিটার/সে. সমবেগে দৌড়াল। [BB'19]

(খ) বিড়ালটি কত সময় পরে এবং কত দূরে ইঁদুরটিকে ধরতে পারবে?

(খ) Sol^n: ধরি, A তে বিড়াল, B তে ইঁদুর আছে। t সময় পর C অবস্থানে বিড়াল ইঁদুরকে ধরতে পারবে।

এখন, $4t + 12 = 0 + \frac{1}{2}.2 \times t^2$

A u=0 B 4ms^{-1} C
12 m,
a=2ms^{-2}

$\Rightarrow t^2 - 4t - 12 = 0 \Rightarrow t = 6, -2$

$t \neq -2 \therefore t = 6s \therefore$ 6s পর ধরবে।

এখন, বিড়ালের সরণ, $s = t^2 = 36$ m (Ans.)

02 দৃশ্যকল্প-১: একজন মোটরসাইকেল আরোহী 15 মিটার দূরে একজন অশ্বারোহীকে দেখতে পেয়ে স্থিরাবস্থা হতে $5m/sec^2$ ত্বরণে অশ্বারোহীর পশ্চাতে মোটরসাইকেল চালাতে লাগল। অশ্বারোহী 12.5 m/sec সমবেগে যাচ্ছিল। [JB'17]

(খ) দৃশ্যকল্প-১ হতে মোটরসাইকেল আরোহী কত দূরে গিয়ে অশ্বারোহীকে ধরতে পারবে?

(খ) Sol^n: A অবস্থানে আরোহী ও B অবস্থানে অশ্বারোহীর মধ্যবর্তী দূরত্ব 15 মিটার। মনে কর, t সেকেন্ড পরে অশ্বারোহী অর্থাৎ অবস্থান থেকে t দূরে আরোহী অশ্বারোহীকে ধরতে পারে এবং আরোহী দ্বারা অতিক্রান্ত দূরত্ব x হলে, $x = 15 + y$

A 15 B y C
u=0
a=5ms^{-2}
x

কাজেই, $y = 12.5t$ ..... (i) [$\because$ এক্ষেত্রে, f = 0]

$x = 0.t + \frac{1}{2}\cdot 5\,t^2 \Rightarrow x = \frac{5t^2}{2}$ ..... (ii)

আবার, $x = 15 + y$

(i) এবং (ii) সংযুক্ত করলে আমরা পাই,

$\frac{5t^2}{2} = 15 + 12.5t \Rightarrow \frac{5t^2}{2} - 12.5t - 15 = 0$

$\Rightarrow t = 12.5 \pm \frac{\sqrt{(12.5)^2 - \frac{4.5}{2}(-15)}}{\frac{5}{2}} = \frac{12.5 \pm 17.5}{5}$

ধনাত্মক (+) চিহ্ন নিয়ে, $t = \frac{12.5+17.5}{5} = 6$ [সময় ঋণাত্মক গ্রহণযোগ্য নয়।]

সুতরাং t = 6 সেকেন্ড

$\therefore x = (15 + 12.5 \times 6) = 90$ মিটার।

অর্থাৎ, 6 সেকেন্ড পর মোটরসাইকেল আরোহী 90 মিটার দূরে গিয়ে অশ্বারোহীকে ধরতে পারবে। (Ans.)

Educationblog24.com

Type-05: বিশেষ এক সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব

Concept

আমরা জানি, t তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s_{t\text{-th}} = u + \frac{1}{2}f(2t-1)$ এবং t সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্ব, $s = ut + \frac{1}{2}ft^2$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (i) একটি বস্তু সমত্বরণে সরলরেখা বরাবর চলে 25 তম সেকেন্ডে 266 সেমি এবং 42 তম সেকেন্ডে 402 সেমি দূরত্ব অতিক্রম করে।

(খ) বস্তুটির আদিবেগ নির্ণয় কর। [JB'23]

(খ) Sol^n: ধরি, আদিবেগ = u এবং ত্বরণ = f

25 তম সেকেন্ড অতিক্রান্তে দূরত্ব

$= u + \frac{1}{2}f(2\times 25 - 1) = u + \frac{49}{2}f$

প্রশ্নমতে, $u + \frac{49}{2}f = 266$ ..... (i)

42 তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব

$= u + \frac{1}{2}f(2\times 42 - 1) = u + \frac{83}{2}f$

আবারও, $u + \frac{83}{2}f = 402$ ..... (ii)

(i) ও (ii) সমাধান করে পাই,

∴ আদিবেগ, $u = 70\ cms^{-1}$ (Ans.)

02. (ক) 30 মি/সে. আদিবেগে 4 মি/সে.^{2} ত্বরণে চলমান একটি বস্তুর ৭ম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। [CB'23]

(ক) Sol^n: আদিবেগ, $u = 30\ ms^{-1}$ ত্বরণ, $f = 4\ ms^{-2}$ আমরা জানি, $S_{th} = u + \frac{1}{2}f(2t-1)$

$\Rightarrow S_{7th} = 30 + \frac{1}{2}\times 4(2\times 7 - 1) = 56m$ (Ans.)

03. (ক) একটি ট্রেন $20ms^{-1}$ আদিবেগ এবং $4ms^{-2}$ সমত্বরণে চলমান হলে 8র্থ সেকেন্ডে ট্রেনটি কত দূরত্ব অতিক্রম করবে। [MB'23]

(ক) Sol^n: দেওয়া আছে, আদিবেগ, $u = 20ms^{-1}$

ত্বরণ, $f = 4ms^{-2}$

8র্থ সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $S_4 = u + \frac{1}{2}f(2t-1)$

$= 20 + \frac{1}{2}\times 4(2\times 4 - 1)$

$= 20 + 2\times(8-1) = 20 + 2\times 7$

$= 20 + 14 = 34$ m (Ans.)

04. (ক) সমত্বরণে চলমান একটি বস্তুকণা t-তম সেকেন্ডে x দূরত্ব এবং (t + n) তম সেকেন্ডে y দূরত্ব অতিক্রম করে। প্রমাণ কর যে, ত্বরণ $f = \frac{y-x}{n}$. [Din.B'22]

(ক) Sol^n: মনে করি, আদিবেগ u ও ত্বরণ f

১ম ক্ষেত্রে, $x = u + \frac{1}{2}f(2t-1)$ ..... (i)

২য় ক্ষেত্রে, $y = u + \frac{1}{2}f\{2(t+n)-1\}$

$= u + \frac{1}{2}f(2t + 2n - 1)$ ..... (ii)

(ii) − (i) $\Rightarrow y - x = u + \frac{1}{2}f(2t+2n-1) - u - \frac{1}{2}f(2t-1)$

$= \frac{1}{2}f(2t + 2n - 1 - 2t + 1) = \frac{1}{2}f.2n = fn$

$\therefore f = \frac{y-x}{n}$; সুতরাং, ত্বরণ, $f = \frac{y-x}{n}$ (Proved)

05. (ক) সমতলে একটি বস্তুকণা u আদিবেগে a সমত্বরণে t সময়ে s দূরত্ব অতিক্রম করে তাহলে t তম সময়ে কত দূরত্ব অতিক্রম করবে? [JB'19]

(ক) Sol^n: প্রশ্নানুসারে, $ut + \frac{1}{2}at^2 = s \Rightarrow t\left(u + \frac{at}{2}\right) = s$

$\therefore t = \frac{s}{u+\frac{at}{2}} = \frac{2s}{2u+at}$ ..... (i)

এখন, t-তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব,

$S_{t-th} = u + \frac{1}{2}a(2t-1)$ ..... (ii)

(i) হতে প্রাপ্ত t এর মান (ii) তে বসিয়ে পাই,

$S_{t-th} = u + \frac{1}{2}a\left(\frac{4s}{2u+at} - 1\right) = u + \frac{1}{2}a\left(\frac{4s-2u-at}{2u+at}\right)$ (Ans.)

06. (ক) কোনো কণা f সুষম ত্বরণে চলছে। গতি শুরুর সপ্তম ও দশম সেকেন্ডে যথাক্রমে 36 মিটার ও 48 মিটার দূরত্ব অতিক্রম করে। f এর মান নির্ণয় কর। [RB'17]

(ক) Sol^n: t তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $S_t = u + \frac{1}{2}f(2t-1)$

সপ্তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $S_7 = u + \frac{1}{2}f(2\times 7 - 1)$

$= u + \frac{1}{2}f\times 13 \therefore 36 = u + \frac{13}{2}f$ ..... (i)

দশম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $S_{10} = u + \frac{1}{2}f(2\times 10 - 1)$

$\Rightarrow 48 = u + \frac{1}{2}(19)f \Rightarrow 48 = u + \frac{19f}{2}$ ..... (ii)

(ii) হতে (i) বিয়োগ করে পাই, $12 = \frac{19}{2}f - \frac{13}{2}f$

$\Rightarrow 12 = f\times\frac{6}{2} \Rightarrow 12 = f\times 3 \therefore f = 4ms^{-2}$ (Ans.)

07. (ক) একটি কণা স্থিরাবস্থা হতে $7m/sec^2$ ত্বরণে চলতে থাকলে তৃতীয় সেকেন্ডে কত দূরত্ব অতিক্রম করবে? [JB'17]

(ক) Sol^n: তৃতীয় সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব,

$S_3 = \frac{1}{2}\times 7(2\times 3 - 1)$ [$\because f = 7ms^{-2}, u = 0, t = 3$]

$= \frac{1}{2}\times 7(6-1) = \frac{1}{2}\times 7\times 5 = 17.5m$

Educationblog24.com

নিজে করো

08. (ক) একটি বস্তু 20 মি./সে. আদিবেগে 2 মি./সে^{2} ত্বরণে চললে, উহার ৫ম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর।
[Ctg.B'19] [Ans: 29m]

09. (ক) স্থিরাবস্থা থেকে একটি বস্তু $4ms^{-2}$ সমত্বরণে চলতে থাকলে ৭ম সেকেন্ডে এটি কত দূরত্ব অতিক্রম করবে তা নির্ণয় কর।
[Din.B'19] [Ans: 26m]

Type-06: রেলগাড়ির সংঘর্ষ এড়ানোর শর্ত নির্ণয়

Concept

আমরা জানি, সমত্বরণে চলমান বস্তুর জন্য, $v^2 = u^2 + 2fs$

এখানে, u = আদিবেগ; v = শেষবেগ; f = ত্বরণ; s = অতিক্রান্ত দূরত্ব।

➢ u_1 ও u_2 বেগে একই রেলপথে পরস্পর বিপরীত দিকে গতিশীল দুইটি রেলগাড়ি x দূরত্বে থাকা অবস্থান যদি পরস্পরকে দেখতে পায় এবং যথাক্রমে f_1 ও f_2 মানের মন্দন প্রয়োগ করে তাহলে,

(i) কোনো রকমে সংঘর্ষ এড়ানো সম্ভব যদি: $u_1^2f_2 + u_2^2f_1 = 2f_1f_2x$ হয়

(ii) সংঘর্ষ এড়ানো সম্ভব যদি: $u_1^2f_2 + u_2^2f_1 \le 2f_1f_2x$

➢ দুটি রেলগাড়ি একই সরলপথে u_1 ও u_2 $(u_1 > u_2)$ গতিবেগে একই দিকে অগ্রসর হচ্ছে। এদের মধ্যবর্তী দূরত্ব যখন x তখন এরা পরস্পরকে দেখতে পায়। রেলগাড়ি দুইটির সর্বোচ্চ মন্দন ও ত্বরণ যথাক্রমে f_1 ও f_2 হলে, কোনো রকমে সংঘর্ষ এড়ানো সম্ভব হবে যদি, $(u_1 - u_2)^2 = 2(f_1 + f_2)x$ হয়।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 উদ্দীপক-২: দুইটি রেলগাড়ি একই রেল লাইনে যথাক্রমে u ও v সমবেগে একে অপরের দিকে অগ্রসর হচ্ছে। যখন তাদের মধ্যবর্তী দূরত্ব d তখন একে অপরকে দেখতে পায়। ট্রেন দুইটির সর্বোচ্চ মন্দন a ও b প্রয়োগ করে কোনো রকমে সংঘর্ষ এড়ানো সম্ভব। [CB'22]

(গ) দৃশ্যকল্প-২ এর ক্ষেত্রে প্রমাণ কর যে, $u^2b + v^2a = 2abd$.

(গ) Sol^n: মনে করি, একই রেল লাইনের উপর দিয়ে A ও B ২টি রেলগাড়ি যথাক্রমে u ও v বেগে একে অপরের দিকে অগ্রসর হচ্ছে। এরা পরস্পরকে d দূরত্বে অতিক্রম করে থেমে যায়। একই সাথে B গাড়িটি সর্বোচ্চ b মন্দন প্রয়োগ করে d_1 দূরত্ব অতিক্রম করে থেমে যায়। অর্থাৎ গাড়ি দুটির শেষ বেগ শূন্য হয়।

A এর ক্ষেত্রে, $0 = u^2 - 2ad_1 \Rightarrow d_1 = \frac{u^2}{2a}$,

B এর ক্ষেত্রে, $0 = v^2 - 2bd_2 \Rightarrow d_2 = \frac{v^2}{2b}$

সংঘর্ষ এড়ানো হবে যদি, $d = d_1 + d_2 \Rightarrow d = \frac{u^2}{2a} + \frac{v^2}{2b}$

$\Rightarrow d = \frac{u^2b + v^2a}{2ab} \therefore u^2b + v^2a = 2abd$ **(Proved)**

02 স্টেশন A ——— স্টেশন B [DB'17]
←—— S ——→

(গ) যদি দুইটি রেলগাড়ী A ও B এর বিপরীত দিক হতে u_1 ও u_2 গতিবেগে অগ্রসর হওয়ার সময় একে অপরকে দেখতে পায় তখন তাদের মধ্যবর্তী দূরত্ব x। সংঘর্ষ এড়ানোর জন্য রেলগাড়ী দুইটি সর্বোচ্চ মন্দন যথাক্রমে a_1 ও a_2 প্রয়োগ করে। তাহলে দেখাও যে, কোনো রকমে সংঘর্ষ এড়ানো সম্ভব যদি $u_1^2a_2 + u_2^2a_1 \le 2a_1a_2x$ হয়।

(গ) Sol^n: মনে করি, AB = x দূরত্বে থাকাকালীন সময়ে ট্রেন দুটিতে a_1 ও a_2 মন্দন প্রযুক্ত হলো। আরও ধরা যাক, প্রথম ট্রেনটিতে a_1 মন্দন প্রযুক্ত হলে x_1 দূরত্ব এবং দ্বিতীয় ট্রেনটিতে a_2 মন্দন প্রযুক্ত হলে, x_2 দূরত্ব অতিক্রম করে।

প্রথম ট্রেনটির ক্ষেত্রে: আদিবেগ = u_1, মন্দন = a_1,

শেষবেগ = 0 এবং দূরত্ব = x_1



আমরা পাই, $0 = u_1^2 - 2a_1x_1$ [$v^2 = u^2 - 2fs$ সূত্রের সাহায্যে]

$x_1 = \frac{u_1^2}{2a_1}$ ..... (i)

আবার, দ্বিতীয় ট্রেনটির ক্ষেত্রে,

আদিবেগ $= u_2$, মন্দন $= a_2$, শেষবেগ $= 0$,

এবং দূরত্ব $= x_2$

তাহলে, $0 = u_2^2 - 2a_2x_2 \Rightarrow x_2 = \frac{u_2^2}{2a_2}$ ..... (ii)

এখন, যদি $x_1 + x_2 \le x$ হয় তাহলে সংঘর্ষ এড়ানো সম্ভব।

সুতরাং, $x_1 + x_2 \le x \Rightarrow \frac{u_1^2}{2a_2} + \frac{u_2^2}{2a_2} \le x$

$\Rightarrow u_1^2a_2 + u_2^2a_1 \le 2a_1a_2x$ **(Showed)**

Type-07: নির্দিষ্ট অংশ ভেদ করে বেগ হারানোর পর অতিক্রান্ত দূরত্ব

Concept

ধরা হয়, ভেদ করার সময় সুষম মন্দনে বুলেটের বেগ হ্রাসপ্রাপ্ত হয়। এক্ষেত্রে $v^2 = u^2 + 2fs$ সূত্র প্রয়োগ করতে হবে।

একটি বুলেট	আরও অতিক্রম করবে	মোট অতিক্রান্ত দূরত্ব
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগের $\frac{1}{n}$ অংশ হারায়	(i) $x = \frac{s(n-1)^2}{2n-1}$ (ii) $N = \frac{(n-1)^2}{2n-1} \approx \frac{n}{2} - 1$	(i) $x_t = \frac{s(n-1)^2}{2n-1} + s$ (ii) $N_t = \frac{(n-1)^2}{2n-1} + 1 \approx \frac{n}{2}$
(i) s দূরত্ব অতিক্রম করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয় (ii) একটি তক্তা ভেদ করার পর যদি বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হয়	(i) $x = \frac{s}{n^2-1}$ (ii) $N = \frac{1}{n^2-1}$	(i) $x_t = \frac{s}{n^2-1} + s$ (ii) $N_t = \frac{1}{n^2-1} + 1$
(i) নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে পূর্বের n^2 গুণ তক্তা ভেদ করতে পারবে। [অর্থাৎ, নির্দিষ্ট পুরুত্বের a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, এর বেগ n গুণ করা হলে n^2a টি তক্তা ভেদ করতে পারবে।] (ii) বিপরীতক্রমে, ঐ পুরুত্বের m সংখ্যক তক্তা ভেদ করতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে। [অর্থাৎ, a সংখ্যক তক্তা ভেদ করতে পারলে, ma সংখ্যক তক্তা ভেদ করাতে হলে বেগ $\sqrt{m}$ গুণ করতে হবে।]		

Note: এই ছক শুধুমাত্র MCQ তে ব্যবহার করা যাবে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 দৃশ্যকল্প-২: একটি বুলেট কোনো দেওয়ালের ভিতর 1 সে.মি. ঢুকবার পর এর বেগ এক-তৃতীয়াংশ হারায়। [MB'23]

(গ) বুলেটটির বেগ শূন্য হওয়ার পূর্বে দেয়ালের ভিতর আরো কতদূর ঢুকবে?

(গ) Sol^n: ধরি, বুলেটের আদিবেগ v,

$s = 1$ cm প্রবেশের পর বেগ, $v_1 = \left(1 - \frac{1}{3}\right)v = \frac{2v}{3}$.

অর্থাৎ, $v_1^2 = v^2 - 2a \cdot s \Rightarrow \left(\frac{2v}{3}\right)^2 = v^2 - 2 \cdot a \cdot 1$

$\Rightarrow \frac{4v^2}{9} = v^2 - 2a \Rightarrow 2a = \frac{5v^2}{9} \Rightarrow a = \frac{5v^2}{18}$ ..... (i)

শেষ বেগ, $v_2 = 0$ এবং ধরি, বেগ এক তৃতীয়াংশ হ্রাসের পর থেকে থেমে যাওয়া অবধি s_1 দূরত্ব অতিক্রম করবে।

অর্থাৎ, $v_2^2 = v_1^2 - 2as_1$

$\Rightarrow 0 = \left(\frac{2v}{3}\right)^2 - 2 \times \frac{5v^2}{18} \times s_1$ [(i) হতে]

$\Rightarrow \frac{4}{9}v^2 = \frac{5v^2}{9} \times s_1 \Rightarrow s_1 = \frac{4}{5} = 0.8$ cm **(Ans.)**

02 (ক) একটি বুলেট একটি তক্তা ভেদ করতে এর বেগের $\frac{1}{10}$ অংশ হারায়। মন্দন সুষম হলে, বুলেটটি থামার পূর্বে অনুরূপ কতগুলো তক্তা ভেদ করবে? [DB'22]

(ক) Sol^n: মনে করি বুলেটটির আদিবেগ v_0 এবং তক্তার পুরুত্ব d

$\therefore$ d দূরত্ব অতিক্রম করার পর বুলেটের শেষবেগ,

$v = v_0 - \frac{1}{10}v_0 = \frac{9}{10}v_0$ এবং সুষম মন্দন $= a$

আমরা জানি, $v^2 = u^2 - 2as \Rightarrow u^2 - v^2 = 2as$ ..... (i)

উদ্দীপক অনুসারে, $v_0^2 - \left(\frac{9}{10}v_0\right)^2 = 2ad$

$\Rightarrow v_0^2 - \frac{81}{100}v_0^2 = 2ad$ ..... (ii)

বুলেটটি এক সময় থেমে গেলে, শেষবেগ, $v' = 0$

ধরি, থেমে যাওয়ার পূর্বে বুলেটটির অতিক্রান্ত দূরত্ব, D

সেক্ষেত্রে, (i) নং সমীকরণটি হবে,

$v_0^2 - 0^2 = 2aD \Rightarrow v_0^2 = 2aD$ ..... (iii)

(iii) $\div$ (ii) $\Rightarrow \frac{v_0^2}{v_0^2\left(1 - \frac{81}{100}\right)} = \frac{2aD}{2ad} \Rightarrow \frac{1}{\frac{19}{100}} = \frac{D}{d}$

$\therefore D = \frac{100}{19}d = 5.26\,d$ $\therefore$ বুলেটটি থামার পূর্বে অনুরূপ $(5.26 - 1) = 4.26 \approx 4$ টি তক্তা ভেদ করবে। **(Ans.)**

Educationblog24.com

03. (ক) একটি বুলেট একটি তক্তার ভিতর 3 সে.মি. ঢুকবার পর এর অর্ধেক বেগ হারায়। বুলেটটি তক্তার ভিতর আর কত দূর ঢুকবে? [RB'19]

(ক) Sol^{n}: ধরি, আদিবেগ $v\ ms^{-1}$

এখন, $\left(\frac{v}{2}\right)^2 = v^2 + 2a \times 0.03 \Rightarrow \frac{v^2}{4} = v^2 + 2a \times 0.03$

$\Rightarrow 2a \times 0.03 = -\frac{3v^2}{4} \therefore a = \frac{-3v^2}{4\times2\times0.03} \therefore a = -\frac{25v^2}{2}$

আবার, $0 = \left(\frac{v}{2}\right)^2 + 2.a \times s$

$\Rightarrow 0 = \frac{1}{4} + 2 \times \left(-\frac{25}{2}\right) \times s \Rightarrow 0 = \frac{1}{4} - 25s$

$\therefore s = 0.01\ m = 1\ cm$

$\therefore$ বুলেটটি আরও 1 সে.মি. ঢুকবে। **(Ans.)**

Type-08: আপেক্ষিক বেগ ও গড়বেগ

Concept

(i) একই দিকে গেলে আপেক্ষিক বেগের মান হবে তাদের বেগের অন্তরফল।

(ii) বিপরীত দিকে গেলে আপেক্ষিক বেগের মান হবে তাদের বেগের যোগফল।

(iii) আপেক্ষিক বেগ নির্ণয়ের ক্ষেত্রে, যার সাপেক্ষে আপেক্ষিক বেগ নির্ণয় করতে হবে তার বিপরীত বেগ নিয়ে অপর বেগের সাথে সামান্তরিক গঠন করলে সামান্তরিকের বেগদ্বয়ের ক্রিয়া বিন্দুগামী কর্ণই আপেক্ষিক বেগের মান ও দিক নির্দেশ করে।



B এর সাপেক্ষে A এর বেগ, $\vec{V}_{AB} = \vec{V}_A - \vec{V}_B$

A এর সাপেক্ষে B এর বেগ, $\vec{V}_{BA} = \vec{V}_B - \vec{V}_A$

আবার, $\vec{V}_A = \vec{V}_B + \vec{V}_{AB}$ এবং $\vec{V}_B = \vec{V}_A + \vec{V}_{BA}$

অর্থাৎ, কোন একটি বস্তুর বেগ এবং বস্তুটির সাপেক্ষে দ্বিতীয় কোন বস্তুর বেগের লব্ধি দ্বিতীয় বস্তুটির বেগের সমান।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) আপেক্ষিক বেগ ব্যাখ্যা কর। [DB, SB, JB, Din.B'18]

(ক) Sol^{n}: একই সমতলে গতিশীল P ও Q বস্তু দুইটির Q এর তুলনায় P এর সরণের হারকে Q এর সাপেক্ষে P এর আপেক্ষিক বেগ বলে।

যদি P ও Q বস্তু দুটির যথাক্রমে $\vec{V}_p$ ও $\vec{V}_q (\vec{V}_p > \vec{V}_q)$ বেগে চলে, তবে Q এর সাপেক্ষে P এর আপেক্ষিক বেগ $\vec{V}_{pq} = \vec{V}_p - \vec{V}_q$

Type-09: উপর থেকে বিনা বাধায় পতনশীল বস্তুর গতি

Concept



পতনশীল বস্তুর ক্ষেত্রে, $v = u + gt$; $h = ut + \frac{1}{2}gt^2$ [নিচের দিকে +ve ধরে]

$u = 0$ হলে, $v = gt, h = \frac{1}{2}gt^2$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) 64 মিটার উঁচু দালানের ছাদ থেকে একটি পাথর ছেড়ে দিলে ভূমিতে পড়তে কত সময় লাগবে? [RB'23]

(ক) Sol^n: দেওয়া আছে, উচ্চতা, $h = 64m$

আদিবেগ, $u = 0$; সময়, $t = ?$



আমরা জানি, $h = ut + \frac{1}{2}gt^2 \Rightarrow 64 = 0 + \frac{1}{2} \times 9 \cdot 8 \times t^2$

$\Rightarrow \frac{128}{9\,8} = t^2 \therefore t = 3.61s$ **(Ans.)**

02. দৃশ্যকল্প-১: একটি টাওয়ারের শীর্ষবিন্দু হতে পড়ন্ত একখণ্ড পাথর 2 মিটার নিচে পৌঁছানোর পর টাওয়ারের শীর্ষবিন্দু থেকে 8 মিটার নিচে কোনো বিন্দু থেকে অপর একখণ্ড পাথর নিচে ফেলে দেয়া হলো। পাথরদ্বয় স্থিরাবস্থা থেকে একই সময়ে ভূমিতে পড়ে। [Ctg.B'22]

(খ) দৃশ্যকল্প-১ হতে টাওয়ারের উচ্চতা নির্ণয় কর।

(খ) Sol^n: ১ম পাথরখণ্ডের আদিবেগ,

$\therefore u_1 = \sqrt{2g \times 2} = 6.26 ms^{-1}$



১ম পাথরখণ্ডটির মাটিতে পড়তে আরো t সময় লাগলে,

$h - 2 = u_1 t + \frac{1}{2}gt^2 \ldots\ldots\ldots (i)$

আবার, ২য় পাথরখণ্ডের ক্ষেত্রে, $h - 8 = u_2 t + \frac{1}{2}gt^2$

$\Rightarrow h - 8 = \frac{1}{2}gt^2 \ldots\ldots\ldots (ii)\ [u_2 = 0]$

$(i) - (ii) \Rightarrow 6 = u_1 t \therefore t = \frac{6}{6.26} s = 0.9583s$

t এর মান (ii) নং-এ বসিয়ে পাই,

$h - 8 = \frac{1}{2} \times 9.8 \times (0.9583)^2$

$\Rightarrow h - 8 = 4.5 \therefore h = 12.5m$

$\therefore$ টাওয়ারের উচ্চতা 12.5m **(Ans.)**

03. উদ্দীপক-১: একটি টাওয়ারের শীর্ষ হতে অবাধে পড়ন্ত একটি পাথর, তার গতির শেষতম সেকেন্ডে টাওয়ারের উচ্চতার $\frac{5}{9}$ অংশ অতিক্রম করে। [CB'22]

(খ) দৃশ্যকল্প-১ এ উল্লিখিত টাওয়ারের উচ্চতা নির্ণয় কর।

(খ) Sol^n: মনে করি, টাওয়ারের উচ্চতা h মিটার এবং বস্তুটির মোট পতনকাল t,

১ম ক্ষেত্রে, $h = 0.t + \frac{1}{2}gt^2 \Rightarrow h = \frac{1}{2}gt^2 \ldots\ldots\ldots (i)$

শর্তানুসারে, কণাটির শেষতম সেকেন্ডে তথা t তম সেকেন্ডে $\frac{5h}{9}$ দূরত্ব অতিক্রম করে।

অর্থাৎ, $\frac{5h}{9} = 0 + \frac{1}{2}g(2t - 1) \Rightarrow \frac{5}{9} \times \frac{1}{2}gt^2 = \frac{1}{2}g(2t - 1)$

$\Rightarrow \frac{5}{9}t^2 = 2t - 1 \Rightarrow 5t^2 = 18t - 9$

$\Rightarrow 5t^2 - 18t + 9 = 0 \Rightarrow 5t^2 - 15t - 3t + 9 = 0$

$\Rightarrow 5t(t - 3) - 3(t - 3) = 0$

$\Rightarrow (t - 3)(5t - 3) = 0 \therefore t = 3$ অথবা $t = \frac{3}{5}$

এখানে, $t \neq \frac{3}{5} \therefore t = 3$ [$\because$ তম সেকেন্ড কেবল পূর্ণ সংখ্যা হবে]

$\therefore$ টাওয়ারের উচ্চতা, $h = \frac{1}{2}gt^2$

$= \frac{1}{2} \times 9.8 \times 3^2 = 44.1m$ **(Ans.)**

04. দৃশ্যকল্প-২: একটি টাওয়ারের শীর্ষবিন্দু থেকে পড়ন্ত একখণ্ড পাথর 4 মিটার দূরত্বে পৌঁছানোর পর টাওয়ারের শীর্ষবিন্দু থেকে 16 মিটার নিচে কোনো বিন্দু থেকে একখণ্ড পাথর নিচে ফেলা হলো। পাথরদ্বয় স্থির অবস্থা থেকে একই সাথে মাটিতে পড়ল।

(গ) দৃশ্যকল্প-২ থেকে টাওয়ারের উচ্চতা নির্ণয় কর। [RB'19]

(গ) Sol^n: প্রথম পাথরের ক্ষেত্রে, $V = \sqrt{2 \times 9.8 \times 4} = 8.854\ ms^{-1}$

এখন, $h - 4 = Vt + \frac{1}{2}gt^2$

$\therefore h = Vt + \frac{1}{2}gt^2 + 4 \ldots\ldots\ldots (i)$

আবার, $h - 16 = \frac{1}{2}gt^2 \therefore h = \frac{1}{2}gt^2 + 16 \ldots\ldots\ldots (ii)$

এখন, (i) ও (ii) হতে পাই, $\frac{1}{2}gt^2 + 16 = Vt + \frac{1}{2}gt^2 + 4$

$\Rightarrow Vt = 12 \therefore t = 1.3553s \therefore h = 25m$ **(Ans.)**

05. (ক) মাধ্যাকর্ষণের প্রভাবে 100 মিটার উঁচু স্থান হতে পড়ন্ত বস্তুর 2 sec এ প্রাপ্ত বেগ নির্ণয় কর। ($g = 9.8\ ms^{-2}$). [BB'19]

(ক) Sol^n: এখানে, $u = 0$; $g = 9.8\ ms^{-1}$; $t = 2s$;

আমরা জানি, $v = u + gt = 0 + 2 \times 9.8 = 19.6\ ms^{-1}$

06. 50 ফুট উঁচু টাওয়ারের ছাদ থেকে ইমন একটি টেনিস বল নিচে ফেলে দিল। বলটি 8 ফুট নিচে নামার পর সুমন অপর একটি টেনিস বল y ফুট নিচে হতে ফেলে দিল। উভয় বল স্থিরাবস্থা থেকে একই সাথে ভূমিতে পতিত হলো। কিছুক্ষণ পর ইমন একটি ক্রিকেট বল আনুভূমিকের সাথে 30° কোণে নিক্ষেপ করে। [CB'19]

(খ) সুমন কত উচ্চতা থেকে টেনিস বলটি ফেলেছিল?

(খ) Sol^n: 8 ফুট নামার পর $v = \sqrt{2g.8} = 16\sqrt{2}$ ft/s



Educationblog24.com

সুমন বল ছেড়ে দেয়ার পর, $50 - y = \frac{1}{2}gt^2$

ইমন বল ছেড়ে দেয়ার পর, $50 - 8 = vt + \frac{1}{2}gt^2$

(i) থেকে (ii) বিয়োগ করে, $8 - y = -vt \therefore t = \frac{y-8}{v}$

কাজেই (i) হতে, $50 - y = \frac{1}{2}g \cdot \frac{(y-8)^2}{v^2} = \frac{1}{2}g$

$= \frac{(y-8)^2}{(16\sqrt{2})^2} = \frac{(y-8)^2}{512}$

$\Rightarrow 50 - y = \frac{(y-8)^2}{32} \Rightarrow 1600 - 32y = (y-8)^2$

$\therefore y = 32$ ft

$\therefore$ উচ্চতা $= (50 - 32)$ft $= 18$ ft **(Ans.)**

07. **দৃশ্যকল্প:** [সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর]



(গ) E বিন্দু থেকে একটি পাথর পড়ার সময় F বিন্দুতে আসলে G বিন্দু থেকে অন্য একটি পাথরখণ্ড ফেলে দেওয়া হলে তারা একই সময় ভূমিতে পতিত হয়। দেখাও যে, A থেকে E বিন্দুর উচ্চতা, $AE = \frac{(x+y)^2}{4x}$ মিটার।

(গ) Sol^n: ধরি, টাওয়ারের চূড়া E থেকে s_1 পাথরখণ্ডটি F এ এসে পৌঁছালো, E বিন্দু থেকে y মিটার নিচে অবস্থিত G বিন্দু হতে s_2 পাথরখণ্ডটি ফেলে দেওয়া হলো, $v^2 = 2gx$

আবার, s_2 পাথর খণ্ড ফেলার সময় t সময় পরে উক্ত পাথরদ্বয় একসাথে ভূমিতে পতিত হয়।



s_1 এর পাথরখণ্ডের ক্ষেত্রে, $h - x = vt + \frac{1}{2}gt^2$ ..... (i)

আবার, s_2 পাথরখণ্ডের ক্ষেত্রে, $h - y = \frac{1}{2}gt^2$ ..... (ii)

(i) – (ii) $\Rightarrow h - x - h + y = vt + \frac{1}{2}gt^2 - \frac{1}{2}gt^2$

$\Rightarrow y - x = vt \therefore t = \frac{y-x}{v}$

(ii) এ t এর মান বসালে,

$h - y = \frac{1}{2}g\left(\frac{y-x}{v}\right)^2 \Rightarrow h - y = \frac{1}{2}g\frac{(y-x)^2}{2gx}$ [$v^2 = 2gx$]

$\Rightarrow h - y = \frac{(y-x)^2}{4x}$

$\Rightarrow h = y + \frac{(y-x)^2}{4x} = \frac{4xy+(y-x)^2}{4x} = \frac{(x+y)^2}{4x}$ m

$\therefore AE = \frac{(x+y)^2}{4x}$ m **(Showed)**

নিজে করো

08. দৃশ্যকল্প-২: একটি টাওয়ারের চূড়া হতে একখণ্ড পাথর x মিটার নিচে নামার পর অপর খণ্ড পাথর চূড়ার y মিটার নিচ হতে ফেলে দেয়া হলো। উভয়েই স্থিরাবস্থা হতে পড়ে এবং একই সঙ্গে ভূমিতে পতিত হয়। [DB'19]

(গ) দেখাও যে, টাওয়ারটির উচ্চতা $\frac{(x+y)^2}{4x}$ মিটার।

09. দৃশ্যকল্প-১: একটি টাওয়ারের চূড়া হতে একখণ্ড পাথর 2 মিটার নিচে নামার পর অপর একখণ্ড পাথর চূড়ার 6 মিটার নিচ হতে ফেলে দেওয়া হলো। [Ctg.B'17]

(খ) দৃশ্যকল্প-১ হতে যদি দুইটি পাথরই স্থির অবস্থা হতে পড়ে এবং একই সাথে ভূমিতে পতিত হয় তবে টাওয়ারের উচ্চতা নির্ণয় কর। [Ans: 8 মিটার]

Type-10: শব্দ শোনার সময় হিসেব করে গভীরতা নির্ণয়

Concept

- এক্ষেত্রে গতিবিদ্যার মুক্তভাবে পড়ন্ত বস্তুর সূত্র, $h = ut + \frac{1}{2}gt^2$

  $v = u + gt$ ইত্যাদি ব্যবহার করতে হবে [পড়ন্ত বস্তুটির জন্য]

  যেখানে, u = আদিবেগ, v = শেষবেগ, g = অভিকর্ষজ ত্বরণ
- f.p.s পদ্ধতিতে-এ g এর মান, $g = 32$ fts^{-2}

শব্দের জন্য

$h = v_s t$ ব্যবহার করতে হবে। [শব্দ সমবেগে চলে]

যেখানে, v_s = শব্দের বেগ

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01 দৃশ্যকল্প-১: একটি শূন্য কূপের মধ্যে একটি ভারী বস্তু ফেলার 5.5 সেকেন্ড পরে এর তলদেশে ভারী বস্তুটির পতনের শব্দ শোনা গেল। [Din.B'23]

(খ) উদ্দীপক-১ হতে শব্দের বেগ 327 মিটার/সেকেন্ড হলে, কূপের গভীরতা নির্ণয় কর। ($g = 9.81$ মিটার/সেকেন্ড^2)

(খ) Sol^n: দেওয়া আছে, শব্দের বেগ $v_s = 327 m/s$

আর ভারী বস্তু ফেলার 5.5 s পর পতনের শব্দ শোনা যায়।

ধরি, ভারী বস্তু কূপের তলদেশে পৌঁছাতে সময় t হলে শব্দ কূপের তলদেশ থেকে আসতে সময় হবে $(5.5 - t)s$

আর কূপের গভীরতা হলো H।

তাহলে, $H = v_s \times (5.5 - t)$ ..... (i)

এবং, $H = \frac{1}{2} \cdot g \cdot t^2$ ..... (ii)

(i) ও (ii) হতে পাই, $v_s \cdot (5.5 - t) = \frac{1}{2} \cdot g \cdot t^2$

$\Rightarrow 327 \times 5.5 - 327t = 4.9t^2$

$\Rightarrow 4.9t^2 + 327t - 327 \times 5.5 = 0$

$\Rightarrow 4.9t^2 + 327t - 179.5 = 0$

$\therefore t = 5.108s$ এবং $t \neq -71.84s$

